Mehta B.K. (1981). Diminishing tribes to Bihar, Who are the original settlers. The New Republic. March, 21.

- (1982). Historical and Cultural Basis of the Jharkhandi Nationality. In Fourth World Dynamics, Jharkhand (Ed. Nirmal Sengupta), Delhi : Author's Guide.

O' Malley S.S. (1910). Bengal District Gazetters Santal Pargana. Calcutta.

Pandey, K.K. and Vijay Kumar (1985). Party formation and Autonomy demanded in Tribal region Demand for Separate Jharkhand State. Human Science Vol. 34, No.3.

Roy, S.C. (1912) Mundas and their country. Calcutta.

Risley, H. (1915). The People of India. Oriental Books reprint Corporation. Delhi second edition (1969).

Sarkar S.N. (1918). Biography of Maharaja Ramchandra Bhanjadeo Government of Mayurbhanja State, Baipada.

Sharma R.S. (1965). Indian Feudalism. Calcutta University Publication.

Sharma T.R. (1979). Tribal customary laws in India: A Preliminary statement. Journal of Social Research, Vol. XXII, No. 11 Sept.

Singh K.S. (1972). Tribal Situation in India. Simla Indian Institute of Advanced Study.

-(1977). Colonial Transformation of the Tribal Societies in Middle India. Presidential address, Bhubaneswar: Indian Historical Congress.

-(1983) Tribal Autonomy Movement in Chotanagpur .In K.S. Singh (Ed). Tribal Movement in India. New Delhi: Manohar.

-(1985) Tribal Society in India . Delhi : Manohar.

Singh K.S. and P.P. Mahato (1983). The Mahato Kurmi Mahasava Movement. In Tribal Movement in India. K.S. Singh (Ed) New Delhi Manohar.

Sinha S.C. 1957). The media and nature of Hindu Bhumij interactions. Journal of Asiatic Society. Vol. XXIII ,No. 1.

Sinha, Sen and Panshbhai (1969). The Concept of Diku among the tribes of Chotanagpur . Man in India. Vol. 49, No. 2.

Sen, Joyti (1972) The Tribals in Chotanagpur. In Tribal Situation in India . K.S. Singh (Ed), Simla Indian Institute of Advanced Study.

Spillman K.R. and conflict K. Spillman (1991). On enemy images and escalation . International Social Science Journal. Feb. UNESCO.

কুড়মিরা কি আদিবাসী ?

সুনীল মাহাতো

পটভুমি ঃ ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত, আসাম, নাগাল্যাণ্ড, ত্রিপুরা, মিজোরাম, পাঞ্জাব, কাশ্মীর সহ ভারতের বাইরে শ্রীলঙ্কা, বাংলাদেশ এক কথায় প্রায় সারা পৃথিবী জুড়েই বর্তমানে আদিবাসী এবং বহিরাগত প্রশ্নটি আলোচিত হচ্ছে। বলতে গেলে আদিবাসী এবং বহিরাগত প্রশ্ন নিয়েই বিভিন্ন প্রান্তে অসন্তোষ ধুমায়িত হচ্ছে যার পরিণাম স্বরূপ আসাম আন্দোলন, নাগা আন্দোলন ত্রিপুরা উপজাতি আন্দোলন বার বার মাথা চাড়া দিয়ে উঠছে। কিছুকাল আগে পাকিস্তান থেকে বাংলাদেশ জন্ম নিয়েছে আদিবাসী এবং বহিরাগত প্রশ্ন থেকেই। ধর্মের বাঁধনে বেঁধে রাখতে পারেনি একমাত্র।

ভারতবর্ষে আর্যদের আগমনের পর থেকে বিভিন্ন মানবগোষ্ঠী ভারতবর্ষে এসেছে, সংঘাত ঘটেছে শারীরিক, মানসিক ভাষাগত, ধর্মগত, সংস্কৃতিগত এককথায় জীবনযাত্রার সবকটি ক্ষেত্রেই। কখনও শত্রু হয়ে কখনও বা মিত্র হয়ে কাছাকাছি এসেছে বিভিন্ন মানবগোষ্ঠী। অনার্য ভারত প্রায় সময়েই পর্যুদস্ত হয়েছে বহিরাগতদের আক্রমণে। বিজিত দেশে গড়ে উঠেছে বহিরাগত বা বিজয়ীদের উপনিবেশ। বহিরাগত দ্বারা শাসিত হয়েছে অনার্য ভারত কোন সেই প্রাগৈতিহাসিক যুগ থেকে। এর থেকেই ধর্মীয় ভাষাগত, চরিত্রগত, সংস্কৃতিগত শোনিত সমন্বয় ঘটেছে অল্পবিস্তর। কিন্তু সেই প্রাগৈতিহাসিক যুগ থেকেই অনার্য ভারতের আক্রোশ আজও বজ্র বিদ্যুতের মতই ঝলসে উঠেছে মাঝে মাঝে ভারতবর্ষ জুড়ে।

ঝাড়খণ্ড আলাদা রাজ্যের আন্দোলনকে অবশ্যই আমি সেই অনার্য ভারতের আক্রোশের পরিবর্তিত রূপ বলে চিহ্নিত করছি না কিন্তু যখনই পশ্চিমবঙ্গ , বিহার, উড়িষ্যা, মধ্যপ্রদেশের ষোলটি জেলার মালভূমি অঞ্চল, আরণ্যক পরিবেশ, আদিবাসী সাংস্কৃতিক পরিমণ্ডল ইত্যাদিকে ভিত্তি করে আলাদা রাজ্য গঠনের প্রস্তাব উঠেছে তখন অনিবার্যভাবেই এই এলাকার বাসিন্দাদের চারিত্রিক বিশ্লেষণের ব্যাপারটা এসে পড়েছে। এবং অনিবার্যভাবেই এসে পড়ছে আদিবাসী ও বহিরাগত প্রশ্নটি। যদিও ঝাড়খণ্ড আন্দোলনকারী ঝাড়খণ্ড মুক্তি মোর্চা, ঝাড়খণ্ড পার্টি ইত্যাদি কোন দলই ঝাড়খণ্ড আন্দোলনের ক্ষেত্রে আদিবাসী ও বহিরাগত প্রশ্নটি তুলছে না বা 'বিদেশী হটাও' এরকম কোন শ্লোগানও দিচ্ছে না।

প্রস্তাবিত ঝাড়খন্ড এলাকায় কুড়মি (মাহাত) জনসংখ্যার প্রশ্নটি ঝাড়খন্ড আন্দোলন, এলাকার উন্নয়ণ, সাংস্কৃতিক পরম্পরা, ঐতিহ্য প্রগতি তথা বর্তমান মার্ক্সীয় শ্রেণী সংগ্রামের ক্ষেত্রেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদিও এই এলাকায়

মাহাতদের সঠিক জনসংখ্যা কি, সরকারী কোন রিপোর্টেই তার উল্লেখ নেই। কুড়মি (মাহাত) জনসমাজের মধ্যে অদ্যাপি একটা তর্ক চলে আসছে সেটি হল কুড়মিরা 'ক্ষত্রিয় না আদিবাসী' ? অবশ্যই শেষোক্ত দলই আজ সোচ্চার, সক্রিয়, প্রথমোক্ত দল ক্রমশঃ নিস্তেজ হয়ে পড়েছে। উচ্চবর্ণীয় হিন্দুরা কোন কালেই কুড়মিদেরকে ক্ষত্রিয় বলে স্বীকার করেনি, বর্তমান যুগের আধুনিক শিক্ষিত কুড়মি ছেলেরা ক্ষত্রিয় হওয়ার কোন আকর্ষণও অনুভব করছে না।

একদিকে চিন্তাশীল কুড়মি ছেলেমেয়েরা স্বীয় কুড়মালি ভাষার উন্নয়ন প্রসঙ্গে চিন্তাভাবনা করছেন অন্যদিকে আনন্দমার্গের প্রধান প্রভাতরঞ্জন সরকার বলছেন 'কুড়মি মাহাতরা বাঙালীদের পূর্বপুরুষ।' (সভ্যতার আদিবিন্দু রাঢ়) কিছু অতিমাত্রায় বুদ্ধিমান ব্যক্তি প্রচার করছেন 'এতকালের সংস্কৃতিতে কুড়মিদের কোন অবদান নেই। কুড়মিরা এখানকার আদিবাসী সংস্কৃতি থেকে সবটাই ধার করেছে। অন্যদিকে ড. সুধীর করণের মত গবেষক বলছেন, কুড়মি মাহাতদের কথা বাদ দিয়ে এই এলাকার জীবনযাত্রা সংস্কৃতি কোন কিছুর কথা ভাবা যায় না (সীমান্ত বাংলার লোকযান)। কোন রাজনৈতিক দল শ্লোগান তুলছে ' অমুকদা কুড়মিদের হাত থেকে পুরুলিয়াকে বাঁচান।' কোন দলের নামে দেওয়াল লিখন, 'মাঝি মাহাত, বা মাহাত সাঁওতাল ভাই ভাই বাঙালীর রক্ত চাই।''মাহাত মাঝি ভাই ভাই' সুতরাং 'মাহাত' এবং 'মাঝি' ছাড়া অন্যান্য আমরা সবাই বাঙালী, হরিজন মাড়োয়ারী, পাঞ্জাবী, বামুন, কায়েত, হাড়ি, বাউরী, নাপিত, ধোবা এক হওয়া যাক, এভাবেও কেউ কেউ ফায়দা লুঠতে চাইছেন। অন্য দিকে মাহাতদের ক্ষত্রিয় হতে যাওয়ার দুর্বলতা লক্ষ্য করে কেউ ব্যাখ্যা করছে মাহাতরা গুজরাট থেকে কিংবা মহারাষ্ট্র থেকে এসে আদিবাসীদের জমিজমা ভুলিয়ে নিয়ে গেড়ে বসেছে। সাঁওতালদের বোঝাবার চেষ্টা হচ্ছে ' মাহাতরাই তোমাদের শত্রু,' মাহাতরা তাদের উন্নয়ণের জন্য পুনরায় আদিবাসী তালিকা ভুক্তির জন্যে আন্দোলন করছে। সাঁওতালদের উস্কানী দেওয়া হচ্ছে তাতে তোমাদের ভাগ কমে যাবে।

চুয়াড় বিদ্রোহ, সাঁওতাল বিদ্রোহ, মুণ্ডা বিদ্রোহে বিদ্রোহী মাহাতদের অবহেলা করা হয়েছে। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে মৃত চুনারাম মাহাত, গোবিন্দ মাহাত, শীতল মাহাত, সহদেব মাহাত, মোহন মাহাত, ইত্যাদি শহীদদের স্মৃতি রক্ষা করা হয়নি, এদের অস্বীকার করা হয়েছে কার্যত। পুরুলিয়া সদর হাসপাতালের নাম' দেবেন মাহাত হাসপাতাল' করা হলেও তার উপর বার বার সিনেমার পোষ্টার, রাজনৈতিক দলের পোষ্টার সেঁটে নামটা ঢেকে দেওয়া হয়। ছোটনাগপুর তথা ঝাড়খণ্ডের বিস্তীর্ণ এলাকা জুড়ে বিরাট সংখ্যক মাহাতদের বাস কিন্তু এদের প্রতিনিধিত্ব করার জন্য কোন রকম সংরক্ষণ নেই। নেপাল মাহাত

ছো-নাচে 'পদ্মশ্রী' পেলেও সংবাদ মাধ্যমগুলি তার নাম উচ্চারণ করতে চায় না। কোন রাজনৈতিক দলের কোন অ-মাহাত প্রার্থী নির্বাচনে হেরে গেল মাহাতরা ভোট দেয়নি বলে অভিযোগ করা হয়। ইদানীংকালে বিভিন্ন রাজনৈতিক হত্যাকাণ্ডে এই এলাকায় মৃতদের মধ্যে মাহাতদেরই সংখ্যাধিক্য বিস্ময় জাগায়। উদাহরণ স্বরূপ শক্তি মাহাত (ধানবাদ) বৃহস্পতি মাহাত, সোনারাম মাহাত (ঝালদা) আনন্দ মাহাত রোহনী মাহাত, কুলেশ্বর মাহাত (পুরুলিয়া) অম্বুজ মাহাত (হুড়া) প্রাণকৃষ্ণ মাহাত (পুরুলিয়া) ধ্রুব মাহাত (কাশীপুর) ধনঞ্জয় মাহাত, অজিত মাহাত (ইচাগড়) বিষ্ণু মাহাত (রাঁচী) ইত্যাদি অগণিত মাহাত ছেলে বিভিন্ন রাজনৈতিক দলের শিকার হয়ে প্রাণ হারাচ্ছে। তাদের কোন স্বীকৃতি বা মুল্যায়ণ হচ্ছে না।

মাহাতরা চাষী হিসেবে স্বীকৃত। চাষকেই জীবিকা হিসাবে গ্রহণ করেছে কোন প্রাগৈতিহাসিক যুগ থেকে। প্রচণ্ড পরিশ্রমী এই জাতি নিজের কায়িক পরিশ্রমে বনজঙ্গল পরিস্কার করে চাষযোগ্য জমি তৈরী করেছে। দক্ষ চাষী হিসেবে স্বীকৃতি এবং এই জাতির জমির উপর প্রচণ্ড আকর্ষণ হেতু ছোটনাগপুর অঞ্চলের এক ফসলা, বৃষ্টি নির্ভর অনুর্ব্বর জমির কিয়দংশ এদের হাতে রয়েছে। প্রকৃত শ্রেণী সংগ্রামকে দিগভ্রান্ত করার জন্য সাঁওতাল, মুণ্ডা, ওঁরাও, হো খাড়িয়া ইত্যাদি আদিবাসী ও হরিজনদেরকে মাহাতদের বিরুদ্ধে ক্ষেপিয়ে তুলতে চাইছে বেশ কিছু অতিমাত্রায় বুদ্ধিমান ব্যক্তি। তারা আঙুল তুলে বোঝাতে চাইছে, মাহাতরাই তোমাদের জমিজমা সব কেড়ে নিয়েছে। ওরা তোমাদের শত্রু ওরা দিকু। যাতে ভবিষ্যতে শ্রেণী সংগ্রামটা, মাহাত আর মাঝিতে, মাহাত আর মুণ্ডায়, মাহাত আর ওঁরাও এ, 'মাহাত' আর হো তে, মাহাত হরিজনে বেধে যায় এবং এখানকার আদিবাসী ঐক্য বিনষ্ট হয়ে পরস্পর দ্বন্দ্বে এরা শেষ হয়ে যায়, অন্য দিকে বহিরাগত বুর্জোয়ারা নিশ্চিন্তে নিদ্রা যেতে পারে। সুতরাং কুড়মি মাহাতরা আদিবাসী না বহিরাগত, আদিবাসী না ক্ষত্রিয়, শোষক না শোষিত প্রশ্নগুলি বর্তমান সময়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আদিবাসী বলতে কি বোঝায় ?

আদিবাসী কথাটার শাব্দিক অর্থ আদিবাসীন্দা অর্থাৎ যারা কোন এলাকা বা অঞ্চলে সর্ব্বপ্রথম বসতি স্থাপন করেছে তারাই সেই এলাকার আদিবাসী। এক্ষেত্রে ভারতবর্ষের আদিবাসী বলতে আর্যদের আগমনের আগে যে সমস্ত অনার্য, অসুর, রাক্ষস, দৈত্য, দানব, নাগ, পিতর ইত্যাদি অস্ট্রিক দ্রাবিঢ় গোষ্ঠির জনজাতি বাস করত তাদেরকেই বোঝায়।

কিন্তু বর্তমানে আদিবাসী বলতে আমরা সাধারণতঃ বুঝি কোন একটি অনগ্রসর মানব গোষ্ঠী যারা, সভ্য সমাজ থেকে দূরে কোন অঞ্চলে বসবাস করে,

কায়িক পরিশ্রম , শিক্ষায় ইত্যাদিতে জীবিকা নির্ব্বাহ করে , আধুনিক সভ্যতার আলোকে যারা আলোকিত নয় । যারা কতকগুলি গোষ্ঠীতে বিভক্ত, প্রতিটি গোষ্ঠী আবার কয়েকটি করে শাখায় বিভক্ত, যাদের গোষ্ঠীগুলির মিলিত সংগঠনকে একটি মানব গোষ্ঠী হিসাবে অভিহিত করা যায় (Confedaracy of the tribes) । বিভিন্ন গোষ্ঠি কোন না কোন টোটেমে বিশ্বাসী এবং মুল সংগঠন কোন একটি টোটেমে বিশ্বাসী । এদের এই টোটেম বিশ্বাস কোন জীব , জন্তু , পশু , পক্ষী , গাছ , পাতা , ফল , ফুল ইত্যাদির উপর নির্ভরশীল । যাদের নিজেদের মধ্যে মনের ভাব প্রকাশের জন্য নিজস্ব ভাষা আছে নিজস্ব সংস্কৃতি আছে । যাদের নিজস্ব সামাজিক সংগঠন আছে , বিবাহ প্রথা আছে , যাতে একই গোষ্ঠী বা গোত্রের মধ্যে বিবাহ নিষিদ্ধ । নিজস্ব পূর্ণাঙ্গ শাসন ব্যবস্থা আছে । এক কথায় স্বয়ং একটি মানব গোষ্ঠী যাকে আধুনিক উন্নত সমাজ থেকে আলাদাভাবে চিহ্নিত করা যায় ।

কিন্তু সারা ভারতবর্ষ জুড়ে সেই প্রাগৈতিহাসিক যুগ থেকেই যে সংমিশ্রনের প্রক্রিয়া চলছে তাতে বহু গোষ্ঠী তাদের আদিবাসীত্ব হারিয়ে ফেলেছে , কখনও বা আপাত দৃষ্টিতে মিশ্রিত কোন জাতিকে পর্যালোচনা করলে তবে তার প্রকৃত পরিচয় উদঘাটিত হচ্ছে । এ প্রসঙ্গে লোকায়ত দর্শনের লেখক দেবী প্রসাদ চট্টোপাধ্যায় আদিবাসী বা ট্রাইব্যাল ইণ্ডিয়ার কথা আলোচনা করতে গিয়ে বলেছেন, অবশ্যই নির্ভরযোগ্য সেন্সাস রিপোর্ট বলতে পুরানো কালের বিশেষ কোন দলিল পাওয়া যায় না । উনবিংশ শতাব্দীর শেষাশেষিই সর্ব্বপ্রথম দেশের মানুষগুলিকে ভালো করে গুণে দেখবার ও তাদের প্রকৃতি বিশ্লেষণ করবার চেষ্টা করা হয়েছিল । এত সাম্প্রতিক কালের হলেও এই রিপোর্টের থেকে কয়েকটি বড় চিত্তাকর্ষক তথ্য পাওয়া যায় । প্রথমতঃ উনবিংশ শতাব্দীর শেষাশেষি পর্যন্ত (এবং আধুনিকতম রিপোর্ট অনুসারে আজও, অর্থাৎ বিংশ শতাব্দীর মাঝামাঝি পর্যন্ত) আমাদের দেশ থেকে ট্রাইব্যাল সমাজ বিলুপ্ত হয়নি ১৮৭১-৭২ সালের রিপোর্ট অনুসারে ১৮৬০ লক্ষ মানুষের মধ্যে ১৮০ লক্ষ মানুষ তখনো ট্রাইব্যাল সমাজেই জীবনযাপন করছে । ব্রিটিশ কলোনীয়েল অফিস থেকে এদের নাম দেওয়া হয়েছে জংলী লোক বা এবরিজিন এবং জনৈক সুদক্ষ ইংরেজ আমলা (W. W Hunter) এদেরই প্রসঙ্গে বলছেন – Thurst back by the Aryans from the plains , they have lain hidden away in the recesses of the mountains, like the remains of extinct animals which palaontologists find in the bill caves. India thus forms a great museum of races, in which we can study man from his lowest to his highest stages of culture.

অর্থাৎ আর্যদের আক্রমণের দরুন সমতল থেকে বিতাড়িত হয়ে এরা

পর্বতে গিয়ে আত্মগোপন করে রয়েছে। বিলুপ্ত জীবজন্তু বিষয়ক বৈজ্ঞানিকেরা পাহাড়ের গুহায় যেরকম বিলুপ্ত জানোয়ারের অস্থি আবিস্কার করেন এদের অবস্থাও খানিকটা তার মতন। তাই ভারতবর্ষের অবস্থাটা যেন জাতিতত্ত্বের এক বিরাট যাদুঘরের মতো, এখানে আমরা মানুষকে তার সংস্কৃতির সবচেয়ে নীচু স্তর থেকে শুরু করে উচু স্তর পর্যন্ত পর্যবেক্ষন করতে পারি।

লেখক অন্যত্র এই ট্রাইব্যাল সমাজের মানুষগুলির বর্ণনায় বলেছেন the fragements of Pre-historic world প্রাগৈতিহাসিক পৃথিবীর টুকরোর মত। ইংরেজ আমলের ভারতবর্ষের চেহারাটা যদি এই হয় তাহলে হিন্দু আমলের ভারতবর্ষের ছবিটা নিশ্চয়ই অনুমান করা কঠিন নয়।

কিন্তু ১৮৭১-৭২ সালের ঐ রিপোর্টটির আরো বিস্ময়কর তথ্য হলো বাকি ১৬৮০ লক্ষ মানুষের মধ্যে প্রায় ১৫২০ লক্ষ মানুষ যে কোথা থেকে এলো তার সঠিক হদিশ দিতে পারা যাচ্ছে না। কেন না এই রিপোর্টে দেশের মাত্র ১৬০ লক্ষ মানুষকে উঁচু জাতের বলে– অর্থাৎ বর্ণনাদাতাদের ভাষায় বিশুদ্ধ আর্য সন্তান হিসেবে সনাক্ত করা সম্ভব হচ্ছে। ফলে এই ১৫২০ লক্ষ মানুষের ব্যাখ্যা হিসেবে শুধু এই টুকু বলা হচ্ছে যে এরা আদিতে ছিলো স্থানীয় অসভ্য ও অনার্য, মানুষ আর্যরা এদেশে এসে সভ্যতা বিস্তার করবার পর এরা ক্রমে ক্রমে আর্য সভ্যতার অর্ন্তভুক্ত হয়ে পড়েছে এবং সভ্য হয়ে উঠেছে। (১৮৭১-৭২ এর সেন্সাস অনুসারে অবশ্য পরে এই ১৫২০ লক্ষের মধ্যে ৪১০ লক্ষ মানুষ ইসলাম ধর্ম গ্রহন করেছে।) সুতরাং দেখা যাচ্ছে ভারতীয় সমাজে আর্য অনার্য বা আদিবাসী অ-আদিবাসী চিহ্নিতকরণ বর্তমানে অত্যন্ত জটিল ব্যাপার। কিন্তু গ্রাম জীবন থেকে ট্রাইব্যাল সমাজের সমস্ত চিহ্নই নিঃশেষে বিলুপ্ত হতে পারেনি। কেননা, উৎপাদন কৌশলে কোন মৌলিক পরিবর্তন দেখা দেয়নি। ট্রাইব্যাল সমাজ ভেঙে সে সমাজের মানুষগুলিকে নিয়ে পুরানো উৎপাদন কৌশলের ভিত্তিতেই যদি ছোটো ছোটো আরও নতুন গ্রাম– নিবেশ হয়ে থাকে তাহলে এই গ্রামগুলির মধ্যে থেকে ট্রাইব্যাল সমাজের সমস্ত চিহ্ন নিঃশেষে মুছে যাবার কথা নয়। (লোকয়ত দর্শন)

In this manner the organ of the gentel constitution were gradually turn from their roots in the people, in gen. Phartry and tribe, and the whole gentle order was transformed into its opposite : from an organisation of tribes for the free addministration of their own affairs it became an organisation for plundering oppressing their own eighbours and corresponding , its organs transformed from instruments of the will of the peorle into independent organs for ruliing and oppressing their people. This could not have happened had not greed for wealth divided the member of the gents

into rich and poor , had not property differences in a gens changed the community of interest into antagonism between member of a gens. [Marx] and had not the growth of slavery already began to brand working for or living of slavish and more ignominians thed engaging in plunder. অর্থাৎ এইভাবে জ্ঞাতিভিত্তিক সংগঠনের অংঙ্গগুলি ক্রমে ক্রমে জন সাধারণের মধ্যে - গেন, ফ্রাত্রি ও ট্রাইবের মধ্যে তাদের শিকড় থেকে বিচ্ছিন্ন হলো এবং জাতিভিত্তিক পুরো ব্যবস্থাটি পরিণত হলো নিজের বিপরীতে , স্বাধীনভাবে নিজেদের কাজ পরিচালনা করবার জন্য ট্রাইবদের একটি সংগঠন থেকে এটা হয়ে দাঁড়ালো নিজেদের প্রতিবেশীদের উপর উৎপীড়ন ও লুঠতরাজ চালাবার একটি সংগঠন এবং তারই অনুপাতে ট্রাইব্যাল সংগঠনের বিভিন্ন অঙ্গ জনসাধারণের ইচ্ছার যন্ত্র থেকে বদলে হয়ে দাঁড়ালো নিজেদের দলের মানুষগুলিকেই শাসন ও পীড়ন করবার যন্ত্র বিশেষে। যদি না ধনসম্পত্তির প্রতি লোভ 'গেন' এর মানুষগুলিকে ধনী ও নির্ধন এই দুইভাগে বিভক্ত করতো , যদি না 'গেন' এর মধ্যে সম্পত্তির তারতম্য একই উদ্দেশ্যমুলক একটি সমবায়কে বদলে গেন এর সভ্যদের মধ্যে বিভেদ বিরোধীতায় পরিণত করতো (মার্কস) যদি না ইতিমধ্যেই যে দাসপ্রথার জন্ম হয়েছে সেই দাসপ্রথার দরুন খেটে খাওয়াকে দাসবৃত্তি এবং লুঠতরাজের তুলনায় ঘৃণাকর বলে সাব্যস্ত করা হতো–তাহলে এ রকম ঘটনা ঘটতেই পারতো না। যাইহোক ভেঙে যাওয়া ট্রাইব্যাল সমাজগুলির টিকে থাকার চিহ্নগুলি সম্বন্ধে আলোচনা না করে আমরা ট্রাইব্যাল গ্রুপগুলি সমাজ ভেঙে দেওয়ার বিভিন্ন প্রক্রিয়া চালু থাকা সত্বেও যে সমস্ত ট্রাইব্যালগ্রুপগুলি এখনও নিজেদের অস্তিত্ব বজায় রাখতে পেরেছে তাদের সম্বন্ধে আলোচনা করতে পারি।

কুড়মিরা কি আদিবাসী ?

এখনও আমরা ছোটনাগপুর বা ঝাড়খন্ড এলাকার কুড়মি জনগোষ্ঠীর উপর দৃষ্টিপাত করলে দেখতে পাই প্রচণ্ড পরিশ্রমী কৃষিজীবি কুড়মি জাতি এই এলাকায় বহুকাল ধরে বসবাস করে আসছে। এরা এই এলাকায় জঙ্গল পরিস্কার করে চাষযোগ্য জমি তৈরী করেছে। কুড়মালি প্রবাদ আছে 'জঁদে জঁদে পানিক সত তঁদে তঁদে কুড়মিক জট।' অর্থাৎ যেখানে চাষের উপযোগী জল পাওয়া যায় সেখানেই কুড়মিদের বসবাস।

কুড়মি শব্দের বিশ্লেষন কুড়ম অর্থাৎ কচ্ছপকে এরা দেবতা হিসেবে মানে। নিজের খেত ইত্যাদিতে কচ্ছপ দেখলে তাকে তেল সিঁদুর দিয়ে পুকুরে ছেড়ে দেয়। প্রকাশ করে যে তেল ও সিঁদুর এদের পূজার উপকরণ এবং তেল সিঁদুর

অনার্যদেরই পূজার উপকরণ, আর্যদের পূজায় তেল সিঁদুর অশুদ্ধ বলে বিবেচিত হয়। কচ্ছপকে দেবতাজ্ঞানে মান্য করা এদের টোটেম বিশ্বাসের অন্তর্গত। মাহাত মাহাতো, মহান্ত, কোন জাতি নয় এটি একটি পদবী মাত্র। বিগত দিনে গ্রামে প্রধানদের মাহাত, মাঝি, মোড়ল, মুড়া ইত্যাদি নামে ডাকা হোত। রাঁচী এলাকায় বসবাসকারী ওঁরাও আদিবাসীদেরও গ্রাম প্রধানকে 'মাহাতো' বলা হয়। এখনও কুমহার কুইরী ইত্যাদি অনেক জাতিই মাহাতো পদবী ব্যবহার করে আমরা এখানে যে মাহাতোদের কথা বলছি তারা জাতিতে কুরমি বা কুড়মি।

আদিবাসী গোষ্ঠী বা গোত্রগুলির সঙ্গে কুড়মি গোষ্ঠী বা গোত্রগুলির সমতা–

বর্তমান ভারতবর্ষে আদিবাসী হিসাবে চিহ্নিত জাতিগোষ্ঠীগুলির মধ্যে সাঁওতাল, মুণ্ডা, ওঁরাও হো, খাড়িয়া, বীরহোড় ইত্যাদি গোষ্ঠীগুলি ছোটনাগপুর বা ঝাড়খণ্ড এলাকায় বসবাস করছে। এদের মধ্যে যে সমস্ত গোষ্ঠী বা গোত্র আছে সেগুলি যেমন সাঁওতালদের হাঁসদা, টুডু, মুর্মু, সোরেন, কিসকু, বেসরা, মাণ্ডি, কয়ড়া, বাস্কে, হেমরম ইত্যাদি বারোটি গোষ্ঠী অথবা মুণ্ডা, খাড়িআ, ওঁরাও দের হোরো, টেটে, কেরকেটা, লাকড়া ইত্যাদি। প্রতিটি গোষ্ঠী বা গোত্র, গাছ, পাতা, ফল, ফুল, জীবজন্তু ইত্যাদি নামে পরিচিত অর্থাৎ টোটেমিক।

কুড়মিদের গোত্রগুলির সঙ্গে এগুলির সামঞ্জস্য আছে। যেমন 'হোরা' মুণ্ডারী শব্দের অর্থ 'কচ্ছপ'। কচ্ছপকে প্রতিটি আদিবাসী তথা হরিজন গোষ্ঠী কুড়মিদের মতই মেনে আসছে। সাঁওতালদের 'হাঁসদা' এবং কুড়মিদের 'হাঁসদো আর ' টুডু ও টিডুআর, মুরমু ও মুতরুআর, বেসরা ও বঁসরিআর, কইড়া ও কইডআর, হেমব্রম ও হেমরামিআ ইত্যাদি গোষ্ঠীগুলি বা গোত্রগুলি নিশ্চই কুড়মিদেরকে আদিবাসীদের অনেক কাছাকাছি এনে দেয় এবং অনুসন্ধান করলে দেখতে পাওয়া যাবে এরকম গোত্র এতদঞ্চলে রাজুয়াড়, কামার, কুইরী ইত্যাদি অনেক হরিজন এবং বৃত্তিজীবি জাতির মধ্যে প্রায় অবিকৃতভাবেই পাওয়া যায়।

সামাজিক আচরণ বিধি—

ভারতবর্ষের প্রতিটি আদিবাসী গোষ্ঠীর নিজস্ব সামাজিক আচরণবিধি আছে। যেগুলি অলিখিতভাবে থাকলেও বংশ পরম্পরাগতভাবে তারা মেনে আসছে। কুড়মি গোষ্ঠীর মধ্যে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত যে সমস্ত আচরণবিধি প্রচলিত আছে সেগুলি সম্পূর্ণ আদিম গোষ্ঠীজাত।

সামাজিক আচরণ বিধির মধ্যে জন্ম, মৃত্যু এবং বিবাহকে প্রাধান্য দিলে দেখতে পাওয়া যায় জন্ম সংস্কারে বিবাহিত মেয়ের গর্ভবতী হওয়ার কামনা নিয়ে, জিতিআ পরব; ভাদু পরব, গর্ভবতী স্ত্রীর জন্য নামাসি, সন্তান জন্মগ্রহণের পর

ছদিন ছটি, নদিন নারতা। একুশা নারতাতে তেল বিলানো, ক্ষৌরকর্ম্ম, নারতা পর্যন্ত অশৌচ পালন, ধরম পূজার পর মানত, সন্তানের নামকরণ ইত্যাদি কুড়মিদের ঠানা; রেবাইর, আমবিহা মহুলবিহা, ছমড়াপূজা, ডুভাবদল, শালাধুতি লুটা, বেহাই বজড়, বেহাইন দেখা, বরের ঘঁড়া, লগদিন, সিঁদরাদান, চুমান, হেহলমাটি, ভুসকুঁড়া, আরুআচীর, দুবঘাস ইত্যাদি নেগি, ঘুরফের; পানিসহা, ঘঁটিলুকা, কাঁড়চালা ইত্যাদির সঙ্গে ব্রাহ্মণ্য প্রথার কোন মিল নেই।

কুড়মিদের একই গোষ্ঠীর মধ্যে ছেলেমেয়ের বিবাহ নিষিদ্ধ এবং বিধবা বা 'সাঁঘা' সমাজে স্বীকৃত। সহরই গীতে আছে, 'তিরিআ কাঁদতঅ ডেড়অ পহরঅ রাতি চলি জাতও দসরঅ দুআর।' অর্থাৎ স্বামী মারা গেলে স্ত্রী দেড় প্রহর রাত্রি পর্যন্তই কাঁদবে এবং সে অন্য কারও সঙ্গে ঘর করবে। কোন অবিবাহিত পুরুষ কোন বিধবা বা স্বামী পরিত্যক্তা মেয়েকে বিয়ে করলে আগে তাকে 'কইবা বিহা' বা কলা গাছ বিয়ে করতে হবে। স্বামীর ভাই দেওর বা দেবর দ্বিতীয় বর হিসাবে দাদার মৃত্যুর পর বৌদিকে গ্রহন করতে পারে। ভাসুর–বুআসিন অর্থাৎ ভাসুর-ভাতৃবধূর সঙ্গে ছোঁয়াছুয়ি নিষিদ্ধ বিবেচিত হয়।

মৃত্যু সংস্কারে মুহে আগুন হাড়ে হলেদ্, তেলখইল, পিঁড়দান, কামান, খাওআ, ঘাটকামা ইত্যাদি সমগ্র অনুষ্ঠানে ব্রাহ্মণের প্রয়োজন হয় না। কেবলমাত্র শ্রদ্ধানুষ্ঠানে নিম্নশ্রেণীর ব্রাহ্মণের অনুপ্রবেশ ঘটেছে সাম্প্রতিক কালে।

পালাপার্বন তথা ধর্ম্ম বিশ্বাস—

পালাপার্বন তথা ধর্মীয় বিশ্বাস অনুযায়ী কুড়মিদেরকে অন্যান্য আদিবাসী গোষ্ঠীগুলির মতই প্রকৃতি পূজক হিসেবে চিহ্নিত করা হায়। এরা হিন্দুদের মত মুর্তিপূজায় বিশ্বাস করে না। যদিও কুড়মিদের অন্যতম দেবতা শিব তবুও শিবকে 'বুঢ়াবাবা' এবং শিবলিঙ্গ হিসেবে একখণ্ড প্রস্তরকেই পূজা করে। কোথাও শিবমুর্তির পূজা পরিলক্ষিত হয় না। অবশ্যই শিব অবৈদিক, অপাংক্তেয় অনার্য দেবতা। ধরম বা সূর্যদেবতা বিশ্বপিতা এবং পৃথিবী বা বসুমতি মা বিশ্বমাতা হিসেবে কুড়মিদের দ্বারা পূজিত হয়। অন্যান্য দেবতাগুলির মধ্যে গরামথান, জাহিরবুড়ি, বানসিং, গঁসাইরাই, বড়পাহাড়, ছোটপাহাড়, পাঁচবহনী, সাতবহনী, দুআরসিনি, ঘাটসিনি, রংকিনী, ঝংকিনী, কালাহাড়ি, রাঙাহাড়ি, বিষইচঁড়ি, কুদরা, বাঘুত, মনসা, ডিনি ইত্যাদির সবগুলিই কোন গাছের গোড়ায় প্রস্তরখণ্ড হিসেবে আদিবাসী হরিজন বা কুড়মি সম্প্রদায়ভুক্ত কোন ব্যক্তি বা লাইআ, দুধ, ঘি, গুড়, তেল, সিঁদুর, আরুআচার, দুবঘাস ইত্যাদি উপাচার, পাঁঠা, ভেড়া, শূকর, মুরগী, হাঁস, পয়রা ইত্যাদির বলি দিয়ে পূজিত হয়। পালাপার্ব্বনগুলির মধ্যে আখানজাতরা, বেঝাবিঁধা, সিঝানঅ, কুঢ়াপরব, চৈতপরব বা শিবগাজন, শিকার পরব, সারহুল; রহিন, করম, মনসাপূজা, ভাদু; হঁদ, ছাতা, জিতিআ, জিহুড়

সহরই বাঁদনা, ডিনি, চাঁউড়ি, বাঁউড়ি, মকর, টুসু ইত্যাদি সবগুলিই অনার্য সংস্কৃতিভুক্ত।

কৃষিজীবি জাতি হিসেবে সূর্যের উত্তরায়নকে কেন্দ্র করে 'আখানজাতরা বা ১ লা মাঘকে কৃষি বৎসরের প্রথম দিন হিসেবে পালন করে এবং হলকর্ষণের সূচনা করে। রহিনে বীজ বোপনের সুচনা এবং আঘন সাঁকরাইতে 'ডিনি' অর্থে লক্ষ্মী বা শষ্যের দেবীকে ঘরে এনে টুসু উৎসব দিয়ে বর্ষ শেষ। করম গানে আছে জাউ জাউ করম গুঁসাই জাউ ছওঅ মাস, পড়তঅ ভাদরঅ মাস আনব ঘুরাই। অর্থাত কুড়মিরা বৎসরকে ছয় মাসে ভাগ করে। এই মাসগুলি হোল মধু মাস, লিরনমাস, রূপা মাস, ভাদর মাস, কাটনি মাস এবং জাড় মাস।

ভাষা ও সাহিত্য–

ভারতীয় আর্য জাতিগুলির কোন জাতিরই নিজস্ব ভাষা নেই। বাংলা, হিন্দি, উড়িয়া ইত্যাদি ভাষাগুলিতে কোন জাতির একক মালিকানা নেই, এগুলি আঞ্চলিক বা স্থানবাচী ভাষা হিসেবে স্বীকৃত। কিন্তু প্রতিটি আদিবাসী জাতিগোষ্ঠীর নিজেদের মধ্যে ভাববিনিময়ের নিজস্ব ভাষা আছে। যেমন সাঁওতালদের 'সাঁওতাল' মুণ্ডাদের 'মুণ্ডারি' ওঁরাওদের 'কুড়খ' খাড়িআদের 'খাড়িয়া' হোদের 'হো' ইত্যাদি। কুড়মিদের কুড়মালি ভাষা এদের আদিবাসী চিহ্নগুলির অন্যতম। এ পর্যন্ত কুড়মালি সাহিত্য অন্যান্য আদিবাসী সাহিত্যের মতই শ্রুতি হিসেবেই প্রচলিত ছিল।

কুড়মিদের পদবী–

আধুনিক অধিকাংশ কুড়মিরা গ্রাম প্রধানদের পদবী 'মাহাতো,' ব্যবহার করছেন। যদিও অনেক কুড়মিই রায়, মহাশয়, সিংহ, সিংহদেও,. সিংহরায়, মুখিয়া, মোড়াল, দেশমোড়াল, প্রধান, দেশপ্রধান, পরগণাইত, মাঝি, দিগার, লাহা, রাউত, সরকার, সিং, পট্টনায়েক, পরামানিক, বর্মা, ভার্মা, প্রসাদ, কুমার, সিনহা, মেহতা, রেড্ডি, প্যাটেল, চৌধুরী, ইত্যাদি বিভিন্ন পদবী ব্যবহার করছেন।

কুড়মিদের গোষ্ঠী বা গোত্র–

ভারতীয় আর্য অনার্য সমস্ত জাতিগুলিরই বিভিন্ন গোষ্ঠী বা গোত্র আছে। আদিবাসী জাতি গোষ্ঠীগুলিও বিভিন্ন গোষ্ঠীতে বিভক্ত এবং এই গোষ্ঠীগুলির মিলিত সংগঠনকে (Confedaracy of tribes) কোন জাতি হিসাবে চিহ্নিত করা হয়। অ-আদিবাসী বা আর্য জাতিগুলির গোত্রগুলি সাধারণতঃ কোন মুনি ঋষি বা ব্যক্তি বিশেষের নামে যেমন ভরদ্বাজ বশিষ্ট ইত্যাদি নামে পরিচিত কিন্তু আদিবাসী গোষ্ঠীগুলি, আদি, পশুপাক্ষীর নামে পরিচিত হয়। কোন টোটেমের নামে পরিচিত গোষ্ঠী উক্ত টোটেমকে দেবতাজ্ঞানে মানতে থাকে। কুড়মি

জাতিও বিভিন্ন গোষ্ঠী বিভক্ত এবং বিভিন্ন গোষ্ঠী বা গোত্রের মিলিত সংগঠনকে কুড়মি জাতি বলা হয় এবং সমগ্র কুড়মি জনগোষ্ঠিই মুল টোটেম কচ্ছপকে দেবতা জ্ঞানে মানে।

কুড়মিদের অনেকগুলি গোষ্ঠী বা গোত্র আছে। কুড়মালি প্রবাদ 'টঁড় কুড়মি একাশি' উল্লেখ করে অনেকেই মন্তব্য করেন। কুড়মিদের মোট একাশিটি গোত্র আছে। কুড়মিদের মধ্যে সাধারণত মুতরুআর, ছঁচমুতরুআর, কেশরিআর, টিডুআর, ডুমরিআর, কইড়আর, বানুআর, বাঘবানুআর, জালবানুআর, হিঁদআর, হঁসদোআর, বঁসরিআর, হেমারিআর, হিমুআর, সাঁখোআর, কছুআর নাগ, নাগ-নাংটোআর, নাংটোআর, চিলবিঁধাআর ইত্যাদি গোত্র পাওয়া যায় এবং এগুলির সবই টোটেমিক।

'মুতরুআর' মানে মাকড়সা, ছঁচমুত্রা ছাঁচের মাকড়সা কেশরিআর-কেশরঘাস. টিডুআর তীর ডুমরিআর-ডুমুর ফল, কইড়আর কাড়া, মহিষ, বাঘবানুআর বাঘ, জালবানোআর জাল, সাঁখোআর শঙ্খ, কছুআ-কচ্ছপ, চিলবিঁধা-চিল নাগ সর্প ইত্যাদি। এই গোষ্ঠীগুলির প্রত্যেকেই নিজ নিজ টোটেমকে কুলদেবতা হিসেবে মেনে আসছে। যেমন মুতরুআর বা ছঁচমুতরুআর মাকড়সা হত্যা করে না, জাল বানোয়ার জাল ছোঁয় না, বাঘ বানোআর বাঘকে, কছুআর-কচ্ছপকে, নাগ বা নাগ নাংটোআররা সাপকে কুলদেবতা হিসাবে মানে। এই বিশ্বাসের জন্যই শাঁখোয়ার গোষ্ঠীর স্ত্রীলোক শাঁখা পরে না ডুমরিআর গোষ্ঠীর লোকেরা ডুমুর ফল, কেশরিআরেরাকেশর ঘাস কছুআরা কচ্ছপ খায় না, কইডআররা কাড়ার হাল দিয়ে জমি চাষ করে না ইত্যাদি। অবশ্য কুড়মিদের ক্ষত্রিয় আন্দোলনের সময় ব্রাহ্মণদের অনুকরণে গোষ্ঠীগুলিকে ব্যাখ্যা করার প্রয়াস চালানো হয়েছে। কিন্তু তৎসত্বেও গোষ্ঠীগুলি আদিবাসী গোষ্ঠী হিসেবেই এখনও প্রচলিত। কুড়মিরা ক্ষত্রিয় আন্দোলনে শিবাজীকে নিজেদের গোষ্ঠীভুক্ত আদর্শ পুরুষ হিসেবে তার দৃষ্টান্ত অনুসরণ করার কথা বলত। কিন্তু শিবাজী নিজেই ক্ষত্রিয় ছিলেন না।

'ভারতবর্ষের ইতিহাসে একটি আশ্চর্য ঘটনা বার বার চোখে পড়ে। যে কোন কারণেই হোক, এদেশে রাষ্ট্রশক্তির অধিনায়কেরা বৈদিক ঐতিহ্যের গরিমা চেয়েছিলেন। এমনকি অপেক্ষাকৃত সাম্প্রতিক কালেও শুদ্র শিবাজী রাষ্ট্রশক্তি লাভ করার পর কাশী থেকে গার্গ ভট্ট বলে জনৈক পণ্ডিতকে আনিয়ে তাঁর সাহায্যে নিজেকে ক্ষত্রিয় বলে ঘোষণা করবার ব্যবস্থা করলেন।'

কুড়মালি শ্রুতি সাহিত্যের মধ্যে মাহরাই, জাঁত, করমগীত, ভাদুগীত, সহরাই গীত, টুসু গীত, মন্ত্রঝুমুর, ভাদরিআ, কবি, চৈতালী, অধওআ, বিহাগীত, মলহরিআ, টপ, ঢুআ, বাউলগীত, জানকেহনী, প্রবাদ, রাসধারী, কপিলামঙ্গল,

মনসামঙ্গল, বুলবুলি ইত্যাদি কাব্য সাহিত্য এবং কেহনী, মাছানি ইত্যাদি গদ্য সাহিত্যের বিশাল ভাণ্ডার বিদ্যামান। তা ছাড়া রাঁচী বিশ্ববিদ্যালয়ে কুড়মালি পাঠক্রম চালু হওয়ার পর আধুনিকভাবে ধীরে ধীরে কুড়মালি ভাষায় সাহিত্যের সবকটি শাখা প্রশাখার বিকাশ ঘটেছে।

শিল্পকলা বৈশিষ্ট্য— চিত্রশিল্প হিসেবে এদের মধ্যে সহরই পরবের সময় বাড়ীর দেওয়াল মাটি দিয়ে লেপে দেওয়ালে বিভিন্ন দেওয়াল চিত্র, কাঠের দরজা জানালার চিত্রকলা, আলপনা ইত্যাদি ছাড়া অন্যক্ষেত্রে স্বাভাবিক বিকাশ ঘটেনি।

নৃত্যগীত— সাঙ্গীতিক এবং নৃত্যের ক্ষেত্রে এদের চূড়ান্ত বিকাশ ঘটেছে। করমগীত, জাঁত, কবি, ভাদুগীত, টুসুগীত, উধওআ, চৈতালী, ঢপ, ইত্যাদি গীতে যদিও সুরবৈচিত্র, গতানুগতিক ধারা কেউ কেউ মোটামুটিভাবে মেনে চলেছে, তবুও বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে ঢুআ, বাউলগীত এবং ঝুমুরে কুড়মালি সঙ্গীতের চূড়ান্ত বিকাশ ঘটেছে। ঝুমুরে যে বিশাল সুরবৈচিত্র তা অন্যান্য যে কোন সঙ্গীত জগতের ঈর্ষার বস্তু। ঝুমুরের মধ্যে, ভাদরিআ, দরবারী, বিরহ, ছোআডি, বুরুটাঁড়, মুদিআলি, গোলোয়ারি, তামাড়ি, ফুলওয়াড়ি, পাটিয়ামেধা, আড়খেমটা খেমটা, নাগপুরিআ ইত্যাদি বিভিন্ন তাল এবং সুর, এদের সাঙ্গীতিক প্রতিভার সাক্ষ্য বহন করছে। ছো, নাচনি, ডাঁড় নাচ, কাঠি নাচ, নাটওআ, ইত্যাদি নাচগুলিরও চূড়ান্ত বিকাশ ঘটতে চলেছে এবং ভবিষ্যতে এগুলি আরও জনপ্রিয় হবার সম্ভাবনা উজ্জ্বল।

নাট্যকলা— কুড়মালি নাট্যকলার বিকাশ আধুনিকালে স্তব্ধ হয়ে গেছে, কিন্তু অনুসন্ধান করলে দেখতে পাওয়া যাবে কুড়মালি নাট্যকলা এককালে যথেষ্ট বিকশিত ছিল এবং জনসাধারণের মনোরঞ্জনে সফল ছিল। কুড়মালি লোকনাট্যের 'নৃত্যগীত নাটক' হিসেবে 'বুলবুলি' এবং নাটক বা যাত্রা হিসেবে 'মাছানি' প্রচলিত ছিল।

কুড়মিদের শাসন পদ্ধতি— কুড়মিদের সামাজিক বা জাতিভিত্তিক শাসন পদ্ধতি ছিল প্রজাতান্ত্রিক কাঠামোর উপর প্রতিষ্ঠিত। জনগণ দ্বারা নির্বাচিত ব্যক্তিই গ্রামে প্রধান বা মাহাতো, মাঝি, মোড়ল, মুড়া হিসেবে নিযুক্ত হতেন। প্রতিটি খুট বাখোল বা কুলহিতে একজন করে প্রতিনিধি নির্বাচিত হতেন। কতকগুলি গ্রাম নিয়ে পঞ্চায়েত বা মুখিআ নির্ব্বাচিত হতেন, কতকগুলো পঞ্চায়েত

নিয়ে পরগণা নির্মান এবং পরগণায় নির্বাচিত প্রতিনিধি পরগনাইত, কতকগুলি পরগণা নিয়ে দেশ তথা নির্ব্বাচিত প্রতিনিধি দেশমড়ল হিসেবে শাসক ক্ষমতার অধিকারী হতেন। গ্রামের জমায়েতে আহ্বায়ক হিসেবে নিযুক্ত হোত গড়াইত, পাহারাদার হিসেবে চৌকিদার, মাঠ পাহারা দেওয়ার জন্য মাঠচৌকি, পূজাঅর্চ্চনার জন্য 'নাইআ' ইত্যাদিও নির্ব্বাচিত হোত।

কুড়মি জাতির চরিত্র বিশ্লেষন করলে দেখতে পাওয়া যায়, কুড়মিদের সম্পর্কে যে সমস্ত প্রবাদ প্রচলিত আছে সেগুলির কয়েকটিই এদের চারিত্রিক বৈশিষ্ট তুলে ধরতে যথেষ্ট। যেগুলির মধ্যে ১) টঁড়, কুড়মি, ২) কুড়িমিঞ অজজত চিনি খাত পানি, ৩) কুড়মিক পেছু বাটে বুইধ ৪) ঢেইর কাঠে মৌহা সিঝেই, ঢেইর কাথাঞ কুড়মি বুঝেই ৫) জঁদে জঁদে পানিক সত তঁদে তঁদে কুড়মিক জট ৬) কুড়মি হেকত খাই জাতা ৭) কল কুড়মি কড়া বেদ সাসতর ছাড়া। প্রথম প্রবাদটিতে টঁড় অর্থে ঢোঁড়া বা, নির্বিষ সাপের সঙ্গে কুড়মি জাতির তুলনা করা হয়েছে। 'কুড়মিঞ অজজত চিনি খাত পানিতে এদের নিবুর্দ্ধিতা হেতু বঞ্চনার কথাই ব্যক্ত হয়েছে। অর্থাৎ এরা প্রচণ্ড পরিশ্রম করে যে ফসল উৎপাদন করে তা এরা ভোগ করতে পারে না। কুড়মিক পেছুবাটে বুইধ' এর অর্থ, এদের সারল্য হেতু কেউ এদের ঠকিয়ে নিলে তার অনেক পরে এরা বুঝতে পারে ' ঢেইর কাঠে মওহা সিজেই, ঢেইর কাথাঞ কুড়মি বুঝেই' কথাতেও ওদের অনুর্ব্বর মস্তিস্কের কথা বলা হয়েছে। 'কুড়মি হেকত খাইজাতা'র–অর্থ এদেরকে যতই নিম্নমানের খাবার দেওয়া হোক না কেন এরা তা নির্বিকার চিত্তে গলাধঃকরণ করবে এতে এদের চুড়ান্ত দারিদ্রের কথা ব্যক্ত বয়েছে। 'কলকুড়মি কড়া, বেদ সাসতর ছাড়া' কথাতে কোল ওঁরাও অবৈদিক আদিবাসী জাতিগুলির সঙ্গেই কুড়মিকে রাখা হয়েছে।

এই সমস্ত প্রবাদগুলি বিশ্লেষণ করলে কুড়মিদের সঙ্গে এখানকার অন্যান্য আদিবাসী হরিজন গোষ্ঠীর মানুষের যাই সম্পর্ক থাকুক না কেন শোষন এবং শোষিতের সম্পর্ক যে একথা নিশ্চিত করেই বলা যায়। অন্যান্য কৃষিজীবিদের সঙ্গে এদের ঘনিষ্ট সম্পর্ক আছে। সাঁওতালরা কুড়মিদেরকে বড় ভাইএর মর্য্যদা দেয়। অন্য কোন উচ্চবর্ণীয় হিন্দু এমনকি ব্রাহ্মনদের পরিপাক করা অন্নব্যঞ্জন এরা স্পর্শ করে না কিন্তু কুড়মিদের রান্না এরা নির্দ্ধিধায় গ্রহণ করে। কাশীপুরের শ্যামাপদ মাণ্ডি বলছিলেন কোন এক কুড়মি রমনীকে এরা দেবীজ্ঞানে পূজো করে। ওঁরাও জাতির গ্রাম প্রধানের 'মাহাত' পদবী কুড়মিদের সঙ্গে ওঁরাওদের যোগসুত্রটি ব্যাক্ত করে। মাহাত মাঝি, মুড়া, লায়া, গড়াইত, মাহাতদের ইত্যাদি পদবীও এদের আদিবাসীদের সঙ্গে একাত্মতা আনে।

রঘুনাথ সিং মাহাত, বুলি মাহাত, দামুদর দিগার, গোপাল মাঝি ইত্যাদি

ব্যক্তিগণ মাহাত বা কুড়মি জাতিভূক্ত ছিল এবং এরা চুয়াড় বিদ্রোহে আদিবাসীদের সঙ্গে ইংরেজ এবং জমিদারদের বিরুদ্ধে লড়াই করেছিল। অবশ্যই সাঁওতাল বিদ্রোহ, মুণ্ডা বিদ্রোহ ইত্যাদিতে মাহাতদের নামোল্লেখ নেই এইজন্য এরা যে এই সমস্ত আন্দোলনে অংশ নিয়েছিল এবং ইংরেজরা এদেরকে সাঁওতাল, মুণ্ডা, ওঁরাওদের থেকে আলাদা করে চিনতে পারেনি একথা বলা যায়। কারণ এরা যে এই সময় আন্দোলনের বিরোধী ছিল বা ইংরেজদের সহায়তা করেছিল এরকমও কোন নজির নেই।

কৃষিজীবি মাহাতদেরকে কেন্দ্র করে এই এলাকায় যে কৃষিভিত্তিক সামাজিক অর্থনীতি গড়ে উঠেছিল তাতে অন্যান্য হরিজন বা বৃত্তিজীবি শ্রেণীগুলির সঙ্গে এদের সম্পর্কটি বোঝাতে সাহায্য করে। কৃষিজীবি মাহাতদের কৃষিকর্মের সরঞ্জাম কামার ছুতাররা সরবরাহ করত, কুমহাররা মাটির হাঁড়িকুঁড়ি, তাঁতিরা, জোলারা কাপড়, ধোপারা কাপড় কাচে, তেলিরা তেল, সহিস বা হাড়িরা ধাইএর কাজ নাপিতরা চুল দাড়ি কামানো, ডোমরা বাদ্যযন্ত্র, মাহলিরা বাঁশের তৈরী জিনিষপত্র ইত্যাদি সরবরাহ করে জীবিকার্জন করত। অরণ্যবাসী আদিবাসী গোষ্ঠীগুলি এদেরকে বনের কাঠ ফলমূল পশুপাক্ষী জন্তুজানোয়ার মধু ইত্যাদি সরবরাহ করত।

এদের লেনদেনের একমাত্র মাধ্যম ছিল কৃষিতে উৎপন্ন চাল, ডাল, ধান, মাড়ুআ, গুঁদলি, কদ, বাজরা ইত্যাদি। কিছু হরিজন গোষ্ঠী ক্ষেতমজুর হিসেবে অংশগ্রহন করত। কৃষিভিত্তিক অর্থনীতির জন্য, আদিবাসী, হরিজন ও বৃত্তিজীবি জনগোষ্ঠীগুলির সঙ্গে কুড়মিদের এক নিবিড় সম্পর্ক গড়ে উঠেছিল। সেই সুবাদে কুড়মিদের ভাষা, কুড়মালি; সমস্ত জাতিই ভাববিনিময়ের মাধ্যম হিসাবে গ্রহন করেছিল এবং বর্তমানে কুড়মালি ভাষা শুধুমাত্র কুড়মি জনগোষ্ঠীর ভাষা নহে, এই অঞ্চলে বসবাসকারী সমস্ত জাতি গোষ্ঠীরই ভাষা কুড়মালি।

বর্তমান সভ্যতার আলোকে নতুন অর্থনৈতিক ব্যবস্থার পত্তন হওয়ার ফলে, বিভিন্ন বৃত্তিজীবি, আদিবাসী, হরিজন ইত্যাদি শ্রমজীবি মানুষের সঙ্গে শ্রমজীবি কুড়মি জনগোষ্ঠির পুরানো সম্পর্ক অনেকাংশ মূল্যহীন হয়ে পড়েছে এবং এদের পারস্পরিক প্রয়োজনীয়তাও কমে মাঝখানে একটা শূন্যতার সৃষ্টি হয়েছে, বুদ্ধিজীবি বুর্জোয়ারা এই সুযোগের অপব্যবহার করতে চাইছে।

আদিবাসীদের উপর বিভিন্ন ধর্মীয় এবং মতবাদের প্রভাব—

আর্য এবং হিন্দু শব্দ দুটি বর্তমানে একই অর্থবাহী হলেও, আর্য ও হিন্দু সমার্থক নয়। অনেকেই মনে করেন 'সিন্দু' থেকেই 'হিন্দু' শব্দটি এসেছে। আর্যদের আক্রমণের আগেও ভারতবর্ষে এক উন্নত সভ্যতা গড়ে উঠেছিল।

যার প্রমান স্বরূপ সিন্ধু নদী তীরে মহেনজোদড়ো ও হরপ্পার ধ্বংসাবশেষের কথা উল্লেখ করা যেতে পারে। ভারতীয় অস্ট্রিক বা দ্রাবিড় গোষ্ঠীর লোকেরাই যে এই সভ্যতার রূপকার ছিল একথা নিশ্চিতভাবেই বলা যায়। অতএব 'সিন্দু' শব্দ থেকে 'হিন্দু' শব্দ এসে থাকলে সিন্ধু সভ্যতার রূপকার গোষ্ঠিগুলিই 'হিন্দু'ত্বের দাবীদার হতে পারে, আর্যরা নয়।

কুড়মালি 'ভাষাতাত্বিক' লক্ষীকান্ত মৃতরুআর, ডঃ শশীভূষণ মাহাত, ডঃ নির্মল মিঞজ ইত্যাদিরা ভাষাতাত্বিক দৃষ্টিকোন থেকে, ডঃ বঙ্কিম মাহাত ভোলানাথ মাহাত ইত্যাদিরা নৃতাত্বিক দৃষ্টি কোন থেকে কুড়মিদেরকে দ্রাবিড় গোষ্ঠীর আদিবাসী বলে মন্তব্য করেছেন।

আদিবাসীদের উপর ভারতবর্ষে আর্যদের আগমনের পর থেকেই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিভিন্ন ধর্মীয় প্রভাব কার্যকরী হয়েছে এবং অন্যদিকে বহিরাগতরাও ভারতীয় আদিবাসীদের অনেক কিছুই গ্রহণ করেছে। আর্য হিন্দু, মুসলমান, খৃষ্টান, বৌদ্ধ, জৈন, শাক্ত, বৈষ্ণব ইত্যাদি মতবাদের ক্রমাগত অভিযানের ফলে সমস্ত আদিবাসী গোষ্ঠীই কমবেশী প্রভাবিত হয়েছে। সাঁওতাল, মুণ্ডা, ওঁরাও, খাড়িয়া বীরহোড়রা অনেকেই খৃষ্টান ধর্ম গ্রহণ করেছে। হরিজনদের বেশ কিছু ইসলাম ধর্মে দীক্ষিত হয়েছে এবং নিম্নবর্ণীয় হিন্দু হিসাবে পরিচিত হয়েছে।

কুড়মিদের কিয়দংশ ইসলাম, খৃষ্টান এবং অধিকাংশ হিন্দু তথা বৈষ্ণব ধর্মীয় প্রভাব প্রভাবিত হয়েছে। তারও আগে এদের উপর বৌদ্ধ ও জৈন প্রভাবও পড়েছিল। কিন্তু ধর্মীয় প্রভাব আদিবাসীদের বেশী কিছু পরিবর্তন সাধন করতে পারেনি। যেমন আদিবাসীরা খৃষ্টান ধর্মে দীক্ষিত হলেও আদিবাসী হিসেবে স্বীকৃত, তেমনি কুড়মিদের কিয়দংশ খৃষ্টান, মুসলমান বা হিন্দু আচারের অঙ্গীভূত হলেও আসলে এরা কুড়মিই রয়ে গেছে।

কুড়মিরা এখন এক্স-সিডিউলড ট্রাইব-

বিহারে কুড়মিরা এখন পর্যন্ত ব্যাকওয়ার্ড ক্লাস (B.C.D.) বা অনুন্নত জাতি হিসেবে সমস্ত রকম সরকারী সুযোগ সুবিধা পেয়ে আসছে। অথচ যথেষ্ঠ অনগ্রসরতা সত্বেও পশ্চিমবঙ্গে এরা সেরকম সরকারী সুযোগ সুবিধা পাচ্ছেন না, এ অবস্থা অত্যন্ত পীড়াদায়ক। অনুন্নত শ্রমজীবি কুড়মি গোষ্ঠীর স্বাভাবিক উন্নয়ন ব্যাহত হচ্ছে। ১৯৩১ সাল পর্যন্ত এরা এ্যাবরিজিনাল বা আদিবাসী হিসেবে চিহ্নিত ছিল।

'Fourth world Dynamics Jharkhand' গ্রন্থে Historical and Cultural Basis of Jharkhandi Nationality প্রবন্ধে শ্রদ্ধেয় Basant

Kumar Mehta, ভারত সরকারের ১৯১৩ সালের একটি অর্ডার উদ্ধৃত্ত করেছে যাতে কুড়মিদেরকে সাঁওতাল, মুণ্ডা ইত্যাদির সঙ্গে আদিবাসী হিসেবে রাখা হয়েছে।

The Gazettees of India
Published by authority
No.- 181 Simla Saturday, May 3 1913
Judicial The 2nd May, 1913

নং ৫৫০, যেহেতু বিহার ও ওড়িষ্যা প্রদেশে বসবাসকারী মুণ্ডা/ওঁরাও/সাঁওতাল/হোস/ভূমিজ/খেড়িয়া/ঘাসি/গোন্দ/কোরা/কুর্মী/মাল শুঁড়ি/পান গণ উপজাতি বলিয়া খ্যাত, সেহেতু তাহাদের প্রথানুয়ায়ী উত্তরাধিকারের আইন আছে Act 1865 (X of 1865) Act-এর ঐসকল আইনগুলি ঐ সকল উপজাতির লোকদের মধ্যে প্রয়োগ করা সহজ।

১৮৬৫ সালের (X of 1865) ভারতীয় উত্তরাধিকার Act-এর ৩৩২ নং ধারায় (section) আরোপিত ক্ষমতা প্রয়োগ কালে গর্ভনর জেনারেল অনুগ্রহ করিয়া বিহার ও উড়িষ্যা প্রদেশে বসবাসকারী সকল মুণ্ডা/ ওরাঁও / সাঁওতাল/ হোস / ভুমিজ / খেড়িয়া / ঘাসি / গোন্দ / কোরা / কুর্মী / মালশুঁড়ি এবং পান উপজাতি গণকে এই Act-এর পাশ হওয়া থেকেই উক্ত Act-এর অতীত সম্পর্কীয় বিষয়গুলি যেন প্রয়োগ রহিত করেন।

যখন কোন উপযুক্ত সিভিল কোটের পূর্বঘোষিত কোন ব্যক্তির অধিকার সম্পর্কযুক্ত সিদ্ধান্তের পরিপন্থী হয় তখন এই বিজ্ঞপ্তি অবশ্যই কার্য্যকারী হবে না।

Certified to correct copy
Sd/illegible
Record Keeper, Commissioner's Office
Chotonagpur Division
Date :- 16.06.76

বিগত জনতা সরকার কর্তৃক গঠিত মণ্ডল কমিশন কুড়মিদেরকে অনুন্নত জাতি হিসেবে স্বীকার করেছেন। কিন্তু কুড়মিদের আদিবাসী তালিকাভুক্ত না করলে এদের উন্নয়ন ব্যাহত হবে এবং এই এলাকার আদিবাসী সংহতিও ক্ষতিগ্রস্ত হবে। ❑

কুড়মিরা কি ক্ষত্রিয় ?

মনশ্রী মাহাতো

ভারতবর্ষে লোকগণনার রিপোর্টকে ভিত্তিভূমি ধরে একদিকে যেমন সমস্ত উন্নয়ণমূলক পরিকল্পনা রচিত হয়, অন্যদিকে তেমনি ভারতবাসীর ধর্মীয় পরিচিতিরও একটা সম্যক ধারণা জন্মাতে এই রিপোর্টটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১৯১০ সালে ভারত সরকারের সেনসাস কমিশনার (কোলকাতা) এর রিপোর্ট থেকে জানা যায় ভারতীয়দের ধর্মীয় সম্প্রদায় গুলি নিম্নরূপঃ (১) হিন্দু (২) মুসলিম (৩) খ্রীষ্টান (৪) শিখ (৫) পারসী (৬) প্রকৃতির উপাসক এবং আদিবাসী (৭) অনগ্রসর শ্রেণী অথবা অস্পৃশ্য।

কিন্তু ধর্মনিপেক্ষ ভারতবর্ষে ঠিক এমনি ভাবেই কি লোকগণনায় ভারতবাসীর ধর্মীয় স্বাতন্ত্র্যকে চিহ্নিত করা হয়? দিল্লী থেকে প্রকাশিত 'The Confusion Called Conversion' নামক পুস্তকে সুন্দররাজ ভারতবর্ষের লোকগণনার ধর্মীয় সম্প্রদায় গুলিকে চিহ্নিত করার এক চমকপ্রদ উদাহরণ দিয়েছেন। মনে করা যাক, একটি ভোজপুরী থালি, যার মধ্যে পাঁচটি ছোট তরকারীর বাটি সাজানো রয়েছে। বাটি গুলি হল (১) জৈন ধর্ম (২) বৌদ্ধ ধর্ম (৩) শিখ ধর্ম (৪)খ্রীষ্টান ধর্ম এবং (৫) ইসলাম ধর্ম। থালিটি হল হিন্দু ধর্ম। পুরো ব্যাপারটাকে যদি লোকগণনাকারী, যিনি গ্রামে গ্রামে যান, তিনি ঐ পাঁচ বাটিতে কোনও ভারতবাসীকে ফেলতে না পারলে চোখবুজে ঐ থালিতে ফেলে দেন, অর্থাৎ তিনি এক কলমেই হয়ে যান হিন্দু।

এবিষয়ে বহু উদাহরণ তিনি দিয়েছেন। যার কয়েকটি হল,

ত্রিপুরা ৪,৫০০০০ মঙ্গোলয়েড গ্রুপের আদিবাসী কুকী, জামজতিয়া, হালাং, রিয়া ইত্যাদিদের বৌদ্ধ অথবা ক্রীশ্চান বাটিতে ফেলা যায়নি বলে ১৯৭১ সালের সেনসাস রিপোর্টে সব হিন্দু বলে উল্লেখ করা হয়েছে।

আসামে ৩৯ লক্ষ ১৯ হাজার মঙ্গোলয়েড আদিবাসী, বোডো, কাচারী লালুং, মিকির, মিজো, রাভা ইত্যাদিদের বৌদ্ধ অথবা ক্রীশ্চান বলে চিহ্নিত করা যায়নি বলে ১৯৭১ সালের সেনসাস রিপোর্টে তাদের সবাইকে হিন্দু লিখে দেওয়া হয়েছে।

ওড়িষায় দ্রাবিড়িয়ান গোষ্ঠীর গণ্ড উপজাতির সংখ্যা ছিল চার লক্ষ নিরানব্বই হাজার। ১৯৭১ সালে সব হাওয়ায় উড়ে গিয়ে হয়ে গেল হিন্দু। সারা ভারতে এভাবেই ৩৮ মিলিয়ন আদিবাসীর শতকরা ৯৪ ভাগই আজ এই বিচিত্র সেনসান রিপোর্টের শিকার।

এই প্রেক্ষিতে ঝাড়খণ্ডের কুড়মিদের কথা নতুন করে বলার নয়। এরা বহুপূর্বেই, অর্থাৎ কুড়ির দশকেই হিন্দু করণের লোভনীয় শিকার। এক উস্কানী

মূলক হিন্দু করণের ফাঁদ পেতে তামাম কুড়মি সম্প্রদায়কে ১৯৩১ -এর সেনসাসেই হিন্দুত্বের থালিতে আশ্রয় দেওয়া হয়েছে।

সর্ব ভারতীয় প্রেক্ষাপটে ১৮৯১ সালের সেনসাস রিপোর্ট, সারা ভারতে মোট জনসংখ্যার শতকরা ৬০ ভাগ মানুষ তাদের আদিবাসীত্ব বাঁচিয়ে রেখেছিল হিন্দুকরণ বা খ্রীশ্চানকরণের দূষণ থেকে, অথচ ১৯৭১ সালের সেনসাস রিপোর্টে দেখা যাচ্ছে সারা ভারতে মাত্র শতকরা ৬ ভাগ মানুষ তাদের আদিবাসীত্বকে বাঁচিয়ে রাখতে পেরেছে। এরা সব গেল কোথায় ?

অথচ স্বয়ং জওহরলাল নেহরু এই বিষয়টির পুরো বিরোধী ছিলেন। তিনি বলেছেন, 'The need for Hinduism to assimilate the Adivasis. We have to refrain from influencing their Adivasis custom which brings grace and joy to their lives" .

আমরা সবাই জানি নেহরুর এই বিরোধীতা সত্ত্বেও ভারতীয় আদিবাসীরা আজ কিরূপভাবে হিন্দুকরণ প্রক্রিয়ায় বধ হয়েছেন।

ঝাড়খণ্ডের কুড়মি (মাহাতো)দের লোকগণনার ঐ সরল হিন্দুকরণ প্রক্রিয়ার বাইরেও নৃবিজ্ঞানী পশুপতি প্রসাদ মাহাতো আরো কতকগুলি উদ্দেশ্য ব্যাখ্যা করে বলেছেন, (১) কুড়মি (মাহাতো)রা আদিবাসী নয় এই প্রচার করে এবং তাদের সঙ্গে অন্যান্য আদিবাসীদের বিরোধ সৃষ্টি করে পুরুলিয়া, ধানবাদ সহ সমগ্র কুড়মি অধ্যুষিত অঞ্চলে অবাধ জমি লুঠের ব্যবস্থাকে আইন সম্মত করান হয় ।

(২) ১৯৩৫ সালের নির্বাচনে বাঁকুড়া , বীরভূম, মেদিনীপুরে আদিবাসীদের জন্য কোন স্থান সংরক্ষিত ছিল না। কারণ কুড়মিরা আদিবাসী সুচী থেকে বাদ পড়াতে (১৯৩১) আদিবাসীরা সংখ্যালঘুতে পরিণত হয়েছিল। অপরপক্ষে মানভূম জেলা কুড়মি (মাহাতো) অধ্যুষিত এলাকা হয়েও অনুরূপ ভাবে বিহারের নির্বাচনে সংরক্ষণ থাকলেও কুড়মি (মাহাতো)রা 'হিন্দু' হয়ে যাওয়ার জন্য কোন প্রতিনিধি পাঠাতে পারেন নি। অর্থাৎ চিরতরে এতদঅঞ্চলকে সংখ্যালঘু আদিবাসী অঞ্চলে রূপান্তরিত করা হয়েছিল।

(৩) বাঙালী, বিহারী, ওড়িয়া বুদ্ধিজীবি এবং জমিদারবর্গ খুবই তৎপর হতে লাগলেন আদিবাসীদের সঙ্গে ক্ষত্রিয় নামধারী কুড়মি (মাহাতো)দের বিরোধ সৃষ্টি করে, তাদের বাঙালী বা বিহারী বা ওড়িয়া করার জন্য।

ক্ষত্রিয় স্ট্যাটাসের নামের আড়ালে হিন্দুকরণের উদ্দেশ্যে ভারতের অন্যান্য অংশের উপজাতিদের সঙ্গে ঝাড়খণ্ডের কুড়মিদের মধ্যেই 'কুর্মি ক্ষত্রিয় মহাসভা' নামে একটি সংস্থার জন্ম দেওয়া হয়। যারা হিন্দুকরণ প্রক্রিয়ার দ্বারা ব্যবহৃত হয়ে এবং কতিপয় সম্পন্ন চাষীর উঁচু জাতে ওঠার লালসাকে চরিতার্থ করতে গিয়ে গোটা কুড়মি সমাজটাকে আদিবাসীত্বের সরকারী

স্বীকৃতি থেকে বিচ্যুত করে দেয়। বর্তমানে হিন্দু লবি এখনও নাচানাচি করেন এই বলে যে কুড়মি সমাজে কিছু 'মহারাজে'রও আমদানী করেছিলেন তাঁরা, যাঁরা হিন্দু গুরুদের মত সাধু সন্ন্যাসীদের ভেক ধরে কুড়মি সমাজে যুগাবতার রূপে 'সমাজ সংস্কার আন্দোলন' শুরু করে দিয়েছিলেন। কুড়মিদের ক্ষত্রিয়ত্বের শিরোপা মাথায় পরাতে এদের ব্যগ্রতা দেখে তখনই অর্থাৎ ১৯৩১ সালের সেনসাস রিপোর্টেই বিস্মিত ডব্লিও. সি. লেসী মন্তব্য করেছেন "ছোটনাগপুরের কুর্মি মাহাতোরা এই বলে আন্দোলন আরম্ভ করেছেন যে কুর্মিরা ক্ষত্রিয় বংশোদ্ভব। আমার প্রশ্ন করতে ইচ্ছে করে যে এরূপ আন্দোলন কি কুর্মী মাহাতোদের পক্ষে মঙ্গলজনক হবে?" অন্যদিকে ডঃ এইচ হাটনও সেনসাস রিপোর্টে (১৯৩১) মন্তব্য করেন, "শোচনীয় ব্যাপার এই যে আদিবাসী গোষ্ঠীগুলি হিন্দু সমাজের মধ্যে একটা জাত হবার জন্য এত আগ্রহশীল এই কারণে যে, এর ফলে তাদের সামাজিক অবস্থা উন্নত হবে বলে তারা মনে করে। কিন্তু এর ফলে সাধারণতঃ আরো বেশি অধঃপতন হয়ে থাকে।"

A.E. Porter, sup of census operation of Bengal, Vol-5 Part-1; Page-467 বলেছেন, "কুড়মি এবং কুর্মি ক্ষত্রিয় উভয়ই পৃথক জাতি সত্ত্বার মানুষ।"

নৃতাত্ত্বিক E.T. Daslton তাঁর বিখ্যাত গ্রন্থ Descriptive Ethnology of Bengal, Page - 314 - এ লিখেছেন, " In the province of Chotonagpur, the ancestors of the people now called the kurmis appear to have gained the footing with the aboriginal tribes at a very remote period. The kurmis have closed relationship with santhals. The santhals are more particular about food or rather about what they eat and they eat cooked rice and other eatables from kurmis only, as acording to one tradition they regard them as elder brother of their own. This is clearly due to the totemistic organisation of the kurmis like other tribes of chhotonagpur which indicate that they are distinct and different from kurmis of north Bihar, North west province with titular gotros and are Dravidian descent. "

আর এক বিখ্যাত ভাষাতত্ত্ববিদ Sir G A Grierson তাঁর ভাষাতত্ত্বের আকর গ্রন্থ The linguistic survey of India বই এর Chapter 5/b লিখেছেন, " The Kurmis of chhotonagpur are an aboriginal tribe of Dravidian stock and should be distinguished from the kurmis of north Bihar who spell their name differently with a smooth sound instead of hard - R. These two quite distinct races have been mix up in the Census."

পি সি রায় চৌধুরী, স্পেশাল অফিসার, গেজেটিয়ার, রেভেনিউ ডিপার্টমেন্ট, বিহার, প্রখ্যাত নৃতাত্ত্বিক H. Risley - এর উদ্বৃতি দিয়ে লিখেছেন, "Mr. Risley Found them (Kurmis of chhotonagpur) to be short and of dark complexion and quite distinct from the kurmis of Bihar."

পরবর্তীকালে ডঃ উদয় নারায়ন তিওয়ারী তাঁর " ভোজপুরী ভাষা আউর সাহিত্য ", পৃষ্ঠা – ২১৮ তে লিখেছেন, " There is a different between Kurmi (কুর্মি) and Kurdmi . The Kurmis are non-aryan Dravidian decedent . The kumis of Bihar are totaly different from the kurdmis. The kurdmis have their own language known as kurdmali. "

ওইসব বিশেষজ্ঞদের মতামতের বাইরে আবারও বিষয়টির প্রতি আলোকপাত করা যেতে পারে।

কুড়মি	কুর্মি ক্ষত্রিয়
১। কুড়মি শব্দটি 'কুড়ম' শব্দজাত। কুড়ম অর্থে কচ্ছপ ; অর্থাৎ Totemistic জাতি । এজন্য কুড়মিরা কচ্ছপের মাংস খায় না। কচ্ছপ দেখলে তেল সিঁদুর দিয়ে প্রণাম করে তাকে জলাশয়ে ছেড়ে দেয়।	কুর্মি – কু রময়তে । অর্থাৎ, পৃথিবীকে যিনি রমন করেন। বলবান, বীর্যবান, যোদ্ধা কুর্মি শব্দের সমার্থক। (কুর্মি ক্ষত্রিয় ইতিহাস–শিবরাম সিং)
২। পদবী – কুড়মিরা প্রায় সবাই পদবী লেখেন মাহাত, মাহাতো, বা মাহতো। তবে রায়, সরকার, সিংহ, সিংহদেব, দেবসিংহ, মহন্তও লেখেন কেউ কেউ।	কুর্মি ক্ষত্রিয়দের পদবী সিং, রেড্ডি, জয়শোয়াল , ঘোরপাড়ে , প্যাটেল , চৌধুরী, চৌহান, লাল ইত্যাদি ।
৩। গোত্র – বঁসরিআর , মুতরুআর, হেমরামিআর, হিঁদআর , মুর্মু , নাগ , টিডুআর , হাঁসদা ইত্যাদি একাশিটি গোত্র । প্রবাদ আছে , কল–কুড়মি একাশি । অর্থাৎ খেরওয়াল বংশ জাত কল এবং কুড়মি জাতির একাশিটি গোত্র । এরা প্রকৃতির উপাসক , পুজারী, অর্থাৎ Totemistic ।	কুর্মি ক্ষত্রিয়দের গোত্রগুলি হল, ভরদ্বাজ , বশিষ্ট, বিশ্বামিত্র, কাশ্যপ , শান্ডিল্য , গৌতম ইত্যাদি মুনি –ঋষিদের নামে প্রায় ৫৬৪ টি। (তথ্যসুত্র ঃ কুর্মি ক্ষত্রিয় ইতিহাস)
৪। শাখা – শিখরিআ, বেদিআ, আধ-কুড়মি, নীচ কুড়মি, এই চারটি শাখা।	শাখা – সূর্য্যবংশ, চন্দ্র বংশ, কুশ বংশ , কুরু কুল , যাদব কুল , লব বংশ ইত্যাদি ২৭টি শাখা।

কুড়মি	কুর্মি ক্ষত্রিয়
৫। বাসস্থান – ঝাড়খণ্ড রাজ্যের ছোটনাগপুর , সাঁওতাল পরগনা , ওড়িষার ময়ুরভঞ্জ , সুন্দরগড় , কেঁওঝোর এবং পশ্চিমবঙ্গের পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়াতে প্রবাদ আছে, ' শিখ শিখর নাগপুর আধাআধি খড়গপুর ' কিংবা ' জঁদে জঁদে পানিক সত, তঁদে তঁদে কুড়মিক জট ।' এছাড়া জীবিকার প্রয়োজনে, খাদ্যের অভাবে যারা এককালে ঘর ছেড়েছেন , তাঁরা এখন পশ্চিমবঙ্গের বীরভূম , মালদহ, মুর্শিদাবাদ , দক্ষিন চব্বিশ পরগনা, উত্তর-দক্ষিণ দিনাজপুর , উত্তরবঙ্গের চা বাগান , বর্ধমানের কোলিয়ারী অঞ্চলে ছড়িয়ে পড়েছেন । এমনকি আসাম, ত্রিপুরা , বাংলাদেশেও অবস্থান করেন । ঢাকা শহরের উপকণ্ঠে কুর্মিটোলা নামে একটি পাড়া রয়েছে ।	কুর্মি ক্ষত্রিয়রা মূলত উত্তর বিহার, উত্তর প্রদেশ , মহারাষ্ট্র রাজ্যের বাসিন্দা । তবে এখন এরা ভারতের সমস্ত রাজ্যেই ছড়িয়ে গেছেন ।
৬। কুড়মিদের জন্ম-মৃত্যু বিবাহ প্রথায় ব্রাহ্মন নিয়োগ আবশ্যিক নয় । নাপিত এবং ধোপারাই সমস্ত কুড়মি জাতির অশৌচ শুদ্ধিকরনে মুখ্য ভূমিকা নেয় ।	কুর্মি ক্ষত্রিয়দের জন্ম-মৃত্যু-বিবাহ প্রথায় ব্রাহ্মনের অবশ্য প্রয়োজন । নাপিত , ধোপার , কোনও গুরুত্ব নাই ।
৭। কুড়মি বিবাহ প্রথায় ' কন্যাপন' লাগে । সাঁঘা বা বিধবা বিবাহ সমাজে স্বীকৃত । দাদার মৃত্যুতে বৌদিকে 'ভাজ রাখা '-র প্রথা আছে, তাদের সন্তানরাও সমাজে স্বীকৃত ।	কুর্মি ক্ষত্রিয়দের 'বরপন ' (তিলক) লাগে । দহেজ বা দউরি প্রথার বিয়ে প্রচুর ব্যায়বহুল ।

কুড়মি	কুর্মি ক্ষত্রিয়
৮। কুড়মিরা আমিষ ভোজী। বলিদান প্রথায় বিশ্বাসী। মদ হাঁড়িয়া খায়।	কুর্মি ক্ষত্রিয় প্রধানত নিরামিষ ভোজী, সাধারণতঃ মদ খায় না।
৯। ধর্মীয় দেবদেবী— করম, গরাম, ধরম, বড়াম, বাঘুত, সাতবহনি, শিব, সিতলা ডাকুমবুড়ি ইত্যাদি। ভুত পুজায় বিশ্বাসী।	বিষ্ণু, শিব ব্রম্মা, ইন্দ্র আদি হিন্দু দেবদেবী।
১০। কুড়মিদের নিজস্ব সামাজিক রীতি, নীতি, আচার অনুষ্ঠান, ভাষা, ধর্মীয় প্রথা আছে। সেটাই তারা অনুসরণ করে। বৈদিক মতে চলে না। প্রবাদ, কল-কুড়মি কড়া, বেদ সাসতর ছাড়া।	কুর্মি ক্ষত্রিয়রা বেদের নিয়ম অনুসারে চলে।
১১। কুড়মিরা কোন গুরু (হিন্দু) র কাছ থেকে মন্ত্র বা দীক্ষা নেয় না। উপননয়ন (পৈতা গ্রহন) হয় না।	কুর্মি ক্ষত্রিয়রা গুরুর কাছ থেকে অবশ্যই মন্ত্র বা দীক্ষা নেয়। আনুষ্ঠানিক ভাবে পৈতা গ্রহন করে।
১২। কুড়মিরা ব্রাহ্মনের ছোঁয়া খায় না।	ব্রাহ্মনের ছোঁয়া খেলে পবিত্র মনে করে।

উপরোক্ত পার্থক্যগুলো কুড়মিদের সঙ্গে কুর্মি ক্ষত্রিয়দের মৌলিক পার্থক্য। বিভিন্ন আচার অনুষ্ঠানের বিস্তৃত বিবরণে গেলে দেখা যাবে কুড়মিদের থেকে কুর্মি ক্ষত্রিয়দের জীবনযাত্রা প্রতিটি স্তরেই সম্পূর্নত পৃথক। এজন্য সমাজ সংস্কার আন্দোলনের নামে কুড়মিদের কুর্মিক্ষিত্রিয় বানানোর চেষ্টা চক্রান্তকারীদের কাছে সফল বলে মনে হলেও ভাষাতত্ত্ববিদ, নৃতাত্ত্বিক, গবেষক, বিভিন্ন সেনসাস সুপারিনটেনডেন্ট কিংবা উচ্চ বা নিম্ন আদালতের বিচারকগন কুড়মি এবং কুর্মি ক্ষত্রিয়দের সম্পূর্ণ আলাদা জাতি বলে বারে বারে উল্লেখ করেছেন এবং এখনও করছেন।

কুড়মিদের মধ্যে এখনও কেউ কেউ নিজেদের ক্ষত্রিয় শিবাজীর বংশধর বলে আত্মগরিমা বোধ করেন। তাঁদের জন্য অত্যন্ত প্রত্যয়ের

সঙ্গে একটা সন্দেশ দেওয়া যায় যে শিবাজী কোনও ক্রমেই ক্ষত্রিয় ছিলেন না। তাঁকে কাশী থেকে গার্গ ভট্ট নামে একজন ব্রাহ্মন আনিয়ে আনুষ্ঠানিক ভাবে দীক্ষা দিয়ে ক্ষত্রিয় বলে ঘোষনা করা হয়েছিল। এ বিষয়ে প্রখ্যাত আইনজ্ঞ D.F. Molla - তাঁর বহুল প্রচলিত Principle of Hindu Law গ্রন্থে বলেছেন, ''Marathas in Bombay Presidency, namely (1) The five femilies, (2) Ninety Six families, (3) The rest of their two classes are khatriya and sudra. The Tanjore branch of Marathas are descended from Shivajee are not Khatriyas but sudras.''

এছাড়া, Dr. D.P. Chattopadhya –এর 'লোকায়ত দর্শন' গ্রন্থটিও উল্লেখযোগ্য। তিনি লিখেছেন, 'ভারতবর্ষের ইতিহাসে একটি আশ্চর্য্য ঘটনা বার বার চোখে পড়ে। যেকোনও কারনেই হোক, এদেশে রাষ্ট্রশক্তির অধিনায়কেরা বৈদিক ঐতিহ্যের গরিমা চেয়েছিলেন। এমনকি অপেক্ষাকৃত সাম্প্রতিক কালেও শুদ্র শিবাজী রাষ্ট্রশক্তি লাভ করার পর কাশী থেকে গার্গ ভট্ট নামে জনৈক পণ্ডিত আনিয়ে তাঁর সাহায্যে নিজেকে ক্ষত্রিয় বলে ঘোষনা করার ব্যবস্থা করলেন।'

কুর্মিক্ষত্রিয় মহাসভার এই হিন্দুকরণের আন্দোলন যে কত গভীর উদ্দেশ্য প্রণোদিত এবং পূর্ব পরিকল্পিত ছিল সেটা আরও প্রতীয়মান হয় ভারত সরকারের হিন্দুলবির মিলিটারী তৎপরতা দেখে। মহাসভা ভারতসরকারের কাছে আবেদন করেছিলেন ৬/১১/৩০ তারিখে এবং সরকার কালক্ষেপ না করে মাত্র বার দিনেই এত বড় একটা সিদ্ধান্ত নিয়ে আদেশ জারি করলেন ১৮/১১/৩০ তারিখে। বড় বিস্ময়কর ব্যাপার। আসলে হিন্দুকরণের ফরমূলাতো রেডিই ছিল আগেভাগে, একবার রেডিমেড দরখাস্ত পৌঁছুলে হয়!

পশুপতি প্রসাদ মাহাতো তাঁর 'Towards a new Identity : The Jharkhand, A case study of the Mahatos of Purulia and the Neighbouring areas of Bihar and Orissa, শীর্ষক নিবন্ধে বলেছেন যে এই ক্ষত্রিয় করণে (হিন্দুকরণ)র প্রয়োজন মাহাতোদের উপর চলেছিল প্রায় ষাট বছর ধরে, অর্থাৎ ১৯০৫ থেকে ১৯৬৬ সাল পর্যন্ত।

আমার মতে, ঝাড়খণ্ডের কুড়মি তথা অন্যান্য আদিবাসীদের হিন্দুকরণের ক্রিয়াকর্মটি নিঃশব্দে ২০১৩ তেও চলেছে। হিন্দুধর্মীয় প্রতিষ্ঠানগুলি হঠাৎ যেন নবজীবন লাভ করেছে বর্তমান দশকেও। এরা গুরুবাদ, পৈতে, পুন্যসঞ্চয় আর পরকালে মোক্ষলাভের তত্ত্ব হাজির করছেন সরলপ্রান আদিবাসীদের কাছে। বাংলা, ঝাড়খণ্ডে একক বৃহত্তম সংখ্যাগরিষ্ঠ কুড়মি, ভূমিজ এবং অন্যান্য আরো বহু ছোট ছোট গোষ্ঠীর সামনে হিন্দুত্বের প্রেক্ষাপট আগেই তৈরি করা হয়েছিল। এদের সামনে গুরুর হাত ধরে দীক্ষার নামে নানান হিন্দু এজেন্সী এখন হাতছানি দিচ্ছে। ফলে বহু আদিবাসী ধরা দিচ্ছেন, যার মধ্যে কুড়মিরা অন্যতম। এবং

এই দীক্ষার নামে ধর্মান্তরিত কুড়মিরা এক মিশ্র ধর্মীয় আচার এর জন্ম দিচ্ছেন। যেটা না হিন্দু , না কুড়মি। এরা কুড়মি জাতিসত্ত্বার কাছে এমন বিষময় হয়ে উঠবে অচিরেই যে মূল কুড়মি ধর্ম তখন নৃতত্ত্বের পাঠ্য বইয়ে স্থান নিতে বাধ্য হবে। আগামী দিনে এই দীক্ষিত (ধর্মান্তরিত) কুড়মিরাই আদিবাসী ক্ষেত্রে হিন্দুত্বের ধ্বজা ওড়াতে রক্ত ঝরিয়ে দেবে , যদিও তারা আদপেই হিন্দু নন। কুড়মি সমাজকে একটা বিষয় আগে ভাগেই সতর্ক করা যেতে পারে যে এক প্রভাবশালী হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান ঝাড়খণ্ডের কুড়মিদের নতুন করে ক্ষত্রিয় স্ট্যাটাস দেওয়ার জন্য ১৯৮৭ তে দুমকায় এক সম্মেলনের আয়োজন করেছিল তার কুড়মি গুরুভাইদের নিয়ে । এই সম্মেলনেই ঠিক হয়েছে, কুড়মিরা যে ক্ষত্রিয় (হিন্দু) তার সমর্থনে তাদের মৃত গুরুর বক্তব্য বলে এক পুস্তক প্রকাশের , যার রচনার দায়িত্ব নিয়েছেন একজন হিন্দু গুরুভাই। আর এই পুস্তক হাতে নিয়ে খুব শীঘ্রই তারা বিপুলভাবে কুড়মি বিজয়ে নামছেন। এসবের উদ্দেশ্য কি ? কুড়মিরা যদি সত্যিই ক্ষত্রিয় (হিন্দু) হয় তাহলে তা চেঁচিয়ে জাহির করতে হচ্ছে কেন ? চোরের মায়ের বড় গলা ? কিছু বিশেষজ্ঞের মতামত, তথ্য এবং সমসাময়িক ঘটনাবলীর দিকে নজর দেওয়া যেতে পারে।

কুড়মি শব্দটি 'কুড়ম' শব্দ জাত । কুড়ুম শব্দের অর্থ 'কচ্ছপ'। অর্থাৎ প্রাণীকেন্দ্রীক প্রতীক নামে জাতির নাম। এজন্য কুড়মি জাতির মধ্যে কচ্ছপ হত্যা নিষিদ্ধ এবং কুড়মিরা কচ্ছপ পেলে তাকে তেলসিঁন্দুর দিয়ে প্রনাম করে পার্শ্ববর্তী জলাশয়ে ছেড়ে দেয়।

'টোটেম' শব্দটির অর্থ হল প্রতীক বংশ। সারা দুনিয়ার আদিম সভ্যতার গোষ্ঠী নিরূপনের একমাত্র উপায় হল এই টোটেম। আদিম অধিবাসীদের টোটেম হল গাছ, ফল, ফুল, পাতা, ঘাস, পাখী কীটপতঙ্গ, জীবজন্তু, ইত্যাদি প্রাকৃতিক বস্তু।

কুড়মিদের ৮১টি প্রতীক গোত্র হল-

১।অখরিআর, ২। আঁধিচিপার, ৩। চিপার, ৪। কাচিআর, ৫। কেরআর, ৬। কুঁড়িআর, ৭। কেশরি আর, ৮। কাটিআর, ৯। কাড়োআর (কইড়আর),১০। আধাসরি, ১১। গাইসরি, ১২। গুলিআর,১৩। ঘড়ারিআর,১৪। গসুর (অসুর) , ১৫। হাড়আর, ১৬। চিলআর, ১৭। বিমআর, ১৮। চিলবিঁধা, ১৯। চিল, ২০। জুরআর, ২১। টেঁকআর, ২২। টিড়আর, ২৩। টেটেআর, ২৪। কাছুআর, ২৫। কাদিমার, ২৬। কেটরিআর , ২৭। খারিআর, ২৮। গরিআর, ২৯। দাগরিআর, ৩০। নাগ, ৩১। নওয়াকুড়ি, ৩২। নাংটআর, ৩৩। পুনরিআর, ৩৪। বাঘআর, ৩৫। বগলরিআর, ৩৬। বাঘসরি , ৩৭। বহেড়োআর, ৩৮। বেদিআর, ৩৯। বিঢ়র, ৪০। বিলারিআর, ৪১। বঁসরিআর, ৪২। বানোআর, ৪৩। টুডুআর, ৪৪। মুতরুআর, ৪৫। ভঁষরিআর, ৪৬। ডুমরিআর, ৪৭। ডুংরিআর, ৪৮। জুমরিআর, ৪৯। বকাসরি, ৫০। ভখআর, ৫১। মগরিআর, ৫২। হইসাসরি, ৫৩। মুর্মু,

৫৪। মুস, ৫৫। রাজমউড়, ৫৬। রিমরিমিআর, ৫৭। রাহেড়োআর, ৫৮। লাটআর, ৫৯। শিখআর, ৬০। শিআর, ৬১। শিংগআর, ৬২। শাঁখআর, ৬৩। সনারিআর, ৬৪। হেমআর, ৬৫। হাসোআর, ৬৬। হাঁসদা, ৬৭। শঁশোআর, ৬৮। হেমরামিআর, ৬৯। হেম্ব্রম, ৭০। হান্তআর, ৭১। হিঁদআর, ৭২। হাঁসদাগিআর, ৭৩। সিংঘআর, ৭৪। মন্দ্রআর, ৭৫। কানবিঁধা, ৭৬। খেরআর, ৭৭। গাগুআর, ৭৮। শাঁখআর, ৭৯। জাল আর, ৮০।হামিআর ৮১। হাগুআর এর বাইরেও আরো কিছু কিছু গোত্রের কথা শোনা যায়, কিন্তু মূল গোত্র একটিই। যেমন - কয় বানোআর , জাল বানোআর, কানবিধা বানোআর বাঘ বানোয়াআর,, হাতী বানোআর, ঘড়া বানোয়ার, বিঢ়র বানোয়ার। এদের মূল গোত্র 'বানোআর'। এরূপ শাখা গোষ্ঠী আরো অনেক রয়েছে এবং তাদের মূল গোত্র সহ ভিন্ন প্রতীক গোত্রও বর্তমান।

মঙ্গল সরেনের মত অনুসারে, প্রায় সব কয়টি সাঁওতালী গোত্রই কুড়মিদের মধ্যেও বর্তমান, শুধু উচ্চারণগত ইতর বিশেষ। কিন্তু কখনই কাশ্যপ, ভরদ্বাজ, বশিষ্ঠ ইত্যাদি মুনি ঋষিরদের নামের গোত্র গুলি কুড়মি গোত্রমালাভূক্ত নয়।

তরুনদেব ভট্টচার্য্য তাঁর 'পুরুলিয়া' গ্রন্থে লিখেছেন, 'অরন্যে বসবাসকারী আদি মানবগোষ্ঠী বহু ছোট ছোট গোষ্ঠী বা সম্প্রদায়ে এক সময় বিভক্ত হয়ে গিয়েছিল। নানা জাতীয় টোটেম আশ্রয় করে গোষ্ঠীগুলি তাদের স্বাতন্ত্র্য চিহ্নিত করতেন। ...ছোট নাগপুর ও ওড়িষার কুর্মীদের মধ্যেও নানা রকম টোটেম প্রকাশিত । মাকড়সা, চিল, ডুমুর, বুনোহাঁস, কচ্ছপ, পান , জাল, ঘাস, ইত্যাদি।' প্রসঙ্গত বিখ্যাত সাঁওতালী ধর্মগ্রন্থ রামদাস টুডুর 'খেরওয়াল বংশ ধরম পুঁথি', বি-এল হাঁসদার 'খেরওয়ার বংশরেন কোওআ পারসি সে ভাষা' নামক নিবন্ধ (হড়সম্বাদ, ১৩/১০/৬৯), বৈদ্যনাথ মাণ্ডির 'সাঁওতালী লোকসংস্কৃতি' ইত্যাদি পুস্তক, সহ নরনারায়ণ চট্টোপাধ্যায়ের 'নামের মালায় মানভূম' নামক পুস্তকেও খেরওয়াল বংশ নামে এক বিরাট জাতির উল্লেখ রয়েছে। এরা হল-

-ঃ খেরওয়াল বংশ ঃ-

কুড়মি, সাঁওতাল, মুণ্ডা, দেশওয়ালী, মাহালী, কোড়া, কোল, ভীল ওঁরাও, বিদিয়া, গণ্ড, বীরহড়। এদের প্রত্যেকেরই নিজস্ব টোটেম বর্তমান। এবং এবিষয়ে মঙ্গল সরেনের মতামত উপেক্ষার নয়। বিস্তৃত অনুসন্ধানে এই খেরওয়াল বংশের প্রত্যেকের বারটি প্রতীকগোত্র ছাড়া কেবলমাত্র কোল এবং কুড়মি জাতির একাশিটি প্রতীক গোত্র পাওয়া যাবে বলে প্রত্যয় হয়। এই টোটেমই হল আদিম জাতি চেনার শ্রেষ্ঠ উপায়।

কুড়মিদের ধর্ম হল ' সারনা' । সারনা শব্দের মানে জাহিরা, অর্থাৎ জাহের থান, যেখানে গ্রাম দেবতার প্রতিষ্ঠা হয়। অনুরূপ ভাবে সাঁওতালী ধর্মের নাম কেউ লেখেন 'সারনা' কেউবা 'সারি ধরম' অর্থাৎ পবিত্র শাল বৃক্ষবেষ্টিত স্থান, যেখানে কেবল সত্যেরই প্রতিষ্ঠা হয়। সাঁওতালদের মতই কুড়মিদের 'সারনা' ক্ষেত্রেও পবিত্র শাল অথবা মহুল বৃক্ষ পরিবেষ্টিত থাকে।

Sundar raj তাঁর " The Confusion called conversion " গ্রন্থের Tribals ,what are there religions? নামক অধ্যায়ে লিখেছেন,

" The kurmi dharma of chotanagpur has the pantheon of barh pahar, gosainrai , Garoar, kinchekeswari , boram devi, sat bahani and dakum buri, goat sacrifice is made to the mother goddess, Mahamai"

আদিবাসীদের ধর্মীয় স্বতন্ত্র্যকে চিহ্নিত করার ক্ষেত্রে ১৯০১ সালের ভারতীয় সেনসাস কমিশনার কতকগুলি চিহ্নের উল্লেখ করেছেন।

চিহ্নগুলি হল, ১) ব্রাহ্মনদের প্রাধান্য স্বীকার করেনা। ২) কোনও ব্রাহ্মন অথবা, স্বীকৃত হিন্দু গুরুদের কাছ থেকে মন্ত্র বা দীক্ষা গ্রহণ করেনা। ৩) বেদের নির্দেশ মেনে চলে না। ৪) হিন্দু দেবদেবীর পূজা করে না। ৫) পারিবারিক পূজায় কখনও ব্রাহ্মন পুরোহিত নিয়োগ করে না। ৬) কোন অবস্থাতেই ব্রাহ্মন পুরোহিতের প্রয়োজন হয় না। ৭) হিন্দুদের মন্দিরে প্রবেশ করতে অস্বীকার করে। ৮) অপবিত্র হয়- ক) ছোঁয়া ছুঁয়িতে খ)নিকট দুরত্বে। ৯) মৃতদেহ সমাধি দেয়। ১০) গরুর মাংস খায়।

একমাত্র ১০ নং বির্তকিত চিহ্নটি ছাড়া কুড়মিদের ক্ষেত্রে সবকটিই প্রযোজ্য। উদাহরণ হিসেবে ' কল কুড়মি কড়া, বেদ শাস্ত্র ছাড়া' প্রবাদটি স্মরণ করা যেতে পারে । এই প্রবাদটিতে স্পষ্ট উল্লেখ আছে যে কুড়মি জাতি বেদের নির্দেশে চলে না। কুড়মি ধর্মে আচরিত পূর্জাচনা, যথা, ধরম, করম, গরাম, বড়াম, সাতবহনি, বাঘুত, গুহাইল, মনসা, শীতলা, ইত্যাদিতে এখনও ব্রাহ্মন পুরোহিতের অনুপ্রবেশ ঘটেনি। ব্রাহ্মন পুরোহিতের আগ্রাসী নখদন্ত থেকে কালের কুটিল স্রোতে ক্ষতবিক্ষত কুড়মি সমাজ আজও তার নিজস্ব ধর্মকে বুক দিয়ে আগলে রেখেছেন। কিছু কিছু হিন্দু এজেন্সীগুলির নিরন্তর 'পুন্য সঞ্চয়' ' অক্ষয় স্বর্গবাস' ইত্যাদি লোভনীয় টোপের শিকার হওয়া ছাড়া মূল কুড়মি ধর্মে কোন রকম দীক্ষা বা মন্ত্র নেওয়ারও প্রথা নেই। আদিবাসী সমাজগুলিতে অনুপ্রবেশ করে ' করে খাওয়া'র ধান্দায় একসময় যেমন ব্রাহ্মন পুরোহিতরা আদিবাসীদের অক্ষত ক্ষেত্রে কলোনী বানিয়েছিল, তেমনি সেসময়ই অর্বিভাব ঘটেছিল এক

ধরণের 'কানফুঁকা ঠাকুরে'র। যারা কানে কানে মন্ত্র ফুঁকে দিলে সে নাকি জাতে উঠত, এর বিনিময়ে বাৎসরিক পাওনা, তারা বিশেষ করে কুড়মি ঘরে আদায় করত। অভিনব ধান্দা নিঃসন্দেহে। তবে ইদানিং কালে ব্রাহ্মন পুরোহিতদের দাপটও কুড়মি সমাজের উপর থেকে সরতে আরম্ভ করেছে। কেননা, কথায় কথায় কুড়মিরা উঁচু জাত, ক্ষত্রিয়, সবকাজে ব্রাহ্মন ডাকলে মস্তবড় ধার্মিক, বামুন-বৈষ্টমকে দান করলে অক্ষয় স্বর্গবাস, ঘি-পোড়ান, শান্তি যজ্ঞ ইত্যাদি হরেক রকম ফিকিরের ফাঁকিবাজীটা কুড়মি সমাজ বুঝে ফেলেছেন। ভুল করেই হোক আর যে কারণেই হোক, কুড়মি সমাজে যাঁরা ব্রাহ্মন্যবাদের শিকার হয়েছেন তারা প্রায় সবাই এখন সামাজিক ক্রিয়াকর্ম তথা, জন্ম, মৃত্যু, বিবাহে ব্রাহ্মন নিয়োগ প্রসঙ্গে চিন্তা-ভাবনা শুরু করেছেন নতুন করে। তাদের কাছে ব্রাহ্মনরা বিবাহে বা শ্রাদ্ধে জোর করে তাদের 'পাওনা'র নামে বহু কিছু আদায় করত। ধর্মের ভয় এবং ভগবানের দূতদের ভক্তিতে অনেকই বাধ্য হত এসব 'পাওনা' দিতে। এখন মানুষ বুঝেছে কুড়মিদের সামাজিক ক্রিয়াকর্মে ব্রাহ্মনদের অনুপ্রবেশের চাতুরীটা। ফলে পাওনা ফাওনা নয়, যে ভাবে চুক্তি করে কাজে লাগানো হয়, সেভাবেই এখন বামুনদের সঙ্গেও চুক্তি হচ্ছে। তাছাড়া যেসব বামুনরা কুড়মি ঘরে কাজ করে তারা নিজেরা যাই বলুক, তাদের সাথে মূল ব্রাহ্মন সমাজ যথা চক্রবর্তী ভট্টাচার্য্য, চ্যাটার্জী, ব্যানার্জী, মুখার্জীদের কোন সম্পর্ক নেই। কেন নেই? এরা কি তবে নিকৃষ্ট শ্রেণীর ব্রাহ্মন? নাকি আদপেই ব্রাহ্মন নয়? কুড়মিদের কাজ করে বলেই কি এরা ব্রাহ্মন্য সমাজে অচল? কোন চক্রবর্তী বা ভট্টাচার্য্যরা কুড়মিরা নীচু জাত বলেই তাদের কাজে যায় না, কুড়মিরা ক্ষত্রিয় অথবা হিন্দু হলে অবশ্যই এ বিচার বিবেচনা আসতো না। সাম্প্রতিক কালে ব্রাহ্মন্যবাদের খপ্পরে পড়া কুড়মি পরিবারগুলিতে এসব বিতর্ক ব্রাহ্মনদের অনুপ্রবেশ সম্পর্কে সন্দিহান করে তুলেছে। অন্যদিকে, শিক্ষিত কুড়মি সমাজ বুঝছেন যে কুড়মি বিবাহ পদ্ধতিতে ব্রাহ্মনের কোন প্রয়োজনই নেই। কুড়মি বিবাহ রীতি ব্রাহ্মন ব্যতিরেকেই সিদ্ধ হয়। ব্রাহ্মনের উপস্থিতি বরং এক মিশ্র পদ্ধতির জন্ম দিচ্ছে। এতে না হচ্ছে বিশুদ্ধ হিন্দু মতে, না হচ্ছে কুড়মি মতে। আমবিহা, মহুলবিহা, আম-ল খাওয়ায় কোথায় বামুন দরকার, অথবা সিন্দুর ঘষা পদ্ধতি কি হিন্দু মতে? এসব নানান প্রশ্ন। এবং এখানে ব্রাহ্মনরা কি কৌশলে যে ঢুকেছে, সেটাও সামান্য চিন্তাতেই ধরা পড়ে যায়। এসব বিষয়ে আদিবাসী সমাজে যখন ব্রাহ্মন্য আধিপত্যের চাতুরী ক্রমশ খর্ব হচ্ছে, তখন দেখা যাচ্ছে ব্রাহ্মন্য শাসিত হিন্দু এজেন্সীগুলি তাদের কৌশল পাল্টাতে শুরু করেছে। তারা এখন আদিবাসীদের মধ্যেই স্বজাতির মাতব্বর ধরে তাদের মাধ্যমেই দীক্ষা দিতে শুরু করেছে। এরা ঋত্বিক বা সমশ্রেণীর ছাড়পত্র নিয়ে দীক্ষা দিতে আদিবাসী

সমাজগুলিতে দাপিয়ে বেড়াতে শুরু করেছে। এগুলি আগেই বলেছি যে দীক্ষার নামে হিন্দুকরণের নয়া কৌশল। ব্রাহ্মনদের অনুপ্রবেশ অথবা দীক্ষার ফাঁদে এরূপ বহু কুড়মিই পা দিয়েছেন বা এখনও দিচ্ছেন। তবে তার মানে কখনই এই নয় যে কুড়মি ধর্মে দীক্ষার প্রচলন অথবা প্রাধান্য স্বীকৃত।

১০ নং চিহ্নটি বিতর্কিত অবশ্যই তবে এবিষয়ে একটি প্রবাদবাক্য নিয়ে ভাবনাচিন্তার প্রয়োজন আছে। প্রবাদটি হল, ঢঁড় কুড়মি অধম জাইত, ডাংরা কাটে সারা রাইত।'

অভাবের তাড়নায় দেশত্যাগ অথবা জীবিকার তাগিদে কুড়মিরা ভারতবর্ষ বা ভারতবর্ষের বাইরে অনেকে চলে গেলেও এদের মূল বাসভূমি' শিখ-শিখর নাগপুর, আধাআধি খড়গপুর' প্রবাদটির মধ্যেই পরিস্কার। এই হল কুড়মি ক্ষেত্র। এবং এই ক্ষেত্রটি অবশ্যই পাহাড় জঙ্গলাকীর্ণ । জনৈক রাজনৈতিক নেতা একবার ১৯৮৬ সালে আনন্দবাজার পত্রিকায় ঘোষণা করেছিলেন যে কুড়মিরা তো কখনও বনে জঙ্গলে বা নদীর অববাহিকায় বসবাস করেনি, সুতরাং তারা আদিবাসী হতে যাবে কেন ? তাদের জ্ঞাতার্থে উপরোক্ত প্রবাদবাক্যটি ছাড়া আরও একটি প্রচলিত প্রবাদ স্মরণ করা যেতে পারে। তা হল, 'জঁদে জঁদে পানিক সত, তঁদে তঁদে কুড়মিক জট।' আশা করা যায় কুড়মিদের সম্বন্ধে প্রবাদ থেকেই তাঁদের বোধ তৈরি হবে।

কুড়মিদের জাতিগত চরিত্র এবং তাদের জীবন যাত্রা সম্পর্কে শুধুমাত্র প্রবাদবাক্য থেকেই একটা ধারণা পাওয়া যায়। আমার জানা নেই যে আর কোন জাতির পরিচয় জানতে এত প্রবাদ বাক্য তৈরি হয়েছে।

প্রবাদগুলি হল- (ক) ঢঁড় কুড়মি, অর্থাৎ মেরুদণ্ডহীন জাতি।

খ) কুড়মিক বুইধ পেছু বাটে- এরা সবকিছুই অনেক দেরীতে বোঝে।

গ) কুড়মি হেকত খাই জাতা - কোন রকম খাদ্যবস্তুতেই এদের অরুচি নেই, যা পায় তাই খায়।

ঘ) বহুত কাঠে মহুআ সিঝে, আর বহুত কথায় কুড়মি বুঝে- এরা এতই নির্বোধ যে বহুরকম ভাবে না বোঝালে কোন মতেই অতি সহজ জিনিষও বুঝতে পারে না।

ঙ) কুড়মি অজ্জে চিনি, খায় পানি - কুড়মিরা উৎপন্নই করে , কিন্তু ভোগ করতে জানে না।

চ) তাঁতী চিনহায় পাইড়ে, কুড়মি চিনহায় আইড়ে- উৎকৃষ্ট চাষীর পরিচয়।

ছ) কু কুড়মি, হিঁসা সাঁওতাল - কুড়মিদের মন ভাল নয়।

জ) ভূমিজ গেল রাগে, কুড়মি গেল ভাগে - সম্পত্তির ভাগ বাঁটোয়ারাতেই এরা

জীবন কাটায়, অন্য কাজে সময় পায় না।

ঝ) ভূমিজ চাষা বতর নাশা, কুড়মি চাষা গতর নাশা- কুড়মিরা কৃষি কাজেই জীবন শেষ করে দেয়।

ঞ)জঁদে জঁদে পানিক সত, তঁদে তঁদে কুড়মি জট- যেখানেই জলের আশ্রয় সেখানেই কুড়মিদের বসবাস , অর্থাৎ, নির্ভেজাল চাষী।

ট) কল কুড়মি একাশি - কুড়মি এবং কোলজাতির একাশিটি গোত্র।

ঠ) কল কুড়মি কড়া, বেদ শাস্ত্র ছাড়া - কোল , কুড়মি , কড়া জাতি বেদশাস্ত্র বহির্ভূত।

এরকম আরো বহু প্রবাদ রয়েছে কুড়মিদের জীবন যাত্রা এবং পরিচয় নিয়ে।

কুড়মি এবং কুর্মি শব্দের ইংরেজি বানান নিয়েও একটা চূড়ান্ত বিভ্রান্তি চলেছে। বিভ্রান্তি এতটাই সুদূর প্রসারী যে কুড়মি জাতির সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে তা যেমন এক শক্ত প্রতিরোধের পাঁচিল তুলে দিয়েছে , অন্যদিকে তেমনি এই বানান বিভ্রাটের কবলে কুড়মি জাতিসত্ত্বার পরিচিতিটাই আজ এক গভীর সংকটের সম্মুখীন । সেজন্য কুড়মি, কুর্মি এবং কুর্মিক্ষত্রিয় এই তিনটি শব্দ নিয়ে চর্চা করা যেতে পারে।

কুড়মি বানান ইংরেজীতে লিখলে হয়, KURMI ; অর্থাৎ, যে কোনও শিক্ষিত মানুষ এই বানান উচ্চারণ করে পড়তে চাইলে তিনি অবশ্যই বলবেন, কুরমি -কুর্মি। সেনসাস রিপোর্ট সহ সমস্তরকম সরকারী কাজকর্ম, আদালত, উচ্চশিক্ষা কিংবা আন্তর্জাতিক ক্ষেত্রে আলাপ আলোচনা, গবেষণা রিপোর্ট, আইন, সবেতেই ভারতের প্রধান ভাষামাধ্যম হল ইংরেজী। একইরকম ভাবে পঞ্চায়েতস্তর থেকে ব্লক, মহকুমা, জেলা তথা রাজ্যস্তরে যেসব চিঠিপত্র , রিপোর্ট , সরকারী আদেশ আদান প্রদান হয় তার ভাষামাধ্যমটিও ইংরেজী। ফলে, কুড়মি জাতির মানুষ যত জোরে চিৎকার করেই বলুন যে তাঁর জাতির নাম কুড়মি ; ভারতের সেনসাসকর্মী সহ রাজ্য এবং কেন্দ্র সরকারের সমস্ত কর্মীই তাঁর খাতায় লিপিবদ্ধ করে দেবেন জাতি -KURMI

কিন্তু ঘটনা হল, ভারতে কুর্মি (KURMI) নামে আলাদা একটি জাতি আছে। এই কুর্মি জাতির সঙ্গে আলোচ্য কুড়মি জাতির কোনও সম্পর্ক নেই। নৃতাত্ত্বিক এবং ভাষাতাত্ত্বিক বিচারে এই কুড়মি এবং কুর্মি (KURMI) জাতি সম্পূর্ণ ভিন্ন জাতি গোষ্ঠী । কিন্তু ভাগ্যের সতর্কবার্তা সত্ত্বেও কুড়মি জাতিকে আজও কুর্মি (KURMI) জাতি পরিচিত নিয়েই বাঁচতে হচ্ছে। শতাব্দীপ্রাচীন এই ভুল সংশোধনের কোনও উদ্যোগ নেওয়া হয়নি আজও । ফলে , কুর্মি (KURMI) জাতির দহতে আজ লীন হতে বসেছে কুড়মি জাতি। তবে পূর্ব ভারতের বিশিষ্ট

নৃতাত্ত্বিক গবেষক পশুপতি প্রসাদ মাহাতোর মতে, শুধু এই নামের বানান বিভ্রাটই নয়, কুড়ির দশকে ভারতের অস্থির রাজনীতিতে হিন্দু জনসংখ্যাকে সংখ্যাগরিষ্ঠ জনসংখ্যা হিসেবে দেখানোটা অত্যন্ত জরুরী হয়ে উঠেছিল তৎকালীন হিন্দু নেতাদের কাছে। সেজন্য নানাভাবে হিন্দুকরণের প্রক্রিয়াটিকে সচল এবং বেগবান করে তোলা হয়েছিল। কুড়মি জাতিও সেই হিন্দুকরণ প্রক্রিয়ার শিকার। সেনসাস রিপোর্টে কুড়মি জাতির এই বানান বিভ্রাটটি হিন্দুকরণ প্রক্রিয়াকে সরলীকরণে দারুনভাবে সাহায্য করেছে। কুড়মি জাতিকে কাগজে কলমে সে সময় হিন্দুকরণে উদ্বুদ্ধ করেছিল। 'অল ইণ্ডিয়া কুর্মি ক্ষত্রিয় এসোশিয়েশন' নামে উত্তরভারতের একটি সংস্থা।

কুড়ির দশকে ভারতীয় রাজনীতি এবং সমাজ ব্যবস্থায় সংখ্যাগরিষ্ঠ জাতির প্রতিনিধিত্ব অনেক গুরুত্বপূর্ণ এবং মর্য্যাদাপূর্ণ ছিল। ফলে, হিন্দু লবির যেমন মুসলমানদের চাইতে ভারতে হিন্দু জনসংখ্যা বেশি করে দেখানোর প্রয়োজন জরুরী ছিল, তেমনি হিন্দু লবির ভেতরেও জাতিগত প্রতিনিধিত্ব সমান জরুরী হয়ে উঠেছিল। বিশেষত যে জাতির সংখ্যা যদি আবার কোটি কোটি দেখানো যায়! এক্ষেত্রে যে জাতির সংখ্যা যত বেশি, সেই জাতির প্রতিনিধি বা সমাজপতিদের মর্য্যাদা এবং গুরুত্ব ছিল তত বেশি। উত্তরভারতের তৎকালীন কুর্মি রাজা জমিদারদের কাছে সেজন্য কুড়মি জাতির সংখ্যা ছিল অত্যন্ত লোভনীয়। ফলে, কুর্মি লবি ছড়িয়ে পড়েছিল সেসময় ভারতের নানান প্রান্তে এবং নিশ্চিত ভাবে বলা যায়, কুড়মিদের মত কুনবি, কুড়ুম্বি ইত্যাদি আরও কয়েকটি জাতিকে নানান কৌশলে কুর্মি বানিয়ে উত্তরভারতের ওই লবি প্রায় নয় কোটি কুর্মি জনসংখ্যাতে পরিনত করতে পেরেছিল কাগজ কলমে।

এখনও পর্যন্ত কুর্মি লবির এই কুর্মি অভিযান কুড়মিদের জোরালো প্রতিবাদের মুখে পড়েছিল কিনা, সে বিষয়ে কোনও তথ্য বা নথিপত্র নজরে পড়েনি, তবে উত্তর ভারতের কুর্মি সংগঠনটি যে একাজ করতে গিয়ে তাদের মূল কুর্মি লবির মধ্যেই এক নিদারুন অর্ন্তদ্বন্দ্বে পড়েছিল, সে বিষয়ে কিছু প্রামান্য তথ্য হাতে আছে।

১৯০১ সালের লোকগণনায় তৎকালীন ভারতের সেনসাস সুপারিনটেনডেণ্ড মিঃ আর বার্ণ-এর কাছে কুমিক্ষত্রিয় আন্দোলনের জনক বাবু রামাধীন সিংহ (কুর্মি সদর সভা, লক্ষ্ণৌ) কুর্মি জাতির বিস্তারিত পরিচিতি দিয়ে একটি স্মারকলিপি দেন। সেই পত্রের উত্তরে মিঃ বার্ণ লেখেন-

"I have the honour of acknowledge the receipt of your letter no. 809, dated 6th May, 1901, regarding the origin, status and claims of the kurmi community in India and to say that I shall be glad to receive the

account of the caste which being prepared.

I have etc.

R. Burn

Superintendent "

পাঠক, লক্ষ্য করবেন, স্মারকলিপিটি দেওয়া হয়েছিল কুর্মি (KURMI) জাতির পরিচিতি দিতে, কুর্মিক্ষত্রিয় পরিচিতি দিতে নয়। অর্থাৎ, জাতিটি স্পষ্টত কুর্মি (KURMI) জাতি, কুর্মি ক্ষত্রিয় নয়। কুর্মি জনসংখ্যা বাড়িয়ে দেখানোর তাগিদে যখন ভারতের অন্যান্য রাজ্যগুলির দিকে উত্তরভারতের কুর্মি লবি হাত বাড়ায়, তখন প্রাথমিকভাবে তাঁদের হাতে যে তথ্য উঠে আসে, তাতেই এই অভিযান নিয়ে প্রবল আপত্তি আসে উত্তর-পশ্চিম ভারতের বিভিন্ন রাজা -জমিদারদের কাছ থেকে।প্রবল বাদপ্রতিবাদে এই অভিযান ভেস্তে গিয়েছিল প্রায়। কুর্মি লবিও সংখ্যাগরিষ্ট জাতি প্রমানে ব্যর্থ হতে বসে। ফলে, রফাসুত্র বের করতে শেষমেশ স্থির হয় যে, ভারতের বিভিন্ন প্রান্তে তথাকথিত ক্ষুদ্র ক্ষুদ্র গোষ্ঠীগুলিকে একই ছাতার তলায় আনতে গেলে কুর্মি নয়, কুর্মি শব্দের সঙ্গে মর্য্যাদা সূচক 'ক্ষত্রিয়' শব্দটি যোগ করে 'কুর্মি ক্ষত্রিয়' নামে পরিচিত করাতে হবে। এই নতুন নামে আদি কুর্মিরা নমনীয় হন এই ভেবে যে তাঁদের কুর্মি গরিমা আহত হল না, অথচ বিশাল সংখ্যার মানুষের প্রতিনিধিত্ব পেয়ে যাবেন তাঁরা সারা ভারত থেকে। আর কুড়মি, কুনবি, কুড়ুম্বি, ইত্যাদিদেরও বুঝিয়ে দেওয়া হল কুড়মিরা 'কুর্মি ক্ষত্রিয়' নামে পরিচিত পেলে তাদের সামাজিক মর্য্যাদা বাড়বে। সরকারী গুরুত্ব পাওয়া যাবে। ঘটনা হল, ওই সময়ে কুড়মিরা সামাজিক , অর্থনৈতিক এবং শিক্ষা ক্ষেত্রে প্রায় অন্ধকার জগতে পড়েছিল। যে কজন আর্থ- সামাজিক ক্ষেত্রে সামান্য প্রতিষ্ঠা, বা শিক্ষার আলো পেয়েছিলেন তাঁরা উচ্চবর্ণদের সঙ্গে জলচল বা ওঠাবসার ক্ষেত্রে প্রতিপদে আঘাত পেতেন। ফলে, কুর্মি লবির কূটকৌশলে এরা অতি সহজেই আত্মসর্মপন করেন এবং অতি দ্রুত কুড়মি সমাজে প্রভাব বিস্তার করে 'অল ইণ্ডিয়া কুর্মি-ক্ষত্রিয় এসোসিয়েশন'কে সাফল্য এনে দিতে সাহায্য করেন।

কুর্মিরা যে আলাদা একটি জাতি এবং তারা যে পরবর্তীকালে তাদের জাতির নাম বদল করেছে তার প্রমাণ হিসেবে দুটি চিঠির উল্লেখ করা যায়।

1) No, F. 333/30 Public.
Govt. of India, Home Department
Delhi, the 18 November, 1930
from,
A Whittaker, Esquire, I.C.S.,
Under Secretary to the Govt. of India,

To,

The Genaral Secretary,
All India Kurmi -Kshattriya Association,
Dewas Senior,

Sir,

With reference to your letter No, 1945, dated 6th Nov. 1930, I am directed to say that the Government of India have no objection to the members of your cast returning themselves as 'Kurmi-Kshattriyas', if they so desire, during the forthcoming census.

I have the honour to be,

Sir,
your most obedient Servent,
sd/A. WHITTAKER,
Under Secretary to the
Govt. of India.

No. 5-ENMN,
office of the
Census commissioner for India
From,
J.H. HUTTON, Esq, D.Sc., C.I.E.
Census Commissionar for India
Date, Delhi, the 25th Nov. 1930
To,
The Genaral Secretary,
All India Kurmi-Kshattriya Association
Dewas Senior.
Sir,

With reference to your letter no. 1944, dated the 6th Nov. 1930, I have the honour to say that I have no objection to the Kurmi Community returning themselves as Kurmi-Kshattriyas in the General Schedule of the Census return provided in addition to the word 'Kurmi-Kshattriya' the local designation of the caste in also given, e.g. Rajbansi, Kunbi, Reddy, etc. since Without this no Comparisons will be possible between the figures return for your community at this census and at previous Censuses.

All Superintendent of Census operations are being informed accordingly.

I have the honour etc.
sd/- J.H HUTTON,
Census Commisionar for India

এই চিঠি দুটি প্রমান করে তৎকালীন স্বরাষ্ট্র সচিব এবং সেনসাস কমিশনার অফ ইণ্ডিয়া-র কাছে 'অল ইণ্ডিয়া কুর্মি-ক্ষত্রিয় এসোসিয়েশন' লিখিত ভাবে আবেদন

করে বলেছিলেন যে আসন্ন সেনসাসে (১৯৩১) জাতি পরিচিতির ক্ষেত্রে কুর্মি (KURMI) জাতিকে যেন 'কুর্মি-ক্ষত্রিয়' লেখানোর অনুমতি দেওয়া হয়।' ঘটনা হল, ভারত সরকারের পক্ষে কুর্মি (KURMI) জাতিকে সেই অনুমতিও দিয়ে দেওয়া হয়।

প্রশ্নটা এখানেই । কুর্মি (KURMI) দের জাতের নাম পালটে কুর্মি-ক্ষত্রিয় নামে পরিচিত হতে চাওয়াটা সম্পূর্ণ তাদের নিজের ব্যাপার। তারা যেকোনও নামেই পরিচিত হতে পারেন। তাদের সে স্বাধীনতা আছে। কোনও জাতি কি নামে পরিচিত হবেন সেটা তারাই ঠিক করবেন। কিন্তু তাতে কুড়মি-দের কি আসে যায় ? ইংরেজী অক্ষরে বানান একরকম হলেই কি কুর্মি আর কুড়মি জাতি এক হয়ে গেল ? এতো সেই সুকুমার রায়-এর 'অবাক জলপান' গল্পের মত। মাছ আর মাছরাঙ্গা কি এক হলো ? ডাবের জল, নাকের জল, চোখের জল সবই তো জল। কিন্তু একরকম কি ? সুধী পাঠকই বলুন না, বাংলা 'ড়' অক্ষরটি কি কোনও ভাবে ইংরেজী 'R' অক্ষর দিয়ে প্রকাশ করা সম্ভব ? আশা করি, কুড়মি জাতি এবার নিশ্চিত সিদ্ধান্ত নেবেন যে তাঁরা কুর্মি (ক্ষত্রিয়) জাতি, নাকি প্রাচীন আদিবাসী খেরওয়াল বংশজাত কুড়মি জাতি। ❑

আজকের কুড়মি সমাজ

বসন্ত কুমার মেহতা

কল-কুড়মি , যারা ঝাড়খণ্ডে শাকসবজি উৎপাদনকারী জাতি বলে পরিচিত এবং যারা ঝাড়খণ্ডের অন্যান্য কুড়মিদের থেকে কেবল মাত্র 'র' উচ্চারণের তফাতে 'কুড়মি' বলে পরিচিত, তাদের বাসভূমি হল ঝাড়খণ্ডের সাঁওতাল পরগণা, ছোটনাগপুর এবং তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ ও ওড়িষা এলাকায়। এর কেন্দ্র বিন্দু হল পুরাতন মানভূম জেলা এবং দামোদর, কংসাবতী, সুবর্ণরেখা, বৈতরনী নদী বিধৌত ঘন সংঘবদ্ধভাবে বসবাসকারী একটি নির্দিষ্ট ভৌগলিক ক্ষেত্রে এদের অবস্থান। এই প্রকৃতির উপাসক আদিবাসী কুড়মিদের আনুমানিক জনসংখ্যা হল ৮০ লাখেরও বেশী।

কুড়মিদের আকৃতি ঃ- ইংরেজ মানব বিজ্ঞানীদের দৃষ্টিতে কুড়মিরা হল দ্রাবিড়িয়ান গ্রুপের আদিবাসী । শক্ত সমর্থ, বেঁটে এবং এদের গায়ের রঙ কাল। শতাধিক কুড়মির উপর নিরীক্ষন চালিয়ে এবং তাদের আকৃতি মাপ নিয়ে প্রখ্যাত নৃতত্ত্ববিদ রিজলে দেখিয়েছেন, কুড়মিদের - Head length - 185.6

Head bredth - 140.5
Cephalic index - 75.7
Nasal index - 82.6

সামাজিক বন্ধন ঃ- কুড়মি এবং সাঁওতালদের মধ্যে সামাজিক সম্পর্ক এবং এদের বিবাহ পদ্ধতি দেখে একথাই প্রমান করে যে কুড়মিরা নিশ্চিতভাবেই আদিম জাতি ও একই পরিবার ভুক্ত। পি. সি রায় চৌধুরীর মতে, কুড়মিরা সাঁওতালদের সঙ্গে ঘনিষ্ট সম্পর্ক যুক্ত। রিজলের মতে, সাঁওতাল, কুড়মি এবং ভূমিজদের মধ্যে একে অপরের সঙ্গে তফাৎ করা মুশকিল। রিজলের সংগৃহীত একটি তথ্য অনুসারে, দুই মাতা এবং এক পিতার ঔরসজাত সন্তান হিসেবে সাঁওতালরা কুড়মিদের আপন ভাই এর মতই মনে করে এবং সেজন্যে এখনো একজন সাঁওতাল অন্য কোন আদিবাসী অথবা হিন্দুর রান্না করা খাবার খেতে অস্বীকার করে, অথচ কুড়মিদের রান্না করা খাবারে কোন আপত্তি করে না। একজন সাঁওতাল এবং একজন কুড়মি এক কল্কেতেই তামাক খায়। রিজলের অন্য একটি তথ্য অনুসারে খেরওয়াল বংশের বারোটি শাখার অন্যতম বেদিয়া এবং কুড়মিদের মধ্যে বিবাহের চল আছে (যদিও খাওয়া দাওয়া, রুচি অপরিচ্ছন্নতা ইত্যাদি কারণে বিষয়টিতে ইদানিং কালে চিড় খেয়ে গেছে) বিহার ট্রাইব্যাল ওয়েলফেয়ার রিসার্চ ইন্সটিটিউট রাঁচি-এর সহ পরিচালক টি আর শর্মা দেখিয়েছেন, যে স্থানীয় সাঁওতাল কুড়মি মেয়েদের বিয়ের জন্য নিয়ে এলে কোন সামাজিক বাধার সন্মুখীন হয় না, তারা বিশ্বাস করে যে সাঁওতাল এবং কুড়মি একই বংশোদ্ভূত । তাঁর মতে এ এলাকায় সাঁওতাল, গঁড়, কুড়মি ওরাং , মুণ্ডা, ভূমিজ ভূইঞা এবং হো-দের মধ্যে জলচল রয়েছে।

কুড়মিদের শাখা ঃ- কুড়মিদের চারটি শাখা , কুড়মি, আধ কুড়মি, শিখরিয়া, নীচ কুড়মি। রিজলের মতে, শিখরিয়ারা ছোট কুড়মি নামে পরিচিত। মহম্মদ লিয়াকুদ্দিন দেখিয়েছেন, বেদিয়ারা নিজেদের ছোট কুড়মি বা সান কুড়মি বলে পরিচিত দেন।

বিবাহ ঃ- কুড়মিদের মধ্যে যদিও বাল্যবিবাহের প্রচলন আছে, তবে এখন প্রাপ্ত বয়স্কদের মধ্যে বিবাহের সংখ্যা বাড়ছে। যদিও স্বল্প পরিসরে এখানে বিবাহ ব্যবস্থার পূর্ণাঙ্গ বিবরণ দেওয়া সম্ভব নয়, তবু বলা যায় যে কুড়মি সমাজে বিবাহের প্রথা প্রকরণের মধ্যে এখনো আদিম রূপটি সক্রিয়ভাবে বর্তমান।

একজন কুড়মি বিবাহিতা মহিলা তাঁর স্বামীর সম্মতি এবং সমাজপতিদের অনুমতি ব্যতিরকে কখনই বিবাহবিচ্ছন্না হতে পারেন না। অনুমতির পর তিনি সহজেই স্বজাতিদের মধ্যে যে কোন স্বামী গ্রহণ করতে পারেন। একজন পুরুষ তাঁর স্ত্রীকে বিবাহ বিচ্ছিন্ন না করেও অন্য মহিলাকে বিবাহ করতে পারেন। 'কইনাপন' ছাড়া কুড়মি সমাজে কোন বিবাহই সিদ্ধ নয়। সমাজে বিধবা বিবাহ, দাদার অবর্তমানে দাদার স্ত্রীকে গ্রহণ এবং তাদের ঔরসজাত সন্তান সমাজে বৈধ।

কুড়মি সমাজে বিবাহ এবং মৃত্যুতে কখনই ব্রাহ্মন নিয়োগ হয় না। অবশ্য কিছু কিছু পরিবার ইদানিং কালে হিন্দুকরণের ফাঁদে পা দিয়ে উচুঁ জাতে ওঠার লালসায় নিম্ন শ্রেণীর ব্রাহ্মন নিয়োগ করছেন। কিন্তু এগুলি সর্বতো ভাবেই কুড়মি সামাজিক বিধি বর্হিভূত ঘটনা। কুড়মিরা সাঁওতাল বা ওরাঁওদের মতই ব্রাহ্মণের রান্না করা খাবার খায় না। এবিষয়ে প্রায় একশ বছর পূর্বে নৃতাত্বিক দৃষ্টিকোনের চুলচেরা বিচারে একমাত্র এইচ, এইচ রিজলে সাহেবই কুড়মিদের জাতি , ধর্ম এবং সমাজ ব্যবস্থার নানান বিধি নিয়ে পূর্ণাঙ্গ তথ্য লিপিবদ্ধ করে গেছেন।

উত্তরাধিকার আইন ঃ- রিজলে লিখেছেন, কুড়মিদের প্রাচীন রীতিনীতি আছে, যেগুলো এখনো অনুসরণ করা হয়। পৈত্রিক সম্পত্তির উত্তরাধিকার প্রাপ্তির ক্ষেত্রে কুড়মি পরিবারের বড় ভাই দুই অংশের অধিকারী এবং সাঁঘালি স্ত্রীর সন্তানের চাইতে বিহাল্যা স্ত্রীর সন্তান এক অংশ বেশী পাবে। পিতার বংশে পুরুষ উত্তরাধীকারী বর্তমান থাকলে মেয়ে এবং মেয়ের ছেলেরা সম্পত্তির উত্তরাধিকারী নয়। উদাহরণ হিসাবে ভাইপোরা সেক্ষেত্রে অধিকারী । মেয়েরা পৈত্রিক সম্পত্তিতে একমাত্র তার বিয়ের খরচ দাবী করতে পারে।' পি. সি. রায়চৌধুরীর মতে আদিবাসী কুড়মিদের উত্তরাধিকারী সামাজিক আইনে অত্যন্ত কড়াকড়ি আছে। এরা হিন্দু উত্তরাধিকার আইন থেকে মুক্ত এবং এদের ক্ষেত্রে হিন্দুদের 'মিতাক্ষরা' অথবা 'দায়ভাগ' আইন প্রযোজ্য নয়। Vide No 550,Home department

Govt. of India, Judicial, Simia 2nd may 1913 থেকে জানা যায়, বিহার এবং ওড়িষা প্রদেশে আদিবাসী কুড়মিদের ভারতীয় উত্তরাধিকার আইন, ১৮৮৫-র আওতা থেকে মুক্তি দেওয়া হয়েছে। কেননা কুড়মিদের নিজস্ব সামাজিক উত্তরাধিকার আইন বর্তমান। বিবাহ অথবা সম্পত্তির উত্তরাধিকার বিষয়ে যে সমস্যাই উঠুক, কুড়মিদের সামাজিক আইনগুলিই সমস্ত সমস্যা সমাধানের পক্ষে যথেষ্ট।

সম্ভবত, কুড়মিদের বনজ সম্পদের উপর কোন আস্থা নেই। কেননা লক্ষ্য করা গেছে তারা ইচ্ছেমত জঙ্গল সাফ্ করেছে এবং জমি তৈরি করেছে। বনজ সম্পদ তাদের জীবন ধারণে খুব একটা সাহায্যও করতে পারেনি। তারা নির্ভেজাল চাষী। কুড়মিদের মোট জনসংখ্যার শতকরা ৬৫ জন কৃষি শ্রমিক, শতকরা ২৫ জন প্রান্তিকচাষী এবং শতকরা ১০ জন মাঝারী চাষী। প্রথম শ্রেণীর চাষী কোথাও দেখা যায়নি।

শিক্ষা ঃ- অন্যান্য আদিবাসীদের চাইতে শিক্ষার আলো কুড়মি পরিবারে অনেক দেরীতে পৌঁছেছে। এই সম্প্রদায়ের মধ্যে থেকে এখনো কেন্দ্র অথবা রাজ্য সরকারের সচিব পর্য্যায়ে কেউ যেতে পারে নি। এদের কোনও আই.এ.এস, আই.পি.এস, আই, এফ.এস অফিসার নেই।

রাজনীতি ঃ- রাজনৈতিক নেতৃত্বে প্রতিষ্ঠার ক্ষেত্রে কুড়মিরা অত্যন্ত লাজুক এবং সাধারণ বুদ্ধির অধিকারী। সরলতার কারণে জন গণনায় অন্যদের রাজনৈতিক চাতুরীর দ্বারা কুড়মিরা তাদের সঠিক আত্মপরিচিতিও হারিয়ে ফেলেছে, ফলে ছিন্ন ভিন্ন জাতিটি আজ চরমভাবে অস্তিত্ব লোপের সংকট সীমায় উপস্থিত, যদিও সেই ১৮৯১ সালেই জাতি নিরূপনের প্রামান্য বিবরণে সমৃদ্ধ 'Tribes and Castes of Bengal নামক পুস্তকটি প্রকাশিত হয়েছে, এবং তাতে জাতি নির্ণয়ের ক্ষেত্রে ৯৯১ টি প্রশ্নের সদুত্তর পাওয়ার পর কুড়মিজাতিকে স্পষ্ট ভাবে আদিবাসী বলে ঘোষণা দেওয়া হয়েছে।

এসব কারণেই কুড়মিরা বিধানসভা, লোকসভা অথবা রাজ্যসভায় তাদের প্রতিনিধি পাঠাতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। ৮০ লক্ষ কুড়মির মধ্যে আজ শুধুমাত্র পুরুলিয়া থেকে একজন লোকসভা সদস্য এবং ঐ পুরুলিয়া থেকেই বিধান সভার সদস্য মাত্র তিন জন। অন্যদিকে বিহার ওড়িষ্যাতে তাও নেই। আমার মতে, কুড়মিদের আদিবাসী সূচী থেকে চক্রান্ত করে বাদ দিয়ে দিকু বা হিন্দু বানানোর জন্যই কুড়মিদের এই দুর্দ্দশা।

ধর্ম ঃ- কুড়মিদের ধর্ম কি, -এ এক বিরক্তিকর প্রশ্ন। দৃঢ়তার সঙ্গে বলতে পারি, তারা বৌদ্ধ নয়, তারা জৈনও নয়, কিংবা তারা ব্রাহ্মণদের প্রজাও নয়। তারা একটি ধর্মই অনুসরণ করে, তাহল আদিবাসী ধর্ম, যা কিনা সাঁওতাল, মুণ্ডা, অথবা

ওরাঁওরাও অনুসরণ করে এবং বিশ্বাস করে। কুড়মিদের নিজস্ব দেব-দেবী বর্তমান। তারা তাঁদের প্রতীক হিসাবে প্রকৃতিকে পূজা করে আপন জাতি, পরিবার, গৃহপালিত পশুদের মঙ্গলকামনায় এবং ভাল ফসল উৎপাদনের আশায়। কুড়মিরা প্রকৃতির উপাসক এবং তাঁকেই তারা সর্বশক্তিমান বলে বিশ্বাস করে। তারা বিশ্বাস করে যাদুক্রিয়ায়, এবং প্রার্থনার পরিবর্তে তারা করম , জিতিয়া, জাওয়া, ভগতা, ঝাপান-এর মত নাচের অনুষ্ঠানে বিশ্বাস করে। বিশেষতঃ মরার সময়ে বৃষ্টির আহ্বানেও তারা নাচের আয়োজন করে।

সংস্কৃতকরণের প্রবাহ অথবা অন্যান্য ধর্মের নানান প্রলোভনে কুড়মি জাতিকে তার প্রকৃতির উপাসনা থেকে একচুল নাড়তে পারেনি। শুধু বৈষ্ণব ধর্মের প্রায়৫০০ বছরের নিরন্তন চেষ্টায় মাত্র দুটি শব্দ 'হরিবোল' -এর অনুপ্রবেশ ঘটেছে কুড়মি সমাজে মাত্র।

কুড়মিরা রামায়ণ মহাভারত পড়ে । এতে অনেকেই কুড়মিদের উপর হিন্দুত্বের প্রভাবটিকে লক্ষ্য করবেন। কিন্তু আদিবাসী কুড়মিদের ধর্মীয় স্বাতন্ত্র্য এতই কঠিন বর্মদ্বারা সুরক্ষিত যে সমাজ এবং ধর্মের উপর এত আক্রমন সত্ত্বেও তারা ব্রাহ্মণদের আজও দুরে সরিয়ে রেখেছে।

ঘটনা প্রবাহ দেখে অনুমান হয়, সরকার কুড়মি জাতি অথবা এই রূপ প্রকৃতির উপাসক গোষ্ঠীগুলির উপর আদৌ সন্তুষ্ট নয়। কুড়মিদের হিন্দু বানানোর চক্রান্তে সরকার যেন ঠিকাদারী নিয়েছেন, উদাহরণ ধানবাদ জেলা গেজেটিয়ার । অন্যদিকে, মাত্র পঞ্চাশ জন লোক ১০০/২০০/১০০০ কুড়মিকে একজায়গায় জড় করে মিটিং করেই কুড়মিদের ১৯৩১ সালের সেনসাসে ক্ষত্রিয় বলে পরিচয় দিয়ে দিল, সে মিটিং এ সভাপতি ছিল পাঞ্চেতের জ্যোতিপ্রসাদ সিংদেও। অত্যন্ত আশ্চর্য্যজনক এবং দূর্ভাগ্যজনক ঘটনা হল যে একরাতের মধ্যে মাত্র কয়েকটা লোক গোটা কুড়মি জাতের জাতি পালটে সেনসাস রিপোর্টে আদিবাসী কুড়মি থেকে বর্ণ হিন্দুতে পরিণত করে দিল।

এই ঘটনাটি এতই সুদুর প্রসারী এবং মারাত্মক যে কুড়মিদের এই বিপদের গুরুত্ব বুঝতেই আজ এতদিন লেগে গেছে। কুড়মিদের কুর্মি ক্ষত্রিয় হিসেবে যখনই দেখান হল, সঙ্গে সঙ্গে তারা ছোটনাগপুর প্রজাস্বত্ত্ব আইনে কুড়মিদের যে জমির সুরক্ষা ছিল তার অধিকার হারাল।

শিক্ষা ক্ষেত্রে, চাকুরী ক্ষেত্রে সমস্ত রকম সুযোগ সুবিধা বন্ধ হয়ে গেল। একদিকে জমি গেল, শিক্ষা গেল, চাকরী গেল এবং অন্যদিকে এই ৫০ বছরে কুড়মিরা তাদের চাষী পরিচিতি থেকে ক্রমে ক্রমে আজ দিনমজুরে পরিনত হল। এছাড়া আগের সেটেলমেণ্ট সার্ভে গুলিতে কুড়মিদের কৌম হিসেবে দেখান ছিল, কিন্তু এখনকার সেটেলমেণ্ট সার্ভেতে তাদের 'জাতি' হিসেবে উল্লেখ করা

হয়েছে। এতে আগামীদের দিনে কুড়মিরা তাদের নিজস্ব সম্পত্তি এবং উত্তরাধিকার আইন বলে যে সুবিধা ভোগ করছিল, 'জাতি' লেখার ফলে এবার তাও হারাবে। কুড়মিদের গরাম থান বা জাহের থানের জন্য কোন সেটেলমেণ্ট রেকর্ডে কোন উল্লেখ থাকছে না। অর্থাৎ এতে সমস্ত প্রকৃতির উপাসকদের ধর্মীয় স্বাতন্ত্র্যের উপর চরম আঘাত হানা হচ্ছে এবং চক্রান্ত করে ধর্ম উচ্ছেদ হচ্ছে।

ছোটনাগপুরের পোরহাট এবং কোলহান এলাকায় কুড়মিরা মুণ্ডারী খুঁট কাঠি হিসেবে জমির অধিকার ভোগ করে। এখান থেকেও তাদের উচ্ছেদ করা হচ্ছে। অথচ ঐ এলাকার মুণ্ডা এবং মানকীরা দৃঢ়তার সঙ্গে বলে যে ঐ ধরণের জমির সত্ব ভোগের ক্ষেত্রে তাদের সঙ্গে কুড়মিদেরও সমান অংশ আছে।

স্বল্প পরিসরে সংক্ষেপে এটাই হল ঝাড়খণ্ডের ছোট নাগপুর, সাঁওতালপরগনা, পশ্চিমবঙ্গের মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া এবং ওড়িষা ময়ূরভঞ্জ, কেওনঝোর , সুন্দরগড়ে বসবাসকারী প্রকৃতি পূজারী কুড়মিদের বর্তমান আর্থ-সামাজিক এবং ধর্মীয় চিত্র। পরিশেষে আমি দৃঢ়তার সঙ্গে বলতে পারি যে কুড়মিদের যতক্ষণ না পুনরায় সিডিউল ট্রাইব তালিকায় অন্তর্ভূক্তি করা হচ্ছে, ততক্ষণ পর্যন্ত তাদের আদিবাসী অস্তিত্ব মারাত্মক ভাবে বিপন্ন হবে, এবং এটা করা হলেই তা রক্ষা পাবে। ❑

কুড়মালি ভাষার উৎস সন্ধানে

অধ্যাপক অনাদিনাথ মাহাত

কুড়মালি ভাষা ও তার সাহিত্যটি উদ্ভবের কাল থেকে অদ্যাবধি লোক ব্যবহারের মাধ্যমে শ্রুতিস্মৃতিরূপেই প্রচলিত রয়েছে বলেই আমাদের আলোচ্য কুড়মালি ভাষার সঙ্গে কুড়মালি লোক-সাহিত্য সংস্কৃতির কোনও ধারাবাহিক ইতিহাস আজও দুষ্প্রাপ্য। রাজনৈতিক কারণেই হোক বা অন্য কারণেই হোক এই বিষয়টিকে নিয়ে কোন পণ্ডিত-গবেষকই আজও মাথা ঘামাননি। ফলে কুড়মিদের ইতিহাস আজও রহস্যেই ঢাকা পড়ে আছে। আসলে ঝাড়খণ্ডের ইতিহাসই হ'ল অবাস্তব ইতিহাস। অন্ততঃ কুড়মালিদের সম্পর্কে কেউ-ই সত্যি কথা উচ্চারণ করেননি।

তবে মজার ব্যাপার, এই বৈচিত্র্যময় লোক সংস্কৃতির যাঁরা স্রষ্টা, যাঁদের উত্তর পুরুষেরা সহজাত অসীম মমতা দিয়ে আজও লালন-পালন করে চলেছেন এই বৈচিত্র্যময় লোক–সংস্কৃতিকে। বিবিধ শাস্ত্রীয় সাহিত্যে সেই প্রাকৃতজনদের পাষণ্ড, দস্যু, রাঢ়, চোয়াড় ইত্যাদি সম্বোধনে উপহাসও করা হয়েছে।

আবার প্রায় হাজার দেড়েক আগেও গুপ্ত আমলে যখন বাংলাদেশে 'মধ্যদেশ বিনির্গত' 'বেদজ্ঞ' ব্রাহ্মণদের প্রতিপত্তি বৃদ্ধি পায়, তখন ঐ সব ব্রাহ্মণগনও ' দস্যু' আদিরূপে উপহাসিত এই সব প্রাকৃতজনদের 'অদেবয়ু' (দেবতাকে অশ্রদ্ধাকারী), 'অব্রাহ্মণ' (বেদ অস্বীকারকারী), 'অযজ্ঞন' (যাঁরা যজ্ঞ করেন না), 'অমানুষ' (যাঁদের মানুষ বলা যায় না) বলে লাঞ্ছিত করতেন।

এঁদের রেখে দেওয়া হয়েছিল সমাজের অন্ত্যজ করে। অনার্যদের মধ্যে যাঁরা আর্য প্রভুত্ব স্বীকার করে নিতেন তাঁরাই ছিলেন 'দাস', যাঁরা করতেন না তাঁরা ছিলেন 'দস্যু'। কোল, ভীল, বানর, ভালুক, রাক্ষস, অসুর, দৈত্য, দানব হিসাবে তাঁরা হিন্দু পৌরাণিক সাহিত্যে, বেদে, উপনিষদে, রামায়ণ-মহাভারতে বিভিন্ন পুরাণে চিত্রিত। যে সকল দস্যুকে আর্যরা ধ্বংস করতে পারলেন না, অথচ যাঁরা আর্য-প্রভুত্ব স্বীকার করলেন না, তাঁদের রেখে দেওয়া হল সমাজের অন্ত্যজ-অস্পৃশ্য করে। তাঁদের মারা হল না, শুধু কেড়ে নেওয়া হল তাঁদের মনুষ্যত্বের অধিকার। এমনকি ঐসব 'দাস', 'দস্যু', 'রাঢ়, চোয়াড় নামে অভিহিত অনার্য প্রাকৃতজনদের মধ্যে এক শ্রেণীর বিশেষ গোষ্ঠীর মানুষকে আজ থেকে প্রায় শ' চারেক বছর আগেও বৈষ্ণবধর্ম গ্রহণ করতে রাজী না হওয়ার জন্য 'পরম পাষণ্ড' (অর্থাৎ অতিশয় বেদ-বিরুদ্ধাচারী, সদাচারভ্রষ্ট, ধর্মহীন, পামর বা অধর্ম, নীচ) বলে গালাগালি করা হয়েছিল, তারও প্রমাণ পাওয়া যায় ষোড়শ শতাব্দীর কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্য চরিতামৃত' গ্রন্থে উল্লিখিত নিম্নোক্ত উদ্ধৃতিটি থেকে।

'মথুরা যাইবার ছলে আসেন ঝারিখণ্ড।
ভিল্ল প্রায় লোক তাঁহা পরম পাষণ্ড'।

উদ্ধৃতাংশটিতে 'পরম পাষণ্ড' বলে উল্লিখিত লোকেরা যে অন্ততপক্ষে 'ভিল-কোল-মাঝি-সাঁওতাল হো'মুণ্ডা' প্রভৃতি শ্রেণীর অনার্য আদিবাসীরা নন সে কথা তো বলাই হয়েছে। তবে এই সব আদিবাসীদের মতই প্রায় দেখতে ঐ পরম পাষণ্ডরা কারা ছিলেন? আদিবাসী সাঁওতালআদিদের সঙ্গে আবহমান কাল একাত্ম হয়ে বসবাসকারী কুড়মি গোষ্ঠীর মানুষ বলে তাঁদের সনাক্ত করার অনুমানটি কি অযৌক্তিক হবে? বিষয়টি গবেষণা-সাপেক্ষ, বর্তমানে এর আলোচনা অভিপ্রেত নয়।

কিন্তু যাই হোক, একথা ঠিক যে আজও এই সব হতভাগ্য কুড়মিদের কপালে অঙ্কিত দেখা যায় সেই আদিমকালীন ঘৃণা-লাঞ্ছনারই ছিটেফোঁটা। আজও বিজিত হতভাগ্য এই সব আদিম জাতিগণ তেমনই অবহেলিত, অপমানিত, উপেক্ষিতই যে রয়ে গেছেন তাতে কোন সন্দেহ নেই। সভ্যতাদর্পী আর্যগণ এঁদের দিকে কখনও ফিরে চায়নি। এঁদের সভ্যতা বোঝার চেষ্টা করেনি, আজও করে না।

অবশ্য অধুনা দেখা যায়, বৈচিত্র্যময় কুড়মালি ভাষা ও তার লোক-সাহিত্য সংস্কৃতির হৃদপিণ্ড স্বরূপ অভিন্ন মানভূমই হয়েউঠেছে কৌতূহলী বাঙালী লেখক-গবেষকদের লোক-সংস্কৃতি (Folk-Culture) গবেষণার মনোহর মুলুক-লীলাক্ষেত্র। পরিশেষে বলতে বাধা নেই যে আজকের দিনেও অন্ততঃ পক্ষে গ্রিয়ারসনের উল্লিখিত ৩৬৪ টি ভারতীয় ভাষার মধ্যে সব দিক দিয়ে সব থেকে বেশী বিতর্কিত, উপেক্ষিত, অবহেলিত, শোষিত ভাষা হল যে কুড়মালি ভাষা ও তার লোকসাহিত্য সে কথাও ঠিক।

প্রথম অধ্যায়

ভাষাতাত্ত্বিক নিরীখে নির্দ্বিধায় বলতে পারি যে, গোষ্ঠীনামধেয় বিশ্বের তাবৎ ভাষা সমূহের ন্যায় কুড়মি জনগোষ্ঠীর পরিচয়বাহী 'কুড়মালি' ও হচ্ছে প্রাগৈতিহাসিক কালে উদ্ভূত কুড়মি জনগোষ্ঠীর মাতৃভাষা। মন্তব্যটি হল স্বতঃব্যাখ্যাত, স্বতঃসিদ্ধ। 'সাঁওতাল'দের মাতৃভাষা 'সাঁওতালী', 'মুণ্ডা'দের 'মুণ্ডারী', 'হো'দের 'হো', 'খাড়িয়া'দের 'খাড়িয়া', 'পাশ্‌তো'দের 'পশতো', 'ব্রাহুই'দের 'ব্রাহুই', 'কুকী'দের 'কুই' প্রভৃতি হল যেমন সংশ্লিষ্ট ঐ সব বিশেষ বিশেষ গোষ্ঠীজনের আদিম মাতৃভাষা, তেমনিই কুড়মি গোষ্ঠীজনের মাতৃভাষা হল 'কুড়মালি' সেকথা আর প্রমাণের বা ব্যাখ্যার অপেক্ষা রাখেনা।

'কুড়মালি'র বিবিধ নাম সমূহে–

১। 'কুড়মালি ভাখীঃ–

কুড়মালীতে 'ভাষা' শব্দটির প্রচলন নেই, পরিবর্তে বহুলপ্রচলিত শব্দ হল 'ভাখী' বা 'বোলী'। আর তাই কুড়মালী ভাষাটি 'কুড়মালি ভাখী' নামেও সুপরিচিত।

২। 'কুড়মি ভাষাঃ–

'কুড়মি' ভাষা নামটি হল কুড়মী জনজাতির নামধেয় 'কুড়মালি ভাষা'-র একটি বিশিষ্ট নাম।

৩। 'মাহাত ভাষা' 'মাহাতালী ভাষা'–

মূলতঃ ৮১ টি টোটেম বা গোষ্ঠীতে বিন্যস্ত কুড়মী জনগোষ্ঠী সমূহের সুসংহত (Confederacy of tribes) মহাসাম্যবাদী উপাধি মাহাত (Headman of the village) হওয়ার সুবাদে এঁদের মাতৃভাষা কুড়মালিটি স্বাভাবিকভাবেই 'মাহাত ভাষা' 'মাহাতালী ভাষা' নামেও অভিহিত।

৪। 'গাঁওয়ালী ভাষা–

'গাঁ' (গ্রাম)-এর বা গ্রামাঞ্চলের বোলচালের ভাষারূপে প্রচলিত থাকার জন্যই কুড়মালি ভাষাটি 'গাঁওয়ালী ভাষা' নামেও সুপরিচিত। কারণ, গ্রামাঞ্চলের ভাষা সাহিত্য-সংস্কৃতি যেমন সংখ্যাগরিষ্ঠ কুড়মীদের দ্বারাই নিয়ন্ত্রিত, তেমনিই এঁদের সর্বগ্রাহী কুড়মালী ভাষাটি ঝাড়খণ্ডী সমস্ত উপভাষাকেও প্রভাবিত করে রেখেছে। তাই 'কুড়মালির''গাঁওয়ালী ভাষা' নাম করণের পিছনে এই তথ্যটিও প্রণিধানযোগ্য।

৫। 'ঠেঠ কুড়মালি' 'ঠাঠ কুড়মালি', 'ঠাড় কুড়মালি', 'ঠার কুড়মালি', 'থার কুড়মালি'–

কুড়মালি ভাষার বিশেষণাত্মক উল্লিখিত 'ঠেঠ, ঠাঠ, ঠাড়, ঠার, ঠার, শব্দ পাঁচটিই হল যেমন সমার্থক, তেমনি সবগুলির উদ্ভবও একই 'ঠেঠ' শব্দ থেকে– ঠেঠ> ঠাঠ >ঠাড়>ঠার> থার, অর্থ-'আসল, মূল, খাঁটি। এইভাবে বলা যায় এই বিশেষণগুলি দিয়ে অবিমিশ্র কুড়মালি ভাষাকেই অভিহিত করা হয়েছে। আর এই অবস্থায় ভাষাটি যে বাংলা প্রভৃতি ভাষাভাষীদের নিকট হল দুর্বোধ্য, দুর্জ্ঞেয়, এমনকি অনধিগম্য জাতীয় তাও ঠিক। এই ক্ষেত্রে উল্লেখ্য যে, 'ঠেঠ, ঠাঠ, প্রভৃতি বিশেষণগুলি কুড়মালি ভাষাটির প্রাচীনত্বের সাক্ষ্য বহন করে, কারণ ভাষাটিকে এই 'ঠেঠ' বলার তাৎপর্য হল - বাংলা, ভোজপুরী, মগহী, মৈথিলী প্রভৃতি আধুনিক ভাষাগুলি, বিশেষতঃ এতদঞ্চলে ব্রিটিশ শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর কুড়মালির সান্নিধ্য এসে যেভাবে ভাষাটিকে বিকৃত করেছে 'ঠেঠ (বা মূল) কুড়মালিটি নিশ্চয় তার পূর্বকালীন স্বরূপের পরিচায়ক।

৬। রাঢ়ীবোলী–

'রাঢ়ীবোলী' নামটির অর্থ 'রাঢ়ের বোলী' বা 'রাঢ়ের ভাষা'।'রাঢ় অর্থাৎ বাংলা দেশের অন্তর্গত গঙ্গার পশ্চিম দিকস্থ সুবিস্তৃত ভূভাগটিতে একদা কুড়মালি লোকভাষা রূপে প্রচলিত ছিল। আর কুড়মালিতে যেহেতু 'ভাষা' শব্দটির প্রচলন নেই, পরিবর্তে বলা হয় 'বোলী'। তাই 'রাঢ়ের বোলী' অর্থে কুড়মালি ভাষাটির নাম হয়েছে 'রাঢ়ীবোলী'। আর এই 'রাঢ়ী বোলী'ই কালক্রমে ঝাড়খণ্ডী বাংলায় রূপান্তরিত হয়।

৭। 'সেদানী', সাদানী—

যতদূর জানা যায় তাতে বলতে পারি, ঝাড়খণ্ডে কুড়মিদের পূর্বে ছিল মুণ্ডাদের (কোল) আধিপত্য। মুণ্ডারা তখনও ছিলেন কৃষিকাজে অনভিজ্ঞ। পরবর্তীকালে ঝাড়খণ্ডে কৃষিজীবী কুড়মী গোষ্ঠীর আগমনে উভয় গোষ্ঠীর পরিচয় ঘটে সংঘর্ষের মাধ্যমে। কিন্তু সংঘর্ষে কুড়মিরা বিজয়ী হলেও বিজিত মুণ্ডাদের সঙ্গে স্থাপিত হয় সৌহার্দ্য মূলক সম্বন্ধ। কারণ কুড়মিদের নিকট নিরুপদ্রব জীবন-যাপন তথা কৃষিকাজের সহযোগী হিসাবে মুণ্ডাদের সঙ্গে বন্ধুত্ব স্থাপন হয়ে উঠেছিল অপরিহার্য। আর এইভাবে কুড়মি ও মুণ্ডা গোষ্ঠীর সহাবস্থানের ফলে কুড়মালি ও মুণ্ডারী ভাষাদুটিই বোলচালে থেকে যায়। এই অবস্থায় মুণ্ডারা কুড়মালি ভাষাটিকে বলতেন 'সেদানী ভাষা' বা সাদানী ভাষা (অর্থাৎ মুণ্ডা নন এমন জনগোষ্ঠীর ভাষা)।

প্রসঙ্গতঃ অনুমান–

ক) কুড়মালি–'সিধা' (খাদ্যান্ন) + কুড়মালি - 'অইন' প্রত্যয় (সম্পর্কিত) > সিধাইন > সিধানী > সেদানী > সেদান > সাদানী > সদান > সাদান হওয়াই স্বাভাবিক। আসলে 'সিধা' (ধান, চাল, শাক, সবজি প্রভৃতি খাদ্যন্ন) উৎপাদনকারীদের ভাষা হওয়ার জন্যই কুড়মালির এই বিশিষ্টার্থক নাম হয়েছে।

খ) তথ্যানুসারে আরও বলতে পারি যে, বিজিত মানুষ বিজয়ীদের দ্বারা চিরকাল পদদলিত হলেও যেহেতু বিজয়ী কুড়মিদের দ্বারা তৎকালে বিজিত মুণ্ডারা হয়েছিলেন বিপরীতভাবে বন্ধুত্বের বন্ধনে আবদ্ধ। তাই কুড়মিদের এই অপ্রত্যাশিত সদ্‌ভাবাপন্ন সদ্‌ব্যবহারে বিমোহিত মুণ্ডারা যে 'সদ্ (সৎ)' মানুষদের ভাষার সূত্রে কুড়মালিকে 'সেদান ভাষা', 'সাদানী ভাষা' আদিরূপে অভিহিত করেছিলেন সে অনুমানটিও এই ক্ষেত্রে অনুধাবনযোগ্য।

কারণ – সদ্ (সৎ) + অইন প্রত্যয় (সম্পর্কিত) সদাইন > সাদানী, ইত্যাদি।

গ) আবার এও অনুমিত যে কুড়মিরা সহজাতভাবে হলেন 'সিধা' (সহজ, সরল) মানুষ। তাই 'সিধা' (সরল) + অইন - প্রত্যয় > সিধাইন > সেদানী আদি রূপে কুড়মালির নামকরণ হওয়াটিও অযৌক্তিক নয়।

৮। 'সদরীভাষা' বা 'সদইরা ভাষা' বা'সদরী কোল–

ঝাড়খণ্ডে একদা কুড়মালি লোকভাষাটি সব শ্রেণীর ভাষা–ভাষী মানুষের 'সদর' –এর (অর্থাৎ পথ, ঘাট, হাট, বাজার প্রভৃতি সব খোলা জায়গার) বোলচালের ভাষা (Colloquial Language) রূপে প্রচলিত থাকার জন্য কুড়মালি লোকভাষাটির স্বাভাবিক ভাবেই প্রথমতঃ নাম হয়ে যায়'সদরী' ভাষা বা 'সদইরা ভাষা।

আর পরবর্তীদের মুণ্ডাদের ভাষা 'মুণ্ডারী'র ধ্বনি - সাদৃশ্যে 'সদান বা সাদান' বা কুড়মিদের পূর্বোক্তি 'সদানী' ভাষাটিও 'সদরী' নামে অভিহিত হওয়ার পর কালক্রমে এই 'সদরী' ভাষার সঙ্গে কোলদের (মুণ্ডা–ভূমিজদের) ভাষার সংমিশ্রণে যে ভাষাটি লোকপ্রচলনে আসে তাই হল 'সদরী কোল' ভাষা। গ্রিয়ারসনও এটিকে 'কুড়মালির' অন্যতম রূপে পরিভাষিত করেছেন।

৯। 'খোট্টা কুড়মালি', 'কুড়মালি'–

কুড়মালি ভাষাটি বিশেষতঃ বাংলাভাষীদের নিকট 'অপ্রীতিকর বা কর্কশ' অর্থে পরিগণিত হওয়ায় এটিকে 'খোট্টা বা খোর্ঠা কুড়মালি' (অর্থাৎ শ্রুতিকটু) বলা হয়েছে। সাধারণতঃ এটি 'খোট্টা বা খোর্ঠা নামেও সুপরিচিত।

এই ক্ষেত্রে প্রসঙ্গতঃ বলা যায় কুড়মালিতে, 'অতিশয় অপরিষ্কার' (too dirty) অর্থে 'খঠ্ঠা' শব্দটি প্রচলিত। আসলে কুড়মালির সঙ্গে কালক্রমে বাংলা, ভোজপুরী, মগহী, মৈথিলীর সংমিশ্রণ যে অপরিস্কৃত রূপে কুড়মালির বিভাষার (Subdialect of Kurdmi) উদ্ভব হয়। তাই হল 'খোট্টা বা খোর্ঠা' কুড়মালি। গ্রিয়ারসন এটিকে আবার 'খোঠ্ঠাহী' ও বলেছেন।

সত্যিই কী আশ্চর্য! এই ক্ষেত্রে আমার প্রশ্ন, একই ভাষার এত বৈচিত্র্যময় নানান নাম কেন ? সদুত্তরই বা কোথায় পাওয়া যাবে ? 'কুড়মালি ভাষা' ব্যতিরেকে আর কোন ভাষার এ হেন বহু বিচিত্র নাম আছে কিনা, জানা নেই। স্বাভাবিক কারণেই ভাষাটির সম্পর্কে মন্তব্য করা হয়েছে- 'সবদিক দিয়ে কুড়মালি হল একটি বিচিত্র ভূভাগের একটি বিচিত্র জন সমূহের ভাষা' (G.A. Grierson, Linguistic Survey of India. Vol-5, Part-II, 1968, P-146)

কুড়মালি উপভাষাগুচ্ছ

কুড়মালির উপভাষা গুচ্ছ সম্পর্কে সংক্ষেপে বলা যায় যে, 'নাগপুরিয়া', পাঁচ পরগণিয়া, গোলায়ারী, খোট্টা বা খোর্ঠা ভাষার সঙ্গে সঙ্গে ঝাড়খণ্ডের বর্হিভূত অঞ্চল মধ্যপ্রদেশের বস্তার জেলার 'হলবি' ভাষা, রেবা জেলার 'ছত্রিশগড়ী' ভাষা সবই হল কুড়মালির একটি আঞ্চলিক নামধেয় উপভাষা (Dialects of Kurdmali)। (ক্ষুদিরাম মাহাতঃ কুর্মালী ভাখিক ইতিহাস, রূপ বিসঃ সাবিত্রী প্রেস পুরুলিয়া, ১১/৭/১৯৮২, পৃঃ-৬)।

জনৈক গবেষক এই প্রসঙ্গে অনুরূপভাবেই মন্তব্য করেছেন – 'মানভূম জেলার বৃহত্তম অংশে বাংলার সঙ্গে প্রচলিত ছিল খোট্টা বা বিমিশ্র বাংলা। তাকে কুর্মালীও বলা হত। অনেকে মনে করেন ঝাড়খণ্ডের সমগ্র অঞ্চল জুড়ে একদা কুর্মালী ভাষা প্রচলিত ছিল। অঞ্চল ভেদে ভাষার রূপ বদলে গেলেও মূল কাঠামোটি চিনে নিতে অসুবিধা হয় না। মুণ্ডা গোষ্ঠীর মানুষেরা তাকে বলতেন 'সেদানী', (মুণ্ডা নন এমন গোষ্ঠীজোটের ভাষা) হাজারীবাগে নাম নাগপুরিয়া, রাঁচীর পরগণায় পাঁচ-পরগণিয়া, বিলাসপুরে - ছত্রিশগড়ি, বস্তার জেলায় কুর্মালী প্রভৃতি। 'সেদানী' বা কুড়মালির সঙ্গে বাংলা মিশে রাঢ়ী বোলির সৃষ্টি হয়েছে'। (তরুণদেব ভট্টাচার্যঃ পশ্চিমবঙ্গ দর্শন-৩ পুরুলিয়াঃ প্রথম প্রকাশ ১৯৮৬পৃ-১৭৯)।

কেউ আবার এই প্রসঙ্গে আরও বলেছেন যে, এই রাঢ়ী বোলী বা কুড়মালিই পরবর্তীকালে ঝাড়খণ্ডী বাংলায় (মানভূঁইয়া বাংলা, ধলভূঁইয়া বাংলা প্রভৃতি) রূপান্তরিত হয়। (ডাঃ সুকুমার সেন, ভাষার ইতিবৃত্তঃ ষষ্ঠ সংস্করণ ১৯৬২পৃ ১৪৪)।

প্রসঙ্গতঃ এই ক্ষেত্রে বলা যায় যে, যেহেতু এতদঞ্চলের গরিষ্ঠ কুড়মি গোষ্ঠীর মানুষেরা সুপ্রাচীন কালেই অঙ্গ-বঙ্গ–কলিঙ্গ -মধ্যপ্রদেশের মধ্যবর্তী সুবিস্তৃত প্রত্যন্ত ভূভাগ জুড়ে বসবাস স্থাপন করেছিলেন, তাই তাঁরা ছোট ছোট দলে পৃথক পৃথক অঞ্চলে গণ্ডীবদ্ধ হয়ে পড়েন। ফলে বিভিন্ন দলের লোকজনের মধ্যে পারস্পরিক মেলামেশা তথা বাক-ব্যবহার করার সুযোগ ছিল না বলেই দলগুলি পরস্পর বিচ্ছিন্ন হয়ে পড়ে, যদিও সামাজিক এবং আর্থিক অবস্থা প্রায় অপরিবর্তিতই থেকে যায়। আর এইভাবে এক-একটি অঞ্চলে বসবাসকারী দলের মধ্যে উদ্ভূত হয় এক-একটি উপভাষার। ভাষা বিজ্ঞানের মন্তব্য থেকেও এই সিদ্ধান্তটির সমর্থন পাওয়া যায়। (ডঃ সুকুমার সেন, ভাষার ইতিবৃত্ত, ৯ম সং ১৯৬৫, পৃঃ–৫)।

এই ক্ষেত্রে জানতে পারা যায় যে ভারতীয় সংবিধানের অষ্টম তপশীলে বর্ণিত ভারতের মাতৃভাষাগুলির মধ্যে উপরোক্ত ভাষাটির নিম্নলিখিত ৭টি উপভাষার উল্লেখ পাওয়া যায় যথা—

ছত্রিশগড়ি, খোর্ঠা / খোট্টা, কুড়মালি ঠার, নাগপুরিয়া, পাঁচপরগণিয়া, সদরী এবং সুরগুজিয়া (C-7 Mother tongue of the census 1981, FLYLEAF,PART-A)

অবশ্য এই ক্ষেত্রে স্বাভাবিকভাবে প্রশ্ন জাগে যে যেখানে ভারতীয় সংবিধানের অষ্টম তফশিলে মূল কুড়মালি ভাষা জাত ৭টি উল্লিখিত ভগিনী স্থানীয় উপভাষাকে 'মাতৃভাষা' রূপে স্বীকৃতি দেওয়া হয়েছে সেখানে এই ৭টি

ভগিনী স্থানীয় উপভাষার মাতৃস্থানীয়া মূল 'কুড়মালি' ভাষাটি সরকারীভাবে আজও উপেক্ষিতই রয়ে গেছে কেন ? এই প্রশ্নটিরই বা সদুত্তর কোথায় পাওয়া যাবে।

কুড়মালি ভাষার ভৌগলিক পরিসীমা

সুপ্রাচীন কালাবধি রাঢ়ভূমিতে (বা বৃহত্তম ঝাড়খণ্ডে) কুড়মালি ভাষাটি বিভিন্ন রূপে প্রচলিত থাকলেও ভাষাটির ভৌগোলিক পরিসীমা যেমন আজও নির্ধারিত হয়নি তেমনি পশ্চিমবঙ্গেও এই ভাষাভাষী জনগণের বাসভূমির সুনির্দিষ্ট জরিপও (Dialect Geography) হয়নি। তবে বহুল প্রচলিত কুড়মালি লোকোক্তি –

' শিখ-শিখর-নাগপুর,
আধাআধি খড়গ্‌পুর।'
এবং -শিখ-শিখর নাগপুর
আঠারো পরগণা, খড়গপুর।

লোকোক্তি দুটি থেকে প্রচলিত কুড়মালি ভাষার প্রাচীন পরিসীমার যে পরিচয় পাওয়া যায় তা হল নিম্নরূপঃ–

১। শিখভূম (ময়ূরভঞ্জ),
২। শিখর ভূম
৩। নাগপুর বা নাগভূম
৪। খড়গপুরের প্রায় আধাআধি অঞ্চলের ১৮টি পরগণা।

প্রথমতঃ – 'শিখ' (অর্থাৎ ময়ূর) ভূমি, বা ময়ূরভঞ্জ।

প্রাচীন কালে এর নাম ছিল ভঞ্জভূম। এখানকার রাজপরিবারের সমস্ত প্রতীকেই 'ময়ূর' চিহ্ন থাকত বলে রাজ্যটিকে 'ময়ূরভঞ্জ' বলা হত। সেকালে ময়ূরভঞ্জের বিস্তৃতি নয়াবসান এলাকা, ঝাড়গ্রাম জেলা আদি ছিল। উড়িষ্যা রাজ্যে দেশীয় রাজ্যগুলির মধ্যে ময়ূরভঞ্জ ছিল বৃহত্তম। ইংরেজ আমলে আয়তন সঙ্কুচিত হয়ে গেলেও মোট এলাকা ছিল চার হাজার দুশো তেতাল্লিশ বর্গমাইল। উত্তরে মেদিনীপুর ও সিংভূম জেলা, পূর্বে মেদিনীপুর ও বালেশ্বর, দক্ষিণে বালেশ্বর জেলা ও নীলগিরি এবং কেওঞ্জর রাজ্য, পশ্চিমে কেওঞ্জর ও সিংভূম রাজ্য। শিলালেখে ভঞ্জ বংশের হদিশ পাওয়া যায় চার-পাঁচ শতকে। জনশ্রুতি অনুসারে ভঞ্জ বংশ 'ময়ূর' রাজ্য জয় করে নিলে 'ময়ূরভঞ্জ নাম ও রাজ্যের উদ্ভব হয়েছিল। ময়ূরভঞ্জের প্রতীক ছিল তাই ময়ূর।

বলা বাহুল্য এই ময়ূরভঞ্জ রাজ্যে কুড়মিরা আজও ঘনভাবে বসবাস করছেন।

দ্বিতীয়তঃ –শিখর বা শিখভূমঃ–

বর্তমান ধানবাদ জেলা এবং তারও পশ্চিমে সমেতশিখর বা পরেশনাথ পাহাড় পর্যন্ত এই শিখরভূম রাজ্য বিস্তৃত ছিল। এই সমেতশিখরের পূর্ব ও দক্ষিণে ছিল রাঢ়ের শিখরভূম রাজ্য। পরে রাজ্যটি ঝরিয়া, কাতরাস প্রভৃতি জনপদে বিভক্ত হয়ে যায়। মাহাতদের মধ্যে শিখর নামে একটি শাখাও আছে। একসময় শিখরভূমের ব্যাপ্তি ছিল বহুদূর জুড়ে। পরবর্তীকালে সঙ্কুচিত অঞ্চল হিসাবে শিখরভূম বর্ধমানের পশ্চিমদিকে দামোদর ও অজয়ের মধ্যবর্তী অঞ্চলে কোণাকুণিভাবে বিস্তীর্ণ ছিল। সম্ভবতঃ সাঁতুড়ি, নেতুড়িয়া, রঘুনাথপুর, পাড়া, কাশীপুর, পুরুলিয়া জেলার পশ্চিমাংশ নিয়ে গঠিত ছিল এই শিখরভূম। আকবরের সময় শেরগড় পরগণা প্রকৃতপক্ষে শিখরভূমকেই চিহ্নিত করত। এই শেরগড় পরগণা নিয়েই শিখরভূম রাজ্যের উদ্ভব ঘটেছিল (৯৬৬খ্রীষ্টাব্দ)।

এই শিখরভূম রাজ্যটি যে মোটামুটিভাবে মানভূম জেলারই অন্যতম প্রাচীন নাম সেকথাও বলাই বাহুল্য। আর এই অঞ্চলে কুড়মিদের বসবাস যে সুপ্রাচীনকালীন তাও সর্ব্ববাদী সম্মত।

তৃতীয়তঃ নাগপুর বা নাগভূমঃ—

রাঁচী জেলা ও তৎসংলগ্ন হাজারীবাগ এবং পালামৌ জেলা (পুরানো) অঞ্চলটি হল নাগপুর বা নাগভূম। এই অঞ্চলটি প্রকৃতপক্ষে ছোটনাগপুরের নাগবংশীয় রাজাদের প্রশাসন ক্ষেত্র। এই নাগপুর বা নাগভূম ছিল পুরুলিয়া জেলার পশ্চিমে অবস্থিত। এই নাগপুরেও কুড়মিরা বহুকালাবধী বসবাস করে আসছেন।

চতুর্থতঃ –আধাআধি খড়গপুর বা আঠারো পরগণা—

খড়গপুর অর্থাৎ মেদিনীপুরের পশ্চিমাঞ্চল জুড়ে হচ্ছে কুড়মি মাহাতোদের বসবাস অঞ্চলের পূর্ব সীমা। 'আঠারো পরগণা' বলতে বোঝানো হয়ে থাকে বাঁকুড়ার খাতড়া সাবডিভিশনের অন্তর্গত ভেলাইডিহা, ফুলকুসমা, রায়পুর, সুপুর, অম্বিকানগর, শিমলাপাল, কুইলাপাল, ছাতনা এই ৮টি পরগণা এবং ঝাড়গ্রাম সাবডিভিশনের ঝাঁটিবনী, জামবনী, খেলাড়, বলরামপুর, মল্লভূম, কল্যাণপুর, ভঞ্জভূঁই (শালবনী) ভাটভূঁই, রোহিনী, ধারেন্দা এই ১০টি পরগণা সমেত ১৮টি পরগণা। বাস্তবিক পক্ষে মেদিনীপুরের ঝাড়গ্রাম মহকুমার শাল-মহুয়ার সীমানা যেখানে, সমতল বাংলার সেখানে শেষ। এখান থেকে শুরু অরণ্য জীবনের আরণ্যক সংস্কৃতির। একদিকে সাঁওতাল, মুণ্ডা, খাড়িয়া, বীরহোড়, অন্যদিকে মাল, মাঝি, মাহাত, মাহালীর বিচিত্র জীবন ধারায় সমৃদ্ধ জনমন এই সংস্কৃতির ধারক।

বলা বাহুল্য, দীর্ঘকাল ধরে বৃহত্তর সাংস্কৃতিক পরিমণ্ডলের বাইরে থাকায়

এখানকার জনজীবনের একদা সুচিহ্নিত বৈশিষ্ট্যগুলি এখনো বহু পরিমাণে অবিকৃত রয়ে গেছে।

সত্যি কথা বলতে কি, সুপ্রাচীন কালেও যে রক্ত মৃত্তিকা সমাচ্ছন্ন প্রত্যন্ত এই অঞ্চলটি সভ্যতার সীমা বহির্ভূতই ছিল ইতিহাস পাঠেও তার প্রমাণ পাওয়া যায়।

এই ক্ষেত্রে উল্লেখ্য যে লোকোক্তি দুটিতে বর্ণিত শিখ (বা ময়ূরভঞ্জ) যেমন পশ্চিমবঙ্গের সীমানা বহির্ভূত উড়িষ্যার অন্তর্গত তেমনি 'নাগপুর' হল বর্তমান ঝাড়খণ্ড রাজ্যের অন্তর্ভূক্ত।

সহায়ক তথ্যাবলী

'প্রাক্- বৈদিক', 'প্রাক্ ঐতিহাসিক' ভাষা কুড়মালি ঃ—

Folk Lore -- Vol-26 Indian Publication, 1985, p-78 "It dates back to the origin of the Kurdmis"

Khudiram Mahato - Kudmali a Pre-Historic Language -(Ex. M.P., Advocate) Preface, 19/10/1987

সারহুল (ত্রৈমাসিক) কুড়মালি ভাষা এবং সাহিত্যঃ প্রফেসার এইচ. এন. সিং, জুলাই, ৮৪, পৃঃ-২৬

' এই জাতির প্রাক্ বৈদিক পরিচয়ের অকাট্য প্রমাণ সমূহ কুড়মালি ভাষায় বিদ্যমান।

সারহুল (ত্রৈমাসিক জুলাই অক্টোবর, ৮৫, পৃ-৩৯, ৪০, ৪১

The Kurmali Langauge, Origin , Identity and History: Prabhat Kumar sing. (Deptt. of Anthropology, Ranchi University Ranchi)

``Evidently, the Kurmali is the language of Kurmis, and therefore the Kurmali dates back to the origin of the Kurmis. It is as old as the Kurmis .... Dating back to the far. the Kurmali is a rich language with less contaminated words even today, which has passed from generation to generation.

ছোটনাগপুর -সাঁওতাল পরগণা কুর্মী মহাসভাঃ স্মারক পত্র – (সংগ্রহঃ প্রফেঃ এইচ. এন. সিংহঃ কুড়মালি বোলী মুহাবরেঁ আউর লোকোশক্তিয়াঁ, ১৯৭৮, পৃঃ ৬,৭)

Pre-Vedic identity of this community. Let us speak honestly and fearlessly erresepective of consequences.

'কুড়মি ভাষা' বা 'মাহাত ভাষা' ঃ–

বঙ্কিমচন্দ্র মাহাতঃ ঝাড়খণ্ডের লোক সাহিত্য ঃ প্রঃ প্রঃ ১৯৮৭, পৃ -২১-২২, এঁদের (কুড়মী মাহাত) নিজস্ব ভাষা কুর্মালি। (এঁদের ভাষা) বহিরাগত বহুজনের কাছে 'কুড়মী ভাষা' বা 'মাহাত ভাষা' নামে পরিচিত লাভ করেছে। কারণ কুড়মীরা 'কুড়মীর পরিবর্তে মাহাত নামেই সুপরিচিত।

মাহাতালী ভাষা ঃ– পুরুলিয়া উপজাতি ও লোক সংস্কৃতি চর্চা কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠান, ২৫ মে, ১৯৮৫ – এঁরা (মাহাত) কুরমালি মাহাতালী, বাংলা বলেন।

কুড়মিদের গোষ্ঠী-টোটেমঃ–

কুড়মি জনগোষ্ঠী মূলতঃ ৮১টি টোটেমিক গোষ্ঠীতে বিন্যস্ত।

PEOPLE OF INDIA : Vol 16, Part-2 2008, Kumar Suresh Sing, Anthropological Survey of India

"They have got eighty one or more totemic Banshas (lineage)

১. বহুল প্রচলিত কুড়মালি লোকোক্তি –

'টঁড় কুড়মি একাশী' অনুসারেও কুড়মিদের মূলতঃ ৮১টি গোষ্ঠীর কথা জানতে পারা যায়। তবে কোন কোনটির শাখা প্রশাখা নিয়ে এই সংখ্যা প্রায় শ-খানেক। উল্লেখ্য যে কুড়মালি 'টঁড়হা' শব্দটির অর্থ 'উদর'। আর টঁড়হা পূর্তিমূলক কৃষিকার্যের দ্বারা এঁরা নিজেদের সঙ্গে সঙ্গে অন্য পেশাজীবীদেরও টঁড়হা ভরানোর কাজে লিপ্ত থাকার জন্যই এঁরা টঁড় বলেও সুপরিচিত।

তরুণদেব ভট্টাচার্য ঃ পশ্চিমবঙ্গ দর্শন – ৩ পুরুলিয়া। (প্রঃ প্রঃ ১৯৮, পৃ- ২২২) ছোটনাগপুর ও উড়িষ্যার কুড়মিদের মধ্যে নানারকম টোটেম প্রচলিত। যথা শিকারী, মাকড়শা, চিল, ডুমুর, বুনোহাঁস, কচ্ছপ, পান, জাল, ঘাস, মহিষ ইত্যাদি।

বঙ্কিমচন্দ্র মাহাতঃ ঝাড়খণ্ডের লোকসাহিত্য প্রঃ প্রঃ ১৯৭৮ পৃ-২৫। পরিচিত কয়েকটি গোত্রের নাম হল – কাড়ওয়ার (মহিষ), কেশরিয়ার (কেশরঘাস), কুরুম (কচ্ছপ), বাঘবানয়ার (বাঘ), ছুঁচ মুতরুয়ার, (মাকড়শা), কুমরিয়ার (ডুমুর গাছ), হাঁসতোয়ার (হাঁস), আদি টোটেমজাত গোত্র।

Tribes and castes of Bengal - Vol-1, 1891, P-529 Risley

"However this may be the welpreserved totemism of the Kurmis of West Bengal (Chotonagpur and North of Orissa) stamps them as of Dravidian clases"

1. Ref : Do, P-530

"This section is use among Kurmis of Chotonagpur and Orissa are purely totemistic. In Bihar on the other hand the section names are titular.

Folk lore: Vol-26, 1986

"The Kurmis are totamic people

সারস্বল (ত্রৈমাসিক) ঃ (ফেব্রুয়ারী-১৯৮৫, পৃ-৩০)

'এদের এই টোটেম বিশ্বাস কোন জীব, পশু, পক্ষী, গাছ, পাতা, ফল, ফুল ইত্যাদির উপর নির্ভরশীল।

Legends of origin of the caste and tribes of Eastern India : G. K. Ghosh, Shukla Ghosh, 2006.

From the names of these Bansas we may say they might have been originated from totemic class with respective totems of verious , natural objects living or non-living or verious types or profession.

Hindu Exogamy : Shibram Vital Karan Dhikar, 1929

"Kurmis have clearly totemic section in Orissa and Chotanagpur.

সুসংহত জনগোষ্ঠী (Confederacy of the tribes) ঃ–

সারহুল (ত্রৈমাসিক)– (ফেব্রুয়ারী-৮৫, পৃঃ২৯, ৩০)

'গোষ্ঠীগুলির মিলিত সংগঠনকে একটি মানব গোষ্ঠী হিসেবে অভিহিত করা যায়। (Confederacy of the tribes)

বঙ্কিমচন্দ্র মাহাতঃ ঝাড়খণ্ডের লোকসাহিত্যঃপ্রঃ প্রঃ ১৯৭৮, পৃঃ-৩৩, ৩৪।

ঝাড়খণ্ডী জনতার (আদিবাসীদের বিভিন্ন গোষ্ঠীর লোকজন) যে সমাজ, তারচেয়ে নিঁখুত আদর্শ'সুসংহত সমাজ' আর কোথায় পাওয়া যাবে.... ? প্রাচীন সাম্যবাদী সমাজ ব্যবস্থার অবশেষে এখানে এইসব অঞ্চলে উপলব্ধি করা যায়। পরস্পরের প্রতি নির্ভরশীলতা এখনো ঝাড়খণ্ডের আদিবাসী সমাজে লক্ষ্য করা যায়।

পশুপতি প্রসাদ মাহাত ঃ ঝাড়খণ্ডের বিদ্রোহ ও জীবন, প্রঃ প্রঃ ১৯৮২

উঁচু-নীচু ভেদাভেদ পুষ্ট বিহারের ও উত্তর প্রদেশের কুর্মীদের মত ছোটনাপুর মালভূমির কুর্মীরা বিভিন্ন স্তরে বিভক্ত নয়।

মহাসাম্যবাদী উপাধী 'মাহাত' (headman of the village) ঃ–

বঙ্কিমচন্দ্র মাহাত ঃ ঝাড়খণ্ডের লোকসাহিত্য ঃ প্রঃ প্রঃ ১৯৭৮ পৃ–২৪

'কুর্মিদের সমাজ ব্যবস্থা এখনো অনেকাংশে আদিম কৌম ব্যবস্থার সাম্যবাদী চরিত্রকে অক্ষুন্ন রেখেছে। ভেদাভেদে অবিশ্বাসী সাম্যবাদী জীবন চর্যায় বিশ্বাসী কুর্মিরা তাই একই পদবী 'মাহাত' ব্যবহার করে থাকে।

ডঃ বিনয় মাহাত ঃ লোকায়ত ঝাড়খণ্ডঃ প্রঃ প্রঃ ১৯৮৪, পৃঃ-৩১

'সাঁওতালদের দলপতি যেমন মাঝি, ভূমিজদের দলপতি যেমন সর্দার, তেমনি কুর্মিদের মোড়লকেও বলাহত 'মাহাতো'

G.A. Grierson : Bihar Peasant life Calcutta-1885, P-- 530

'গ্রিয়ারসনের মতে মাহাত কোন বর্ণ-নির্ণায়ক উপাধি নয়, there is a kind of head tenant who act as an intermediary between the propirator and the cultivator. He collects the rents and receives in return some petty previliges and immunities. He is known generally as "Mahaton".

Shiva Tosh Das : Life style, Indian tribes : Locational practice: Vol-2, P-100.

The procedure for convening the meeting of the original ponchayat is that a person who wish to bring a case before the ponchayat informs the headman or the pradhan of the village.

Goutam Kumar Bera : The Unrest Axle : Ethno Social Movements in Eastern India. Page-105, 2008.
" Generally parganait (Head man of cluster of minimum 12 village) in the presence of other five or ten Mahatoo (Headman of the village) induces of fine and a feast with a he goat. which has to be arranged for them by the victim.....

শ্রীমতী রেখা সিংহঃ মানভূমের লোকসাহিত্য ও শব্দকোষ , প্রঃ প্রঃ ১৯৮৪, পৃঃ-১ (অধ্যক্ষা বঙ্গভাষা বিভাগ পাটনা উইমেনস্ কলেজ পাটনা)।
'কুর্মি শ্রেণীভুক্ত লোকেরা নিজেদের 'মাহাত' (<মহৎ) নামে পরিচয় দিয়ে থাকে।

ডঃ অখিলেশ্বর কুমার ও রঘুনন্দন কুমার ঃ প্রাচীন ভারত কা ইতিহাস , ৩য় সং-১৯৯৪, পৃ-২৬২, ২৬৩
'গুপ্তযুগের প্রথমদিকে দেশের অর্থব্যবস্থা কৃষিভিত্তিক থাকলেও কুমার, কামার, চামার, ধোবী, কাঁসারী, ছুতার, সোনার, মণিকার, জোলা, দর্জী, মহালী, ডোম প্রভৃতি বিভিন্ন পেশাজীবী লোকেরা নিজনিজ পেশানুসারে এক একটি জাতি বা সম্প্রদায়ের নামে পরিচিত লাভ করে'।
সেই সময় উত্তরাঞ্চলের গ্রামাঞ্চলে সর্দার ও মুখিয়াদের একটি শ্রেণীর উদ্ভব ঘটেছিল যাঁদের বলা হত 'মহত্তর'। কালক্রমে এঁরাও একটি জাতি বা সম্প্রদায়ে পরিণত হয়। আর এই 'মহত্তর' উপাধিটিই কালক্রমে 'মাহাত' হয়েছে তাও এই ক্ষেত্রে অনুমিত - 'মহত্তর' > মাহত্তঅ > মাহাত'

আশুতোষ ভট্টাচার্য্য ঃ বাংলার লোকসাহিত্য ঃ প্রঃ সং-৩য় খণ্ড, ১৯৬৫, পৃঃ ৯৯২,
এই অঞ্চলের লোকসাহিত্য ও সংস্কৃতি কুর্মি মাহাতোদের দ্বারাই নিয়ন্ত্রিত।

বঙ্কিমচন্দ্র মাহাত ঃ ঝাড়খণ্ডের লোক সাহিত্য ঃ প্রঃ প্রঃ ১৯৭৮, পৃঃ ২১, ২২ এঁদের সর্বগ্রামী ভাষা সংস্কৃতি ঝাড়খণ্ডে বসবাসকারী সমস্ত ঝাড়খণ্ডী উপভাষীদের প্রভাবিত করেছে।

Govinda Chandra Rath : Tribal development in India. The comtemporary de bate, p- 146
" Intellectuals, for instance traced the origin of Kurmali, one of the dominant Language of Jharkhand."

Lok Sabha Debetes : Part-2, Vol- 10 India Parliament, Lok Sabha, 1955.
" They have the social affinity with their respective counterparts in Bengal. It is said that the language of a very large section of people in Manbhum, it is Kurmali and it is the language of the Kurmis.

কুড়মালি ঠার (Kurmali Thar) G.A. Grierson Linguistic Survey of India Vol-5 Part-II, P- 147, 1968. In Manbhum and Kharsawan, this corrupt magahi is spoken principally by kurmis and is locally known as Kurmali thar. The word " Thar means' literally fashion. and the name means the Aryan

Language as spoken in the Kurmali fashion. অর্থাৎ 'ঠার' মানে 'ভাষা-ভঙ্গী' এবং কুড়মালি ঠারমানে 'কুড়মালিতে কথিত আর্যভাষা (মগহী)।

রাঢ়ী বোলী ঃ—

'রাঢ়দেশ' অর্থাৎ বাংলা দেশের অন্তর্গত গঙ্গার' পশ্চিমদিকস্থ সুবিস্তৃত ভূভাগ (এ. টি. দেব শব্দবোধ অভিধানঃ ১৩৭১ বঙ্গাব্দ, চতুর্থ সংস্করণ, - পৃঃ ১১৫৮)

ডঃ সুকুমার সেন ঃ ভাষার ইতিবৃত্তঃ ৬ষ্ঠ সং - ১৯৬২, পৃঃ ১৪৪

'এই রাঢ়ী বোলী বা কুড়মালিই পরবর্তীকালে ঝাড়খণ্ডী বাংলায় রূপান্তরিত হয়।

কুড়মি – মুণ্ডা সম্বন্ধ ঃ–

ড. বিনয় মাহাত ঃ (লোকায়ত ঝাড়খণ্ডঃ প্রঃ প্রঃ ১৯৮৪, পৃ - ৩৩, ৩৪)

'কুর্মী এবং মুণ্ডা ঝাড়খণ্ডের এই দুই গরিষ্ঠ সম্প্রদায়ের প্রথম সাক্ষাৎ যে সংঘাতের মধ্যেই সম্পন্ন হয়েছিল তার বহু প্রমাণ আজও ছড়িয়ে আছে ঝাড়খণ্ডের পথে প্রান্তরে। এই অঞ্চলের পূর্ববর্তী অধিবাসী মুণ্ডাদের কুর্মী সম্প্রদায় যদিও পরাজিত করেছিলেন তবুও তাঁদের মধ্যে বিজয়ী ও বিজিতের সম্পর্কের পরিবর্তে স্থাপিত হয়েছিল বন্ধুত্বের সম্পর্ক। নিজেদের এই অঞ্চলে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার জন্যে এই মিত্রতা স্থাপনের প্রয়োজনীয়তা ছিল। কুর্মী সম্প্রদায় বুঝেছিলেন মুণ্ডাদের সহযোগিতা ছাড়া এই অঞ্চলে তাঁদের পক্ষে নিরুপদ্রবে বসবাস সম্ভব নয়। কুর্মী সম্প্রদায় মুণ্ডাদের সাথে ঘনিষ্ঠভাবে বসবাস করেছেন দীর্ঘকাল। তাই কুর্মীদের জীবনাচরণে মুণ্ডা বা ভূমিজ সংমিশ্রণ অতিশয় স্পষ্ট। ঝাড়খণ্ড অঞ্চলে আগমনের পূর্ব থেকেই কুর্মী সম্প্রদায় সম্ভবতঃ কৃষিকাজকে অন্যতম জীবনোপায় হিসাবে গ্রহণ করেছিলেন। তাই কৃষিকর্মের সুষ্ঠু সম্পাদনে মুণ্ডাদের সহযোগীতা কুর্মী সম্প্রদায়ের পক্ষে অপরিহার্য ছিল।

E.T. Dalton : Descriptive Ethnology of Bengal : P-317

" There are tradition of struggle between them (Kurmis) and the Kolarian aborigins of these regions. and though the later generally managed to hold their own. We find in some places Kurmi village occupied by Bhumis or Mundas in other villages of ruined rude stone pillers or cenotophs still couspicous were once establised on sites.

The Tribal Culture of India, P- 31

"A few centuries later, the Oronans. A Dravidian tribe, came upon the stage and found their intrusive way into the jungle treas......According to local tradition , the Kurmis expelled the kols from the Purulia area with the lapse of time.

তরুণদেব ভট্টাচার্য ঃ পশ্চিমবঙ্গ দর্শন – ৩ পুরুলিয়া প্র) প্রঃ ১৯৮৬

'অনেকে মনে করেন ঝাড়খণ্ডের সমগ্র অঞ্চল জুড়ে একদা কুর্মালী ভাষা প্রচলিত ছিল। অঞ্চল ভেদে ভাষার রূপ বদলে গেলেও মূল কাঠামোটি চিনে

নিতে অসুবিধা ছিল না। মুণ্ডা গোষ্ঠীর মানুষেরা তাকে বলতেন 'সেদানী'। 'সেদানী' মুণ্ডা নন এমন গোষ্ঠী জোটের ভাষা। হাজারিবাগে নাম নাগপুরিয়া, রাঁচি, পাঁচ পরগণায় পাঁচ পরগণিয়া বিলাসপুরে ছত্রিশগড়ি, বস্তার জেলায় কুমালি প্রভৃতি সেদানী বা কুমালীর সঙ্গে বাংলা মিশে রাঢ়ী বোলীর সৃষ্টি হয়েছে। 'সিধা' – কুড়মালি 'সিধা' শব্দটি হল দ্ব্যর্থ ব্যঞ্জক।

প্রথমতঃ– কুড়মালি 'সিধা' শব্দটির বহুল প্রচলিত -অর্থ হল সহজ সরল। কুড়মীদের সহজাত স্বভাব হল সহজ 'সরল' বা 'সিধা-সাধা' সে কথা সর্বজনবিদিত।

দ্বিতীয়তঃ— কুড়মালি 'সিধা' শব্দটির অপর বিশিষ্ট অর্থ হল ' কাহারও ভোজনার্থ প্রদত্ত অরন্ধিত চাল, ডাল প্রভৃতি খাদ্যান্ন।'

(এ.টি.দেব, শব্দ বোধ অভিধান ঃ ১৩৭১ বঙ্গাব্দ, ৪র্থ, সংখ্যা, পৃ-১২৭)

বংশানুক্রমিক কৃষক ঃ–

এইক্ষেত্রে বাহুল্যবোধে বিস্তৃত আলোচনা না করে সংক্ষেপে বলতে বাধা নেই যে অন্ততঃপক্ষে ঝাড়খণ্ডী পরিজনের মধ্যে কুড়মী জনগোষ্ঠীটিই যে এতদঞ্চলের কৃষিসভ্যতা এবং সংস্কৃতির মূল উদ্ভাবক, ধারক ও বাহক সে কথা সর্ববাদীসম্মত।

পশুপতি প্রসাদ মাহাত ঃ ঝাড়খণ্ডের বিদ্রোহ ও জীবন ঃ- (প্রঃ প্রঃ ১৯৮২, পৃঃ-৫৯)।

'মাহাতরা জঙ্গল পরিষ্কার করে গ্রামের বসতি ও চাষাবাদ প্রথম শুরু করেন।'চাষী হিসাবে মাহাতদের প্রতিষ্ঠা তাদের পরিশ্রম ও দক্ষতার ফসল।'

ডঃ বিনয় মাহাত ঃ লোকায়ত ঝাড়খণ্ড ঃ প্রঃ প্রঃ ১৯৮৪, পৃঃ ৩৩

'ঝাড়খণ্ড অঞ্চলে আগমনের পূর্ব থেকেই কুর্মী সম্প্রদায় সম্ভবতঃ কৃষিকাজকে অন্যতম জীবনোপায় হিসাবে গ্রহণ করেছিলেন।..... অনুমান করা যেতে পারে ঝাড়খণ্ডের অরণ্যচারী ও পশুচারণজীবী গোষ্ঠীসমূহের বেশ কয়েকটি সাঁওতাল, মুণ্ডা প্রভৃতিরা কৃষিকর্মের বর্তমান পদ্ধতি শিখেছিলেন কুর্মী সম্প্রদায়েরই কাছ থেকে।

বঙ্কিমচন্দ্র মাহাত ঃ ঝাড়খণ্ডের লোকসাহিত্য ঃ প্রঃ প্রঃ ১৯৭৮, পৃ-২

'এখানে সন্দেহের কোন অবকাশ নেই যে মুণ্ডা এবং কুর্মিরা সমসাময়িক বললেই ঝাড়খণ্ডে উপনিবেশ স্থাপন করেছিল।.... মুণ্ডারা প্রধানতঃ ছোট নাগপুরের পার্বত্য অঞ্চলে তাদের বাসভূমি স্থাপন করে, কিন্তু কুর্মিরা দামোদর কংসাবতী এবং সুবর্ণরেখার তীরবর্তী উর্বর অঞ্চলগুলোতে বাস করতে শুরু করে। একে তো কুর্মিরা কৃষিকর্মে সুদক্ষ তার উপর উর্ব্বর জমি তাদের অধিগত তাই তাদের অর্থনৈতিক অবস্থা মুণ্ডাদের থেকে অনেক বেশী স্বচ্ছল ছিল।

বলাবাহুল্য ঝাড়খণ্ডের বহির্ভুত অঞ্চলে আর যাই হোক অন্ততঃ পক্ষে ঝাড়খণ্ডের কৃষিসভ্যতা সংস্কৃতির প্রতিষ্ঠাতা, ধারক ও বাহক যে কুড়মি জনগোষ্ঠীরই মানুষ তার অকাট্য প্রমাণ হল কৃষিকার্য সম্পর্কিত অজস্র শব্দের সবই হল কুড়মালি ভাষার শব্দ। কাড়া-আইঁড়া, দামড়া, বাঁধাড়, বরদ প্রভৃতি কৃষিকার্যের সহায়ক পশুধন, বাইদ-কনারি, বইহার, ডাঙ্গা, টাঁইড় প্রভৃতি জমির নাম, হার জোঁয়াইর, মই-রাক্‌সা-কুরহল, গাঁইত, কদাইর, চাবুক, পইনা, ডাং, ঠেঙ্গা, ঠুঠনা, সগড়, গাড়ি, ধান, রমা, বিরি, কুথি, মড়ুয়া, গুঁদলি প্রভৃতি সম্পর্কিত অজস্র শব্দ আছে সেগুলির কোনটিই সাঁওতালী, মুণ্ডারী প্রভৃতি অপর কোন ভাষারই নয়। সবই হচ্ছে কুড়মালি শব্দ। এমনকি এই সব শব্দের কোন সমার্থক শব্দও অন্যকোন ভাষাতে নেই। তাই নির্দ্বিধায় বলতে পারি যে ঝাড়খণ্ডে কৃষির প্রতিষ্ঠাতা হচ্ছেন কুড়মি জনগোষ্ঠীর মানুষ। যেমন একটি সাইকেল –এর কোন অংশেরই নাম ইংরাজী ভাষার শব্দ ছাড়া পাওয়া যায় না, যার মূল কারণই হল যেহেতু 'সাইকেল'টি ইংরাজী ভাষাভাষী মানুষের আবিস্কৃত জিনিস। তাই তাঁরা যে অংশের যেমন ইংরাজী নাম দিয়েছেন তাই চলে আসছে। অন্যভাষায় এগুলির সমার্থক শব্দও বিরল।

প্রসঙ্গতঃ বলা যায় যে, ঝাড়খণ্ডী মানসে কুড়মীজনগোষ্ঠী সম্পর্কিত একটি বহুল প্রচলিত লোক অভিধা হল 'ঢঁড়'। সুদূর অতীত কালাবধি ঝাড়খণ্ডী অপরাপর সম্প্রদায়ের লোক কুড়মি গোষ্ঠীর মানুষকে 'ঢঁড়- কুড়মি' বলেই যে অভিহিত করে আসছেন সে কথা বলাই বাহুল্য। আশ্চর্যের বিষয় কামার কুমোর, জোলা, তাঁতি, ধোপা প্রভৃতি নানান পেশাজীবী সম্প্রদায় বা জাতির লোক থাকলেও কেবলমাত্র কুড়মিদেরই কেন'ঢঁড়' বলে আসছেন। আজকাল সুসভ্য যুগেও তো এর কোন ব্যাতিক্রম দেখা যায় না। কারও কারও মতে'ঢঁড় বললে (কুড়মিরা) খুব রেগে যায়। শোনা যায়, ওরা ঢঁড় (ঢোঁড়া) সাপ খেত, এখন খায় না। তাই সে কথার উল্লেখ মাত্র রেগে যায়। (শ্রীমতী রেখা সিংহ, মানভূমের লোকসাহিত্য ও শব্দকোষঃ প্রঃ প্রঃ১৯৮৪, পৃঃ-৪৩।

আবার ঝাড়খণ্ডী লোক মানসে কুড়মিদের সম্পর্কিত উপরোক্ত 'ঢঁড়' (অর্থাৎ ঢঁড় কুড়মী) বিশেষণার্থক লোক অভিধাটি সম্পর্কে জনশ্রুতি প্রচলিত রয়েছে যে, কুড়মিরা হচ্ছেন নিতান্ত নিরীহ শান্ত প্রকৃতির মানুষ। এঁরা জীবনের প্রতিপদে ক্ষয় ক্ষতিকে'ধেৎ-ধেৎ' আদি বলে অবলীলায় অবহেলা করে থাকেন, মার খেলেও প্রতিপক্ষকে মারার চেষ্টা করা তো দূরের কথা পালিয়ে বাঁচার চেষ্টা করেন- যেন একেবারে নির্বীষ'ঢোঁড়া' সাপের মত এঁদের ব্যবহার হওয়ার সুবাদেই লোকে কুড়মিদের 'ঢঁড়' (বা 'ঢঁড় কুড়মী') বলে থাকেন।

এই ক্ষেত্রে বলা যায় যে এই জনশ্রুতিটি যে কুড়মি জনগোষ্ঠীর সহজাত স্বভাবের, জীবনের বিশিষ্ট বৈশিষ্ট্যের যে দ্যোতনা রয়েছে তা হুবুহু মনে নিলেও আমি একথা মানতে নারাজ যে এই কারণের জন্যই কুড়মিদিগকে 'ঢ়ঁড়' বলা হয়েছে। তাছাড়া প্রথমোক্ত ডঃ রেখাসিংহের মন্তব্য–কুড়মিরা একদা ঢোঁড়া সাপ খেতেন বলে এঁদের আজও 'ঢঁড়' বলা হয়, তা হল একেবারে ভুল এবং হাস্যকর। বলা বাহুল্য যেহেতু সবকিছুই শ্রুতি স্মৃতিবাহী রূপেই রয়ে গেছে বলে সস্তায় বাহবা পাওয়ার লোভ অনেকের মধ্যেই অধুনা দেখতে পাওয়া যাচ্ছে। কিন্তু সে যাই হোক কুড়মালি 'ঢ়ড়' শব্দটি হল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। আসলে 'ঢঁড়' শব্দটি এসেছে কুড়মালি 'ঢ়ড়হা' (অর্থাৎ পেট বা উদর) শব্দ হতে ঢঁড়হা > ঢঁড় (পেট)।

ইতিহাসের নজীর ধরে যতদূর জানতে পারা যায় তার অনুসারে বলতে পারি যে ঝাড়খণ্ডের কৃষিভিত্তিক অর্থনীতির তথা ব্যাপকার্থে কৃষিসভ্যতা সংস্কৃতির উদ্ভাবক, ধারক ও বাহক হচ্ছেন মূলতঃ এই কুড়মী জনগোষ্ঠীর মানুষ। সুদূর অতীতে আর্যরা যখন ছিলেন মূলতঃ নিছক পশুপালনজীবী, সাঁওতাল-মুণ্ডা-হো-খেড়িয়া প্রভৃতি অনার্য গোষ্ঠীর মানুষেরাও যখন ছিলেন মূলত আরন্যক শিকারজীবি, সেই সময়েই ঝাড়খণ্ডের কুড়মিরা কৃষিকাজকে পেশারূপে শিখে নিয়েছিলেন। এমনকি আজ থেকে প্রায় হাজার দেড়েক বছর আগে গুপ্ত আমলে যখন 'খাটালি কম' এমন পেশা ভিত্তিক কামার-কুম্হার জলহা-তাঁতী প্রভৃতি জাতির উদ্ভব হয়, সমাজে বিভিন্ন পেশা নিয়ে বিভিন্ন শ্রেণীর মানুষ কিছুটা সুখে জীবন যাপন করতে থাকেন, সেই সময়েও সংখ্যাগরিষ্ঠ কুড়মী জনগোষ্ঠীর মানুষেরা বন-জঙ্গল পরিষ্কার করে মাটি খুঁড়ে কৃষিযোগ্য 'খেত' (বহিআর, কনারি, বাদ-টাঁইড় (< টাড়) ডাঙ্গা (<ডঙ্গুয়া) তৈরী করে মাথার ঘাম পায়ে ফেলে কায়ক্লেশের দ্বারা চাষের কাজ করতেন। আর এমনিভাবে হাঁড় ভাঙ্গানি কৃষিকাজের দ্বারা কুড়মিরাই যেমন নিজেদের ঢ়ড়া বা ঢ়ড়হা (পেট) ভরানোর সঙ্গে সঙ্গে বিভিন্ন পেশাজীবীদের উৎপাদিত বস্তুর সঙ্গে খাদ্যান্নের বিনিময়ে অপরাপর পেশাজীবী লোকদেরও 'ঢ়ড়া' বা ঢঁড়হা' ভরার জন্য খাদ্যান্ন উৎপাদন করতেন বলেই কুড়মিদের পেশা সম্পর্কিত ঢঁড় লোকঅভিধানটির উদ্ভব সুদূর অতীতেই যে হয়ে গেছে সেকথা বলাই বাহুল্য।

আর এইভাবে ব্যবহারিক দিক দিয়ে নিঃসঙ্কোচে বলতে পারি যে কুড়মিদের 'ঢঁড়' (বা ঢঁড়) অভিধাটি 'ঢঁড়' সাপ খাওয়ার কারণে তো হয়ই নি এমন কি 'ঢঁড়' সাপের ন্যায় সহজ সরল স্বভাবের জন্যও হয়নি বরং এটি হল কুড়মিদের প্রাচীন মহত্ত্ব ব্যঞ্জক মূল কৃষিপেশাজীবী রূপে সত্যিকার লোক পরিচিতি (The word means the greatest agro - honoric primitive local title of the Kurdmi tribes)। বলা বাহুল্য এইভাবে 'ঢ়ড়-কুড়মি' লোক অভিধাটির তাৎপর্য

বুঝতে পারার পর থেকে আর যেমন মনে হীনমন্যতাবোধ হয়না তেমনি রাগও হয়না বরং পূর্বপুরুষদের মহান ঐতিহ্যকে 'মহান-জ-দড়'-র মায়াময় পরিবেশের সঙ্গে একাত্ম -একাকার দেখে বিস্মিত হয়ে পড়ি। প্রসঙ্গতঃ বলতে পারি 'মহান-জ-দড়' কথাটির প্রচলিত অর্থ যাই হোক না কেন কুড়মালিতে শব্দটির অর্থ হল 'জলাশয়ের পাশ্ববর্তী অঞ্চলে ঘন বসতি স্থাপন'। মাহান-জ-দড় এই স্থান নামটি উদ্ভব সম্পর্কে কুড়মালি ভাষার অনুসারে বলতে পারা যায় যে এটির উদ্ভব হয়েছে—

১। 'মাহান-জ-দড়' < মাহান-দ-জড়

২। এমাহান -জ-দড় <দ-মাহান-জড়।

আর এইভাবে বলা যায় কুড়মালি ভাষা অনুসারে শব্দটির ব্যাঞ্জনার্থ হল 'দহ' (হ্রদ) বা জলস্রোতের পার্শ্ব অবস্থিত প্রাকৃতিক জলাশয়ের সম্মুখস্থ স্থানে স্থাপিত জনবসতি। কারণ–

প্রথমতঃ 'মাহান' শব্দটির অর্থ হল – 'সম্মুখস্থ স্থান' মাহান < মুখ + কুড়মালি -অইনপ্রত্যয় > মুহাইন > মাহান।

দ্বিতীয়তঃ 'দ' < হ্রদ > হ্দ > দহ > দহ >দ অর্থাৎ প্রাকৃতিক সুবৃহৎ জলাশয় যার অবস্থান কোন জলস্রোতের তটভূমিতে।

তৃতীয়তঃ 'জড়' < জট > জড় অর্থাৎ 'সমবেত হওয়া' বা 'একত্রিত অবস্থান করা'। আবার ঠিক একইভাবে বলা যায় 'লোহূম-জ-দড়' স্থান নামটিরও প্রচলিত অর্থ যাই হোক না কেন কুড়মালি ভাষার অনুসারে শব্দটির অর্থ হল–

'লহ' বা রক্তের মতো লাল রঙের জলাশয়ের পার্শ্ববর্তী স্থানের ঘনবসতি। লহু+অম্বু-দ-জড়> লহম্বু-দ-জড়> লহুম-দ-জড়।

বলা বাহুল্য, সিন্ধু সভ্যতার মানুষেরা যেমন নদী অববাহিকায় বসতি স্থাপন করেছিলেন, ঝাড়খণ্ডের কুড়মি মানুষদের মধ্যেও সেই প্রবণতারই বংশানুক্রমিক হুবহু ধারাবাহিকতা দেখতে পাওয়া যায়। ঝাড়খণ্ডের কুড়মিরাও কৃষিকার্যের সুবিধার জন্য দামোদর -কংসাবতী -সুবর্ণরেখা প্রভৃতি নদীর অববাহিকা অঞ্চলে ঘনভাবে আজও বসবাস করে আসছেন। একটি বহুল প্রচলিত কুড়মালি লোকোক্তি থেকেও এই মন্তব্যটির সমর্থন পাওয়া যায়।

'যঁদেঁ যঁদেঁ পানিক সত,
তঁদেঁ তঁদেঁ কুড়মিক জট।'

অর্থাৎ যেদিকে যেদিকে জলস্রোত রয়েছে সেদিকে সেদিকে কুড়মিরা 'জট' বাধেন বা ব্যাপকার্থে বসতি স্থাপন করেন। এই ক্ষেত্রে বলা যায় যে, 'মাহান-দ-জড়' 'লোহুম-দ-জড়' স্থান নামগুলির মধ্যে ব্যবহৃত শব্দগুলির সঙ্গে কুড়মালি ভাষা শব্দের কোন পার্থক্য দেখা যায় না।

সদরী কোলঃ–

G.A. Grierson : Linguistic Survey of India. Vol-5 Part-II, P-146 "The same dialect (Kurmali) is spoken by aborigines in the Chhottisgarh Feudatory states of Bamra, where it is known as sadri Kol".
অর্থাৎ গ্রিয়ার্সনের মন্তব্য থেকে জানতে পারা যায় যে ছত্রিশগড়ের সামন্ততান্ত্রিক রাজ্যে কুড়মালি ভাষাটি অন্যান্য আদিম জনজাতির লোকেরও কথ্যভাষা হিসাবে সেকালে প্রচলিত ছিল এবং জনসাধারণ এই ভাষাটিকে 'সদরী কোল' বলেও অভিহিত করতেন।

খোট্টা কুড়মালী ঃ–

শ্রীমতী রেখা সিংহঃ মানভূমের লোকসাহিত্য ও শব্দকোষঃ প্রঃ প্রঃ ১৯৮৪, পৃঃ ১৩৮। 'খোট্টা-বি (১) কুড়মালি ভাষার অপর নাম (২) বাঙ্গালী ধরণ ধারণের থেকে কিছু ভিন্ন, কুর্মালীভাষী বিহার প্রদেশবাসীদের বোঝাতে এই শব্দটি ব্যবহার করা হয়, (কটু), তু. হি. খট্টা।' এইভাবে স্বাভাবিকভাবেই বলতে পারা যায় যে অন্যান্য ভাষাভাষীদের নিকট কুড়মালি ভাষাটি বলতে ও শুনতে (to speak and to listen) 'কটু' অর্থাৎ অপ্রীতিকর - দুরুচার্য ও শ্রুতিকটু লাগত বলে কুড়মালিকে তারা খোট্টা বলতেন বলেই আমার অনুমান।

ক্ষুদিরাম মাহাতঃ কুর্মালী ভাখিক ইতিহাস, রূপ চিসঃ প্রঃ প্রঃ ১৯৮২ (সাবিত্রী প্রেস পুরুলিয়া)

'খোট্টা সাড়াক মানে ঢের মেয়লা (too dirty)। ভাষারাজ বিস্তারকারীরা কুরম মানুষগোষ্ঠীকে অকর কুর্মালী ভাখি মানে ঘৃণা আনেলায় আর চাহে হিন্দী কি বাংলাক আপন কেরিলেয়েলায়েঃ ই ভাখিক 'খোট্টা' নাম দেহহাথিক। সাচা কইহতে, 'খোট্টা' কইহতে, 'খোট্টা' কেহি কন ভাখি নেখেক।' অর্থাৎ 'খোট্টা' শব্দের অর্থ অত্যধিক অপরিষ্কার (too dirty)। ভাষারাজ্য বিস্তারকারীরা কুরম মানুষগোষ্ঠীর মধ্যে নিজের কুড়মালি ভাষার প্রতি ঘৃণা (অবহেলা) আনয়নের জন্য, অথবা কুড়মালি ভাষাটিকে হিন্দী বা বাংলার মধ্যে আত্মসাৎ করে নেওয়ার নিমিত্ত এই ভাষাটি 'খোট্টা' নাম দিয়েছেন। সত্য কথা বলতে কি 'খোট্টা' বলতে কোন (স্বতন্ত্র) ভাষা নেই।'

আসলে 'খোট্টা' বা খোর্টা হল কুড়মালি ভাষার সঙ্গে বাংলা-মগহী-ভোজপুরী-মৈথিলী ভাষার মিশ্রণজাত কুড়মালির একটি বিভাষা মাত্র এবং এই ভাষাটির বিচার বিশ্লেষণ করলে মূল কুড়মালি ভাষার স্বরূপটিকে চিনে নিতে কোন অসুবিধা হয়না।

G.A. Grierson : Linguistic Survey of India Vol-5, Part-II, 1968, P-147 " (Kurmali) is also known as Kortha, or in the north-west of Manbhum as Khatta, or, in the west of the same district, as Khattahi. It is spoken all over the

district but most generally in the west and south-west. It is, in Manbhum, written in the Bengali Character, and this has led to its having been described by same as a dialect of that language.

অর্থাৎ মানভূম জেলার উত্তর-পশ্চিম, দক্ষিণ তথা পশ্চিমাংশের যে সব অঞ্চলে বাংলা ভোজপুরী মগহী-মৈথিলী ভাষা- ভাষী মানুষ বিশেষতঃ ব্রিটিশ - আমলে জীবিকা নির্বাহের জন্য কয়লাখনির কাজে, রেললাইনের কাজে ইংরাজদের প্রশাসনিক কাজের সহযোগী হিসাবে কুঠি অফিস -আদালতে যোগদান করে যাঁরা এখানে স্থায়ীরূপে বসবাস করেছেন তাঁরা সবাই এখানকার লোকভাষা কুড়মালিতেই নিজ নিজ ভাষার শব্দ মিশিয়ে কষ্টে-সৃষ্টে দৈনন্দিন হাট বাজারের কাজ চালাতে বাধ্য ছিলেন। তারই ফলে মূল কুড়মালি ভাষাটি থেকে উদ্ভূত হয় 'খোট্টা বা 'খোর্ঠা' বিভাষাটির।

আর মানভূমে যেহেতু কুড়মালি ভাষা লেখা হত বিশেষতঃ বাংলা হরফে তাই বাঙালী এটিকে বাংলা ভাষার উপভাষা বলেও দাবী করতে যে শুরু করেন বহুকাল আগেথেকেই তাও গ্রিয়ার্সনের কথা থেকে জানতে পারা যায়। পরবর্তীকালে বাঙালীদের এই দাবী তীব্রতর হয়ে ১লা নভেম্বর ১৯৫৬ খ্রীষ্টাব্দে মানভূমের দ্বিখণ্ডীকরণের মধ্যে চূড়ান্তরূপ লাভ করে সে কথা অন্ততঃ পক্ষে কুড়মালি ভাষাভাষীপ্রিয় মানুষ মাত্রেই 'হাড়ে হাড়ে' বুঝতে পারেন সে কথা বলাই বাহুল্য।

শ্রীমতী রেখা সিংহ ঃ মানভূমের লোক সাহিত্য ও শব্দকোষ। প্রঃ প্রঃ ১৯৮৪, পৃঃ প্রাককথন।

'ধানবাদ অঞ্চলের 'খোট্টা কুর্মালী' তে এত অধিক বাংলা প্রভাবিত যে এটিকে মানভূমির উপভাষা হিসেবে ধরা যেতে পারে।'

কথাটি হল, কুড়মালি ভাষা সম্পর্কে একেবারে যে অনভিজ্ঞতার পরিচায়ক তথা একদেশদর্শিতা দোষে দুষ্ট সে কথা বলতে কোন বাধা নেই।

তরুণদেব ভট্টাচার্য্যঃ পশ্চিমবঙ্গ দর্শন ও পুরুলিয়াঃ প্রঃপ্রঃ ১৯৮৬, পৃঃ -২৭৯।

'মানভূম জেলার বৃহত্তম অংশে বাংলার সঙ্গে প্রচলিত ছিল খোট্টা বা বিমিশ্র বাংলা। তাকে কুর্মালীও বলা হত। কখনো সে ভাষা লেখা হত বাংলা অক্ষরে, কখনও কৈথি বর্ণমালায়, কখনও ওড়িয়া লিপিতে।

বলা বাহুল্য তরুণদেব ভট্টাচার্যের এই মতটিও কুড়মালী ভাষা সম্পর্কে তাঁর অনভিজ্ঞতারই পরিচায়ক। ❑

কুড়মালি ভাষা
উৎপত্তি, পরিচিতি ও ইতিহাস
অধ্যাপক প্রভাত কুমার সিংহ

এটা সবসময়েই দেখতে পাওয়া যায় যে, যে কোন বিষয়ের উৎস সম্পর্কে জানার জন্যে মানুষের অন্তরে আছে অদম্য কৌতুহল এবং জানার আগ্রহ,তা' সেটা বিশ্বের, বা জীবনের, বা মানুষের বা ভাষার ক্ষেত্রে যাই হোক না কেন। অত্যুন্নত জীবন হিসাবে আমরা এটা ভেবে নিতে পারি যে মানুষের ভাষা যুগ যুগ ধরে একটা বিবর্তনের ধারায় বয়ে চলেছে। সেই পরিবর্তনের পদ্ধতি,- যথাযথ ভাবে উন্মোচিত করে, শৃঙ্খলে বিন্যস্ত করতে পারলে অধুনা বিবর্তিত ভাষা সমূহের আদিরূপের পরিচয় আমরা জানতে পারি, সেই ভাষার রীতি এবং প্রকৃতি।

বস্তুতঃ, প্রাগৌতিহাসিক যুগে এমন একটা সময় ছিল যখন আদৌ কোন ভাষা ছিল না। পৃথিবীর অধুনা ব্যবহৃত ভাষা সমূহ কোন একটি ভাষা থেকে বা একাধিক মূল ভাষা থেকে উদ্ভুত হয়েছে-তা' এখনো সঠিক ভাবে নির্নীত হয় নি।

অতীতের আঁধারেঃ

কখন থেকে ভাষা প্রচলিত হল ? ভাষার উদ্ভব সম্পর্কে কিছু বলতে বা প্রতিপন্ন করতে গেলে অবশ্যই মানুষের জীবাশ্ম সমেত নৃতাত্ত্বিক সাম্যের উপর নির্ভর করতে হবে।

শুরু করতে হবে, অন্ততঃ পাঁচ হাজার বছর আগে থেকে যখন নিকট প্রাচ্যে নগর রাষ্ট্র সমূহ বিদ্যমান ছিল। সেই সময় লিখন পদ্ধতি প্রচলিত ছিল তার সাক্ষ্যও পাওয়া যায়, কাজেই তখন ভাষাও প্রচলিত ছিল। যদি ধরে নেওয়া যায়- মাটির পাত্র যারা তৈরী করত, তাদের ভাষা ছিল, তাহলে আমরা আরও অতীতে ফিরে যেতে পারি। আবার দশ হাজার বছরেরও অধিক পুরানো মাটির পাত্র জাপানে পাওয়া গেছে। কুড়ি হাজার বছরের আগে চিত্রিত পোড়ামাটির কাজ তৈরি হতো, তার শিল্পীরা সম্ভবতঃ কথা বলতো। প্রায় ত্রিশ হাজার বছর আগেকার মানুষের অস্থির উপর লিখিত চিত্র আনুবীক্ষণিক বিশ্লেষণে গ্রো-ম্যাগনান মানুষের চান্দ্র ক্যালেণ্ডার বলে মন্তব্য করা হয়েছে। এই আবিস্কারের পিছনে ত্রুটিমুক্ত বৈজ্ঞানিক কাজের মজার গল্পের কথা জানা যায় যা ভাষার উদ্ভবকে নব্য প্রস্তর যুগের সমসাময়িক করে তোলে।

গ্রো-ম্যাগনান গুহাচিত্রে বামহাতের রেখাচিত্র আছে। তাতে বোঝা যায় তারা ডানহাতের ব্যবহার বেশি করত। এতে বাম অঙ্গের তথা মস্তিস্কের নিস্ক্রিয়তা সূচিত করে এবং সেটাই পরে কথা বলার ব্যাপারে বিশিষ্ট স্নায়বিক তৎপরতা সৃষ্টি করে।

ইউরোপে গ্রো-ম্যাগনান মানুষের আর্বিভাব হয়েছিল প্রায় চল্লিশ হাজার বছর আগে। সেই সুদূরকাল থেকে ভাষা সৃষ্টি হয়েছে বলে বেশির ভাগ নৃ-বিজ্ঞানী মনে করেন। কিছুসংখ্যক নৃ-বিজ্ঞানী মনে করেন যে নিয়াণ্ডারথ্যাল মানুষেরা কথা বলতে পারতো। তার কিছু কিছু সাক্ষ্য তারা পেয়েছেন।

নিয়াণ্ডারথ্যাল মানুষের আর্বিভাব হয়েছিল এখন থেকে লক্ষ বছরেরও আগে। গ্রো-ম্যাগনান মানুষের আবির্ভাবে তারা বিলুপ্ত হয়েছিল। নিয়াণ্ডারথ্যাল মানুষের আগে ছিল, 'পাইথেক্যাস্থানপাস মানুষ, এখন যাদের 'হোমো ইরেক্টস' নামে অভিহিত করা হয়, তারা এসেছিল দশ লক্ষ বছর আগে। তারা প্রথমে আফ্রিকা, পরে দক্ষিন এশিয়ার উষ্ণ অঞ্চলে ছড়িয়ে পড়েছিল। তাদের জীবনধারা নিয়ন্ত্রিত ছিল, তারা অধিক সংখ্যায় হাতি শিকার করত এবং সম্ভবতঃ তারা ভাষার ব্যবহার জানত।

ভাষার প্রথম প্রচলন কোথায় ?

চল্লিশ হাজার বছর আগেও আমেরিকাতে মানুষের অনুপ্রবেশ ঘটেনি। কিছু কিছু গবেষকের মতে মানুষ আমেরিকায় প্রবেশ করেছে পনের হাজার বছর আগে বা তার কাছাকাছি সময়। ভাষার প্রথম উৎপত্তি আমেরিকাতে হয়নি। বিভিন্ন স্থানে প্রাপ্ত মানুষের জীবাশ্ম থেকে প্রাচীন মানুষের বসতি-বিস্তারের একটা সুন্দর চিত্র পাওয়া যায়। তাতে যে ভৌগলিক চিত্রটি পাওয়া যায় তাতে প্রথমে উল্লেখ্য পূর্ব আফ্রিকা ও উত্তর পশ্চিম ভারত (রামপিথেকাস), তারপরে দক্ষিণ আফ্রিকা এবং জাবা (অরট্র্যালো পিথেকাস), এবং আরও পরে ইউরোপের আটলাণ্টিক উপকূল এবং আফ্রিকা ও চীন দেশে (ইরেকটাক, নীয়াণ্ডার-থ্যাল) এবং শেষে পৃথিবীর বাকী অংশে মনুষ্য বসতি বিস্তৃত হয়। এখানে আমরা কুড়মালি ভাষার উৎপত্তি, ইতিহাস ও সাহিত্য প্রকৃতি বিষয়ে সার্বিক আলোচনা করবো।

বর্তমানের আলোয়ঃ-

এ সম্পর্কে প্রশ্ন ওঠে যে,

১) কুড়মালি কি একটি ভাষা ?২) কুড়মালির উৎপত্তি কোথা থেকে ? ৩) কারা এবং কোথায় এই ভাষায় কথা বলে ? ৪) ভাষা গোষ্ঠীর কোন শ্রেণীভুক্ত ?৫) এই ভাষার কোন সাহিত্য আছে কি ?

নিঃসন্দেহে বলা যায়, কুড়মালি কুর্মিদের ভাষা। কাজেই এই ভাষা কুর্মিজাতির উদ্ভব সমসাময়িক। কুর্মি' শব্দ থেকেই 'কুড়মি' শব্দের উৎপত্তি। এটা খুবই সম্ভব যে মানুষ যখন যুথবদ্ধ পৃথক পৃথক গোষ্ঠী জীবন যাপন করতো, তখন এই ভাষার রূপটাও ছিল ভিন্ন ভিন্ন রকমের। বর্তমানে এই ভাষার সঙ্গে

প্রতিবেশী ভিন্ন জাতীর মানুষের ভাষা ও সংস্কৃতির মিশ্রণ ঘটেছে। এখন এ ভাষা কেবলমাত্র কুর্মিদের ভাষা নয়, পাশাপাশি বহুমানুষ এই ভাষায় কথা বলেন।

মিঃ ডাল্ টন ছোটনাগপুরের কুড়মিদের বিহারের ইন্দো-আর্য শ্রেণী কুড়মিদের সমগোত্রীয় মনে করেন। বাংলার বিবরণীমূলক নৃ-বিজ্ঞানী তাদের ইন্দো- আর্য সদৃশ্য মনে করেছেন। পরবর্তী কালের লেখক মিঃ রিজ্‌লের লেখায় তাদের বেঁটে কালো এবং বিহারের কুড়মিদের থেকে সম্পূর্ণ পৃথক বলে বর্ণনা করেছেন। তিনি তাদের দ্রাবিড় বংশোদ্ভুত মনে করেন এবং তা করার পিছনে নৃ-তাত্ত্বিক দিক থেকে এই যুক্তি দেখান যে সাঁওতালদের সঙ্গে তারা বংশানুক্রমিকভাবে বাস করছে। তাদের সঙ্গে পার্থক্য সামান্যই। পরবর্তীকালে গ্রীয়ারসন এ অভিমত সমর্থন এবং দৃঢ় করেন। তিনি তাদের নিশ্চিতভাবে দ্রাবিড় বর্গের বলে মনে করেন এবং তাদের নিজস্ব ভাষাও ছিল। তাদের সেই ভাষা বাংলা এবং পূর্বী-মগহি বিকৃত রূপ তথা কুড়মালিতে পরিবর্তিত হয়েছে, তার সঙ্গে মিশেছে প্রচুর বাংলা শব্দ। কুড়মালির পৃথক অস্তিত্ব স্বীকৃত হলেও বাংলা, উড়িয়া মগহী প্রভৃতি ভাষা কুড়মালিকে নিজ নিজ উপভাষা বলে দাবী করে থাকে।

মিঃ কুপল্যাণ্ডের ১৯১১ খ্রীষ্টাব্দের লেখায় রিজলে এবং গ্রীয়ার্সন সাহেবের অভিমতের পৃষ্ঠপোষকতায় করা হয়েছে এবং অনেকেই এই মত গ্রহণ করেছেন যে, বিহারের কুড়মিদের পৃথক বৈশিষ্ট আছে। ছোটনাগপুরের কুড়মিরা 'র' এর কোমল উচ্চারণ ব্যবহার করেন, কিন্তু বিহারের কুড়মিরা 'র' এর রূঢ় উচ্চারণ করেন-যা সংক্ষিপ্ত 'ড়' এর অনুরূপ। রিজলের এই মত সম্পূর্ণ যুক্তি সঙ্গত যে, এই অঞ্চলের সাঁওতাল, ভূমিজ, ও মাহাতোদের মধ্যে খুব সামান্য পার্থক্যই পরিলক্ষিত হয়। মিঃ রিজলে কর্ত্তৃক পঞ্জীকৃত পুরাকথা থেকে জানা যায় যে সাঁওতালেরা মাহাতোদের বৈমাত্রের ভাই বলে মনে করে এবং অদ্যাবধি এই রীতি প্রচলিত দেখা যায় যে, সাঁওতালেরা হিন্দু বা অপর জাতির খাদ্য গ্রহণে অনিচ্ছুক কিন্তু কুর্মি-মাহাতোর তৈরী খাদ্য তারা স্বেচ্ছায় গ্রহণ করে।

কুড়মিদের গোষ্ঠী -উপাধি 'টোটেমিক' এবং সাঁওতালদের হেমরম, হাঁসদার অনুরূপ। কুড়মি সমেত অনেক প্রাচীন জাতি গোষ্ঠীর সাধারণ গোষ্ঠী উপাধি 'নাগ'। রিজলের মতে সাঁওতালেরা জাতিতে 'দ্রাবিড়িয়' ভাষায় 'কোলহারীয়'। কুড়মি ভাষাতে প্রচুর কোলহারীয় অষ্ট্রিক এবং দ্রাবিড় শব্দ আছে। এটা খুবই স্বাভাবিক। পণ্ডিতের মতে, কুড়মালি দ্রাবিড় গোষ্ঠীর ভাষা। ইন্দো-আর্য ভাষার শব্দও কুড়মালিতে আছে। এটা খুবই স্বাভাবিক যে বিভিন্ন ভাষাভাষীদের মধ্যে কোন যোগাযোগের ভাষা ছিল না। কিছু পণ্ডিত ব্যক্তি অগভীর দর্শনে এটা ইন্দো আর্য বিবাদের মধ্যেই সীমিত রাখতে চান। কিন্তু

প্রকৃতপক্ষে কুড়মালি ভাষার শব্দ ভাণ্ডার খুবই সমৃদ্ধ এবং এই ভাষাটা স্বাধীন। কেবলমাত্র আভিধানিক পরিসংখ্যান ও ভাষাতাত্ত্বিক বিশ্লেষণই এই ভাষার বর্গীকরণ সমস্যার সমাধান করতে পারে।

কুড়মালি ভাষা ঃ তার বয়স

'কুড়মালি' ভাষা সন্দেহাতীতভাবে কুর্মিদের। কুড়মিজাতি যখন কথা বলতে শিখছে তখন থেকেই এই ভাষার উদ্ভব। সুদূর অতীতকাল থেকে অদ্যাবধি 'কুড়মালি' একটি সমৃদ্ধ ভাষা। বংশ পরম্পরায় এর বিকৃতি ঘটেছে সামান্যই।

সাহিত্যের সূচনা-

কুড়মিদের বাস বিহারের ছোটনাগপুরের অংশবিশেষ এবং পশ্চিম বাংলা ও উড়িষ্যা রাজ্যসমূহের তৎসংলগ্ন অঞ্চলে। এই ভূখণ্ডে আমরা বৌদ্ধ স্থাপত্য এবং শিলালিপির নিদর্শন পাই। যথা পুরুলিয়া জেলার বুধপুর এবং পাকবিড়রা ও সিংভূম জেলার ইচাগড়ে। এ ব্যাপারে পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী কর্তৃক নেপাল থেকে সংগৃহীত 'বৌদ্ধগান ও দোঁহা' বা চর্যাপদের নামোল্লেখ আমরা করতে পারি। বৌদ্ধ সহজিয়াগণ কুড়মিদের মধ্যে বৌদ্ধধর্ম প্রচারের জন্য এ গান রচনা করেছিলেন। এ গুলিকে জনপ্রিয় করার জন্য তাঁরা কুড়মিদের অষ্টিক ভাষা মিশ্রিত কুড়মালি ভাষা ব্যবহার করেছিলেন। এমনকি আজকের দিনেও বৌদ্ধ গান ও দোঁহা বা চর্যাপদের ভাষা সভ্য দুনিয়া থেকে বহুদূরে অবস্থিত গ্রামের অশিক্ষিত কুড়মিরা সহজেই বুঝতে পারেন। এতদসত্ত্বেও বাঙালী পণ্ডিতেরা একে বাঙালা কবিতার আদিরূপ বলেছেন। অন্যেরা এই ভাষা বুঝতে পারেন না। অনেক পণ্ডিতের মতে এটা সন্ধ্যা বা সান্ধ্য ভাষায় লিখিত। পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রীর মতে, সান্ধ্য-ভাষা আলো আঁধারী ভাষা, কতক বুঝা যায়' কতক যায়না। স্বর্গীয় হাজারি প্রসাদ দ্বিবেদী লিখেছিলেন যে, সান্ধ্য ভাষা সন্ধি প্রদেশের ভাষা বিহারের পূর্বাংশ এবং পশ্চিম বাংলার পশ্চিমাংশ যার অন্তর্গত। এই অঞ্চলটি কুড়মালি ভাষা ও কুড়মালি সংস্কৃতির দেশ। চর্যাপদ এবং বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণ কীর্ত্তনের ভাষা এখনো এই অঞ্চলে প্রচলিত, যা অন্য ভাষাভাষীদের কাছে দুর্বোধ্য।

আবার এ অঞ্চলে খৃষ্টধর্ম প্রচারকরা, কুড়মালি ভাষা ও সংস্কৃতির প্রসারেও সহায়তা করেছিলেন। কুড়মিদের মধ্যে তারা কুড়মালি ভাষারও প্রসার ঘটিয়েছিলেন। ঐ সময় পবিত্র বাইবেল গ্রন্থ কুড়মালি ভাষায় অনুদিত হয়েছিল।

কুড়মি বুদ্ধিজীবিরা, তখন থেকেই তাদের মাতৃভাষার কথা ভেবে থাকবেন। কিন্তু তাঁদের দারিদ্র সাহিত্য সৃষ্টির পথে বাধা হয়ে দাঁড়ায়। যাই হোক বর্তমান শতাব্দীর চল্লিশের দশকের শেষ পাদ থেকে বসন্ত কুমার মেহতা কুড়মালিতে

লিখতে শুরু করেন। শুধু তাই নয়, তখন তিনি ''কুড়মালি বাঁচাও'' ''মাতৃভাষা বাঁচাও'' এই শ্লোগান তোলেন। কিন্তু তাঁর খসড়া রচনা এখনও মুদ্রণের অপেক্ষায় দিন গুনছে। অবশ্যই তাঁর অনুপ্রেরণা বিফলে যায়নি। শ্রীমেহেতোর জ্ঞাতি ভ্রাতা দিদঁলি, তামাড়, রাঁচীর রাজেন্দ্রপ্রসাদ রাঁচি বাংলা প্রেস থেকে ১৯৫৩ খৃষ্টাব্দে 'কপিলা মঙ্গল' নামে একটি কবিতার বই প্রকাশ করেন। এটি কুড়মালি ভাষায় প্রকাশিত প্রথম বই। এরপর দীর্ঘকাল কোন বই বেরোয়নি কিন্তু কুড়মালি সংস্কৃতিকে রক্ষা করার চেষ্টা করা হয়। প্রতিক্রিয়াশীল শক্তিগুলির সঙ্গে সংগ্রামের কথা চিন্তা করতে শুরু করেন- বুদ্ধিজীবিরা। যা কুড়মালি ভাষা পণ্ডিতদের দৃষ্টি আকর্ষণ করে। ডঃ এন, কে, সিং কুড়মালি ভাষা বিষয়ে গভীর অধ্যয়ণ করেন। ধী-সম্পন্ন লেখকেরা বিভিন্ন পত্র পত্রিকায় লিখতে শুরু করেন। বেশ কিছু লেখা বেরোয় 'শালগ্রাম' এবং 'ঝাড়খণ্ড বার্তা' পত্রিকায়। রাঁচি বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক ও আদিবাসী ভাষা বিভাগ থেকে প্রকাশিত 'বিভাগ পরিচয় (১৯৮২) পুস্তিকায় লেখা হয়, 'লক্ষীকান্ত মাহাত এবং বসন্ত কুমার মেহেতা কর্তৃক 'শালপত্রে' লিখিত প্রবন্ধগুলি কুড়মালি ভাষার পরিচয় প্রতিফলিত করেছে।'' ক্রমশঃ আন্দোলনে গতি সঞ্চারিত হতে থাকে । ছাত্র এবং বুদ্ধিজীবিদের পুনঃ পুনঃ আবেদন নিবেদনে রাঁচি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই ভাষায় পঠন পাঠনের স্বীকৃতি দেন। ১৯৮১তে আঞ্চলিক ও আদিবাসী ভাষা সমূহের স্নাতকোত্তর বিভাগ সাতটি বর্ণাঢ্য ভাষা নিয়ে গঠিত হয়, যার মধ্যে 'কুড়মালি' একটি । বিজ্ঞ সুধীবর্গ আর একবার আশার আলোয় অধিকতর উদ্দীপিত হয়ে ওঠেন।

প্রকাশিত গ্রন্থ সমূহ-

বিশ্ববিদ্যালয়ের সকল শ্রেণীর জন্যে পাঠ্যসূচী প্রণীত হয়েছে। কতিপয় গ্রন্থকার পাঠ্যগ্রন্থ প্রকাশ করেছেন। কিছু বই প্রকাশের অপেক্ষায় যন্ত্রস্থ আছে। অদ্যাবধি (১৯৮৩) প্রকাশিত বই এর তালিকা নিম্নরূপ-

১) কুড়মালি ভাষাতত্ত্ব (১৯৭৩)- ক্ষুদিরাম মাহাতো

২) কুড়মালি বোলি কে মুহবরে এবং লোককীর্তন -এইচ, এন, সিং কুড়মালি ভাষা পরিষদ, রাঁচি (১৯৭৮)

৩) পথে চলা লেহ নমস্কার- অধ্যাপক এন, কে, সিংহ। ৪) কুড়মালি ব্যাকরণ (১৯৮১) -শ্যামসুন্দর মাহাতো 'শামদা'।

৫) ফুরুং - কেশব চন্দ্র মাহাতো (১৯৮২)। ৬) কুড়মালি কেহনী জুড়তি (১৯৮৩) চন্দ্রমোহন মাহাতো।

৭) সপন-ভাপন (১৯৮৩) অনন্ত মাহাতো । ৮) কেরিয়া বহু (১৯৮৩) কালিপদ মাহাতো। ৯) কুড়মালি ভাখিক ইতিহাস (১৯৮২) ক্ষুদিরাম মাহাতো । গদ্য পদ্য জুড়তি - ডঃ শশীভূষণ মাহাতো ইত্যাদি। ❑

প্রাক-বৈদিক যুগে কুরুম দেশটি কুরুম মানব গোষ্ঠীর আদি বাসভূমি ছিল। তাহারা যে ভাষায় কথা বলিত তাহার মাধ্যমে মনের ভাব বিনিময় এবং সংস্কৃতি চর্চা করিত, সেই মাধ্যমকেও কুরুমালি বলা হইত। বিশেষজ্ঞদের মতে, প্রাচীনকালে কুরুমালি ছিল অত্যন্ত সমৃদ্ধিশালী ভাষা। যাহার নিজস্ব লিপি, বর্ণমালা এবং লিখিত সাহিত্য ছিল। যাহা সংস্কৃত হইতেও প্রাচীন। তাঁহাদের মতে, আর্য আক্রমণের প্রচণ্ডতায় সিন্ধুসভ্যতা যখন ধ্বংসপ্রাপ্ত হয় এবং কালক্রমে বিলুপ্ত হয় তখন আর্যেরা সিন্ধু তীরবর্তী এবং সংলগ্ন এলাকার মানবগোষ্ঠীর ভাষা-সংস্কৃতি এবং সেই সঙ্গে কুরুমালি ভাষায় লিখিত গ্রন্থাদি ও নথিপত্র নষ্ট করে দেয়। ধীরে ধীরে সংস্কৃত ভাষাকে তাহার স্থলাভিষিক্ত করে। কিন্তু কথ্য ভাষাটি ইহাদের মুখে মুখে প্রচলিত ছিল বলিয়াই আজও এই অঞ্চলে তাহার বিবর্তিত অবশেষটুকু রহিয়া গিয়েছে। স্বাধীনতা প্রাপ্তির পর ইহার নতুন চর্চা আরম্ভ হইয়াছে।

কুরুমগোষ্ঠীভুক্ত বাকি শাখাগুলি যাহারা ধীরে ধীরে আর্য এবং আরও বিভিন্ন প্রভাবশালী ভাষাগোষ্ঠীর সান্নিধ্যে আসে; আর্থ-সামাজিক ক্ষেত্রে তাহাদের বশ্যতা স্বীকার করিয়া চলে, তাহারা গর-আর্য গোষ্ঠীগত ভাষা বিস্মৃত হয়। কোন কোন ক্ষেত্রে কথ্যভাষার কিছু কিছু অংশ এবং পূজা-পার্বণের কতকাংশ রক্ষা করিয়া চলে মাত্র। প্রশ্ন ওঠে, তবে কুড়মিরাই বা তাহাদের ভাষা কুড়মালির (আঞ্চলিক ভৌগোলিক নামের) স্বাতন্ত্র্য বজায় রাখিল কি করিয়া ? ইহার সম্ভাব্য উত্তরে বলা যাইতে পারে, যে সিন্ধু উপত্যকা হইতে স্থানান্তরিত হইতে যথেষ্ট সময়ের ব্যবধান লক্ষিত হইলেও কতকটা সোজা পথে অস্ট্রিক জাতিগুলির সঙ্গে ইহারা প্রাচীন ঝাড়খণ্ডে প্রবেশ করে। তখন আপন আপন ভাষার নামেই প্রতিবেশী গোষ্ঠীগুলি পরিচিতি ছিল। কুড়মিরাও আপন গোষ্ঠীগত নামের সহতি ভাষার নামকে ভুলিয়া যায় নাই। তখনও এই অঞ্চলে আর্য বা ব্রাহ্মণ্যধর্মালম্বী কোন গোষ্ঠীর আর্বিভাব ঘটে নাই। ভাষা-সংস্কৃতি নিয়ন্ত্রণের পূর্ণ স্বাধীনতা ইহাদের ছিল। সুতরাং সেই যুগ হইতে কুড়মালি নামটি আজও অম্লান রহিয়াছে।

প্রবাহমান এই ভাষার গতিপথ নির্ণয় করিতে যাইয়া অনেকে মারাঠী ভাষার সঙ্গে ইহার যোগসুত্র লক্ষ্য করেন। ছত্রপতি শিবাজীর জন্মগ্রাম শিবনেরি এবং তাহার পার্শ্ববর্তী এলাকার কথ্যভাষাও অনেকটা কুড়মালির অনুরূপ। মধ্যপ্রদেশের বঙ্গু আদিম গোষ্ঠীর ভাষার সহিতও ইহার মিল পাওয়া যায়।

অনেকে মগাহির সহিত কুড়মালির কিছু মিল লক্ষ্য করেন। বলিয়া

থাকেন ঝাড়খণ্ডের কুড়মিরা মগধ হইতে আসিয়াছেন। কিন্তু মগধের কুরমিদের ভাষাকে কুড়মালি বলা হয়না, মগাহি বলা হয়। অপরদিকে ঝাড়খণ্ডের কুড়মিরা যদি মগধ হইতেই আসিয়া থাকেন তাহা হইলে ইহাদের ভাষাকেও মগাহি না বলিয়া কুড়মালি বলা হয় কেন ? ইহাতেই মনে হয় ঝাড়খণ্ডের কুড়মিরা মগধ হইতে আসে নাই এবং ইহাদের মাতৃভাষাও মগাহি নহে। আসলে কুরমিদের একাংশ যাহারা কুরুমদেশ হইতে স্থানান্তরিত হইয়া আর্য প্রভাবিত এলাকায় বসবাস করে, তাহারা অনাদিকাল গোষ্ঠীগত ভাষা-বৈশিষ্ট্য বজায় রাখিতে পারে না। তাহাদের ভাষা সেখানের সাধারণ ভাষার একাঙ্গীভূত হইয়া যায়। এই অঙ্গীভূত ভাষারই কিছু কিছু কুরুমালি অংশ ঝাড়খণ্ডের কুড়মালির সঙ্গে সঙ্গে কতকটা মিলন রক্ষা করিয়া চলিতেছে। শুধু ভাষাই নয়, পূজা-পার্বণের মধ্যেও অল্প-বিস্তর মিলন আজও ধরা পড়ে। বলাবাহুল্য, বর্তমান অস্ট্রীক গোষ্ঠীর ভাষা সমূহও যেমন তাহাদের আদিভাষা নহে, কুড়মালিও তদ্রুপ চলার পথে দুইপাশ হইতে উপাদান পুষ্ট একটি ভাষা। সব ভাষার ইতিহাসেই এই পরিবর্তনের পদ্ধতি স্বীকার করে।

ভাষাতত্ত্ববিদ স্য'র জর্জ গ্রীয়ারসন তাঁহার লিঙ্গুইস্টিক সার্ভে অব ইণ্ডিয়ার' (Linguistic Survey of India) ৫ (খ) অধ্যায়ে লিখিয়াছেন—

" যেহেতু ছোটনাগপুরের কুড়মিরা দ্রাবিড় গোষ্ঠীর আদিম জাতি, এই গোষ্ঠীকে বিহারের কুরমি জাতি হইতে স্বতন্ত্রভাবে দেখান যাইতে পারে। কারণ, তাহারা কুরমি শব্দটি ড় দ্বারা উচ্চারণ না করিয়া ভিন্নভাবের দ্বারা উচ্চারণ করে, এই দুই সম্পূর্ণ ভিন্ন গোষ্ঠীর মানুষকে লোকগণনার একত্রিতভাবে দেখান হইয়াছে। ইহাদের অনেকেই সাধারণভাবে তাহাদের নিজস্ব কুড়মালি ভাষায় কথা বলিয়া থাকে, যদিও মানভুমে এই ভাষা একমাত্র কুড়মিদের মধ্যেই সীমাবদ্ধ নহে, পরন্তু অন্য গোষ্ঠীর মানুষও এই ভাষাতেই কথা বলিয়া থাকে। বামরা ষ্টেটে যেক্ষেত্রে এই ভাষা সন্দেহাতীতভাবে আদিম জাতিদের ভাষা সেখানে ইহা সাদরীকোল নামে অভিহিত। ইহা মগহি প্রাকৃত ভাষা কিন্তু মগহি এই অঞ্চলের কোন এলাকার ভাষা নয়। মালপাহাড়ী যেক্ষেত্রে বাংলার অপভ্রংশ এবং যাহা মালপাহাড়ী নামধারী উপজাতিদের ভাষা, অনিবার্যভাবেই কুড়মালিও একটি উপজাতীয় ভাষা। ড় দ্বারা উচ্চারিত কুড়মি শব্দের ব্যাপারে সরকারী অধিকর্তাদের নিকট হইতে জানা যায়, এই তারতম্য এখনও চলিয়া আসিতেছে। ইহার মধ্যে বাস্তবভিত্তিক তাৎপর্য নিহিত থাকিতে পারে, কিন্তু মনে রাখিতে হইবে যে ছোটনাগপুরে ড় উচ্চারণের সাধারণ প্রবনতা পরিবেশ সাপেক্ষ। 'ড়' প্রযুক্ত কুড়মি শব্দটি ঝাড়খণ্ডের ভৌগলিক এবং স্বতঃস্ফূর্ত উচ্চারণ প্রসুত। সেই ভিত্তিতেই এই এলাকায় জনপ্রিয়তা অর্জন করিয়াছে। যেমন করিয়াছে,

কুরুম, কুরমি, কুনবি, কানবি, কুরবি, কাপু, কুলওয়াদি প্রভৃতি আপন আপন এলাকায় এই জনপ্রিয়তা এবং ইহাদের আপন উচ্চারণ প্রবণতার ভিত্তিতেই, প্রাচীন সরকারী দলিল-দস্তাবেজ , আদি-অধ্যায়ে অর্থাৎ সমাজ- সংস্কার আন্দোলনের প্রাক্কালে ইহাদিগকে আর্যধর্মী এবং বিহারীকরণের প্রচেষ্টার সময় বিহার এবং উত্তরভারতীয় কুরমি নেতাদের প্রভাবধীন পড়িয়া ১৯৩১ খৃঃ অব্দের আদমসুমারির নথীতে শুধু কুরমিই নয় ,কুরমি-ক্ষত্রিয় রূপে চিহ্নিত করা হয়। সেই সময় হইতে কুড়মি শব্দটি সরকারীভাবে নবকলেবর প্রাপ্ত হইয়া কুরমিতে রূপান্তরিত হয় , কিন্তু সাধারণভাবে ইহারা আপন বৈশিষ্ট্যপূর্ণ কুড়মি নামেই পরিচিত হইতে থাকে । ইহাদের ভাষা কুড়মালি । এই ভাষার অন্যতম বৈশিষ্ট্যের মধ্যে ক্রিয়া নিষ্পন্ন ধারা । ইহাতে যেমন বাংলার 'ছি' 'ছ' নাই, সেইরূপ হিন্দীর 'হে' 'মেঁ' ও নাই ।

আপন ভাষায় ইহাদের লিখিত সাহিত্য না থাকায় এবং পঠন-পাঠনের কোন গ্রন্থ না থাকায় পরবর্তীকালে বাংলা , বিহার , উড়িষ্যার সীমান্তবর্তী কুড়মালি ভাষা-ভাষীরা বাংলা , হিন্দি এবং উড়িয়ার মাধ্যমেই নিজেদের ভাষা বজায় রাখে । ফলে কুড়মালি ভাষা তিনভাগে বিভক্ত হইয়া যায় । আপন ভাষাকে শুধু কথ্যভাষার পর্যায়ে সীমাবদ্ধ রাখিয়া ইহার অবলুপ্তির পথকে প্রশস্ত করিয়া চলে ।

ঝাড়খণ্ড ছাড়া ভারতের আর কোন স্থানের কুরুমিদের ভাষাকে কুড়মালি বলা হয় না, অন্যকোন আঞ্চলিক নামে নামকরণ করা হয় । আমাদের বিশ্বাস , ভাষার নামে স্থানীয় বৈশিষ্ট্যপূর্ণ কুড়মালি শব্দটি অব্যাহত থাকিলেই ঐ নামের বৈশিষ্ট্য, ঐতিহ্য এবং ঐতিহাসিকতাও অক্ষুন্ন থাকে । যে ক্ষেত্রে র , ড় এবং ণ প্রযুক্ত শব্দের অর্থকে অভিন্ন ধরা হয় , সে ক্ষেত্রে কুড়মি নামধারী মানুষের ভাষাকে কুড়মালি বলাটাও অযৌক্তিক নয় ।

লক্ষণীয় , বামরা স্টেটের উপজাতিদের ভাষা এবং কুড়মালির মধ্যে কোন পার্থক্য নাই । দীর্ঘকাল পরস্পর পরস্পরের সান্নিধ্যে না থাকিলে উভয় গোষ্ঠীরই মাতৃভাষা এক হয় কি করিয়া ?। বলিলে বোধহয় ভুল হইবে না যে বামরা স্টেটের উপজাতিরা মগধ হইতে আসে নাই । সুতরাং যাহারা বলেন, কুড়মিরা মগধ হইতে ঝাড়খণ্ডে আসিয়াছেন ; তাহারা উপরোক্ত তথ্য বিবেচনা করিয়া দেখিবেন । আগেই বলা হইয়াছে মধ্যভারতের পথ ধরিয়া ইহারা ঝাড়খণ্ডে প্রবেশ করে এবং ঐ অঞ্চলের ছত্রিশগড়ী ভাষাভাষী মানবগোষ্ঠীর সঙ্গেও কিছুদিন একত্রিত জীবনযাপন করে । ফলে উভয় গোষ্ঠীর সাংস্কৃতিক, সামাজিক এবং ভাষিক যোগসুত্র গড়িয়া ওঠে । ভাষার মিল প্রসঙ্গে একটি উদাহরণ উল্লেখ করা যাইতে পারে , – কুড়মালির নিজাম , বা নিখামের ছত্রিশগড়ী পরিভাষা হইল, নিজাহুঁ, বা নিখাহু প্রভৃতি ।

মনে হয় অস্ট্রীক গোষ্ঠীর মানুষ অর্থাৎ, – কোল, ভীল, সাঁওতাল ; মুণ্ডা, হো প্রভৃতি যেমন একভাষা-গোষ্ঠীর মানুষ সেইরূপ কুড়মালি, খোট্টা, নাগপুরিয়া ; পাঁচপরগনিয়া, সাদান ছত্রিশগড়ী, বুন্দেলখণ্ডী প্রভৃতি ভূমধ্যসাগরীয় গোষ্ঠীগুলিও একটি স্বতন্ত্র ভাষাগোষ্ঠীর মানুষ। পরবর্তীকালে বিভিন্ন লিখিত সাহিত্যের দ্বারা প্রভাবিত হইয়া এক একটি স্বতন্ত্র গোষ্ঠী স্বতন্ত্র ভাষার সৃষ্টি করিয়াছে।

কুড়মালি ভাষার বিস্তৃতির কথায় শ্রীক্ষুদিরাম মাহাত তাঁহার 'কুড়মালি ভাষাতত্ত্বে' লিখিয়াছেন,—

"মুণ্ডারী ভাষাগোষ্ঠী বাদ দিলে ঝাড়খণ্ড ছোটনাগপুর অঞ্চলের ইহাই ব্যাপক ভাষা। বহু পূর্বে খৃষ্টান মিশনারীগণ এই ভাষায় খৃষ্টিয় ধর্মগ্রন্থ (New Testament) অনুবাদ করেন।"

" পূর্বতন মানভূম, রাঁচী হাজারিবাগ, পালামৌ ও সিংভুম জেলার বহু অঞ্চলে এবং পূর্বতন সরাইকেল্লা, খরসোঁয়া, কেঁওঝর, ময়ুরভঞ্জ, বোনাই, বামরা , সুরগুজা প্রভৃতি রাজ্যগুলির বহু অঞ্চলের অমুণ্ডারী গোষ্ঠী জনগণের কথ্যভাষা কুর্মালি বলিয়া পরিচিত এবং তাহা অদ্যাপি বর্তমান রহিয়াছে। এমন কি এতদ্ সংলগ্ন মধ্যপ্রদেশের ছত্রিশগড় এলাকার গ্রাম্য কৃষিজীবী সম্প্রদায়ের যে কথ্যভাষা ছত্রিশগড়ী বলিয়া পরিচিত তাহাকেও কুর্মালির অংশবিশেষ বলা যাইতে পারে।"
"

পূর্বেই বলিয়াছি বিবর্তনের মুখে সংস্কৃতির তুলনায় ভাষা অনেক কম সময়ের মধ্যেই ভিন্নরূপ পরিগ্রহ করে। যে ভাষার লিখিত কোন সাহিত্য নাই, ব্যাকরণের কোন বন্ধন নাই, শব্দকোষ সংরক্ষণের কোন অভিধান নাই, পঠন-পাঠনের ব্যবস্থা নাই, সেই ভাষার অবক্ষয় স্বাভাবিক। এই অবক্ষয়ের হাত হইতে কুড়মালিও রেহাই পায় নাই। কারণ কুড়মালিরও উপরোক্ত সাহিত্যিক বন্ধন ছিল না, এখনও নাই। সুতরাং বহুকাল ঝাড়খণ্ডের পাহাড় এবং অরণ্যবেষ্টিত প্রাকৃতিক গণ্ডীর মধ্যে থাকিয়া কুড়মালিভাষীরা আপন ভাষা সংস্কৃতির মাধ্যমেই নিজেদের মধ্যে ভাব এবং ভাষা বিনিময়ের তথা সংস্কৃতি চর্চার স্বাধীনতাকে রক্ষা করিয়া চলে। কিন্তু ইহাদের এই নিজস্বতার উপর চিড় ধরাইয়া ইহাদের উপর আধিপত্য বিস্তারের জন্য উন্নত সাহিত্যিক গোষ্ঠীর মানুষ আগাইয়া আসে। ইহাদের শোষন ও শাসন করিতেন আপন আপন ভাষা প্রসারের উদ্দেশ্যে। ইহার ফলে স্থানীয় কুড়মিরা শিক্ষা-দীক্ষায় উন্নত হওয়ার অবলম্বন পাইল বটে, কিন্তু সেইজন্য ইহাদিগকে যথেষ্ট মূল্যও দিতে হইয়াছে। কুড়মিদের কুড়মালি মেরুদণ্ডহীন হইয়া পড়িয়াছে। ক্ষুদ্র ক্ষুদ্র গোষ্ঠী বিস্মৃত হইয়াছে তাহাদের মাতৃভাষা। ভুমিজ, খাড়িয়া, পাহাড়ীয়া, ভুঞ্জা, শরাক, মাল, লোধা শ্রেণীর ভাষা এখন যেমন তাহাদের গোষ্ঠীগত ভাষা নয়, অনুরূপভাবেই

দেশওয়ালী মাঝিদের ভাষাও সাঁওতালি নয়; কয়েকপুরুষ আগে যদিও তাহাই ছিল।

কুড়মালির পট পরিবর্তনের পশ্চাতে এই এলাকার ঐতিহাসিক পটপরিবর্তন বিশেষভাবে দায়ী। ইংরাজ আমলের পূর্ব ঝাড়খণ্ড অঞ্চলটি বহিরাঞ্চলীয় কোন রাজা বাদশাহের অধীনে ছিল না, স্থানীয় রাজাদের দ্বারাই শাসিত হইত। ঐতিহাসিকদের মতে, ইহাদের মধ্যে অনেকেই এখানের মুলবাসীদের সঙ্গে রক্তের সম্বন্ধে জড়িত ছিলেন। তখন লোকভাষা এবং লোকসাহিত্যের অবাধ চর্চা ও অনুশীলন এবং প্রসারের কোন বাধা ছিল না। বরং রাজা, মহারাজাদের পৃষ্ঠপোষকতার দরজা ছিল খোলা। ইংরাজ আমলে এই এলাকাবাসীর উপর শাসনতান্ত্রিক, সাংস্কৃতিক, সামাজিক, অর্থনৈতিক চাপ পড়ে। ভাষা অবক্ষয়ের পালাও সুরু হয়। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর যুগে ঝাড়খণ্ড অঞ্চলটি ও বাংলা–বিহার উড়িষ্যার শাসনতান্ত্রিক এলাকার অন্তর্ভুক্ত হয়। উন্নত তথা ব্রিটিশ শাসনের মেরুদণ্ড বহিরাগত শ্রেণীর মানুষের প্রভাবাধীনে আসে। সেই যুগেই বাংলা, হিন্দী, উড়িয়া, প্রভৃতি ভাষাগুলি ইংরাজীর সঙ্গে সঙ্গে পঠন-পাঠনের ভাষা হিসাবেও স্বীকৃত পায় এবং এই এলাকার কুড়মিরাও ঐ ভাষা বিশেষ করিয়া বাংলা ভাষাকে পাঠ্যভাষা হিসাবে গ্রহন করে। তাহা ছাড়া শাসনকার্যের সুবিধার জন্য এই এলাকাতেও যখন থানা, কোর্ট-কাছারি, রেজিস্ট্রী অফিস, ব্যবসা-বাণিজ্য, পাঠশালা তথা রাজস্ব আদায়ের জন্য বুদ্ধিজীবিদের নিয়োগ আরম্ভ হয় তখন ঐ ভিনভাষী উচ্চশিক্ষিত ব্যক্তিরা বিভিন্নপদে অধিষ্ঠিত হইয়া এই এলাকার সর্বত্র ছাড়াইয়া পড়েন। তখন তাঁহাদের দ্বারা এই অঞ্চলবাসী নিয়ন্ত্রিত হইতে থাকে। আর যোগাযোগের ভাষা হিসাবে স্বীকৃত হয় স্থানীয় শাসনকর্তাদের ভাষা। কিন্তু রামায়ণ, মহাভারত, গীতা, মনসামঙ্গল, সারাবলী প্রভৃতি ধর্মগ্রন্থ অধ্যয়ন তথা পঞ্জিকা, খনার বচন প্রভৃতি হইতে আরম্ভ করিয়া বাংলা ভাষায় রচিত গীতা, ঝুমুর, ঢুয়াগান এবং আরও পরবর্তীকালে টুসু ভাদু প্রভৃতিও ঐ ভাষাগুলির মাধ্যমেই পরিবেশিত হইতে থাকে। বহিরাগতদের সঙ্গে বাক্যলাপের কালে কুড়মিরা কুড়মালিমিশ্রিত ভাঙ্গা ভাঙ্গা বাংলা এবং ভৌগোলিক উচ্চারণ প্রবণতা প্রসুত ভাষা ব্যবহার করে। ঐরূপ উচ্চারণ প্রবণতা, আপন ব্যবহারিক লোকসাহিত্যের শব্দকোষ ঝাড়খণ্ডী বাংলার পত্তন করিয়াছে। কুড়মালির যে অংশটি কুড়মালিই রহিয়া গেল, তাহা নিতান্তই কথ্যভাষা। নিজেদের মধ্যে কুড়মালি কথ্যভাষার ব্যবহার ইহারা ছাড়ে নাই। ঝাড়খণ্ডের পূর্ব এবং দক্ষিণ সীমান্তে অনেকে যাহারা কুড়মালিকে কথ্যভাষা হিসাবে ব্যবহার করে নাই অথবা কালক্রমে স্মৃতিবিচ্যুৎ হয়; তাহারা সমপরিণামগ্রস্ত ভূমিজশ্রেণীর মত এই বিবর্তিত ভাষার অন্তর্ভুক্ত হইয়া পড়ে।

কুড়মিদের একাংশের ন্যায় ভূমিজ, ভূঞা, সাঁওতাল, লোধা, রাজোয়াড় প্রভৃতি সম্প্রদায়গুলিও আপন ভাষা ভুলিয়া তথাকথিত ঝাড়খণ্ডী বাংলার সামিল হইয়া পড়ে। বহিরাগতদের যাহারা স্থায়ীভাবে এখানে বসবাস করিতে থাকে ইহাদের সংস্পর্শে আসিয়া তাহারাও আপন ভাষা ও সমাজজীবনের বিবর্তনের মধ্যে পড়ে। তাহাদের ভাষা সাধারণের কথাভাষার অঙ্গীভূত না হইলেও কতকটা তাহার কাছাকাছি হইয়া পড়ে । ইহা বুঝিয়া স্মরণে রাখিয়া ইহা হইবে যে যেকোন মানবগোষ্ঠীর প্রাচীন স্বত্তা নির্ণয়ের পক্ষে সেই গোষ্ঠীর ভাষাও একটি উল্লেখযোগ্য বিষয়। ভাষা পরিবর্তিত হইলেও পরিবর্তিত ভাষার মধ্যে সেই মানবগোষ্ঠীর প্রাচীন কথ্য ভাষার ছাপ প্রভুত পরিমাণে থাকিয়া যায়। সেজন্যই উপরোক্ত গোষ্ঠীগুলি তাহাদের মাতৃভাষা হারাইলেও চলতিভাষার মধ্যে তাহাদের আদিভাষার শব্দসম্ভার অনেকটাই জিয়াইয়া রাখিয়াছেন, অনুরূপভাবেই ঝাড়খণ্ড সীমান্তবর্তী ঝাড়খণ্ডী বাংলার মধ্যেও এই জাতির বিবর্তন পূর্ব কুড়মালি ভুমজালির মুণ্ডারী শব্দ সম্ভার ব্যাকরণ-বিধি এবং সাহিত্যিক বিশেষত্বের নিদর্শ অপরিবর্তিত থাকিয়া গিয়াছে। উল্লেখযোগ্য যে পরিবর্তন ঘটিয়াছে তাহাকে উচ্চারণের খানিকটা ক্রিয়াগত এবং প্রত্যয়গত হেরফের বলা যাইতে পারে। বাকী অংশ কুড়মালি ভূমজালির নিয়ন্ত্রণেই রহিয়াছে, দৈনন্দিন জীবনের প্রতি পদক্ষেপে ঐগুলির ব্যবহার চলিয়া আসিতেছে। কিন্তু বর্তমানে ঔপনিবেশবাদী ভাষাসমূহ ঐ শব্দগুলিকে আপন আপন ভাষার মধ্যে গ্রহন করিয়া ঐগুলিকে আপন ভাষার অর্ন্তভুক্ত করার প্রচেষ্টা চালাইতেছে । তাহার ফলে কুড়মালিভাষীরা তদীয় সাহিত্য সৃষ্টির কাজে আপন ভাষার নিজস্ব শব্দ ব্যবহার করিতে গিয়া নিঃস্ব বোধ করিতেছে। ঠিকমত বুঝিয়া উঠিতে পারিতেছে না কোনটা মৌল কুড়মালি, আর কোনটা মিশ্র।

আপন ভাষার চরিত্র খোয়াইয়া ঝাড়খণ্ডী মানবগোষ্ঠী পূর্ব ও দক্ষিণ ঝাড়খণ্ড সীমান্তে একটি স্বতন্ত্র ভাষা ও সাহিত্যের রূপদান করিতে পারিয়াছে। ইহার সঙ্গে তাহাদের সাংস্কৃতিক ভাবধারাও একাত্ম হইয়া পড়িয়াছে। বিশেষজ্ঞ এবং ভাষাতত্ববিদরা সেই ভাষা সম্বন্ধে নানা মত ব্যাক্ত করিয়া থাকেন। কিছু উদাহরণ তুলিয়া ধরি, সীমান্তবর্তী বাংলাভাষার সংস্পর্শে আসিয়া এবং পাঠ্যভাষারূপে গ্রহন করিয়া বিবর্তনের মুখে এই ভাষারও বাক্য নিষ্পন্ন হয় কোন কোন ক্ষেত্রে বাংলা ক্রিয়ার মাধ্যমে। সেইজন্যই ভাষাবিদ ডঃ সুকুমার সেন মহাশয় বলিয়াছেন, বাংলাভাষার চারটি উপভাষা। ১। কামরূপ ২) বঙ্গ ৩) বাহে এবং ৪) রাঢ়ী। এই চারটি উপভাষার ন্যায় এই ভাষাকে ঝাড়খণ্ডী বাংলা বলিয়া উল্লেখ করিয়াছেন। ঝাড়খণ্ডী বাংলাকে তিনি বাংলা ভাষারই অন্যতম একটি উপভাষা হিসাবে চিত্রিত করিতে প্রয়াস পাইয়াছেন। অথচ মৈথিলী, অসমিয়া

উড়িয়া প্রভৃতি ভাষাগুলির সহিত বাংলাভাষার একই প্রকারের মিল থাকা সত্ত্বেও এই ভাষাগুলিকে মৈথিলী-বাংলা, অসমিয়া -বাংলা অথবা উড়িয়া-বাংলা বলেন নাই।

২) ডঃ ধীরেন্দ্রনাথ সাহা মহাশয় তাঁহার ''ঝাড়খণ্ডী লোক ভাষার গান'' গ্রন্থের ভূমিকায় লিখিয়াছেন ; – ''ঝাড়খণ্ডী উপবাংলা এই সীমান্ত ভূমির জনভাষা। এখানকার ভাবও এই আঞ্চলিক বাংলাতেই আত্মপ্রকাশের স্বতঃস্ফুর্ত মাধ্যম নিয়েছে দীর্ঘকাল। শুধু প্রতিদিনকার বাক্‌ব্যবহারের সীমা টেনেই ক্ষান্ত নয়, পশ্চিম প্রত্যন্ত সীমান্তের সমগ্র সাহিত্য চেতনার মুক্তিও এই ভাষাতেই। অবশ্য নিতলে সংক্ষিপ্ত আছে অস্ট্রিক ভাষা ও ভাব জীবন গভীরচারী প্রভাবে। ঝাড়খণ্ডী বাংলা সাহিত্যের বিবর্তন ও সম্প্রসারনে তাই আছে অস্ট্রিকী (সাঁওতাল মুণ্ডারী) সাহিত্যের প্রধান ভূমিকা।''

''আরও স্পষ্টতায় স্বীকৃত এখানকার ঘনিষ্ঠ জীবনচর্চা যা স্বাদে ও সৌরভে আদিম। বিহার বাংলা ও উড়িষ্যার ত্রিমুখী ভাবস্রোত এ অঞ্চলের মানুষের জীবনে সঙ্গমিত হলেও গভীরে আছে প্রাক আর্য মানুষের সাংস্কৃতিক শিলাবেদী। সর্বতো উষ্ণতায় এলাকার সাহিত্য তাই প্রাণধর্মী মানুষেরই কথা।''

পূর্বসীমান্তবর্তী ঝাড়খণ্ডের এই ভাষাকে ডঃ সুকুমার সেন এবং ডঃ সাহা ঝাড়খণ্ডী বাংলা বলিয়াছেন। ডঃ সাহা বাংলা ভাষার সহিত ইহার গরমিলের কথায় বলিয়াছেন, – ''ঝাড়খণ্ডী বাংলার রূপ ও রং ভাগীরথী তীরবর্তী জনপদের মানুষদের ভাষার সঙ্গে এক নয়, মূল মিললেও বিকাশে অমিল অনেক।'' কিন্তু আমাদের বিবেচনায় প্রথমতঃ বিবর্তনের মধ্য দিয়া ইহার বিকাশ কতকটা মিল থাকিলেও মূলের সঙ্গে ইহার মিল খুজিয়া পাওয়া মুস্কিল। দ্বিতীয়তঃ একটা জিনিষ লক্ষ্য করিবার মত যে এখানের জনসাহিত্যের ভূমিকায় অস্ট্রিকী প্রভাবকে স্বীকার করিলেও কুড়মালির প্রভাবকে ইচ্ছায় অথবা অনিচ্ছায় উহ্য রাখা হয়। যদিও এই অঞ্চলের পালা-পার্বন, নাচ-গান ঐতিহাসিক ভৌগোলিক এবং অন্যান্য মৌলিক বিষয়বস্তুর সঙ্গে উল্লিখিত অঞ্চলের কোন মিল নাই। এইগুলি পুরাপুরি স্থানীয় এবং সমগ্র ঝাড়খণ্ডের সাংস্কৃতিক উৎসের সঙ্গে একাত্ম; অন্য কোন অঞ্চলের সঙ্গে নয়। ঝাড়খণ্ডের ভাষার শেষে বাংলা, হিন্দী, উড়িয়া প্রভৃতি শব্দগুলি যোগ করা হয় এইজন্য যে আজ পর্যন্ত এই ভাষার কোন লিখিত সাহিত্যিক রূপ নাই। এবং ঝাড়খণ্ড ভাষা-সাংস্কৃতিক স্বীকৃত কোন অঞ্চল হিসাবেও এখন অবধি গৃহীত হয় নাই। পঠন-পাঠন এবং লিখিত সাহিত্যের জন্য অঞ্চলবাসী পারিপার্শ্বিক লিখিত ভাষা-গোষ্ঠীরই মুখাপেক্ষী। মৈথিলী, ভোজপুরী,

মগাহী, ছত্রিশগড়ী প্রভৃতি এলাকা যেমন পৃথক পৃথক ভাষা-সাংস্কৃতিক অঞ্চল হিসাবে স্বীকৃতি লাভ করিয়াছে, ঝাড়খণ্ড সেই অধিকার হইতে বঞ্চিত। যদিও এই সব ভাষা এলাকার ন্যায় স্বতন্ত্র ভাষা এলাকা গঠন করিবার মত শক্তি ঝাড়খণ্ডী ভাষার অনায়ত্ত নয়।

বর্তমানে উপরোক্ত ভাষাগুলির লিখিত সৃষ্টির কাজ দ্রুত গতিতে আগাইয়া চলিয়াছে এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ঐগুলিকে পঠন-পাঠনের স্বীকৃতি প্রদান করিয়াছেন। বাংলার উপভাষা কামরূপ, আসাম অঞ্চলে অসমিয়া নামে স্বতন্ত্র ভাষা ও সাহিত্যের চরিত্র লাভ করিয়াছে। অর্থাৎ কামরূপ উপভাষা অসমিয়া ভাষা ও সাহিত্যের সামিল হইয়া পড়িয়াছে আসামের আঞ্চলিক ভাষা হিসাবে। যৎসামান্য হেরফের থাকিলেও অসমিয়াতে বাংলা লিপিই ব্যবহৃত হয়। মৈথিলী ভাষাও বাংলা ভাষার সহিত ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত এবং এর লিপি বাংলা। ঝাড়খণ্ডের কুড়মালি প্রাকৃত (কুড়মালি, ভূমজালি) ভাষাকেও বাংলার রাঢ় উপভাষার অন্তর্গত বলা হয়। কিন্তু প্রকৃত, রাঢ় উপভাষার সহিত উহার সামঞ্জস্য অপেক্ষা অসামঞ্জস্যই বেশী। তবে কুড়মালি-ভূমজালি ভাষাকে ক্রিয়া নিষ্পন্নে রাঢ় উপভাষায় প্রভাবিত বলা চলে। যেমন 'গাড়্যার গাভারলে কাড়রুটা ইড়কেঞে গেল': 'তিতকিটায় ধিস্‌কাঞ দিল' ইত্যাদি। ঝাড়খণ্ডী ভাষাকে যে ভাবেই চিত্রিত করা হউক না কেন; ইহা যে কুড়মালি-ভূমজালি সমন্বিত ঝাড়খণ্ডী ভাষা, তাহাতে দ্বিমত থাকা উচিত নয়। ভাষার বিবর্তনের নিয়মে এই ভাষারও অনেক পরিবর্তন হইয়াছে এবং এই পরিবর্তন খুবই স্বাভাবিক।

৩) ভাষাতত্ত্ববিদ্ ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয় তাঁহার 'ভারতীয় ভাষা ও ভাষা সমস্যা' গ্রন্থে ভারতীয় ভাষাগুলির তুলনামূলক আলোচনা প্রসঙ্গে যে ছত্রটি কুড়মালি এবং মানভূমি ভাষা বলিয়া তুলিয়া ধরিয়াছেন তাহা নিম্নরূপ–

মূল বাংলা

এক ব্যক্তির দুইটি পুত্র ছিল। তাহার মধ্যে কনিষ্ঠ পুত্র পিতাকে কহিল 'পিতা সম্পত্তির যে অংশ আমার হইবে, তাহা আমাকে দিন। তাহাতে তিনি আপন সম্পত্তি তাহাদিগের মধ্যে ভাগ করিয়া দিলেন।'

তুলনামুলক কুড়মালি উপভাষা

"এক লকেক দু বেটা রহম। উমান মইধে ছেটকা বাপকে কহলেক, এ বাপ, ধনকে যে বাখরা হামর হেই সেটা হামকে দে। সেইলে উ আপন ধন উমান মইধে বাঁটি দেলেক।"

" এক লকের দুটা বেটা ছিল। তাদের মধ্যে ছুটু বেটা তার বাপকে বললেক, বাপহে, তোমার দৌলতের যা হিসসা আমি পাবো তা আমাকে দাও। তাতে অদের বাপ আপন দৌলত অদের মধ্যে বাখরা করে দিলেক।"

'মানভূমি উপভাষা' বলিতে ভাষাচার্য সুনীতিকুমার কুড়মালি-ভূমজালি প্রাকৃত ভাষার কথাই বলিয়াছেন। মাতৃভাষা এবং এই অঞ্চলের লোকভাষা হিসাবে কিছু অংশের সংশোধিত রূপ নিয়ে উপস্থাপিত করিলামঃ–

'এক লকের দুটা বেটা ছিল। অদের ভিতরে ছুটু বেটা উয়ার বাপকে বৈললেক, বাপহে, তর বিষয়ের যে বাখরাটা হামি পাব, উটা হামকে দে। তখন অদের বাপ উহার বিষয় অরহাকে বাখরা করেঞ দিলেক।

বিবর্তিত কুড়মালিকেও সেইরূপ কুড়মালি এবং পরিপার্শ্বিক লিখিত সাহিত্যিক ভাষাগুলির মিশ্ররূপ বলা যাইতে পারে। ইহা স্থানীয় জনসাধারণের মাতৃভাষা। কুড়মালি এবং তথাকথিত ঝাড়খণ্ডী বাংলা যে ঝাড়খণ্ডী মানব গোষ্ঠীর সৃষ্টি সাহিত্য তাহার প্রমাণে প্রবচন এবং লোকগীতির কিছু নমুনা তুলিয়া ধরিতেছি ঃ–

প্রবচন

কুড়মালি	ঝাড়খণ্ডী-বাংলা
১। আপন কাথাই তরি, পরেক কথাই মরি।	আপনার কথাই তরি, পরের কথাই মরি
২। আকালেক বর, চাঁড়ে বিটি বিদাই কর।	আকালের বর, চাঁড়ে বিটি বিদায় কর।
৩। আপন গাঁওঞে কুকুর রাজা	আপনার গাঞে কুকুর রাজা।
৪। এক মাঘে জাড় নেহি' পাড়াইগ্	একমাঘে জাড় নাঞ পালায়।
৫। খায় হেলাক তাঁত বুনিকে, কাল হেলেইক এঁড়িয়া গরু কিনিকে	খাতে ছিল তাঁত বুনেঞে, কাল হৈল আঁড়িরা গরু কিনিঞে।
৬। জাকর মুঁহ তাকর বাড়ি	যাহার মুঁহ তাহার বাড়ি।
৭। ঢেলকায় ঢেলকা ভাঁগেইক	ঢেলকায় ঢেলকা ভাঁগে।
৮।তরে পাটি, তরে লঢ়হা, তরেই ভাঁগঅ দাঁতেক গড়া।	তরেই পাটি, তরেই লঢ়া, তরেই ভাঁইগব দাঁতের গড়া।
৯। রহবে বেটিসহি, সভে যাবেক বহি	রহিস বিটি সাহেঞে, সকৈল যাবেক বহেঞে।
১০। শাগ রাঁধে কহরই, কাচু রাঁধ লাহি, সুয়াদে সুয়াদে বুঢ়হি খাই রাখলাহি	শাগ রাঁইন্‌তে বলেঞে, ছিলহিন্, কচু রাঁধেঞেছে। সুয়াদে সুয়াদে বুড়ি খাঞে রাখেঞেছে।

টুসু গীত

১।

বেরা উঠেক ঝিকিমিকি,	বেলা উঠে ঝিকিমিকি,
টুসু কাহে উঠেস না–	টুসু কেনে উঠ-অ নাঞ, –
কাহে টুসুক মন বাঁকলেহেক	কিসে টুসুর মন ভাঁগেঞেছে,
খলি কেথা কেহ না।।	খুলেঞে কথা বৈল্‌হ নাঞ।।

২। হামার টুসু মুড়ি ভাজয়,	হামার টুসু মুড়ি ভাজে,
দালন কঠাক ভিতরে, –	দালান কঠার ভিতরে,-
অপর টুসু ছড়া মাগি,	অদের টুসু ছহরা মাগি,
আঁচল পাতি মাগে রে।।	আঁচল পাতিঞে মাগে রে।।

বাঁদনা (অহিরা) গীত

কুড়মালি	ঝাড়খণ্ডী-বাংলা
১। ইস্‌সরে মাহাদেবে কহি	ঈশ্বরে মাহাদেবে কহিঞে সুনাইল রেসুনাইল হো, বাবু হো,
মর্তভূঞে কেথিক ধুরা উড়ই, –	মর্তভূঞে কিসের ধুলা উড়েরে,-
আর মর্তভূঞএ আহেক বাবু	আর মর্তভূঞে আছে ভালা কপিলাকা
কপিলাকে পুতা ভাই,	পুতা হো,
সেই পুতাই ধুরারে উড়াই।।	সেই পুতায় ধুলা যে উড়ায়।।
২। কিআ বরন বরদা তরি	কিয়া বরণ বলদা তরি গটা অঙ্গ
গঠা অঙ্গ	রে বাবু হো,
কিআ বরণ দুইঅ চইখ	কিআ বরণ দুইঅ চইখ অরে
কিআ বরণ বরদা তরি	কিআ বরণ বলদা তরি দুই
দুইঅ সিঙ্গা ভাই	শিঁগঅরে
কিআ বরণ দুইঅ কান।।	কিয়া বরণ দুই কান অরে।।
৩। ধলা বরন বরদা তরি	ধরা বরণ বলদা তরিগটা
আঠা অঙ্গ ভাই,	অঁগরে বাবু হো,
সুরজ বরন দুই চহখ, –	সুরজ বরণ দুই চইখঅরে, –
সিপ্‌তা বরণ বরদা তরি:	সুপতি বরণ বলদা তরি দুই-অ
দুই কান ভাই,	কানরে,
করৈল বরণ দুই সিং।।	করৈল বরণ-অ দুই শিংগ–অরে

জাওয়া (করম) গীত

১। আঝুরে করম গুঁসাঞ	আইজ তরে করম গুঁসাঞ, –
ঘারে দুআইরে রে	ঘরে দুআইরে রে,

কাইল তরে করম গুঁসাঞ,
কাঁস লদীক পারে।

কাইল তরে করম গুঁসাঞ
কাঁস লদীর পারে।

জান্-কহ্নি

১। গাছটিক নাম হিরা,
তাহে ধরঅ লাহেইক
গুড় বেইগন জিরা।

গাছটির নাম হিরা,
তাই ধরেঞেছে গুড়
বাইগন জিরা।

২। পাত চির চির ফরটি গেঁড়া
যাখরা নেহি জানত
অখরা বাপ ভেঁড়া।

পাত চির চির ফলটি গেঁড়া,
যে নাঞ জানে উয়ার বাপ ভেঁড়া।
(উত্তর–ভেঁড়রা)

৩। ছটঅ নুনুক গড় ধুআ
পানি সভে খাত।

ছটঅ বাবুর গইড় ধুআ
জল সোবাই খায়।
(উত্তর–লঢ়ি)

৪। রিং রিং রিং
তাকর দুটা সিং
পাইখ লহই পাখাল লহই
ভুঞএ পড়ে ডিম।

রিং রিং রিং
উয়ার দুটা সিং
পাইখ লয় পাখাল লয়
ভুঞে পাড়ে ডিম
(উত্তর –ঘঁঘা)

উপরোক্ত উদাহরণের দ্বারা আমরা দেখাইবার চেষ্টা করিয়াছি যে কুড়মালির সহিত পূর্ব-সীমান্তের ঝাড়খণ্ডী-বাংলার অর্থাৎ পরিবর্তিত কুড়মালি-ভুমজালির ফারাক কতটুকু। আসলে, এই ফারাককে ফারাকই বলা যায় না। এই দুইটি ভাষাভাষী সম্প্রদায়ের কোন একটির পক্ষেই অপরের ভাষা বুঝিতে অসুবিধা হয় না। বৈবাহিক সম্বন্ধ স্থাপনের সময় এক অঞ্চলের মানুষদের নিকট আত্মীয়ের সহিত অপর অঞ্চলের মানুষদের সহজ এবং সরলভাবে মেলামেশা এবং বাক্যলাপের মধ্য দিয়া তাহা বুঝিতে পারি। তাহাছাড়া আঞ্চলিক লোকভাষায় রচিত গীত– ঝুমুর, ঝাড়ফুঁকের মনিমন্তর প্রভৃতিও একই ভাষা-সংস্কৃতির দান।

সীমান্ত বরাবর বিভিন্ন ভাষার সঙ্গে ইহার মিল-গরমিলের কথায় বলা যাইতে পারে যে অসমিয়া, মৈথিলী, উড়িয়া, বাংলা প্রভৃতি ভাষাগুলির পরস্পরের মধ্যে যেরূপ মিল-অমিল আছে, ইহার সঙ্গে ঐসব মানবগোষ্ঠীর ভাষার সম্বন্ধও অনুরূপ। হিন্দির সঙ্গে উর্দুর গরমিল লিপির ও শব্দ সম্ভারের। এইগুলি স্বতন্ত্র ভাষা। হিন্দী বাংলা উড়িয়ার সঙ্গে কুড়মালি ভাষার প্রধান ফারাক উচ্চারণ বৈশিষ্ট্যে, শব্দসম্ভারে এবং লোক-সাহিত্যে। অসমিয়া এবং মৈথিলীর বর্ণমালা বাংলা তবুও ঐগুলি ভিন্ন ভিন্ন ভাষা; বহু মিল থাকা সত্ত্বেও ঐ ভাষাগুলি সত্ত্বা হারাইয়া বাংলার সহিত একাকার হইয়া যায় নাই।

এই ভাষা নদীর উৎসমুখ পশ্চিমে, কিন্তু ঝাড়খণ্ড উপত্যকা হইতে খাল কাটিয়া ঔপনিবেশিক প্রক্রিয়ার মাধ্যমে প্রথম খালটিকে হিন্দীর সহিত, দ্বিতীয়টিকে বাংলার সহিত এবং তৃতীয়টিকে উড়িয়ার সহিত মিলাইবার চেষ্টা চলিতেছে। তাই বলিয়া শাখা মূলের (খাল) সহিত একেবারে বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে তাহাও নহে। বরং বলিতে কুলায়, ঐ শাখাগোষ্ঠীর মানুষ আপন ভাষার সাহিত্য সম্পদ দ্বারা আপন ভাষার উৎকর্ষ সাধনে চেষ্টিত না হইয়া এলাকা বহির্ভূত ভাষা-সাহিত্যর যেন ঘনিষ্ঠ সম্বন্ধ রক্ষা করিয়া চলিতে বেশী আগ্রহী। কুড়মালি ভাষা আন্দোলনের প্রেক্ষিতে ইহাই ভাবিবার বিষয়। ❑

কুড়মালি ভাষা ও সাহিত্য

সুনীল মাহাত

পৃথিবীতে মানুষ এবং মনুষ্যেতর সমস্ত জীবজন্তুর নিজের নিজের মনের ভাব প্রকাশের জন্য নিজ নিজ ভাষা বিদ্যমান। ব্যক্ত বা অব্যক্ত যাই হোক না কেন। যারা কথা বলতে পারে না তারো অঙ্গভঙ্গী ও বিভিন্ন অভিব্যক্তির মাধ্যমে তাদের মনের ভাব প্রকাশ করে। পশুপক্ষী কীট পতঙ্গ সকলেই আপন আপন ভাষার কথা বলে। তার স্বগোত্রীয় জীবসমূহ সেই সমস্ত কথা বুঝে প্রতিক্রিয়া ব্যাক্ত করে।

একসময় সমস্ত আদিম জনগোষ্ঠীর নিজ নিজ গোষ্ঠী ভাষা ছিল। বর্তমানে বিভিন্ন কারণে বহু জনগোষ্ঠী তাদের নিজস্ব গোষ্ঠীভাষা বিস্মৃত হয়েছে। আবার কোন কোন গোষ্ঠী তাদের ভাষা বাঁচিয়ে রাখতে সমর্থ হয়েছে। কোন কোন গোষ্ঠী তাদের ভাষার বিকাশসাধন করে বৃহত্তর জনগোষ্ঠীর ভাষা হিসেবে গড়ে তুলতে সমর্থ হয়েছে।

শিকার ও খাদ্যআহরণকারী (Hunting of food gathering) স্তানান্তর কৃষি (shifting Cultivation), কৃষি (Cultivation) এবং নাগরিক জীবনযাপন (Civitisation) এই চারটি পর্যায়ে মানবসভ্যতা ক্রমশঃ বিকশিত হয়েছে। গুহামানব থেকে নাগরিক জীবনে পৌঁছতে মানবজাতিকে দীর্ঘ পথ ও দীর্ঘ সময় অতিবাহিত করতে হয়েছে।

মানুষ যখন গুহমানব বা শিকার খাদ্য আহরণকারী ছিল তখন থেকেই সে তার ভাষা বা সংক্ষিপ্ত শব্দভাণ্ডার সৃষ্টি করতে সমর্থ হয়েছিল যার মাধ্যমে তার নিজের মনের ভাব প্রকাশ করে। এরপর যতই সে স্থানান্তর কৃষি ও কৃষিকেন্দ্রিক জীবন যাপনের দিকে এগিয়ে গেছে ততই তার প্রয়োজনীয়তা পরিপ্রেক্ষিতে শব্দভাণ্ডার ও ক্রমশঃ বর্ধিত হয়েছে। নাগরিক সভ্যতায় তা লিপিবদ্ধ হয়েছে। কাব্য, সাহিত্য, সঙ্গীত বিভিন্ন ধারার উদ্ভব ঘটেছে এবং ভাষা সমৃদ্ধ হয়েছে।

গুহামানব থেকে নাগরিক জীবন পর্যন্ত বিরাট পথ পরিক্রমার সুদীর্ঘ সময়ে কোন কোন আদিম জনগোষ্ঠী, গোষ্ঠীসংঘাত, ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক ও সংস্কৃতির বিভিন্ন প্রকার চাপের কাছে নতিস্বীকার করে কখনও তাদের সামাজিক অস্তিত্ব বিসর্জন দিতে বাধ্য হয়েছে এবং সঙ্গে সঙ্গে গোষ্ঠী ভাষাও বিসর্জন দিয়েছে। আবার কোন কোন জনগোষ্ঠীর ভাষা সামাজিক সাংস্কৃতিক, ধর্মীয় ও রাজনৈতিক অনুকূল পরিবেশে বিস্তৃতির সুযোগ পেয়ে, গোষ্ঠী ভাষা থেকে রাজ্যভাষা, রাষ্ট্রভাষা বা আন্তর্জাতিক ভাষায় উন্নীত হয়েছে বা বৃহৎ জনসমুদায়ের ভাষা হিসাবে স্বীকৃত হয়েছে।

এতদঞ্চলের গোষ্ঠীভাষা সমূহ ঃ মানভূম এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যার বিস্তীর্ণ এলাকায় যে সমস্ত আদিম জনগোষ্ঠী বসবাস করে সেগুলির মধ্যে সাঁওতাল, মুণ্ডা, ওরাঁও, হো, খেড়িয়া, বিরহোড় কুড়মি ইত্যাদি উল্লেখযোগ্য। এই সমস্ত আদিম জনগোষ্ঠীর সাঁওতালী, মুণ্ডারী, কুড়ুখ, হো, খেড়িয়া, কুড়মালি ভাষা আজও প্রচলিত রয়েছে। উত্তর জনগোষ্ঠীগুলির কিয়দংশ পারিপার্শ্বিক বিভিন্ন কারণে নিজেদের গোষ্ঠীভাষা বিসর্জন দিয়ে রাজ্যভাষা, রাষ্ট্রভাষা বা আন্তর্জাতিক ভাষা, বাংলা, হিন্দী, উড়িয়া বা ইংরেজি ভাষায় কথা বলতে অভ্যস্ত হয়ে পড়েছেন।

রাঁচী বিশ্ববিদ্যালয়ের জনজাতীয় এবং ক্ষেত্রিয় ভাষা বিভাগ ঃ

সত্তোরের দশকের শেষভাগে রাঁচী বিশ্ববিদ্যালয় জনজাতীয় এবং ক্ষেত্রিয় ভাষা বিভাগ স্থাপনের মাধ্যমে এই সমস্ত জনজাতীয় এবং ক্ষেত্রিয় ভাষাগুলিতে পঠনপাঠন শুরু করেছেন। ফলে এই ভাষাগুলির বেঁচে থাকা ও বিকাশের জন্য গবেষণা ও সৃজনমূলক সাহিত্যরচনার ক্ষেত্রে নতুন করে উদ্যোগ শুরু হয়েছে। অবহেলিত মৃতপ্রায় ভাষাগুলির যেন নতুন করে প্রাণসঞ্চার ঘটেছে। পরবর্তীকালে নবগঠিত হাজারিবাগে সন্ত বিনোরা ভাবে বিশ্ববিদ্যালয়ও রাঁচী বিশ্ববিদ্যালয়ের পদাঙ্ক অনুসরণ করে উক্ত ভাষাগুলিতে পঠনপাঠনের ব্যবস্থা করেছেন।

প্রাথমিক পর্যায়ে স্নাতকোত্তর স্তরে এবং স্নাতক স্তরে পঠনপাঠন শুরু হলেও পরবর্তীকালে মাধ্যমিক স্তরেও উক্ত ভাষাগুলির পঠনপাঠনের উদ্যোগ শুরু হয়েছে। পশ্চিমবঙ্গে অলচিকি হরফের মাধ্যমে সাঁওতালি ভাষায় পঠনপাঠন শুরু হলেও কুড়মালি সহ অন্যান্য আদিবাসী ভাষাগুলিতে পঠন পাঠনের উদ্যোগ নেওয়া হয়নি। বর্তমানে এবিষয়ে ইতিবাচক দৃষ্টিভঙ্গী গৃহীত হচ্ছে বলে আভাষ পাওয়া যাচ্ছে।

কুড়মালি ভাষা ঃ সাঁওতাল জনগোষ্ঠীর ভাষা সাঁওতালি, মুণ্ডাদের মুণ্ডারি, ওরাঁওদের কুড়ুখ, হোদের হো, খাড়িয়াদের খাড়িয়া, তেমননিভাবে বলতে গেলে কুড়মি জনগোষ্ঠীর ভাষা কুড়মালি বলতে পারা যায়। কিন্তু কুড়মালি ভাষার ক্ষেত্রে এইরকম সরলীকরণের সিদ্ধান্ত সঠিক নাও হতে পারে। কারণ কুড়মালি ভাষা বর্তমানে শুধুমাত্র কুড়মি জনগোষ্ঠীর মধ্যেই সীমাবদ্ধ নেই, এতদঞ্চলের এক বিশাল জনসমুদায়ের ভাষা হিসেবে কুড়মালি ভাষা বিস্তার লাভ করেছে।

কুড়মি জনগোষ্ঠী যখন শিকারজীবি বা স্থানান্তর কৃষিজীবি পর্যায়ের জীবনযাপনে অভ্যস্থ ছিল তখন তাদের গোষ্ঠীভাষা ছিল কুড়মালি। কিন্তু এই জনগোষ্ঠী যখন স্থায়ীভাবে কৃষিকেন্দ্রিক জীবনযাপনে অভ্যস্ত হয়ে পড়ল তখন তাদের আশেপাশে কামার, কুমোর, ধোপা, নাপিত, সহিস, মুদি, মাহলি, মুচি

ডোম, ছুতোর, তাঁতি মোমিন, কুইরি, বাউরি, বাগদি, রাজোয়াড়, ঘাটোয়াল ইত্যাদি নানান বৃত্তিজীবি শ্রেণীও বসবাস শুরু করল এবং কৃষিকেন্দ্রিক সভ্যতায় যদিও কোথাও কোথাও এই সমস্ত বৃত্তিজীবি শ্রেণীর স্ব-স্ব ভূমিকা ছিল যার নিদর্শন আজও বিদ্যমান। হতেও পারে এই সমস্ত বৃত্তিজীবি গোষ্ঠীগুলিও একই কুড়মালি কৃষিকেন্দ্রিক সমাজব্যবস্থার অঙ্গ হিসেবে একই সঙ্গে বসবাস করত। পরবর্তীকালে বৃত্তিকেন্দ্রিক জাতিপ্রথার শিকার হয়ে আলাদা জাতিগোষ্ঠী হিসেবে চিহ্নিত হয়েছে। এবিষয়ে স্থির সিদ্ধান্তে পৌঁছাতে গেলে এতদঞ্চলের আর্থসামাজিক ও ঐতিহাসিক, নৃতাত্ত্বিক গবেষণার প্রয়োজনীয়তা রয়েছে।

কৃষিসভ্যতার বিকাশ ও ভাষাগত লেনদেন ঃ নগর সভ্যতা বিকাশের পূর্বে কৃষিকর্মই ছিল মানুষের মূল জীবিকা এবং কৃষিকর্মকে ভিত্তি করেই মানবসভ্যতা বিকশিত হয়েছে। কৃষিজীবি গোষ্ঠীগুলিকে বিভিন্ন কাজকর্মের দ্বারা বৃত্তিজীবি ও কারিগর গোষ্ঠীগুলি সহায়তা করত। কামাররা লোহার জিনিসপত্র, কুমোররা মাটির জিনিসপত্র, ছুতোররা কাঠের আসবাবপত্র, তেলিয়া তেল, তাঁতি ও মোমিনরা কাপড়-চোপড়, মুচিরা চামড়ার জিনিসপত্র, ইত্যাদি সরবরাহ করত। মুদিরা পুকুর খনন, সহিসরা প্রসূতি পরিচর্যা, নাপিতরা ক্ষৌরকর্ম, ধোপারা কাপড় কাচার কাজ, লায়ারা পূজো আচ্চা, গড়াইতরা হাঁকাডাক, চৌকিদাররা রাত পাহারা অন্যান্য সম্প্রাদায়গুলি কৃষিশ্রমিক বা অন্যান্য কাজে নিযুক্ত থাকত। গ্রামস্থাপনের পর উত্তর বৃত্তিজীবি গোষ্ঠীগুলিকে গ্রামে বসবাস করার ব্যবস্থা করা হোত এবং উক্ত কাজকর্মের পারিশ্রমিক হিসেবে ধান, চাল ও অন্যান্য দ্রব্যাদি বিনিময় করা হোত। বৃত্তিজীবি শ্রেণীগুলির সরবরাহকৃত দ্রব্যাদির বিনিময় শষ্যাদি বাৎসরিক ও আনুষ্ঠানিক দেয় বা ভূমিদানের মাধ্যমে সম্পন্ন হোত। কুড়মি কৃষিজীবি গোষ্ঠীর সঙ্গে বৃত্তিজীবি গোষ্ঠীগুলির আর্থিক ও সামাজিক নিবিড় সম্পর্ক ছিল যা আজও রয়েছে। দ্রব্যাদি সরবরাহ সংক্রান্ত লেনদেন ছাড়াও বিভিন্ন সামাজিক অনুষ্ঠান জন্ম মৃত্যু বা বিবাহ, পালা-পার্বণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানগুলিতে বৃত্তিজীবিশ্রেণীগুলির অবশ্য পালনীয় কিছু ভূমিকা নির্ধারিত ছিল যেগুলি নাহলে সামাজিক অনুষ্ঠান বন্ধ হয়ে যেত। সেই সমস্ত সামাজিক প্রথা বর্তমানে কিছুটা শিথির হয়ে পড়লও একবারে নিঃশেষ হয়ে যায়নি। এছাড়াও ফুল, পরান, হড়মিতান ইত্যাদির মাধ্যমে পারস্পরিক সৌহার্দ স্থাপনের আরও বহুপ্রকার ব্যবস্থা ছিল।

কুড়মি কৃষিজীবি গোষ্ঠী এবং বৃত্তিজীবি বা কারিগরি শ্রেণীর ব্যবহারিক জীবনে এই অচ্ছেদ্য সম্পর্ক দীর্ঘ সময় ধরে প্রতিষ্ঠিত ছিল এবং সমস্তরকম আদান-প্রদানের ভাষা হিসেবে কুড়মালি ভাষা গোষ্ঠীভাষা থেকে এক বৃহত্তম

জনসমুদায়ের ভাষা হিসেবে প্রতিষ্ঠা ও বিস্তারলাভ করে । ফলে বর্তমানে শুধুমাত্র কুড়মি জনগোষ্ঠী নয়, এতদঞ্চলের এক বিশাল জনসমুদয় এই ভাষায় কথা বলেন। পরবর্তীকালে এই পরিমণ্ডলে কর্মসূত্রে বা ব্যবসাসূত্রে নবাগত সম্প্রদায়গুলি ব্যবসায়িক লেনদেনের তাগিদে কমবেশী এই ভাষাকে আপন করে নিয়েছেন।

স্থানান্তরে উচ্চারণ বৈশিষ্ট ও ভাষাগত বিভিন্নতাঃ

কথায় আছে 'সাতকোশে পানি এবং তিনকোশে বাণী' র কিছু অন্তর হয়। অর্থাৎ প্রতি চৌদ্দমাইল অন্তর জলবায়ুর এবং প্রতি ছ'মাইল অন্তর কথাবার্তা বা উচ্চারণগত কিছুটা হেরফের ঘটে। বাংলাভাষার ক্ষেত্রে যেমন চট্টগ্রাম , ঢাকা, খুলনা, কোলকাতা, নদিয়া, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়ার ভাষার এবং উচ্চারণগত আলাদা আলাদা বৈশিষ্ট রয়েছে। তেমনি কুড়মালি ভাষার ক্ষেত্রেও মানভূম এলাকার মানভূঞা, পাঁচপরগণা এলাকায় পাঁচপরগনিয়া, ঝরিয়া, ধানবাদ সিলি এলাকায় সিলিয়ারী, গোলা এলাকায় গোলোয়ারী, তামাড় এলাকায় তামড়িয়া, বরাবাজার এলাকায় বরাভূঞা ইত্যাদি কিছু উচ্চারণ বৈশিষ্ট রয়েছে। এজন্য উক্ত এলাকাগুলিতে কুড়মালি ভাষা কখনও কখনও উক্তনামেও কথিত হয়েছে।

রাঁচী, ঝরিয়া-ধানবাদ, সাঁওতাল পরগণা তথা ঝাড়খণ্ডএলাকায় হিন্দী, মানভূম এলাকায় বাংলা এবং ময়ূরভঞ্জ, কেঁওঝর, সম্বলপুর, সুন্দরগড়, এলাকায় উড়িষা ভাষা দ্বারা প্রভাবিত হওয়ার দরুন কুড়মালিতেও উচ্চারণের তফাৎ রয়েছে। কিন্তু সেই বিভিন্নতা ব্যাকরণগতভাবেই সিদ্ধ হয়েছে। কুড়মালি ভাষাকে বাঙালী স্রষ্টারা বাংলার, উড়িষ্যার পণ্ডিতরা ওড়িয়া ভাষার উপভাষা, হিন্দী ভাষাবিদরা হিন্দীর উপভাষা হিসেবে চিহ্নিত করতে সচেষ্ট হয়েছিলেন। কিন্তু একই সঙ্গে একটি ভাষা অন্যতিনটি ভাষার উপভাষা হতে পারে না। রাঁচী এবং হাজারীবাগ বিশ্ববিদ্যালয় কুড়মালিকে স্বতন্ত্র ভাষার স্বীকৃতি দিয়ে এই বিতর্কের অবসান ঘটিয়েছেন। এজন্য রাঁচী ও হাজারীবাগ বিশ্ববিদ্যালয়ের অবদান কুড়মালির প্রতিষ্ঠা ও বিকাশের ক্ষেত্রে অনস্বীকার্য।

কুড়মালি ভাষার বিস্তৃতি ঃ রাঁচী , হাজারিবাগ , পালামৌ, গিরিডি, ধানবাদ, সাঁওতাল পরগণা, ঝরিয়া, রামগড়, গোলা, মুরি, সিলি, পটমদা, চাণ্ডিল, চাইবাসা, মনোহরপুর, চক্রধরপুর, চাইবাসা, এককথায় সমগ্র ঝাড়খণ্ড এলাকা, উড়িষ্যার সুন্দরগড়, সম্বলপুর, ময়ূরভঞ্জ, কেঁওঝর, পুরুলিয়া জেলার ঝালদা, জয়পুর, আড়ষা, বাঘমুণ্ডী, পুরুলিয়া, পারা, রঘুনাথপুর, চেলিয়ানা, সুন্দরবন, মালদহ, ঝাড়গ্রাম ইত্যাদি এলাকায় অবিকৃত কুড়মালি ভাষা প্রচলিত আছে, কোথাও সঠিক আবার কোথাও কিছু কিছু গোষ্ঠীর মধ্যে। বাংলাদেশে বসবাসকারী

কুড়মি জনগোষ্ঠীর মানুষেরাও কুড়মালি ভাষায় কথা বলে। আসাম, দার্জিলিং, শিলিগুড়ি, জলপাইগুড়ি, চা শ্রমিকরা সকলেই এই ভাষার কথা বলেন। যাদেরকে স্বদেশিয় নামে অভিহিত করা হয়েছে এবং যাদের ভাষা সাদানি ভাষা হিসেবে নামিত হয়েছে। চাবাগানগুলোতে যে ভাষা প্রচলিত আছে তা আসলে অবিকৃত কুড়মালি ভাষা। এরসঙ্গে উল্লেখযোগ্য এই চা শ্রমিকরা ব্রিটিশ আমলে এই এলাকা থেকেই চালান হওয়া মানুষ। যারা এখনও তাদের মাতৃভাষা কুড়মালিতে কথাবার্তা বলেন। এছাড়াও মরিসাস, মায়ানমার ইত্যাদি ভিন্নদেশী এলাকাতেও যেখানে যেখানে এতদঞ্চলের মানুষ শ্রমিক হিসেবে চালান হয়েছেন সেখানেই এই ভাষার অস্তিত্ব রয়েছে। পুরুলিয়া, ঝাড়গ্রাম, বাঁকুড়ার বাকি এলাকায় যে ভাষা কথ্য ভাষা হিসেবে প্রচলিত রয়েছে এবং উক্ত এলাকাগুলিতেও করমগীত, বাঁদনা, অহিবাগীত, বিয়ের গীত, পাঁতানাচের গান, হিসেবে কুড়মালি ভাষার গানই ব্যবহৃত হয়। সুতরাং কুড়মালি ভাষা এক বিস্তীর্ণ এলাকাজুড়ে কথ্যভাষা হিসেবে প্রচলিত আছে একথা নিঃসন্দেহে বলা যায়।

কুড়মালি ভাষা বিকাশের সম্ভাবনা ঃ কুড়মালি ভাষা এখনও পর্যন্ত কথ্যভাষা হিসেবেই প্রচলিত আছে বলা যায়। রাঁচী এবং হাজারিবাগ বিশ্ববিদ্যালয়ে কুড়মালিতে পঠন পাঠন শুরু হলেও লিপিবদ্ধকরণ বা প্রকাশনায় আশানুরূপ অগ্রগতি হয়নি। গবেষণা, লোকসাহিত্য অধ্যয়ন ও সংগ্রহের কাজে অগ্রগতি হলেও প্রকাশনার কাজ উল্লেখযোগ্য নয়। অনেকেই আধুনিক সাহিত্য সৃজনের কাজে অংশগ্রহণ করলেও পাণ্ডুলিপির পর্যায়েই সেগুলি রয়ে গেছে। অন্যদিকে কুড়মালি ভাষী জনতা বিহার, ঝাড়খণ্ডে হিন্দী, পশ্চিমবঙ্গে বাংলা, উড়িষ্যায় উড়িয়া, এবং কিছু কিছু ইংরেজি মাধ্যমে শিক্ষা গ্রহণ করছেন। ফলে কুড়মালি ভাষার ভিত্তি ধীরে ধীরে দুর্বল থেকে দুর্বলতার হচ্ছে। এতৎসত্ত্বেও কিছু কিছু এলাকায় ব্যবহারিক জীবনে অনস্বীকার্য হওয়ার ফলে অদ্যপি তার অস্তিত্ব বজায় রাখতে সমর্থ হয়েছে। এটা কুড়মালি ভাষার অফুরন্ত জীবনীশক্তির পরিচায়ক। সরকারি আনুকূল্য পেলে এই ভাষা যে একটি উন্নতভাষা হিসেবে বিকশিত হয়ে এক বৃহৎ জনসমুদায়ের ভাব বিনিময়ের মাধ্যম হিসেবে উন্নীত হবে এবং উন্নত কাব্য সাহিত্য সৃজিত হবে এ বিষয়ে সন্দেহের অবকাশ নেই।

কুড়মালি লোকসাহিত্য ঃ লোকমুখে প্রচলিত কুড়মালি লোকসাহিত্যের যে বিশাল ভাণ্ডার আজও অটুট রয়েছে তা এই ভাষার ভিত্তি সুদৃঢ় করেছে। লিপিবদ্ধ নাহলেও সেগুলি যে যুগ যুগ ধরে সীমাহীন প্রতিকূলতা সত্ত্বেও লোকের মুখে মুখে বেঁচে রয়েছে তা এই ভাষার অফুরন্ত প্রাণশক্তির প্রকৃষ্ট উদাহরণ। অগণিত করমগীত, অগণিত ঝুমুর, জাওয়া, অহিরা-বাঁদনাগীত, বিহাগীত, উধওআ-চৈতালী

গীত, টুসুগীত, মাহরাইগীত, জনস্রুতিতে আজও অমলিন। যদিও কুড়মালি জনতা দ্বারা সৃজিত অগণিত , রসোত্তীর্ণ লোকসাহিত্য কালের গহ্বরে হারিয়ে গেছে এবং যাচ্ছে, তবু এখনও যা অবশিষ্ট রয়েছে তা এই ভাষার অমূল্য সম্পদ।

কুড়মালি গীতি সাহিত্য ঃ কুড়মালি করমগীত , ভাদরিয়া বা দাঁড়শালিয়া , ঝুমুর, অহিরা-বাঁদনাগীত বিহাগীত ইত্যাদি ক্ষেত্রে .... এতদঞ্চলের গীতিসাহিত্যে এক নতুন ধারার প্রবর্তন ঘটে। ভাদুরিয়া বা দাঁড়শালিয়া ঝুমুরের সুর তালকে ভিত্তি করে বহু নৃত্য ভঙ্গীতে পারদর্শী ভঙ্গীর ক্ষমতা সম্পন্ন কবি ও শিল্পী নতুন ধরনের ঝুমুর গীতি সাহিত্যের সৃজন করেছেন। যা বর্তমানে দরবারি ঝুমুর বা নাচনীশালিয়া ঝুমুর হিসেবে পরিচিত। দরবারি ঝুমুর যেমন সুর তাল রাগ রাগিনীর ব্যবহারে বিস্ময় জাগায় তেমনি সাহিত্য সৃজনেও অনবদ্য । এই সময়ের বাংলাদরবারিঝুমুর গুলি বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ হিসেবে স্বীকৃত হতে পারে। যদিও আজ পর্যন্ত এগুলি বাংলা সাহিত্যে স্বীকৃত হয়নি। ঐ বাংলা ভাষার সঙ্গে সঙ্গে কবি ও শিল্পীগণ কুড়মালি ভাষাতেও অগণিত গীতি সাহিত্য রচনা করেছেন।ঝুমুরকবি বরজুরাম দাস, নরোত্তম দাস, দীনাতাঁতি, গৌরাঙ্গিয়া সিং, ভবপ্রিতানন্দ ওঝা, রামকৃষ্ণ গাঙ্গুলী, ভীম মাহাত, সৃষ্টিধর সিং মাহাত, চামু কামার, উদয় কামার, হাড়িরাম রায়, দ্বিজটিমা, বাউলদাস, তুলসী দাস, গদাধর চৌধুরী, ভরতকিশোর , অক্ষু কর্মকার প্রমুখ ঝুমুর কবিগণ কুড়মালি ভাষায় মহাকবি বলা যায়। এই সমস্ত ঝুমুর কবিদের কিছু কিছু পাণ্ডুলিপি আকারে সংগৃহীত হয়েছে এবং বেশির ভাগই বিস্মৃতির গহ্বরে বিলীন হয়েছে। বহু অখ্যাত, অজ্ঞাত কবির রচনা, মাছানি বুলবুলি পালা, হারিয়ে গেছে স্মৃতির পাতা থেকে।

আধুনিক কুড়মালি সাহিত্য ঃ চৈতন্য পরবর্তীযুগের ঝুমুর-রচনার ধারা এতদঞ্চলে আজও অব্যাহত। একদিকে যেমন বাংলা ভাষায় ঝুমুর সাহিত্য সৃজিত হচ্ছে অন্যদিকে বহুকবি কুড়মালি ভাষাতেও ঝুমুর সাহিত্য রচনা করে চলেছেন। কবি সুনীল মাহাত রচিত কাশফুল, বাঁসেকেরি বাঁসুরি, ছতিআঞ বিছতিয়া, সিঁদুর কাজল, মানভূম কেইসন সুন্দর ইত্যাদি ঝুমুর গ্রন্থ বিশ্বজনসমাজে সমাদৃত হয়েছে। তাঁর রচিত বহু কুড়মালি ঝুমুর, বিপুল জনপ্রিয়তা অর্জন করেছে। এছাড়া অনন্ত কেশরিআর, গোবিন্দলাল মাহাত প্রমুখ কবির ঝুমুরও জনপ্রিয়তা অর্জন করেছে। এগুলি কুড়মালি ভাষার সম্পদ। কালিপদ মাহাত রচিত কুড়মালি নাটক কেরিয়া বহু, পার্বতী মাহাত রচিত সমাজ কন ডহরে, ভগীরথ-মাহাত রচিত পন দহেজ, অনন্ত কেসরিরার রচিত জাহলি এবং গদাধর মাহাত ও গৌরীনাথ মাহাত রচিত কুড়মালি নাটকগুলি জনপ্রিয় হয়েছে। সুনীল মাহাত রচিত কুড়মালি করমকাথা কাব্যগ্রন্থ, সম্পাদিত গল্প সংকলন রাতুল, উপন্যাস

গিরমিট, ডঃ শশীভূষণ কইড় আর সম্পাদিত কুড়মালি গইদ পইদ জুড়িতি, লক্ষীকান্ত মুতরুআর রচিত কুড়মালি ভাঁওআর অনন্ত কেসরিআর এবং পদ্মলোচন মাহাত রচিত কুড়মালি ব্যাকরণ কুড়মালি ভাষার ভিত্তিকে মজবুত করেছে। সুনীল মাহাত রচিত 'কুড়মালি মহাভারত কাথা এবং জয়পুর এলাকার রামায়াণ গায়ক কিরিটি মাহাত কুড়মালি রামাআন কুড়মালি ভাষায় অমূল্য সম্পদ হিসেবে চিহ্নিত হবে।

এছাড়া শশাংক মাহাত, শান্তিরাম, মাহাত অশোক কুমার মাহাত, শম্ভুনাথ মাহাত প্রমুখ বহু কুড়মালি কবি কুড়মালি কাব্য সাহিত্য সৃজন করে চলেছেন। অনন্ত কেসরিআরের কুড়মালি কবিতাগ্রন্থ সপন আপন সমাদৃত হয়েছে। মানভূম এক্সপ্রেস , ফুরুং, জাহালি, সারহুল, আনার-বানার , বানার, ধঁধোরা, লয়াসুরজ, কুর্মালি, বিনোদডহর ইত্যাদি কুড়মালি পত্রিকা অনিয়মিত হলেও প্রকাশিত হচ্ছে। কুড়মালি গল্পকার আনন্দ খুটদার, অনন্ত কেসরিআর, বিষ্ণুচরণ রায়, সুনীল মাহাত, কাশীনাথ নাপিত প্রমুখ প্রচুর কুড়মালি গল্প রচনা করেছেন। তার কিছু প্রকাশিত হয়েছে। বেশিরভাগই প্রকাশিত হয়নি। মানভূম সংবাদ এবং করমতীর্থ পত্রিকায় নিয়মিত কুড়মালি বিভাগ প্রকাশিত হয়। হরিপদ মাহাত, ক্ষুদিরাম মাহাত, পদ্মলোচন মাহাত, লক্ষীকান্ত মুতরুআর , জয়ন্ত মাহাত প্রমুখ ব্যক্তিগণ কুড়মালি লিপি তৈরী করেছেন। এগুলির মধ্যে পদ্মলোচন মাহাত, তথা পশ্চিমবঙ্গ কুড়মালি একাডেমি সৃষ্ট কুড়মালি লিপিই বিস্তৃত সমাজে গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়েছে। রাঁচী এবং জামশেদপুর রেডিওতে নিয়মিত কুড়মালি অনুষ্ঠান প্রচারিত হয়ে চলেছে। এছাড়া বহু শিল্পী ক্যাসেট, ভিডিও, সিডি ইত্যাদি মাধ্যমে কুড়মালি গানকে জনপ্রিয় করে তুলেছেন। এদের মধ্যে বিজয় মাহাত, ডঃ বীণাপানি মাহাত, অঞ্জলী মাহাত, ইন্দ্রাণী মাহাত, লক্ষীকান্ত মাহাত, সন্তোষ মাহাত, ভোলানাথ মাহাত, নরেন হাঁসদা, সদানন্দ মাহাত, গৌরীনাথ মাহাত, জগন্নাথ মাহাত, কর্মবীর মাহাত, গৌর কুইরী, অমূল্য কুমার, শলাবৎ মাহাত, মিহিরলাল সিং দেও, কুচিল মুখার্জী, নেপাল দুলুবিহারী, অঞ্জনা মাহাত, বিহারীলাল মাহাত, হরিহর মাহাত, উপেন্দ্র মাহাত, কিশোর গুপ্ত রাখহরি মাহাত, দুঃশাসন মাহাত, রবীন মাহাত, অপর্ণা মৈত্র, কিশোর গুপ্ত, গান্ধীরাম মাহাত, মুক্তিনাথ মাহাত, জয়শ্রী দে প্রমুখ অগণিত শিল্পী কুড়মালি ঝুমুর ও অন্যান্য গীতি বিভিন্ন অনুষ্ঠানে আসরে গেয়ে চলেছেন। চাকড়ার দীপঙ্কর মাহাতর দল, কোটশিলার মুরলী পুনুরিয়ারের দল, বাটরির রবীন মাহাতর দল, পাণ্ডুকার কৃত্তিবাস মাহাতর দল, কাঞ্চনপুরের ধীরেন মাহাতর দল, হেটজাঁড়ি ভোলানাথ মাহাতর দল ইত্যাদি বহু কুড়মালি পাঁতানাচের দল নিয়মিত কুড়মালি গীত সহযোগে নাচ করে দর্শকদের মনোরঞ্জন করে চলেছেন।

উপসংহার ঃ কোন জনগোষ্ঠীর অগণিত সৃজনশীল মানুষ ও শিল্পীদের দ্বারা যুগ যুগ ধরে একটি ভাষার শব্দ ভাণ্ডার, কাব্য সাহিত্যের ভাণ্ডার, সৃজিত ও সমৃদ্ধ হয়। আবার যুগোপযোগী না হতে পারার দরুণ ব্যবহারের অযোগ্য হয়ে কোন কোন ভাষা কালের করাল গ্রাসে বিলীন হয়ে যায়। কিন্তু 'নানা ভাষা নানামত নানা পরিধান' এর স্বাধীন গণতান্ত্রিক ভারতবর্ষে কোন জনগোষ্ঠীর ভাষা সরকারি ঔদাসিন্যের ফলে লুপ্ত হয়ে যাবে এটা নিশ্চয় কারুর কাম্য নয়। তাছাড়া পারস্পরিক লেনদেন এর মাধ্যমেই ভাষাগুলি সমৃদ্ধ হয়।বহুকাল ধরে সৃজিত শব্দ ও সাহিত্য অবলুপ্ত হওয়া একটি জাতীয় সম্পদের অবক্ষয়। সুতরাং কোন ভাষাকে লুপ্ত হতে না দিয়ে তাকে লালন করা, বিকাশের সুযোগ দেওয়া এবং আপন করে নেওয়াই শ্রেয়। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন 'মাতৃভাষা মাতৃদুগ্ধ স্বরূপ। সুতরাং কোন জনসমুদায়কে তার মাতৃভাষা স্বরূপ মাতৃদুগ্ধ থেকে বঞ্চিত করা অযৌক্তিক। অন্যান্য ভাষার মতই কুড়মালি ভাষারও পঠন পাঠনের ব্যবস্থা সেজন্য অত্যন্ত জরুরী। ❑

কুড়মালি ভাষা ও তার ব্যাকরণগত বৈশিষ্ট্য

সমীর মাহাত

সুকুমার সেনের 'ভাষার ইতিবৃত্ত' প্রকাশ কালে প্রকাশক দ্বিজেন্দ্র নাথ বসু বলেছেন– 'ভাষাতত্ত্বের আলোচনা এক জায়গায় থেমে নেই, দৃষ্টিকোণেরও ব্যাপক বদল ঘটেগেছে।' আবার এই বইতেই সুকুমার সেন ১৯৮৭ সালের ২৩ মে ভূমিকায় বলেছেন, 'ক্ত ও ক্তবতু' অর্থে প্রাচীন ওড়িয়াতে 'করুন' আর 'করিন' সংস্কৃতে কৃতম্ বা কৃতবান্ অর্থে পাওয়া গিয়েছে। এই 'ন' বিভক্তির মূল হইতেছে সংস্কৃত–প্রাকৃত 'ন' প্রত্যয় (যেমন সংস্কৃত অন্ন, প্রাকৃত দিন্ন)।' যে কোন ভাষা থাকলে নিশ্চয় তার ব্যাকরণ গত মান আছে। কুড়মালি ভাষা নিয়ে ভারতের ঝাড়খণ্ড রাজ্যে সাম্মানিক ডিগ্রী পাওয়া গেলেও এ রাজ্যে এই ভাষা এখনও স্বীকৃত নয়। ব্যাকরণ হল শিক্ষা ক্ষেত্রে সেই ভাষাকে একটি নিদিষ্ট সূত্রে বেঁধে রাখা। বাংলা তথা ভারতের বিভিন্ন ভাষা গোষ্ঠীর জাতিরা নিজেদের ভাষাকে মুখের ভাষা হিসাবে ধরে রাখতে গিয়ে সামাজিক ভাবে বেঁচে থাকার ক্ষেত্রে জায়গা পেয়েছে। অনার্য জাতির একটি সম্প্রদায় যারা নিজেদের ভাষাকে কুড়মালি বলে দাবি করছে সে ভাষার ব্যাকরণগত মানের আলোচনার পূর্বে বাংলা ভাষা, উৎপত্তি, স্থান, কাল, পরিবেশ ও কিছু ভাষাবিদদের বক্তব্যের পাশাপাশি এই ভাষার উপেক্ষিত পর্যায়টি বলা দরকার। কেননা একই বংশোদ্ভব খেরোয়াল থেকে 'মাঝি' (সাঁওতাল) মাহাত (কুড়মি) দের মধ্যে সাঁওতালি ভাষা সরকারি ভাবে স্বীকৃত। এ রাজ্যেই যেহেতু ঘটনাটি ঘটেছে সুতরাং এখানের কুড়মালি ভাষা নিয়ে আলোচনা সদর্থক। বাংলা সাহিত্যের ইতিহাস প্রথমখণ্ডে সুকুমার সেন, 'উপক্রমনিকার ভাষা সংস্থানে বলেছেন, 'বাঙ্গালা ভাষার মূল প্রাচীন ভারতীয়–আর্য (অর্থাৎ সংস্কৃত) ভাষা। যত দূর জানা আছে এবং যতটা সঙ্গতভাবে অনুমান করা যায় তাহাতে বুঝি যে এদেশে আর্য ভাষা কমপক্ষে খ্রীষ্টপূর্ব অষ্টম/সপ্তম শতাব্দী হইতে প্রচলিত আছে। এদেশে আর্যভাষা আসিবার আগে কী ভাষা প্রচলিত ছিল তাহা জানা নাই।' জানার চেষ্টা ভাষাবিদ্‌রা করেন নাই, কিংবা কোন বৃহত্তর ভাষার স্বার্থে তাকে ভিন্ন ভাবে সাব্যস্ত করিবার প্রয়াস চলেছে লম্বা একটা যুগ ধরে সেই সান্দিহান আলোচনার ক্ষেত্রসীমাটা সম্প্রতি কালে ক্রমশ বৃহত্তর হচ্ছে। সমকাল থেকে উদ্ভব সাঁওতালি ভাষা সরকারি স্বীকৃতি পায় অথচ কুড়মালি ভাষার ক্ষেত্রে বাধার কারণ খোঁজার চেষ্টা সৃষ্টির সম্ভারে জমা হয়নি। সভ্যতার প্রযুক্তিগত উন্নতির লগ্নে একথা বলা যায়, পৃথক কুড়মালি নামে কোন ভাষাকে স্বীকার করতে গেলে বাংলা ভাষা সমৃদ্ধতর হত না। সংস্কৃত থেকে বাংলা, আধুনিক বাংলা, অধুনান্তিক বাংলার নিট ফল হল

কুড়মালির মৌলিক শব্দের অপভ্রংশ ঘটানো। কুড়মালি ভাষা পৃথক ভাষা যতদিন না এই রাজ্যে স্বীকৃতি পাচ্ছে ততদিন কুড়মালির মৌলিক শব্দ হরণ হতে থাকবে। যেমন সম্প্রতি ভাষারূপ থোথ্না >থুতনি। মনে রাখতে হবে, জার্মানিক সম্প্রদায়ের বিছিন্নদলের উপভাষাই আজকের শ্রেষ্ঠ ভাষা ইংরাজি। আজ থেকে প্রায় তিন হাজার দশ বছর আগে উত্তর-পশ্চিম দিক থেকে আর্যভাষীগণ পূর্ব ভারতে বসতি করে। সংস্কৃত অনার্য খেরোয়াল বংশদের কাছ থেকে বাংলা ভাষা সমৃদ্ধ হতে এ পর্যন্ত এক হাজার সময় পার হয়েছে। বাংলা ভাষার লেখ্য রূপের ঢংটা চালু হয়েছিল কুড়মালি দিয়েই। চর্যাপদ ও পদাবলী যুগ তার প্রমান। কেবল পুঁথিগত বিদ্যা অর্জনে শুরু হয়েছিল বাংলার সাধু ভাষা। প্রায় একশ বছরের একটি দৈনিক সংবাদপত্রের সম্পাদকীয় ছাড়া এখন এই ভাষার লেখ্য রূপ নেই বললেই চলে। ভাষার ব্যাকরণ তখনই প্রয়োজন হয় শিক্ষার ক্ষেত্রে। সমৃদ্ধতর ভাষাগুলি যখন প্রগতির সভ্যতায় প্রতিষ্ঠিত জায়গা ধরে রাখার সব রকম প্রয়াস চালাল তখন কুড়মিরা তাদের প্রবাদ, গানে, ছড়ায়, হেঁয়ালিতে সেগুলি ধরে রাখার চেষ্টা করল যা আজও এই ভাষাভাষি এলাকায় সেগুলি বিনষ্ট নয়। এখন টেথিস উল্টে গিয়ে কবে হিমালয় হবে এরকম প্রাকৃতিক বিপর্যয়ের দিকে তাকিয়ে কুড়মালি ভাষা স্থাপন চিন্তা করার অবকাশ নেই। বেদকেও এক সময় শুনে শুনে মনে রাখতে হত। প্রাচীন ইতিহাস থেকে এযাবৎ বাংলার শাসনকাল মুসলমান সহ বিভিন্ন ভাবে কেটেছে। তথাপি পশ্চিম মেদিনীপুর , বাঁকুড়া ও পুরুলিয়ার একটি সামাজিক ভাষার মৌলিকত্ব ধূলিসাৎ হয় নাই। এটাই কুড়মিদের গর্বের কারণ। এদের ভাষা সংস্কৃতিকে বিভিন্ন ভাবে বিভিন্ন সময় টানা হেঁচড়া করা হয়েছে তবু প্রাক্আর্যযুগ থেকে ভাষাটি টিকে আছে এই ঘটনা আরও গর্বের।

ব্যাকরণের সংজ্ঞা হিসাবে সুকুমার সেন বলেছেন, কোন ভাষার উপাদান সমগ্রভাবে বিচার ও বিশ্লেষণ যে বিদ্যার বিষয় তাহাকে সেই ভাষার ব্যাকরণ বলে। ব্যাকরণ আলোচনা তিন ভাবে হয় (১) বর্ণনামূলক ব্যাকরণ (Descriptive Grammar) (২) ঐতিহাসিক ব্যাকরণ (Historycal Grammar) (৩) তৌলন বা তুলনামূলক ব্যাকরণ (Comparative Grammer)।' ঝাড়খণ্ড রাজ্যের পাঠ্যসূচিতে কুড়মালি ভাষার ব্যাকরণ নির্ধারিত হয়েছে হিন্দি বা বাংলার অনুকরণে। এখন মারাত্মক সমস্যা হল যে, কথ্য ভাষা নিয়ে কুড়মিরা জীবনযাপন অতিবাহিত করে আসছেন সেই শব্দগুলির মানে এমন ভাবে বাংলা ভাষাতে প্রতিস্থাপিত হয়েছে যে তার ব্যাকরণমান বাহির করা এক প্রকার 'অসম্ভব'! ঐতিহাসিক ব্যাকরণ প্রসঙ্গে, প্রাচীন শতপথ ব্রাহ্মণের গল্পে 'সদানীরা' 'হেলয়ো' শব্দের অবতারণা হয়েছে

উল্টো রূপে। গল্পে যেহেতু নদী পার হওয়ার বিষয়টি আছে তাই বাংলা ভাষাবিদগণ চটজলতি ভাবে শব্দের মানে খুঁজতে ব্যর্থ হয়েছেন। কুড়মালিতে হেল্‌য়ে বাংলা অর্থ সাঁতারকাটা।

ইঁড়কে যাঁয়ে হেল্‌য়ে দিল হাইলা

বাংলা ঃ ছুটে গিয়ে বলদটি সাঁতার দিল প্রেক্ষাপট অনুযায়ী বিভিন্ন ভাবে কুড়মালি বাক্যগুলি যে ভাবে টিকে আছে তাতেও ব্যাকরণের নিয়ম ঢোকানো যায়—

গাই গেল রণেবণে
বাছুর গেল বিজু বনে
কুইল্যা ষাঁড় ঘুরো ঘুরো

গাই > গাভি। কুইল্যা > কালো, এই কুড়মালি ছড়াটির উৎপত্তি এবং তাৎপর্য কি ? ছড়াটি একটি খেলার ক্ষেত্রে প্রযোজ্য। এখনো গ্রাম্য এলাকায় একপ্রকার ঘাস পাওয়া যায়। একই ফলের ভেতর তিল বীজের মত সাদা ও কালো বীজ পাওয়া যায়। একটি শাল জাতীয় পাতায় সেগুলি রেখে মুখের সামনে নিয়ে শিশুরা এই ছড়া সুর করে বলে। শব্দের আঁচে জীবন্ত পোকার মত সাদা বীজগুলি এঁকে বেঁকে চলে এবং কালো বীজটি ঘুরতে থাকে। ফলে বীজগুলিকে গরুর গোঠের সঙ্গে তুলনা করা হয়। এই খেলা লুপ্তপ্রায়। রয়ে গিয়েছে খেলার ছড়া। স্বভাবতই অন্যান্য ব্যাকরণের যে চুলচেরা সিলেবাস কুড়মালি ভাষা প্রয়োগে তার বৈষম্য ঘটে। ধ্বনি বিজ্ঞানে শব্দগুলি এক্ষেত্রে মৌলিকত্বের দাবি রাখে, যেমন 'অ', অ তুঁই তাহ্‌লে আগের লে জানথিস্‌। 'অ' > আচ্ছা (আশ্চর্য সূচকের ক্ষেত্রে) 'আ' কুড়মালিতে বেশির ভাগ ক্ষেত্রে 'হা' হিসাবে ব্যবহৃত। যেমন– হা দেখা ভাই। ধ্বনি বিচারে স্বতন্ত্র করে উচ্চারণ করলেই এক্ষেত্রে এক একটি অর্থ উঠে আসে। যেমন – 'ব' মামা ভাগ্নে সম্বোধনে। শ>স>ষ তিনটির উচ্চারণগত অর্থ চিতা সাজানোর কাঠ। 'ধ' নামের জঙ্গলে গাছ রয়েছে। 'চ'>চলতে বলা 'হ' মানে থামতে বলা (লাঙল চালানোর সময় গরুকে এই শব্দে থামানো হয়।) বাংলায় যখন স্বরবর্ণ ও ব্যাঞ্জন বর্ণের পৃথক দেখানো হয়েছে। ইংরেজিতে Vowel, Consonant। সেক্ষেত্রে কেবল এক একটি অক্ষর দিয়ে বৃহত্তর অর্থ বোঝানো কোন ভাষাতেই নেই। এর কিছুটা অনুকরণে ইংরেজিতে A মানে একটি ছাড়া তেমন কিছু নেই বললেই চলে। কুড়মালি ভাষার এটি প্রধান ব্যাকরণগত মৌলিক বৈশিষ্ট বলা যেতে পারে।

ভাষার ক্ষেত্রে বর্ণ বা হরফের মৌলিকত্ব নিয়ে টানপোড়েন টানা সমিচীন নয়। বাংলা লিপি ব্রাহ্মী থেকে তৈরি। ইংরেজি হল রোমান হরপের থেকে আগত। হিন্দি হরফ দেবনাগরী থেকে সৃষ্টি। পশ্চিমবঙ্গের বাইরে সাঁওতাল

বা আদিবাসীরা অনেক রাজ্যেই সাঁওতালি ভাষার বদলে হিন্দী ব্যবহার করেন লেখ্য ও কথ্য ভাষায়। চর্যাপদের শব্দগুলির ক্ষেত্রে সেহেতু বাংলা হরফকে ঘাটানো হয়েছে। তাহলে বাংলা হরফ দিয়ে এই ভাষার লেখ্য চর্চাতে বাধা নিষেধ কোথায়। কথ্য ভাষাকে লেখ্যরূপ দিতে গেলে এক-আধটুকু হেরফের প্রতিটি প্রতিষ্ঠিত ভাষাতেই আছে, তাছাড়া (International Phonetic Alphabet) ভাষা বোঝার ক্ষেত্রে বাংলা শব্দতেও মোবাইলে ইংরেজিতে লিখে বার্তা পাঠানোর রেওয়াজ চালু হয়েছে। সংবাদ পাঠের সময় সাঁওতালি ভাষাতে প্রধান মন্ত্রীকে বলা হয় 'মারাং মন্ত্রী' 'মন্ত্রী' তো সাঁওতালি শব্দ নয়। ফলে অন্যান্য ব্যাকরণের মধ্যে না ঢুকে সতর্ক হওয়া করা দরকার বিশেষ বিশেষ ক্ষেত্রে তা হল–

'ন' প্রত্যয়ের ক্ষেত্রে
আন্‌ন,> নিয়ে আসুন
হঁন্ > হ্যাঁ
দেন > দাও বা দিবেন
উঠন্ > উঠুন
বৈস্‌ন > বসুন
চ ন > চলুন

'ঞ' ড় ঢ় 'য' 'ৎ' ফলার প্রয়োগ ক্ষেত্রে

কুড়মালি ভাষা ব্যবহারে এই বর্ণ গুলোকে সতর্ক ভাবে উচ্চারণ করা। প্রয়োজনঃ নাঁই, খাঁই, যাঁই, পাই্‌ঞে, ঢ়ড়া, পড়া, লড়া, দাঁড়ুহা। 'য' 'ৎ' ফলার সঠিক ব্যবহার প্রায় প্রতিটি কুড়মালি শব্দেই অধিক সংযুক্ত।

মৌলিক শব্দ গুলিকে ঠিক ভাবে উপলব্ধি করে বাক্যে প্রয়োগ করা প্রয়োজন। না হয় সমাজে প্রচলিত বহু মৌলিক শব্দকে বিকৃত উচ্চারণ করলে অর্থ অশ্লীলে দাঁড়ায়। তখন সেই ভাষীর উপর আক্রমন হবার সম্ভবনা। 'পদ' শব্দটি শ্লিল। এর সঙ্গে অকারনে ' ঁ ' যোগ করে দিলে অশ্লীল শব্দ দাঁড়িয়ে যাবে। দেহ বিজ্ঞানে যার পরিসুদ্ধ অর্থ পায়ূ বা মলদ্বার। একই রূপ দেখা দিবে 'ভক' শব্দের ক্ষেত্রে। এই শব্দের কুড়মালি বাংলা অর্থ হল ক্ষিদে। কিন্তু 'ঁ' যোগ করে দিলে ওই আগের অর্থই বোঝায় কুড়মালি সমাজে। এ ধরণের প্রচুর মৌলিক শব্দ রয়েছে। বাংলা ভাষাতে মৌলিক শব্দের সংখ্যার চাইতে কুড়মালির মৌলিক শব্দ এখনো সংখ্যায় বেশি। গবেষক সুনীল মাহাতর মতে, 'সংস্কৃত' শব্দের অর্থই হল সংস্কার থেকে জাত। অনান্য ব্যাকরণের চাইতে কুড়মালি ব্যাকরণে প্রত্যয়ের বিষয়টির প্রয়োগ আলাদা। ঝাড়খণ্ডে পড়ানো হয় 'কুড়মালি

তাঁও'তে এর বিবরণ পাওয়া যাবে। সুকুমার সেনের মতে মাতৃভাষার শব্দ সাধারণত অভিধান হইতে সংগৃহীত হয় না।' ভাষা ব্যবহারিক থেকে স্বভাব সিদ্ধ ব্যাকরণের মান বেরিয়ে আসে। যেমন বরের সঙ্গে ঘরও দেখবি।' এখানে ঘর অর্থে দালানবাড়ি নয়, বংশ পরম্পরা কে দেখতে বলা হচ্ছে। বাংলাতে যেমন 'মাথা' শব্দ দিয়ে শব্দের অর্থচাঞ্চল্য নির্ধারিত হয় তেমনি কুড়মালিতে বহু শব্দ রয়েছে। তুতকা > মাথার মধ্যে যে অংশটি তুত্‌তুক নড়তে থাকে। গাছের তুত্‌কায় উঠ্যে গেইছে। তুত্‌কা> মগডাল, তুত্‌কা পৈয্যন্ত আগুন ধরে গেছে। তুতকা > শেষসীমা। এরূপ কুড়মালির ব্যাকরণ গত প্রায় প্রতিটি অংশেই সুক্ষ্ম পার্থক্য বিদ্যমান।

ঘুঁসুর মুঁহা > শুকরের মত দেখতে মুখ যার
মেনি মুঁহা > অশিষ্টের মত দেখতে মুখ যার
বাঁদর মুঁহা > বাঁদরের মত দেখতে মুখ যার

অর্থাৎ শব্দের মধ্যেই একপদীকরণ জুড়ে রয়েছে। 'না' বাচক ও 'হ্যাঁ'বাচক শব্দের ক্ষেত্রে ভাষা প্রয়োগের স্থান পরিবর্তন হয়, অনেকটা ইংরাজি থেকে বাংলায় অনুবাদের রীতিতে।

নাঁই যাব > যাব না	লো (মহিলাদের ক্ষেত্র)
নাঁই যাব > যাব না	ব, শালা, বে, (পুরুষদের ক্ষেত্র)
নাঁই বৈল্‌ব > বলিব না	সম্মোধন সূচক শব্দে ব্যবহৃত

হ্যাঁ বাচকের ক্ষেত্রে — হঁ যাব তবে
হঁ খাব তবে
হঁ বৈলব তবে

যা 'হেঁয়ালি' বা 'অপহ্নুতি' বা কৌশল করে বলার রীতিকে কুড়মালিতে 'ঠাট্‌' বলা হয়। এই ধরণের কথা বার্তায় যারা পটু বা 'গোপাল ভাঁড়' সমপর্যায়ের তাদের প্রচলিত সম্মোধন 'ঠাইটা'।

যেমন– 'হাঁড়ি নাঁই যাব বিঁড়ি কিসের'
বাংলায় 'ঘর নাই যার দুয়ার কিসের'
আর লকের আর চিন্তা, বাঁঝি মায়ার ভাতার চিন্তা।
বাংলায়ঃ চোরের মন পুঁই ডাটার দিকে/সমতুল

শব্দের অর্থ সঙ্কোচন, প্রসারণ বা ভিন্ন ক্ষেত্রে কিছু মৌলিক শব্দের প্রয়োগ হয়।

বাংলার মত, যেমন, অনুরূপ, অবিকল
কুড়মালি লেখেন, মতন, পারা

মাথা সপ্তশতী (মহারাষ্ট্রীয়), চর্যাপদ প্রভৃতির বিশেষন কুড়মালিতে পাওয়া গেলেও বাংলার বিশ্লেষণের সঙ্গে এযাবৎ সরাসরি সংঘাতে জড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। নিজ সমাজের বুদ্ধিজীবিরা সামাজিক কল্যাণের কথা ভেবে বর্ণনা না দিয়ে বাংলা রচয়িতাদের স্রোতাতে পরিণত হয়েছিল এটাই ভাষাযুগের নিদারুন সঙ্কট কাল। দেখাযাক মহারাষ্ট্রীয় নিদর্শন গাথা সপ্তপদীর কুড়মালি ভাবার্থ আর বাংলা ভাবার্থর ফারাক কতটুকু ।

গাথা সপ্তশতী ঃ কইঅব রহিঅং পেম্ম নহি হোই মামি মানুষেলোএ।
জই হোই ন অসস বিরহো বিরহে হোন্তম্মি কোজী অই।

কুড়মালি ঃ রৈস্ বৈল্ব পরে পিরিত নাঁই হয় মামি মানুষে লো।
যতে হোক ন তবু বিরহ বিরহে তবু কতক বাঁচে

(অনুবাদ নিজস্ব)

বাংলায় ঃ ছলনাহীন প্রেম, সখি, মানুষের সংসারে হয় না।
যদি হয় তবে তাহার বিরহ নাই তবুও যদি
বিরহ ঘটে তবে কে বাঁচে ?' (সুকুমার সেন)

কই অব-রহি > রৈস্ বৈল্ব ঋ — কই অব রহি >
পেম্ম নহি হোই > পিরিত নাঁই হয় — বাংলায় ছলনাহীন ?!
মামি > মামি > মামার স্ত্রী
মানুস > মানুষ
লো > লো > সম্বোধন মহিলাদের ক্ষেত্রে

পদাবলী বা শ্রীকৃষ্ণ কীর্ত্তনে যেহেতু রাধাকৃষ্ণের সম্পর্ক মামি + ভাগ্নে সেই সূত্রেই এই পদ লেখা, অন্তত বাংলা ভাষাবিদ্দের বর্ণনায়। কিন্তু কুড়মালিতে নিখুঁত ব্যাকরণগত মানে বিশ্লেষণ বাংলার চাইতেও স্পষ্ট। 'ণ' ধ্বনির দৃষ্টান্ত আগেই দেওয়া হয়েছে। চর্যাযুগীয় বাংলা থেকে একহাজার বছর পরেও ঘষামাজার মধ্যে বাংলায় পুঙ্খানুপুঙ্খ অর্থ এখনো আবিস্কার হয়নি। তার কারণ কুড়মালি ভাষাকে পৃথক ভাষা হিসাবে স্বীকৃতি না দেওয়ার ফলে। তবে এই ভাষার চর্চা যথাযোগ্য স্থানে জায়গা পাওয়ার ক্ষেত্রে আশার আলো দেখাচ্ছে, কেননা, সুকুমার সেন বাংলা সাহিত্যের ইতিহাসে তার ইঙ্গিত দিয়ে গেছেন —'পশ্চিমবঙ্গের অনেক গ্রামনামের আর্য ভাষা সম্মত ব্যুৎপত্তি পাওয়া যায় না। পণ্ডিতেরা মনে করেন যে এ সব নাম এদেশের প্রাচীনতম আদিবাসী অষ্ট্রিক ও দ্রাবিড় ভাষীদের দেওয়া। নামগুলির অষ্ট্রিক ও দ্রাবিড় ভাষা সম্মত ব্যাখ্যা পাওয়া গেলে তবেই এ সম্বন্ধে স্থির সিদ্ধান্তে আসা যাইবে।' প্রশ্নহল অষ্ট্রিক ও দ্রাবিড়দের দিয়ে ভাষার অতো সব উদ্ঘাটন হল আর বাংলার কয়েকটি গ্রামের

নামের বেলা পুনরায় অষ্ট্রিক দ্রাবিড় হয়ে জন্ম লাভ করতে হবে। 'কুড়মি' বা 'কুড়মালি' বলতে এত কষ্ট কিসের ভাষাবিদদের। বরং সাধ্যমত কয়েকটি গ্রামের নামকরণের ভাষা সম্মত বাংলা অর্থ নিম্নে তুলে দেওয়া হল—

খুড়কা খুপি	খুখড়া > মুরগী। খুপি > খোপ
মানুষ মুইড়া	মানুষ > মানুষ। মুইড়া > মুণ্ডু
বাঁদর বনি	বাঁদর > বানর। বনি > বনজাত, শালিক
পাণ্ডা ছ্যাঁছা	পণ্ডা> পাঁড়ে পাণ্ডে> ব্রাহ্মণ বিশেষ ছ্যাঁছা >পিটুনি
ভাতারমারি	ভাতার > বর, স্বামী > মারি >গালিবিশেষ, খুনকরা
বাঘ জভ্ড়া	জভ্ড়া > চরম ভাবে পরাজিত
তুড়ুকতুপা	তুড়ুক>মুসলিম, তুপা>পুঁতে দেওয়া
ম্যৈলচাঁড়র	ম্যৈল> মল্লভূম, চাঁড় > চুড়া সীমানা
তুংচাঁড়র	তুং>আলু জাতীয় বন্য সব্জি
তুঙ্গাধুয়া	তুঙ্গাধূয়া > যে এলাকায় জলে আলু ধুয়ে পরিস্কার করা হত।
আমাইন গড়	>অম্বিকা নগর
লোধাশুলি	শুলি> শূল (ইংরেজ আমলে এখানে সাতশ লোধাকে শূলে চড়িয়ে হত্যা করা হয়েছিল।)
ধাধ্কি ডাঙ্গা	ধাধ্কি> গাছ উচু স্থান
চাকুলিয়া	চা কুল্যা> কুলি
চাণ্ডিল	(মুণ্ডারি শব্দ বিশেষে পাহাড়ের উপররের সমতল অংশ বিশেষ)

এবারে সাহিত্যের তুলনা মূলক ব্যাকরণে (Comparative Grammar) কুড়মালি ভাষার মান্যতা ঠিক কিরূপ দেখা দরকার। কিন্তু তার আগে প্রাচীন বাংলার লেখ্যরূপকে সরাসরি কুড়মালিতে রূপান্তরের প্রয়োজন। কেননা অপভ্রংশের বাংলা গত মানে সামঞ্জস্যহীন কিছু অর্থ আবিস্কৃত হয়ে চলমান হয়ে পড়ায় সেখানে কুড়মালি ব্যাকরণ গত মান উদ্ধারে অন্তরায় দেখা দিতেছে। যেমন– বাংলা সাহিত্যের ইতিবৃত্তের ৭১ পাতায় চর্যাগীতি প্রসঙ্গে সুকুমার সেন বলেছেন, ঢৈন্ঢন' মানে 'ঢেঁঢরা' বা ডুগডুগি। আসলে তা নয়, কুড়মালিতে 'ঢনঢৈনা' 'ঢেনঢেইনা' যে মৌলিক শব্দ রয়েছে তার মানে হল ঢনঢেনা>ভবঘুরে, ঢেনঢেই না > রোগা পাতলা চেহারার ব্যাক্তি। 'ঢেঁড়ি' অর্থে প্রতিযোগীয় যাদের স্থান সর্ব নিম্নে। 'ভুস্‌কু' অর্থে নাদুস নুদুস চেহারার ব্যক্তি। কুকুইরা অর্থে এর ঘর ওর ঘর ঘুরে বেড়ায় 'পচরাকুটা' (পড়ুন কেচ্ছা রটানো) ধরণের ব্যক্তি বিশেষ। সুতরাং চর্যাপদের পদকর্তাদের চেহারাগত মান দিয়েই যে নাম নেওয়া হয়েছিল তা কুড়মালিদের কাছে স্পষ্ট রূপরেখা পাওয়া যায়। চর্যাপদের ৩৩ নম্বর পদের কুড়মালি ভাবানুবাদ দিলেই বাংলার সাথে মারাত্মক মৌলিক পার্থক্য পাওয়া যাবে।

চর্যাপদ ঃ

টালত মোর ঘর নাহি পড়বেষী
হাড়ীত ভাত নাঁহি নিতি আবেশী।
বেগ সংসার বড়হিস জাঅ
দুহিল দুধু কি বেণ্টে যামায়।
বলদ বি আ এল গবি আ বাঁঝে
পিটা দুহিএ এ তিনা সাঝে
জো সো বুধী সোই নিবুধী
জো সো চৌর সোই দুষাধী।
নিতে নিতে ষি আলা ষিহে ষম জুঝঅ
ঢেন্ঢন পা এর গীত বিরলেঁ বুঝই।

কুড়মালিঃ

পড়শিরা নাঁই উঁচাঁয় হামার ঘর
রোজেই কুটুম ভাতের হাঁড়ি ফফর।
বাঢ়েই চলে সংসার তবু
দুহাইল্ দুধ কি বেঁটে সাম্হায় কবু।
হাইলা বিল্হায় বকনাটা বাঁঝি
পিঠ্যাইল্কে তবু দুহি তিন সাঁঝি।
যারা বুদ্ধাইন্ তারাইত বকা
বড় চোররাই সেই সাধু লেকা।
যখন তখন লাগেসিং শিয়ালে
ঢেনঢেন পদ আছে ঠিক তালে


(লেখকের নিজস্ব অনুবাদ)

পদটির কাব্য সৌন্দর্য বিচার ঃ

পর্ব — ৬ মাত্রার পর্ব, মূল পর্ব ৬ মাত্রার।
চরন—দুই পর্বের চরন
স্তবক– দশ চরনের স্তবক, (মিত্রাক্ষর)
রীতি— মাত্রা বৃত্ত
লয় — মধ্যম।

মূলপদের শেষ লাইনে পদকর্তা 'অপহ্নুতি' অলংকারের প্রয়োগ ঘটিয়েছেন। মর্মার্থ উঁচু স্থানে ব্যক্তির ঘর। প্রতিবেশী কেউ নেই। আত্মীয়রা প্রায় রোজই আসেন কিন্তু খেতে দেওয়ার মত সামর্থ ব্যক্তির নেই। সংসারে অনটন দিন দিন বাড়ছে। সম্ভবত দুধ বিক্রি করেই ব্যক্তির সংসার চলত) দুইয়ে নেওয়া দুধ যদি পুনরায় স্তনে জমা হত, তাহলে এত কষ্ট হত না। বলদ হারিয়ে গেছে।(বিল্হায়>

হারিয়ে যাওয়া, বিক্রি করা নয়) গর্ভবতী না হলে সে গুরুকে 'বকনা' বলা হয়। তার পুং লিঙ্গ হল 'দামড়া।' কেননা গাভী কখনো বন্ধ্যা হতেই পারে না। যে গাভীটার তিনবেলা দুধ দোহা হচ্ছে সেটিও পিঠ্যাইল্ (গর্ভবতী), (পিটা থেকে পট বা পাত্র মানে দাঁড়ানো সঙ্গত নয় কেননা গরু সংক্রান্ত বেঁট, দুধ, বাঁঝো, বলদ এগুলি যেহেতু ব্যবহৃত তাই কুড়মালিতে পিঠ্যাঁইল্ গাভীকেই বোঝানো হয়েছে বলে মনেকরা হয়) কেননা দুধ দিতে দিতে দুধেল গাভীটি পুনরায় গর্ভবতী হয়েছে তবু তাকে না দুয়ে উপায় নেই। বৃহত্তম সঙ্কেতও রয়েছে এখন। গোয়ালা মাত্রই জানেন এই অবস্থার পর দিন কে দিন দুধের পরিমান কমে আসবে। অর্থাৎ সমকালীন পরিবারিক দুর্দশার প্রতিচ্ছবি পদটিতে বর্ণিত। ☐



সৌজন্যে :— ইউনেস্কর ওয়েবসাইট থেকে প্রাপ্ত

ঝাড়খণ্ডী বাংলাই কি কুড়মালি ভাষা

হপন মাঝি

সাম্প্রতিক কালে পশ্চিমবঙ্গের মানুষ যে দুটি ভাষার দাবীর সঙ্গে অল্পবিস্তর পরিচিত হয়েছেন, সেই সাঁওতালী এবং নেপালী (গোখলী) ভাষা বাদেও পশ্চিমবঙ্গের মাটিতে এখন বছর কয়েক ধরে কুড়মালি ভাষার স্বীকৃতির দাবীও ফেনিয়ে উঠেছে। সাথে সাথে দক্ষিণবঙ্গের মাটিতে কুড়মালি ভাষার দাবীর সমর্থনে বসেছে ধমসা-মাদল-ঝুমুরের আসর। এসব আসরে রাত ভোর নাচ গানের ফাঁক ফোকরে থাকছে বক্তৃতা কবিতা পাঠের আসর। অসাধারণ জনপ্রিয় এই লোকমাধ্যমের কাঁধে চেপে চাঁদনী রাতে ধমসা মাদলের বোল টাঁইড়টিকর, পাহাড়-ডুংরী টিলায় যতদুর প্রতিধ্বনিত হচ্ছে, ভাষার দাবীর শেকড়ও তত গভীরে ক্রমশঃ প্রোথিত হয়ে যাচ্ছে। এসব আসরে রাত জেগে তাই একটা উপলব্ধিই হয় যে ভাষাতত্ত্ববিদ, কিংবা পণ্ডিতজন, কিংবা এখনকার সবজান্তা রাজনৈতিক নেতারা যতই চেঁচিয়ে বলুন যে কুড়মালি কোন ভাষাই নয়, অথবা কুড়মালি হল বাংলা ভাষারই একটি উপ-ভাষা, তাঁদের ভুল ভাঙ্গবার দিন আসছে।

ভাষাতত্ত্বের জটিল তর্কে এবং বিশ্লেষণে না গিয়ে অতি সাধারণ ভাবে কুড়মালি প্রসঙ্গে আসা যেতে পারে। পশ্চিমবঙ্গের মাটিতে কুড়মালি ভাষার অস্তিত্ব পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, মালদহ, নদীয়া এবং পশ্চিমদিনাজপুরে পাওয়া গেছে। এরমধ্যে পুরুলিয়া জেলায় এক বৃহৎ অংশে এবং মালদহ, পশ্চিমদিনাজপুরের কিছু সীমাবদ্ধ ক্ষেত্রে কুড়মালি জনসাধারণের কথা ভাষা হিসেবে প্রচলিত। বাকী অঞ্চলটিতে বিবর্তিত কুড়মালি প্রবলভাবে বিদ্যমান। কুড়মালিতে এখন বিশ্ববিদ্যালয় স্তরে পঠন পাঠনের সঙ্গে লিখিত চর্চাও শুরু হয়েছে জোরকদমে, যদিও ভাষাটির মূল ভিত জনগণের শ্রুতি। কুড়মালির লিখিত সাহিত্য চর্চার বাইরেই এর বিশাল এবং সমৃদ্ধ শ্রুতি সাহিত্যের ভাণ্ডারটি বর্তমান। কুড়মালি ভাষার ব্যাকরণ আছে। আছে বিজ্ঞানসম্মত লিপিও। কিন্তু কুড়মালি সাহিত্যিকরা এখনো পর্যন্ত তাঁদের লিপির ব্যবহারের পরিবর্তে পশ্চিমবঙ্গে বাংলা , বিহারে হিন্দি, ওড়িষায় ওড়িয়া লিপি ব্যবহারই করে চলেছেন। ভাষাবিদ জি এ গ্রীয়ারসন তাঁর 'লিঙ্গু ইসটিক সার্ভে অব ইণ্ডিয়ায়' কুড়মালি লিপিবদ্ধের পরে পরবর্তীকালে কোন কারণে এই ভাষা সেনসাসে উল্লিখিত হয়নি, এজন্য কোন সরকারী তথ্য না থাকলেও কুড়মালি এবং বিবর্তিত -কুড়মালি মিলিয়ে এর ভাষা-ভাষীর সংখ্যা আনুমানিক আশি লক্ষের বেশি।

বাংলা হরফ ব্যবহারের ক্ষেত্রে কুড়মালি ভাষীরা কিন্তু হুবহু নয়। যেমন, কুড়মালি ভাষা সম্পূর্ণরূপে যুক্তাক্ষর বর্জিত , ফলে যুক্তাক্ষর হরফ কুড়মালি ভাষা লেখার ক্ষেত্রে ব্যবহার হয় না। বাংলা ব্যঞ্জনবর্ণের মাত্র ৩০টি, স্বরবর্ণের মাত্র ৬টি এবং ৯টি চিহ্ন, ব্যবহার করা হয়। উদাহরণে আসা যেতে পারে-

স্বরবর্ণ

অ	আ	ই
উ	এ	ও

ব্যঞ্জনবর্ণ

ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	★
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
★	র	ল	★	★
★	স	হ	ড়	ঢ়
★	★	★	★	

চিহ্ন

অ	—	অ
আ	—	া
ই	—	ি
উ	—	ু
এ	—	ে
ও	—	ও
	—	ং
	—	ঁ
	—	`

চিহ্ন প্রয়োগের ক্ষেত্রে কুড়মালিতে র-ফলা (´), ব-ফলা (ব), য-ফলা (্য) এবং ঋ (ৃ) চিহ্নেরও প্রয়োগ নাই। ব্যবহারিক প্রয়োগ ঃ–

স্বরবর্ণ

অ	—	অঁড়কা
আ	—	আঁধড়
ই	—	ইঁচলি
উ	—	উখুইন
এ	—	এড়ি
ও	—	ওখা

ব্যাঞ্জনবর্ণ

ক—কাড়া	খ—খুকড়ি	গ—গেড়ে	ঘ—ঘুঁসুর	ঙ—চেঙ
চ—চঁটি	ছ—ছেড়ি	জ—জুঁআইল	ঝ—ঝড়া	ঞ—মাঞ
ট—টাঁগি	ঠ—ঠরকা	ড—ডিংলা	ঢ—ঢেবচু	ত—তঘি
থ—থুথনা	দ—দুঁদুব	ধ—ধাধকি	ন—নেইল	প—পঁড়কি
ফ—ফিকড়অ	ব—বগলি	ভ—ভুলা	ম—মহাইর	র—রুপু
ল—লেকড়া	স—সিআর	হ—হার	ড়—ঢঁড়	ঢ়—সাঁঢ়া

বর্ণ যোজনা

অ-কার যোগ

ভর	রগড়	ধমস	উজড়	দই
ডর	সতর	গইড়	লত	বহনই
গঠ	পতর	উসত	চখঅ	ধবঅ
চজ	বতর	ভথড়অ	ডহর	অল
লর	গহল	ভজকট	গবচঅ	পরসন

আ-কার যোগ

অদা	লার	আগাল	ফফরা	চাখা
জধা	খজা	অসার	খাঢ়রা	কালহা
পারা	গাঢ়া	বাদাড়	মাগনা	ভঁথা
বঝা	অঝা	বাইদ	সাহার	দহরা
খালা	আঘা	মাকড়	পচরা	কচড়া
জাড়	পাঘা	আনখা	জওআ	চইলা
				কাওয়া

ই-কার যোগ

বনি	ঘি	বিসি	ভিড়িক
লঢ়ি	লিলজ	রিঝ	সিআর
নিত	পড়সি	গিজড়ি	গভরি
বহি	পতনি	হিড়	ভিড়িক

লিক পতরি খিলি টিকর

উ-কার যোগ

মু	কুড়	খুনুস	টুঙ
ছু	টুআর	মুড়	ভুলুক

সু	উহুক	টুঁড়	কুট
দু	কুটুম	সুগাড়	লুলুপুসু
ধু	বহু	ঠুরকু	চুগুবুগু

এ-কার যোগ

ঠেস	ঠেল	ঢের	লেখেন
ভেস	টেঁটই	হেজ	কেঁড়লই
দমে	মেড়	বেঁত	গেরেগেতে
সেঁক	খেদ	সরেস	টেটেবেজে

ও-কার যোগ

ছও	মওড়	আওলাক
ছওআ	নওআ	বনাওল
গাঁও	দমওক	গাঁওহারি
বাঁও	নওআখিআ	গাঁওলি

দুই অক্ষরের মিশ্রবর্ণ

লেদা	চেঠা	বিহা	ডিহা	চাঁড়
কুবা	খেড়ি	চুকা	পেঁকা	টঁকা

তিন অক্ষরের মিশ্রবর্ণ

থুঙড়া	বেসাতি	চাকড়া	গিজড়া	কহনি
খুখড়া	সাটিক	লেলহা	টেহনি	কাঁকন

চার অক্ষরের মিশ্রবর্ণ

বরিআত	লাইভুকু	উবগার	ঘানিঘুরা
চিনহাপ	ভাআচারি	আলাপালি	গুঁড়িগাঁড়ি

পাঁচ অক্ষরের মিশ্রবর্ণ

মুড়পুচকা ছিনছাতুর সড়ঘড়িআ হাইটাটকা মাথাথাপড়ি অহিবিকলি নওআখিআ ঝুমুরঝুট

কয়েকটি প্রচলিত প্রবাদ বাক্য-

১। ঢেইর কাঠে মউআ সিঝে, ঢেইর কাথাঞ কুড়মি বুঝে।
২। কুড়মিক বুইধ পেছু বাটে।
৩। নাপেক নাঞ তাকর ফাটা পাইলা।
৪। রাগ খাই আপকে, বুইধ খাই পরকে।
৫। জিউনি জাইগ, ছটপটিক সাদ।

কয়েকটি প্রচলিত ধাঁধা-

১। উপরলে গিরল ভাট ভাটেগ চুতরা ফাট- মহুয়া।

২। ডাইর তরে লাল মিঞা- লঙ্কা।

৩। বনলে বাহরালি হাঁস, হাঁস কহেই মর সুধা মাস- ছাতু।

৪। মাঝ বাঁধেক কাড়াক চাপ- কাছিম।

৫। রাইতে তঅ গরু গঠাল, দিনে তঅ নাঞ, কন পথকে গেল গরু গঠে গবর নাঞ- তারিআ।

কয়েকটি প্রচলিত সাধারণ বাক্যঃ–

১। মঞ জাঁউ - আমি যাই।

২। মঞ গেঁল - আমি গিয়াছিলাম।

৩। মঞ জাম - আমি যাইব।

৪। মঞ ঘার জাম - আমি ঘর যাব।

৫। মঞ নি খাইকে নি জাম - আমি না খেয়ে যাব না।

৬। নি নেতেইক - হবে না।

৭। একর হত অকর রাগ হেলেইক, ঘার নিহি গেইল - এজন্য ওর রাগ, সে জন্য ঘর গেল না।

কয়েকটি প্রচলিত ছড়া ঃ–

১) ঝিম ঝিমাইল ঝিমাইল
মাঞে বাপে খাই ল
হামকে নিহি দেই ল
পাইখ পাখইড় গেদা গুডুম ঢিস্-
একটি পিঠা পড়লি
কুলহির লক্ দড়লি
গাই করেই হমা হমা
বাছুর করেই হিস্।

২। ঘুগুচু - পাঁড়ুচু পাইখ দলই
এতেক রাইতে কাকর ছওআ কাঁদই।

৩। লাড়ুক মাঞ গ লাড়ুক মাঞ
লাড়ুক কবে বিহা
থামে বাছা সবুর কঁরেঞ
লটা সাগেক পহা

৪। সুমেক ধন গাঁওআরেক নারি
নাঢ়াক ফুটানি বেজকারেক বাঁদরি।

৫। আম পকলি খাইহ না ভাই
চিনিক পারা লাগেই
সাঁঘাইলা বহু করিহা না ভাই
গুতাঞ বিসি ভাঁগেই।

এসব হাজারে হাজারে উদাহরণের বাইরে রয়েছে এক বিশাল সংখ্যার কুড়মালি ঝুমুর । চিঠিপত্র নিমন্ত্রণ পত্র, নানান ধরণের হ্যাণ্ডবিলও এখন কুড়মালিতে ছাপা হচ্ছে। বাংলা হরফে কুড়মালি ভাষায় প্রথম সংবাদপত্র বেরয় ঝালদা, পুরুলিয়া থেকে। 'মানভূম এক্সপ্রেস' নামের এ সংবাদপত্রটি অধুনালুপ্ত হলেও ভাষা আন্দোলনের ইতিহাসে গুরুত্বপূর্ণ। পরে সংবাদপত্র 'বানার', সাহিত্যপত্র - সারহুল , ফুরুঙ, কুড়মালি উল্লেখযোগ্য । রাঁচী বিশ্ববিদ্যালয়ের পাঠ্য সূচীতে অন্তর্ভুক্ত বেশির ভাগ পুস্তকের লেখকই পশ্চিমবঙ্গের। বেশ কিছু কুড়মালি ঝুমুর, কবিতা, গল্প উপন্যাস, নাটক এখন প্রকাশিতি, আরো বহু গ্রন্থ প্রকাশের অপেক্ষার। বর্তমানের যেসব কবি - সাহিত্যিক কুড়মালিতে খ্যাতি পেয়েছেন এদের মধ্যে সুনীল মাহাতো, লক্ষীকান্ত মুতরুআর, অনন্ত কেসরিআর, কেশব টিডুআর, আনন্দ খুঁটদার , কৃত্তিবাস কর্মকার, কিরীটি গুলিআরের নাম উল্লেখযোগ্য। কুড়মালি সাহিত্যিকরা প্রত্যেকেই একবাক্যে স্বীকার করেন যে বাংলা, হিন্দি কিংবা ওড়িয়া হরফের মাধ্যমে কোন অবস্থাতেই কুড়মালি ভাষার সঠিক উচ্চারণ লেখা যায় না তবুও ছাপা খানার অভাব এদের সাহিত্য চর্চায় কোনরূপ প্রতিবন্ধকতা সৃষ্টি করছে, একথা মনে হয়না।

(২)

আপাতদৃষ্টিতে 'ঝাড়খণ্ডী' শব্দটি ঝাড়খণ্ড শব্দ থেকেই যে উৎপত্তি হয়েছে একথা সহজেই বোঝা যায়। কেননা যিনি ঝাড়খণ্ডে বাস করেন অথবা ঝাড়খণ্ড সংস্কৃতির ধারক এবং বাহক, তিনিই ঝাড়খণ্ডী। এইটে একরকম অর্থ। অন্যরকম অর্থ হলো 'ঝাড়খণ্ডী মানে মিশ্র বস্তু'। প্রথম অর্থ অনুসারে 'ঝাড়খণ্ডী' শব্দটি সাম্প্রতিক, কিন্তু দ্বিতীয় অর্থ অনুসারে পশ্চিমবঙ্গ, বিহার ওড়িষার প্রত্যন্ত কুড়মালি বা বিবর্তিত কুড়মালিভাষী অঞ্চলের কথ্যভাষার মধ্যে 'ঝাড়খণ্ডী' শব্দের ব্যাপক প্রয়োগ লক্ষ্য করা গেছে। এক সমীক্ষায় দেখা গেছে, বর্তমানের 'ঝাড়খণ্ডী' শব্দের অর্থ না জেনেও এখানকার মানুষজন 'ঝাড়খণ্ডী' শব্দের প্রয়োগে অনায়াস স্বচ্ছন্দ। এই সূত্রে বলা যায়, ডঃ সুকুমার সেন, ডঃ বঙ্কিম মাহাত ইত্যাদিরা যাকে 'ঝাড়খণ্ডী বাংলা' বলে চিহ্নিত করেছেন, তার অর্থ

দাঁড়ায় 'মিশ্র বাংলা'। প্রশ্ন আসে বাংলা ভাষার মিশ্রনটি তাহলে কার সঙ্গে? কুড়মালি ভাষাবিদরা সরাসরি দাবী করেছেন যে 'ঝাড়খণ্ডী বাংলা' নামে যাকে বলা হচ্ছে তার শব্দভাণ্ডারটি কুড়মালির, শুধু ক্রিয়াপদগুলি বাংলার। তাঁরা মূল কুড়মালি ভাষার মধ্যে 'ঝাড়খণ্ডী বাংলায়' ব্যবহৃত শব্দের সরাসরি প্রয়োগ দেখেই এরকম সিদ্ধান্তে এসেছেন আজ। অর্থাৎ ঝাড়খণ্ডী বাংলা দাঁড়াচ্ছে কুড়মালি মিশ্রিত বাংলায়। এখানে একটা কথা বলা যেতে পারে, বাংলাভাষার ক্রমবিবর্তনের যে রূপ আমরা পাই, তাতে কিন্তু এই ঝাড়খণ্ডী বাংলার রূপটি কোথাও আসেনি। প্রায় ভাষাবিদই স্বীকার করেন যে ঝাড়খণ্ডী বাংলা সব অর্থেই অন্যরকম। বাংলাভাষার বির্বতনের ধারাবাহিকতার সঙ্গে এভাষা মেলেনা। ভাষা বিবর্তনের এ এক স্বতন্ত্র ধারা। একটি ছোট উদাহরণে আসা যাক-

নি- হেতেইক- কুড়মালি, নাঞ হবেক - ঝাড়খণ্ডী বাংলা, এর বাংলা হল - হবে না।

(৩)

একালের ঝুমুর গবেষকরা দ্বিধাহীনচিত্তে সবাই একমত যে চর্তুদশ শতাব্দীর কবি বড়ু চণ্ডীদাস ঝুমুর গানের আদি গীতিকার। কুড়মালি গবেষকরাও দৃঢ় প্রত্যয়ে বলেন, বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কুড়মালি ভাষার আকর গ্রন্থ। অন্যদিকে বাংলাভাষা সাহিত্যের ইতিহাসও বলে যে 'শ্রীকৃষ্ণকীর্তন' বাংলা ভাষার আদিরূপ। দুই ভাষার ইতিহাসকারদের দাবীর মাঝখানে অনাদৃষ্টিকোন থেকে বিষয়টিতে আসা যেতে পারে।

শ্রীকৃষ্ণকীর্তন সম্পর্কে বসন্তরঞ্জন রায় বলেছেন, 'কেহ মনে করেন শ্রীকৃষ্ণকীর্তন, কীর্তন আদৌ নহে, ঝুমুর। পণ্ডিতগনের মতে কিন্তু এই ঝুমুর ধামালী দেশী সঙ্গীতের পরিণতিতেই উৎকৃষ্টতর কীর্তনের উৎপত্তি,' সুবোধ বসু রায় 'দেশ' (২৪শে জুন, ১৯৮৯) পত্রিকায় লিখেছেন, পণ্ডিত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় এবং ডঃ সুকুমার সেনও শ্রীকৃষ্ণকীর্তনকে ঝুমুর বলেই মনে করেন। ডঃ চিত্তরঞ্জন লাহা তাঁর গবেষনায় নিশ্চিত যে শ্রীকৃষ্ণকীর্তনের ভাষার সঙ্গে বাংলার নয়, বরং ধলভূম অঞ্চলের মানুষের লৌকিক ভাষার সঙ্গে হুবহু মিল রয়েছে। অর্থাৎ শ্রীকৃষ্ণকীর্তনের ভাষা বিবর্তিতরূপে এখনও এতদ অঞ্চলে বর্তমান।

'দেশ' পত্রিকায় সঙ্গীত বিশেষজ্ঞ রাজ্যেশ্বর মিত্র 'পুরুলিয়ার ঝুমুর ও ঝাড়খণ্ডী কীর্তন' শীর্ষক গবেষণা নিবন্ধে লিখেছেন, "বিদ্যাপতি থেকে বৈষ্ণবপদাবলীর যে ধারা মিথিলায় সংরক্ষিত ছিল, তা দ্বারভাঙ্গা, তিরুহত অঞ্চল থেকে সন্নিহিত ঝাড়খণ্ডে প্রবেশলাভ করে এবং ক্রমে এই পদাবলীগান এই অঞ্চলের চর্চা ও পরিশীলনে এমন একটি রূপ পরিগ্রহ করে, যে সেই ধারাটিই ঝাড়খণ্ডী রীতি নামে প্রসিদ্ধি লাভ করে। এটিই ঝুমুরের ইতিহাস।"

প্রসঙ্গক্রমে তিনি ঝুমুরের কয়েকজন আদি কবির নামও করেছেন। এদের মধ্যে বিনন্দিয়া সিং, গৌরাঙ্গিয়া সিং, ভবপ্রীতা নন্দ ওঝা , রামকৃষ্ণ গাঙ্গুলী, দীনা তাঁতী ইত্যাদি অনেক ঝুমুর রচয়িতাদের উল্লেখ আছে। প্রসঙ্গক্রমেই একটা কথা এসে যায়, কুড়মালি সাহিত্য মূলতঃ মৌখিক। এর যা কিছু চর্চা এবং বিস্তার তার প্রায় সবটাই হয় ঝুমুর গানের স্বর্ণযুগে এবং ঝুমুর রচয়িতাদের ঝুমুর গানের পরিশীলিত চর্চার মাধ্যমেই কুড়মালি ভাষাও চূড়ান্ত চর্চিত এবং বিবর্তিত হয় । ফলে অত্যন্ত স্বাভাবিক কারণেই তাঁরা একদিকে যেমন কুড়মালি ভাষাতে ঝুমুর রচনা করেছেন, পাশাপাশি তেমনি বিবর্তিত কুড়মালিতেও সমান দক্ষতার সঙ্গে ঝুমুরের পদরচনা করেছেন। সেকারণেই আজ বড়ু চণ্ডীদাস, বিনন্দিয়া সিং, গৌরাঙ্গিয়া, ভবপ্রীতা, সৃষ্টিধর কিংবা রামকৃষ্ণ গাঙ্গুলি বা দীনা তাঁতীদের কুড়মালি কবি এবং গীতিকার হিসেবে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। এই ঘটনা সাম্প্রতিক কালের কুড়মালি সাহিত্যিকদের ক্ষেত্রেও ঘটে চলেছে, সেজন্যই দেখা যাচ্ছে এখনকার স্বীকৃত কুড়মালি সাহিত্যিকরাও কুড়মালি সাহিত্য রচনার পাশাপাশি বিবর্তিত কুড়মালিতেও স্বচ্ছন্দ সৃষ্টিতে মগ্ন। রাজ্যেশ্বর মিত্র আরো বলেছেন, ''আসলে ঝাড়খণ্ডের পদগীতি তাদের স্বকীয় কাব্যসঙ্গীত এবং সেই সঙ্গে ঝুমুরও সম্পূর্ণভাবে মানভূম, পুরুলিয়া অঞ্চলের লোকায়ত সঙ্গীত শিল্প!'' কীর্তন পদাবলী সম্পর্কে বলেছেন, 'পদাবলী গায়নে, ঝাড়খণ্ডী রীতিই প্রাচীনতম , বিদ্যাপতির গান থেকেই এর সূচনা এবং ঝাড়খণ্ডী রীতিই পদাবলী কীর্তনের প্রাচীনতম রূপ।'' রাজ্যেশ্বর বাবুর সঙ্গে একমত, যে ঝুমুরকে তিনি বিদ্যাপতি পরবর্তী স্বতন্ত্র সঙ্গীত ধারা হিসেবে চিহ্নিত করেছেন। তেমনি কুড়মালি ভাষা বিবর্তনের ক্ষেত্রেও একই যুক্তি আসে। অর্থাৎ , এই স্বতন্ত্র ঝাড়খণ্ডী রীতির বিবর্তন এখন পর্যন্ত যে গীতি চর্চার মধ্যে দিয়ে উত্তরন ঘটেছে, তার ভাষাই কুড়মালি ভাষা এবং সেই বিবর্তিত কুড়মালিই এখনকার তথাকথিত 'ঝাড়খণ্ডী বাংলা' নামে চিহ্নিত। বিবর্তিত কুড়মালি বাংলা নয়, অথচ বাংলার মত। এই বিভ্রান্তিতে পড়েই ডঃ সুনীতি চট্টোপাধ্যায় একে বলেছেন , মানভূমি উপভাষা। ডঃ সুকুমার সেন বলেছেন, ঝাড়খণ্ডী বাংলা। ডঃ ধীরেন্দ্র সাহার মন্তব্য ''ঝাড়খণ্ডী বাংলার রূপ রং ভাগীরথী তীরবর্তী জনপদের মানুষদের ভাষার সঙ্গে এক নয়।'' এবং একালের ঝাড়খণ্ডী জনজীবনের শ্রেষ্ঠ গবেষক ডঃ বংকিম মাহাতও বলেছেন, 'জঙ্গলমহলে সমতল বাংলার বাঙালীর অনুপ্রবেশের পূর্বে থেকেই বাঙলা ভাষা এখানকার আঞ্চলিক ভাষা ছিল এবং বহু শতাব্দী ধরে এই ভাষাতেই এখানকার লোকসাহিত্য রচিত, কথিত এবং গীত হয়েছে।' তিনি এ মন্তব্য করেছেন ভূমিজ বিদ্রোহের সময় (১৮৩২- ৩৩) তৎকালীন জঙ্গলমহলের জয়েণ্ট কমিশনার মিঃ ডেণ্ট এর 'প্রায় বাংলা'র মত এখানকার মানুষের কথ্য

ভাষা শুনে ফরাসীর পরিবর্তে বাংলা ভাষায় সরকারী কাজকর্ম চালানোর সুপারিশ করা থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন এখানে যে, বাংলা যদি বাঙালীর ভাষা হয়, তাহলে সমতল বাংলার বাঙালীদের অনুপ্রবেশের পূর্বেই আদিবাসী অধ্যুষিত জঙ্গলমহলের মানুষ তথাকথিত ঐ বাংলাভাষা পেলেন কোথা হতে? আসলে ঐযে, 'বাংলা নয়, অথচ বাংলার মত'র ডামাডোলে পড়ে কোন গবেষকই জোর দিয়ে একে বলতে পারেননি যে এটি বাংলা ভাষা। আর না পেরে যে যেমন পেরেছেন নিজের নিজের মত করে একে নিত্য নতুন নামে চিহ্নিত করার চেষ্টা করেছেন। এবিষয়ে ডঃ বঙ্কিম মাহাত পরবর্তীকালে আক্ষেপও করেছেন এই বলে যে, ''মাগধী প্রাকৃত যে ভোজপুরী -মগহী নাগপুরিয়া কুড়মালির স্তর পার হয়ে ঝাড়খণ্ডী বাংলায় রূপান্তরিত হয়েছে, একথা এখনো কেউ বললেন না।'' কুড়মালি ভাষা বিবর্তনের প্রবাহে এ এক যথার্থ মন্তব্য।

স্বল্প পরিসরে মাত্র দুটি সাম্প্রতিক কবিতা উদাহরণ হিসাবে নেওয়া হল।

(১)

অনন্ত কেসরিআরের কুড়মালি কবিতা

ভগবানে দেলাক জিউ
মাঞে দেলি ঝঁকি
মাঞে লেলি লকি
থনেক দুধে দরখুন
সিখাউলি জে ভাখি,
অহে ভাখি মর কুড়মালি হেকি।
সনামনি হিরাক খাধান
আঁচর জে মাঞকর
খঁইছাই দুধে সর
ফুলে ফুলে ঠুসল হালা
দুলার চনহাঁই বাছি.
অহে ভাখি মর কুড়মালি হেকি।

(২)

ভবতোষ শতপথীর ঝাড়খণ্ডী বাংলা কবিতা

লাচ বাদরী লাচ
লাচ বাঁদরী লাচ্

কুঁঢ়া খাঞেই বাঁচ্
ফল পাকইড় সউব সিরাঞ গেল
রইহল হাথের পাঁচ।
কেঁদ ভুড়রুর বন
বাঁদরী, কি খাবার মন ?
ইডাল উডাল ঝাঁফাঞ বুইলতে
একটাও নাঞ গাছ
মহুলবনী গাঁয়ে নাঞখে
একটা মহুল গাছ।
খাল ঢড়াটা ভাথাঞ দিল
কুথায় ধরবিস মাছ ?
লাচ বাঁদরী লাচ্
বাইগন খাঞেই বাঁচ্
বনের ফলডল সউব সিরাইল
রইহল হাথের পাঁচ।

(৩)

পরিশেষে একটা কথা বলা যায় যে এই বিবর্তিত কুড়মালি বা ঝাড়খণ্ডী বাংলারও রূপ পালটাচ্ছে। বাংলা ভাষার প্রচণ্ড ব্যবহারিক চাপে পশ্চিমবঙ্গে যেমন এটি ক্রমশঃ কুড়মালি মিশ্রিত বাংলায় রূপান্তরিত হচ্ছে, ঝাড়খণ্ড বা ওড়িষাতেও তেমনি কুড়মালি মিশ্রিত হিন্দি' বা 'কুড়মালি মিশ্রিত ওড়িয়াতে পরিবর্তিত হচ্ছে। নিঃশব্দে অথচ দ্রুত গতিতে। সেকারনে, কুড়মালির বিবর্তিত রূপকে আমরা যে নামেই চিহ্নিত করিনা কেন, আসলে তা কুড়মালিই। ❑

কুড়মালি ঃ সংগৃহীত উপাদান

সংগ্রাহক – শ্রীপদ বসঁরিআর

(১)

করম গীত
কনেঁ রে করম গঁসাঞ
আনঁঅঁলউ নেউঅতি।
কুরম নেদিক ধাইরে,
কনে্ রে করলঅ খেতি।
ছউআ-পুতা লেইএ গঁসাঁই,
করলঁ খেতি রে।
তহরি বনাইলঅ খেতিঁঞ,
কুরমেঁক পানি রে।
আনঅঁ খেতি করলঁ,
তাঁহি পাটাউনি।
(সংক্ষিপ্ত)

(২)

বিহা গীত
কনঁঅঁ কনাঁঞ লাগিঅরে আমঁ
রে আমঁ গঅ।
কনঁঅঁ কনাঁঞ মঁহুআকর ডাইরঅ গঅ।
কনেঁ মঁরঅ খাইঅতি, আঁমরে মঁহুঁরা গঅ।
কনেঁ মরঅ খাই অতি মঁহুয়া গঅ।
বরে কেরি মাঁঞে খাইঅতি,
আমঁ মঁহুঁরাগঅ।
কেনিঞাঞ মাঁইঞে খাইঅতি,
মঁহুঁঞা মঁহুঁরা গঅ

(৩)

বঁদনা গীত
সাঁকঅটঅ খইরিআ।
ঘনঁঅঁ পানি হেরিয়া।
বরদা মঁরঅ লহঅসলে জাই।
জেঁঞ মঁরঅ বরঅদাক নঁজরি
চালাইঅ তঅ।
অকে তঅ ফেরঁঅঁ দুনঁ আখি।

(৪)

টুসু গীত
বড়অ বাঁধ জাইহা না টুসু।
বড়অ বাঁধ ভরল আহেইক।
চাইরঅ আঁইখে ভলি দেখা,
জবা ফুলটি ফুটঅলাহেইক।
জবা ফুলেক বাসে টুসু,
দলান গেলেইক ধসি গঅ।
ই দলান উঠাইঅব হামরা,
সাঁখঅসরিক ঘাটে গঅ।
সাঁখঅসরিক লকে কহত,
ই দলানটা কাকর গঅ।
তরঅ নিঁহিঁ, মঁরঅ নঁহি
উসসরকল দেল হেকৈইক গঅ।

সম্পর্ক যুক্ত–

কুড়মালি	বাংলা
ঘারুয়ালি নাতা	পরিবারিক সম্পর্ক
বা/বাপ/বাপা/বাবা	পিতা/পিতৃ
মাঁই/মঁইআঁ	মাতা/মা
সতুআইমাঁই	সৎমাতা
সতুআই দাদা	সৎদাদা
সতুআই দিদি/দাই	সৎদিদি
সতুআই ভাই	সৎভ্রাতা/ভাই
সতুআই বেহিন	সৎবোন
সতুআই বহনই/ভাটু	সৎভগ্নিপতি
সতুআই মামা	সৎমামা
সতুআই মামি	সৎমামী
সতুআই ভেইগনা	সৎভাগ্নী
সতুআই ভেইগনি	সৎভাগ্নী
সতুআই ফুফু	সৎপিসি
সতুআই মসি	সৎমাসি
গুঁগুঁবাপ	জ্যেঠামশাই
গুঁগুঁমাই	জ্যেঠিমা
কাকা/খুড়ি	কাকাবাবু
কাকি/খুড়ি	কাকীমা
মামা	মামা
মামি	মামী
মসা	মেসো
মসি	মাসিমা
ফুফু	পিসিমা
ফুফা	পিসেমশাই
দাদ	দাদা
দিদি/দাই	দিদি
ভাই	ভ্রাতা/ভাই
বেহিন	বোন
ভাইজি/ভউজাই	বৌদি
বউআসিন	বৌমা

বহনঁই / ভাটু	ভগ্নীপতি
বেটা/পুতা/পুত/পুউআ/পনা/নুন/নুনুআ	পুত্র /ছেলে
বেটি /ধিআ/ঝিআড়ি/পুৎনি/আই/নুনি/নুনিয়া	কন্যা/মেয়ে
পুতউহু /জুআঁই	দাদু
ঠাকুরমাঁই /বড়অমাঁই	দাদু(মায়ের বাবা)
দুধুবাপ	পিতামহ
আজাবাপ	প্রপিতামহ
নানা	প্রপিতামহ

রং সম্বন্ধীয় (বরনবেউরা)

কুড়মালি	**বাংলা**
পঁড়/পুঁড়/পেঁড়কা/চাড়কা/চড়কি/চেড়কি/ধলা/ধউলি/ধবঅ/পঁড়উআ	সাদা
কুদরা/কুদরি/কুইলা/কুইলি/ধুঁধরি/ধুঁধরি/কেরিঅ	কালো
রাঁগা /রেঁগিঅ/রেঁগলি/রঁগুলা/লউহাআ	লাল
হেরদি/হইলদা	হলদে
লিল	নীল
বেইগনা	বেগনি
কাপসা/কাপসি/হাঁসা/হাঁসি	শ্যামল
তেলসাঁউরা/তেলসাঁউরি	উজ্বলশ্যামল
গরা/গরি	ফর্সা
কাবরা/কাবরি	সাদা, কালো, লাল, মিশ্রিতরং
হেরিহর	সবুজ

সময় নির্ধারণ (বাচিক বেরা/বাচিক খন দরসান)

কুড়মালি	**বাংলা**
ভিনসার	প্রত্যুষ
বিহান	ভোর
দরবেসিআম	সকালবেলা
বেসিআম	পূর্ব্বাহ্ন
দপহর	দ্বিপ্রহর
আড়বেরা	অপরাহ্ন

ঝিরিরি বেরা/লিহিচিহি বেরা	গোধূলী
সেঁঝিঅড়ি	সন্ধ্যাবেলা
বেরাডুবা	সূর্যাস্ত
কালসাঁইঝ/মাঁছি আঁধরা/সাঁইঝ	সন্ধ্যা
সিড়ি পটঅরাইত	নিশুতি
দিন	দিবা
রাইত	রাত্রি

দূরত্ব নির্ধারক (ধূরসান জখ)

কুড়মালি	**বাংলা**
টেপনি	বৃদ্ধাগুষ্ঠি পরিমাপ
টেপনি	আঙ্গুলি পরিমাপ
বিতা/চাখর	বিতা
হাঁত বেঁউ	হাত
ডেপ ঝাপ	পদক্ষেপ
একদুলদুল	সিকিক্রোশ

দিক নির্ণয় (বাটদরসা)

কুড়মালি	**বাংলা**
উপরবাট	উর্দ্ধদিক
হেঁটবাট	নিম্নদিক
উজুবাট	সোজা দিক
বাঁউআবাট	বামদিক
দেহিনাঁ বাট	ডানদিক
পুরুব বাট	পূর্ব্বদিক
বাঁই/বসমতা/পিতথিমি	পৃথিবী
বাদেইর	আকাশ
বাদাড়	বাড়ী সংলগ্ন ঝোপ
পাতড়া/পাতড়ি	উপবন
মাঠা	বন
টগরি/ডুঁগরি	কম উচ্চ বিশিষ্ট পাহাড়
পাহাড়	পাহাড়

ঋতুর নাম (কালকর নাম)

কুড়মালি	বাংলা
রনকাল / ঝাঁইঝকাল	বসন্ত ও গ্রীষ্ম
রেইরসাকাল/রপামাস ও নিরন মাস	বর্ষা ও শরৎ
জাড়কাল–আমল মাস ও জাড়মাস	হেমন্ত ও শীত

মাসের (মাঁস নাম)

কুড়মালি	বাংলা
মধুমাস	মাঘ, ফাল্গুন, চৈত্রের কিছুদিন
খারা মাস	চৈত্রের কিছুদিন, বৈশাখ ও জৈষ্ঠ্য
বেইরসা মাস/রপামাস	আষাঢ় ও শ্রাবন
নিরন মাস/নিকান মাস	ভাদ্র ও আশ্বিন
আমল মাস	কার্ত্তিক ও অগ্রহায়নের কিছুদিন
জাড়মাস/কাটেইন মাস	অগ্রহায়নের কিছুদিন ও পৌষ

আবহাওয়া

কুড়মালি	বাংলা
হুল	তুষার
হুল বেইরসন/হুলগিরন	তুষার পাত
পাখনা বা পাখনাপানি বহি	হিমবাহ
পাখনা বা পানি বেইরাস/পাখনা পানি গিরা	শিলাবৃষ্টি
উরুধঁধু/ধুঁধবাসাত	ঝড় (শুকনো)
ঝিঁটাস	জলের ছাঁট
ঝেইড়	ঝড়
উঁড়রু	
রিমিঝিমি রেইরস	ঝিরঝিরে বৃষ্টি
টিপিকটাপাক টি পাকন	টাপুর টুপুর ❑

লোক সংস্কৃতি বনাম কালচারাল ভাইরাস

ডঃ পশুপতি প্রসাদ মাহাতো

দামোদর , কংসাবতী , সুবর্ণরেখা, শিলাবতী, দ্বারকেশ্বর , বৈতরণী , বুড়িবালাম , কোয়েল , কুইলী, কনহর , কারো, অজয়, ময়ুরাক্ষী , বরাকর বিধৌত একটি সুস্পষ্ট বিশাল ভূখণ্ড যা মূলত প্রাচীন গণ্ডোয়ানার একাংশ তারই ঐতিহাসিক নাম ঝাড়খণ্ড । একদা নাগদেশ এবং দশারণ্য নামে খ্যাত এই বিশাল ভূখণ্ডের একদিকে রাজমহল পর্বতমালা; মধ্যভাগে দুমকার হিজলা, রাঁচীর জনা-জারগা; চাঁন্দোয়া, বড়গড় ও পালামৌর পাট । পুরুলিয়ার বাঘমুণ্ডীর অযোধ্যা পাহাড় ও সিংভূমের দলমা, কিরিবুরু; রায়রঙ্গপুরের বাদাম পাহাড় একেবারে এর মধ্যভাগে । অন্যদিকে ময়ুরঞ্জের সুবিশাল শিমলীপাল পাহাড় । বাঁকুড়া শুশুনিয়া আর পুরুলিয়ার পাঞ্চেত যেন এর ভিতকে শক্ত করছে ।

খড়গপুরের কাছে সমতল বাংলার যেখানে শেষ, সেইখান থেকেই শুরু ঝাড়খণ্ডী সংস্কৃতির করম বা করমা নাচ ও সুরের গুঞ্জরণ, শেষ তার রায়পুর পালামৌতে । সাঁওতাল পরগণার গোড্ডা থেকে শুরু করে ময়ুরভঞ্জ কেঁওঝোরের প্রত্যন্ত গ্রামে টুসু বা সোহরাই সুরের অনুরণন । দাঁসাই, সোহরাই, নওয়াখিয়া, বাহা, সারুল, জিতুয়া, রজ উৎসব ও সুরের মাদকতা । ছো, পাতা; ভূয়াং , নাটুয়া, ডাহের পাইক নাচের দীপ্তময় পদক্ষেপ; ঢাক, ঢোল, ধমসা মাদল , বাঁশী, তুরুধুতু, সেহনাই রামশিংদা, রেগড়া টামাকের বাজনাতে এবং ডোমকোচ ও ঝুমুরের মুর্চ্ছনাতে উদ্বেলিত হয় এই অঞ্চলের মানুষ ।

ভারতীয় উপমহাদেশের এই বিশাল ভূখণ্ডের লোকায়ত সংস্কৃতির ধারক ও বাহক যারা, তাঁরা হলেন সাঁওতাল, ভূমিজ, মুদি, রাজোয়াড়, দেশওয়ালী, মুণ্ডা, ওরাঁও, মাল, মাহলী, লোধা, খেড়িয়া, চিকবড়াইক, অসুর, আহীর, বাগাল , মাহাত, নাগেশিয়া, কোরোডা, বীরহোড়, বাউরী, হাড়ী, ডোম, মুচি; খাসি, প্রধান; বেনে, শুঁড়ি, ব্রাহ্মণ, কায়স্থ, বৈদ্য, রাজপুত, ভূঁইয়া, পণ্ডু-পুরাণ, করণ, খণ্ডায়েত প্রভৃতি নানা গোষ্ঠীর বহু মানুষ, ভারতের রাজনৈতিক প্রয়োজনে আজ এই বিস্তীর্ণ ভূখণ্ড বিহার, ওড়িষ্যা, পশ্চিমবঙ্গ ও মধ্যপ্রদেশের রাজনৈতিক সীমানাতে বিভক্ত । কিন্তু ভূ-প্রাকৃতিক অবস্থান ভাষা ও সংস্কৃতিগত ঐক্যকে ধরলে নৃতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে এই অঞ্চলটিকে ঝাড়খণ্ড সংস্কৃতিক্ষেত্র হিসাবে দেখা যেতে পারে ।

কলিকাতা, পটনা ও ভুবনেশ্বর কেন্দ্রিক তথাকথিত 'সংস্কৃতিবান' শিল্পী , গায়ক, আবৃত্তিকার, সিনেমা পরিচালক, নাট্যকার, লেখক, কবি যাঁরা মহাশ্বেতা দেবীর ভাষাতে অনেকেই 'কালচারাল ভাইরাস' তাঁরা বানিজ্যিক সাফল্যের জন্য আজ ঝাড়খণ্ড সংস্কৃতির যে গোষ্ঠীগত ও সংহতিপূর্ণ উৎকর্ষ

তাকে বানিজ্যিক প্রথা ও পদ্ধতিতে হজম করে মধ্যবিত্ত মানসিকতার চরমপ্রাপ্তি বলে 'সার্থক রূপকার' হিসাবে চিহ্নিত হন। ঝাড়খণ্ডী সংস্কৃতির যৌথ কর্মপ্রেরণা ; গোষ্ঠীসত্তার উপরে ওঠে আঞ্চলিক সংহতির সামগ্রিক সৃষ্টিকে যাঁরা তিল তিল করে জন্ম দিয়েছেন সগর্বে লালন করে যা এক বহতা স্রোতের মতো রেখেছেন, সেই পরম্পরাগত মূল্যবোধকে বোঝবার চেষ্টা করেন নি। গায়কী ঢং, উচ্চারণ ভঙ্গী তথা বিষয়বস্তুর গভীরে না গিয়ে শহরজীবনে লালিত-পালিত মানুষজনের কাছে যা পরিবেশন করেন তাই নগরকেন্দ্রিক শ্রোতাদের কাছে নুতন ও অভিনব বলে মনে হয়। লোকায়ত সংস্কৃতি থেকে বহু দূরে থাকা এই মানুষগুলো কোলকাতার শীততাপনিয়ন্ত্রিত প্রেক্ষাগৃহে বসে ঐ সমস্ত শহরে শিল্পীদের বিকৃত ও যান্ত্রিক পরিবেশনাকে বাহবা দেন। বিজ্ঞাপন, সংবাদপত্র , রেডিও, টেলিভিশনের প্রভাবে, সর্বৈব নিয়ন্ত্রিত কোলকাতার নগরমনস্ক মধ্যবিত্ত, উচ্চবিত্ত ব্যক্তিরা তাই আজ 'ব্যক্তি' সুরকার, গায়ক, তথা অন্যান্য শিল্পের ক্ষেত্রেও বাহবা দেন। প্রেক্ষাগৃহের একটি সংগ্রহ করা স্ট্যাটাস হয়ে দাঁড়ায়। রেডিও মারফৎ কোন নাটকে 'বটেক' শব্দ সম্বলিত নাটক শুনে আদিবাসীদের সম্বন্ধে তীব্র এক হাস্যখোরাকযুক্ত আকর্ষণ খুঁজে পান। অন্যদিকে আকাশবাণী খ্যাত তথা অন্যান্য বিশিষ্ট আবৃত্তিকারেরা কবিতা পাঠ করেন, আবৃত্তি করেন, না সেগুলো কবিতা, না সঠিক ঝাড়খণ্ডী কথ্যভাষা। অথচ ব্যবসায়িক সাফল্যের আনন্দে এরা পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, বীরভূমের ভাষাকে ব্যঙ্গ করেন। পরিপূর্ণ প্রেক্ষাগৃহে দর্শকেরা ''কিউরিয়োহান্ট'' শুনে হাততালি দিয়ে আবৃত্তিকারকে অভিনন্দন জানান। মৃনাল সেনের 'মৃগয়া' থেকে শুরু করে শান্তিগোপালের 'কালপুরুষে' একই চিন্তাভাবনা। 'কিউরিয়ো হান্টিং' মনোবৃত্তি আজ শহরে মানসিকতার তথাকথিত সংস্কৃতিবান মানুষের 'ইগো স্যাটিশ্ফ্যাকশন'। তাই আকাশবাণীর বসু-ঘোষেরা আঞ্চলিক কবিতার আসরে বাজার মাৎ করেন। এন, এফ্, ডি, সি, ও ফিল্ম ডিভিশনের দৌলতে এবং পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাধ্যমে 'বৈপ্লবিক' চিন্তা ধারার লেখক কলা-কুশলীদের অনেক 'কুলীন' প্রগতিবাদীরা দিব্যি করে খাচ্ছেন। ডোকরা, বাঁকুড়ার ঘোড়া, ছৌ-এর মুখোস ড্রইংরুমের শোভাবর্দ্ধন আর করছে না। ক্যামেরা নিয়ে কাকমারাদের পিছনে তথা আদিবাসীদের পিছনে শহরের 'বাবুরা' গ্রামে গ্রামে পৌঁছে যাচ্ছেন। কৃষক উচ্ছেদ, জমি হড়প মহাজনী শোষনের পর শিল্পকর্মের নামে এ এক নূতন উপদ্রব। টেপরেকর্ডার আরও ভয়াবহ। গ্রামের সাধারণ অজ্ঞ আদিবাসীর সামনে ঐ যন্ত্রটি চালিয়ে বাবুরা গান রেকর্ড করে তাদের শুনিয়ে নিয়ে এলেন শহরে।

হঠাৎ রেডিওতে শোনা গেল ঐ গানের কথাগুলো নিয়ে কলকাতার গায়কী ঢং এ, সুরের মধ্যে একটু হের-ফের করে অনেকেই হয়ে যাচ্ছেন প্রসন্ন

চিত্তে সুরকার, গীতিকার ও গায়ক। রেকর্ড কোম্পানীগুলি শহরের মানুষের চাহিদা বোঝেন। রেকর্ড করার জন্য তাঁদের বহু সুন্দরীর ভীড় সামলাতে হয়। কর্তৃপক্ষের পেয়ারের লোকেদের দিয়ে গান রেকর্ড করে তাঁরা বাজার মাৎ করেন। অনেক সময় কত মর্মান্তিক ইতরামি ঘটে তা আর নাই বা লিখলাম। তাদের দেখারও সময় নেই কিভাবে কোন চক্রবর্তী মশাই সুরকার; গীতিকার, গায়ক হিসাবে ঝাড়খণ্ডী মানুষের ধর্মবিশ্বাসকে আঘাত করলো। কিংবা টুসু লৌকিক দেবীকে 'ছুঁড়ি' বলে টুসুর ভাবমূর্তিকে হেয় করলো। অর্থাৎ সব মিলিয়ে ঝাড়খণ্ডী মানুষজনের ভাষা, সংস্কৃতি, শিল্পের নামে বানিজ্যিক পণ্যের রমরমা 'নিউ মার্কেট'। মানুষগুলো কেমন ভাবে আছে তা দেখার সময় নেই কারুর। পাতাল রেলে কর্মরত পার্ক স্ট্রীটের কাঁশডুংরীতে মাহাত সাঁওতাল পল্লীতে এরা কেমন আছে তা দেখারও এদের ফুরসৎ নেই। অর্থাৎ চিরকালীন উদ্বৃত্ত শ্রমিক ঝাড়খণ্ডী মানুষদের সম্বন্ধে অনীহা বরং আগের চেয়ে বাড়িয়ে এদের শিল্প-উৎকর্ষগুলিকে যত তাড়াতাড়ি নিজেদের কোম্পানীর 'কপি-রাইট' অধিকারে আনা যায় ততই মঙ্গল। অথচ আদিবাসী, মূলবাসী ঝাড়খণ্ডের মানুষের মধ্যে যাঁরা এই ধরণের সাংস্কৃতিক 'ভাইরাস'দের বিরুদ্ধে সোচ্চার হতে লাগলেন, তাঁরা চিহ্নিত হলেন 'বিচ্ছিন্নতাবাদী' হিসাবে।

কোলকাতার তথাকথিত গবেষক/অধ্যাপক/পণ্ডিতেরা লোক সংস্কৃতি নিয়ে আলোচনা করার সময় মাঝে মাঝেই এমন সব উক্তি ব্যাখ্যা করেছেন, এই অঞ্চলের সংস্কৃতির নিয়ে যে পুরুলিয়াবাসী হিসাবে হতবাক হয়ে যেতে হয়। আমার কারুর বিরুদ্ধে ব্যক্তিগত রাগ বা আক্রোশ নেই। অ্যাকাডেমিক বিতর্কের খাতিরেই এই বিষয়ের অবতারণা। 'বাংলার লোকসাহিত্য ৩য় খণ্ড গীত নৃত্য' গ্রন্থে ডঃ আশুতোষ ভট্টাচার্য নামে জনৈক এক পণ্ডিত (১৯৯৫) মন্তব্য করেছেন ঃ- "কৃষ্ণকায় এবং অপেক্ষাকৃত কুৎসিৎ দেহাকৃতির জন্য পৌরানিক অভিজাত চরিত্রের নৃত্যাভিনয়ে অংশগ্রহন করিবার কালে, পুরুলিয়ার সাধারণ জন-সমাজ স্বভাবতই মুখোসের ব্যবহার প্রচলিত করিয়াছে (পৃষ্ঠা ৭৭১)"। এই উক্তি সমগ্র পুরুলিয়াবাসী কেন সমগ্র মানব সমাজের কাছে অপমানকর। আর এত বালখিল্য মন্তব্য কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের কলম দিয়ে বেরুবে সেটা ভাবলে, কোলকাতা বিশ্ববিদ্যালয়ের পঠন-পাঠনের মান ভাবতে কষ্ট হয়। এতো গেল ছো-নাচের কথা। 'বাঁধনা' বা 'সোহরাই' উৎসব ঝাড়খণ্ডের অন্যতম শ্রেষ্ঠ উৎসব। এই উৎসবের প্রধান উদ্দেশ্য গরু ও মোষকে বন্দনা করা। নাচ-গান, হাঁড়িয়া, দেওয়ালচিত্র আঁকা সব মিলিয়ে এক দারুন উত্তেজক ব্যাপার। কিন্তু কোলকাতা বিশ্ববিদ্যালয়ের তথাকথিত ঐ পণ্ডিত ব্যক্তিটি ঐ পুস্তকেই লিখলেন- "এই অনুষ্ঠানের একটি প্রধান অঙ্গ গরু মহিষ নাচানো।

শক্ত খুঁটিতে একটি বলিষ্ঠ মহিষ কিংবা ষাঁড়কে বাঁধিয়ে তাহাকে কাঠি দিয়া খুঁচাইয়া তাহাকে ক্ষিপ্ত করিয়া তোলাই ইহার উদ্দেশ্য। পূর্বে এইভাবে অস্ত্র দ্বারা আঘাত করিতে করিতে ইহাকে শেষ পর্যন্ত হত্যা করা হইত। বর্তমান লাঠি দিয়া খুঁচাইয়া ছাড়িয়া দেওয়া হয়। (পৃষ্ঠা-২২৪)।'' ঐ অঞ্চলের মানুষ মৃগয়াজীবী থেকে চাষি হিসাবে যখন নিজেদের উত্তরণ ঘটালেন তখন থেকে চাষের জন্য গরু বা মোষের প্রয়োজনীয়তা দেখা দেয়। পরে তারা 'কপিলা মঙ্গল' নামে মৌখিকভাবে প্রচলিত গান সমূহের জন্ম দেয়। আজ গরুও এবং গাভী সৌভাগ্যের প্রতীক। প্রসঙ্গত উল্লেখযোগ্য, তিনি আবার বিশিষ্ট নৃবিজ্ঞানী ভেরিয়ার এলউইনের সঙ্গী হিসাবে নিজেকে নৃবিজ্ঞানী মনে করেন। আর তার এই গ্রন্থটি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এম.এ.ক্লাসের বাংলা বিভাগের পাঠ্যপুস্তক। অন্যদিকে আরও একজন গবেষক ডঃ তুষার চট্টোপাধ্যায় তাঁর 'বাংলার লোক উৎসব : তৃপ্তিহীন জিজ্ঞাসা ও মহান সম্বল' প্রবন্ধে পুরুলিয়ার ভাদু উৎসব সম্বন্ধে আলোচনাকালে বৈজ্ঞানিক চিন্তন ও মনন থেকে সরে গিয়ে লিখেছেন '' গোটা ভাদ্রমাস নৃত্যগীতে উৎসব পালন করে ভাদ্র মাসের শেষদিন সারারাত নৃত্যগীত অনুষ্ঠানে 'জাগরণ' পালিত হয়। জাগরণের অনুষ্ঠান কালে সমবেত নরনারীরা অবাধ মেলামেশা করেন। কোন কোন ক্ষেত্রে যৌন শিথিলতাও পরিদর্শিত হয়।'' বর্তমান প্রবন্ধের লেখক নিজে পুরুলিয়াতে লালিত ও পালিত। কিন্তু ভাদু উৎসবে অবাধ মেলামেশা করার আবিষ্কারটি একেবারে কিউরিয়ো চিন্তাভাবনা প্রসুত এবং ডঃ চট্টোপাধ্যায়ের বিকৃত রুচি ও নিম্নমানের চিন্তারই প্রতিফলন। (লোকায়ত সংস্কৃতি, পরিপ্রেক্ষিত ও রূপরেখা পৃষ্ঠা-১১৫, সম্পাদনা সঞ্জীব সরকার/ অরুণ রায়, ১৯৭৮)। ঐ পুস্তকেই আর একজন গবেষক বলেছেন – '' নৃত্যটির নাম ছৌ নৃত্য, ঝাড়খণ্ডের তথা রাঢ়বঙ্গের অন্তর্গত পুরুলিয়া জেলার সবচেয়ে জনপ্রিয় এই নাচ।'' কিন্তু আসলে ভিন্ন সংস্কৃতির মানুষ হওয়ার জন্য ডঃ ভট্টাচার্যের মত তিনিও নাচের নাম ছো কে পাল্টে 'ছৌ' করলেন। ছো নাচের রং ঝুমুরটি পর্যন্ত সম্পুর্ণ সংগ্রহ করতে না পেরে খাপছাড়া চারটি পংক্তির উদ্ধৃতি দিয়েছেন এভাবে–

'' সকল সিদ্ধিদাতা, জয় জয় হর গৌরীর নন্দন/ কি সুন্দর চতুর্ভুজ গজেন্দ্র গমন, বিঘ্নবিনাশন।'' কিন্তু আসল গানটি হলো ঃ

'' সিঁন্দুর বরণ অঙ্গ, মুষিক বাহন/ সকল কর্মের সিদ্ধিদাতা, জয় হর গৌরীর নন্দন। কি সুন্দর চতুর্ভুজ গজেন্দ্র গমন, নমঃ নমঃ নারায়ণ।।''

আসলে দীর্ঘদিন কোন সাংস্কৃতিক পরিমণ্ডলে সরেজমিন তথ্য সংগ্রহ না করে বৈজ্ঞানিক শিক্ষণের প্রথাগত ও পদ্ধতি না মেনে সাংবাদিক সুলভ মনোভাব নিয়ে কোন কিছু লেখার লোভ যাঁরা সামলাতে পারেন না তাঁরাই মেকী-গবেষক।

বস্তুত এত কথা বলার কারণ হলো ঝাড়খণ্ডী ঝুমুরের কিংবা কোন লৌকিক সুরের সঙ্গে নাচ ও গান এবং কোন কোন ক্ষেত্রে আচার-অনুষ্ঠান এমন মিলে মিশে আছে যে বহিরাগত গবেষকেরা ভুল করতে বাধ্য। তাঁরা বিষয়বস্তু সম্বন্ধে ওয়াকিবহাল হন দোভাষীর মাধ্যমে, কাজেই স্থানীয় বাংলার উচ্চারণভঙ্গী তাঁরা দু-একদিনের সরেজমিন তদন্তে রপ্ত করতে পারেন না। ফলে বাংলা হরফে লেখার সময় তাঁরা স্থানীয় উচ্চারভঙ্গীর সঙ্গে সামঞ্জস্য রেখে সঠিক ঝাড়খণ্ডী শব্দগুলি লিখতে পারেন না। লিখলেও অর্থ বুঝতে পারবেন না। যেমন–চিত্তরঞ্জন দেব মহাশয় তাঁর " বাংলার পল্লীগীতি " গ্রন্থে লিখেছেন ঃ

আমি যে যাতে ছিলি কুলি বল কুলিরে/ বাবুহো তহর গাইয়া ডাকয়ে ঘুরাই।

অর্থ হিসাবে লিখলেন–আমি যখন কুলি খাটতে যাচ্ছিলাম তখন তোমার গাইটি আমাকে ডাকলো। কিন্তু সঠিক অর্থ হচ্ছে–আমি যখন গ্রামের রাস্তা (কুলহি) দিয়ে যাচ্ছিলাম তখন তোমার গাইটি আমাকে ডেকে ঘুরালো। সঠিক উচ্চারনযুক্ত শব্দগুলি না লিখতে পারার জন্য পুনরায় উচ্চারণ করার সময় যান্ত্রিক উচ্চারণ করেন ভীষণ কষ্ট করে। যা ঝাড়খণ্ডী মানুষেরা স্বতঃস্ফূর্ত। সহজাত উচ্চারণকারী ঝাড়খন্ডী গায়কেরা রেডিও, টেলিভিশন গ্রামোফোন কোম্পানী, সিনেমার সঙ্গীত পরিচালকদের 'চক্রের' মধ্যে স্থান করে নিতে পারেন না। যখন কেউ কেউ বা ঐ 'চক্রের' পাশাপাশি আসেন তখন দেখতে পান, বিকৃত উচ্চারণকারী যান্ত্রিকতাসর্বস্ব শহর সংস্কৃতির মানুষেরা তাদের গলাতে গ্রাম্যতার শহুরে চমক এনে বাজার 'দখল' করে রেখেছেন। মুখে এদের প্রগতির খৈ ফুটে, হাভানার যুব উৎসবে গিয়েই কেউ কিউবার লোকসঙ্গীত শিখে আসেন। একই ব্যক্তি একই সঙ্গে ঝাড়গ্রামে ৮ বৎসর, পুরুলিয়াতে ৫ বৎসর বাঁকুড়াতে ১০ বৎসর থাকার হাস্যকর দাবী উত্থাপন করেন। এরা সুর চেনে, বোঝে, গলাতে সুক্ষ্ম রস আছে, কিন্তু গ্রাম্যতা নেই। কোলকাতার সুধী দর্শক ও শ্রোতারা লক্ষ্য করবেন এই সমস্ত লোকসঙ্গীত গায়কেরা কোন দিনই কিন্তু মূল শিল্পীদের অর্থাৎ যাঁদের কাছে থেকে শহুরে শিল্পীরা টেপ করে আনেন, তাঁদের নাম বলেন না। বললেও এমনভাবে বলেন যে তাঁরা যেন মানুষই নন। বললে কোলকাতার শ্রোতারা মূল-গায়কদের কাছ থেকে গান শোনার আগ্রহী হবেন। গ্রামীণ পরিচিতি বাড়ুক এটা এরা চান না। পরম শ্রদ্ধেয় লোকসঙ্গীতের অত্যন্ত জনপ্রিয় শিল্পী ও বিশেষজ্ঞ হেমাঙ্গ বিশ্বাস মহাশয়ের অভিজ্ঞতা এখানে স্মরণ করা দরকার।

"পল্লীগীতি গাইতে গিয়ে উচ্চারণের ব্যাপারে কঠিন বিতর্কেব সম্মুখীন হতে হল। অবশেষে ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের বাড়ী গিয়ে হাজির

হলাম। তাঁর সাথে পূর্ব পরিচয় ছিল। তাই ভনিতা না করেই আঞ্চলিক গীতির উচ্চারণ সমস্যাটা তুলে ধরলাম। তিনি জানতে চাইলেন আমার মতামতটা কি ? ভাষাবিদ আমি নই, সঙ্গীত শিল্পী হিসাবে সংক্ষেপে নিজের মতামত ব্যক্ত করলাম। আঞ্চলিক উচ্চারণভঙ্গী লোকসঙ্গীতের অভিব্যক্তির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত বলে আমি ভাবি এবং ভাবের integration এর জন্য এটা অপরিহার্য মনে করি। সেজন্য আঞ্চলিক উচ্চারণভঙ্গী নিষ্ঠার সঙ্গে রক্ষা করার আমি পক্ষপাতী। তাকে ভদ্রায়িত করতে গেলে অভিব্যক্তির authenticity নষ্ট হয়ে যাবে।'' (হেমাঙ্গ বিশ্বাস লোকসঙ্গীত সমীক্ষা–বাংলা ও আসাম পৃষ্ঠা ১০২; ১৩৭৫) বলা বাহুল্য, ভাষাচার্য সুনীতি বাবু হেমাঙ্গ বিশ্বাস মহাশয়কে সমর্থন করেছিলেন।

লোকসঙ্গীতের অন্যতম শ্রেষ্ঠ শিল্পী ও বিশেষজ্ঞ কালী দাশগুপ্ত মনে করেন ঃ ''শব্দ আর নিঃশব্দতা মিলিয়ে সঙ্গীত। অতি দীর্ঘ প্রক্রিয়াতে এটা গড়ে উঠেছে। বিষয়বস্তুর তাগিদে form কিভাবে বদলাবে সেটা স্থির করতে পারে তারাই, যারা ঐ প্রক্রিয়ার মধ্যে আছে।''

অর্থাৎ গ্রামের মানুষ না হয় এমন কেউ যে দীর্ঘ দিন তাদের মধ্যে তাদের সঙ্গে একাত্ম হয়ে তাদের ভাষাতে কথা বলে, গান গেয়ে তাদেরই একজন হয়ে উঠেছে। এই যে ভাটিয়ালী, ভাওয়াইয়া, বাউল, ঝুমুর ইত্যাদি form গুলো, এগুলো বিবর্তনের প্রক্রিয়াতেই গড়ে উঠেছে। বাউলের কথাই ধরুন। এর base টা ছিল ঝুমুর। তারপর নূতন কথা বলার তাগিদে, নির্দিষ্ট সামাজিক পরিস্থিতি অনুযায়ী তার form টা বদলেছে। জিনিষটা কি ভাবে হয় ? কিছু এগিয়ে থাকা লোক তাদের ভাবনাচিন্তা মতাদর্শ এই গানের মধ্য দিয়ে প্রকাশ করার চেষ্টা করে। সেটা করতে গিয়ে form টা ভাঙ্গে। কিন্তু যেহেতু সেটা গ্রামের মানুষের ভিতরের থেকে হয়; কেউ বাইরের থেকে সেটা তাদের উপর চাপিয়ে দেয় না। তাই নূতন form-টাকে গ্রহন করে নেয় তারা। সেই form টা আবার পরিস্থিতি অনুসারে বদলে যায়। কিন্তু 'ভাঙতে হবে' – এই idea থেকে আমরা শহুরে মধ্যবিত্তরা form ভাঙ্গতে শুরু করে দিলাম। এটা বোধহয় ঠিক পন্থা নয়। গ্রামের মানুষকে, তার সমাজকে, তার ইতিহাসকে যখন বুঝতে পারবো, যখন বুঝতে পারবো এটা এখনো মূলত সামন্ততান্ত্রিক সমাজ, এখনো সামন্ততান্ত্রিক ভাবধারাটাই প্রধান, তখন এটা করার অধিকার জন্মাতে পারে। সমাজ পরিবর্তনের message গ্রামের মানুষের কাছে তার ভাষায় প্রকাশ করতে হবে। সব থেকে দুঃখের কথা, এ ব্যাপারটা আমরা বুঝি না, কিন্তু বুর্জোয়ারা বোঝে। জনগণের মধ্যে হোক, তাদের সুর, ভাষা আয়ত্ব করলে তবেই নূতন content দিয়ে নূতন গান রচনা করে জনগনের মধ্যে ছড়িয়ে

দেওয়া সম্ভব। আমাদের দুর্ভাগ্য, এ ব্যাপারটা ধর্ম ব্যবসায়ীরা বোঝেন, এই প্রক্রিয়াটি কাজে লাগান। কিন্তু বিপ্লবীরা বোঝেন না, কাজে লাগান না।'' (প্রস্তুতিপর্ব পৃষ্ঠা ৫১-৫২, জুলাই-অক্টোবর '৮১) তাই দেখি 'আকাশবাণী ও রেকর্ড কোম্পানীগুলিতে '' গীতিকার'' যাঁরা তাঁরা বেশীরভাগই কোলকাতার লোক।

এরা কোলকাতাতে থেকে গ্রামজীবনের সুর-বাহার সম্পর্কে 'বিশেষজ্ঞ' হয়ে কিছু কেতাবী ধ্যান ধারণা নিয়ে, সর্বসাকুল্যে ১০০টি গ্রামীন শব্দ জেনে মাটির কাছাকাছি যাবার আকুল অভিনব করেন। আকাশবাণীর আইন অনুসারে ''অ্যাপ্রুভড্'' গীতিকার হয়ে লোকগীতির দোকান খুলে বসেন। ক্রেতাও জুটে যায়। শহুরে লোকসঙ্গীত শিল্পীরা তাদের গান নিয়ে, যান্ত্রিক উচ্চারণ ও বিকৃত সুরে আকাশবাণী মারফত সেই লোকসঙ্গীত পরিবেশন করেন। প্রশ্ন জাগে, সেটা লোকসঙ্গীত না অন্যকিছু। এ বিষয়ে আকাশবাণীর নির্দিষ্ট কোন মানদণ্ড নেই। আর আকাশবাণীর তথাকথিত 'অডিশন' পরীক্ষাতে গ্রামীণ শিল্পীদের জিজ্ঞাসা করা হয় তিনি কোন স্কেলে গাইবেন। গ্রামীণ শিল্পী প্রথমে চমকে যান, আর চমকে যান যখন দেখেন তানপুরা নিয়ে আকাশবাণীর কর্মী তার গলার স্বর শুনে সুর মেলাচ্ছেন। পুরুলিয়ার এক গ্রামীন শিল্পীকে জিজ্ঞাসা করা হলে সে বলেছিল ''আমরা তো গুপী গায়েনের মত তানপুরা নিয়ে মাঠে বা গ্রামে গলা সাধি না।'' তাছাড়া পুরুলিয়ার ঝুমুর গানের সঙ্গত করার সময় সে মাদল না দেখতে পেয়ে খুব চটে গিয়ে বলেছিল– ''পুরুলিয়া কি পশ্চিমবঙ্গের বাইরে, যে মাদল আকাশবানীতে স্থান পায় নি।'' অডিশন কর্তারা ঘাবড়ে গিয়ে অদৃশ্যস্থান থেকে বলেছিল– 'এবার থেকে পুরুলিয়ার ঝুমুরে মাদল রাখা হবে।' কিন্তু মাদল এলেও বাজাবে কে ? বাদক তো পুরুলিয়া থেকে আনতে হবে। কিন্তু আজও মাদল ও মাদলবাদক আকাশবাণীতে দেখতে পাওয়া যায়নি।

গ্রামীন ভারতের অসংখ্য খেটে খাওয়া সাধারণ মানুষ, যাঁরা গীতিকার, সুরকার ও গায়ক তাঁরা নিজেদের আনন্দের জন্য গান বাঁধছেন, সুর দিচ্ছেন এবং গান গেয়ে লোকায়ত সংস্কৃতিকে প্রাণবন্ত ও গতিশীল রেখেছেন। এরা কোনদিনই আকাশবাণীর 'অ্যাপ্রুভড্' শিল্পী বা গীতিকার নন। ঘটনাচক্রে এই সমস্ত গ্রামীন গীতিকারদের গানকে যদি কোন শিল্পী আকাশবাণী মারফৎ প্রচার করেন, তখন কিন্তু গীতিকারের বদলে প্রচার করা হয় ''প্রচলিত লোকগীতি'' হিসাবে। গ্রামীন ভারতের এই প্রত্যন্ত প্রদেশের ঝাড়খণ্ডী সংস্কৃতির হাজার বছরের পুরানো ঝাড়খণ্ডী জনপদীয় সাহিত্যের অধিকাংশই গান। বিনন্দিয়া সিং, বিরজুরাম, দুর্যোধন, নরোত্তমা, গৌরাঙ্গিয়া, পিতাম্বর, রামকৃষ্ণ গাঙ্গুলী, বিপিনবিহারী মুখী, গিরিশ মাহাতো, উদয় কর্মকার, দ্বিজ টিমা, সৃষ্টিধর,

পদ্মলোচন প্রভৃতি অসংখ্য ক্ষমতাশীল কবি ও গীতিকার লৌকিক সুরকে কেন্দ্র করে এই বিস্তীর্ণ ভূখণ্ডে ঝাড়খণ্ডী জনপদীয় সাহিত্যকে সজীব ও বহতা রেখেছেন। এরা ঝুমুরের গীতিকার, আকাশবাণীর নন। এরা সেখানে বহিরাগত। আর কোলকাতা শহরে বসে এই সমস্ত স্বনামধন্য কবিদের পংক্তির শব্দগুলি সামান্য হের ফের করে বাজারে চালাচ্ছেন যাঁরা, তারাই শহরবাসীর কাছে সত্যিকারের ঝুমুরের গীতিকার। কোলকাতাবাসী শহর সংস্কৃতির মানুষ, ঝাড়খণ্ডী জনপদীয় সাহিত্য সম্বন্ধে অপরিচয়ের দূরত্বে থাকার জন্য বেমালুম এই 'দু-নম্বরী' লোকগুলিকেই এক নম্বরী ভাবছেন।

কোন লোকসংঙ্গীতের form দীর্ঘদিন এক থাকতে পারে না। কিন্তু কোলকাতাতে বসে ''ভ্রমর বসে কাঁচা বাঁশে'' কিংবা ''কইলকাতার বিটি ছাড়া'' কিংবা ''মদনা ছঁড়া ধমসা বাজাছে টুসু ছুঁড়ি ধমসার বোলে কেমন দেখ নাচিছে'' গানগুলি না ঝুমুর না টুসু গান। অথচ শহর সংস্কৃতির লোকেরা এঁদের ঝুমুর ও টুসুর original গায়ক ও সুরকার ভাবলেন। এরা ঝাড়খণ্ডী মানুষের ভাষা জানে না, সুর চেনে না, উচ্চারণ ভঙ্গী জানে না, জানে না টুসু বা ঝুমুর গান তাদের কত আদরের। পাঁজরার কুনকুনে বেদনার সঙ্গে এঁরা এগুলো ধরে রাখেন। 'টুসু' এদের লৌকিক দেবী এবং তাদের মা ও মেয়ের মতো। কিন্তু 'চক্রবর্তী' পদবীধারী জনৈক গীতিকার, সুরকার ও গায়কের বিশুদ্ধ ভজনাতে একটি প্রসিদ্ধ রেকর্ড কোম্পানী গানটি রেকর্ড করলেন। আর ঝাড়খণ্ডে সেই সেই গানের রেকর্ড বাজতে না বাজতেই শুরু হয়ে গেল স্থানীয় পত্র পত্রিকাতে লেখালেখি। তীব্র প্রতিবাদে ফেটে পড়ল সমগ্র ঝাড়খণ্ডবাসী। হাজার কণ্ঠের সম্মিলিত কোরাস ''টুসু আমাদের জননী ও কন্যাসম সুতরাং এই গান বাজেয়াপ্ত হউক।''

উপসংহার

সর্বভারতীয় রাজনৈতিক প্রেক্ষাপটে আজ ঝাড়খণ্ড সাংস্কৃতিক ক্ষেত্র অর্ধ-সামন্তবাদ ও ঔপনিবেশিক চক্রান্তের শিকার। আভ্যন্তরীণ পুঁজিপতি চক্রের সাহায্যে আন্তর্জাতিক পুঁজিপতি ও সামাজিক সাম্রাজ্যবাদীরা তাদের ভিত শক্ত করতে চাইছেন নানা উপায়ে। কিন্তু এই অঞ্চলের মানুষেরা গোষ্ঠী স্বাতন্ত্রের খোলস ছেড়ে যে আঞ্চলিক স্বাধিকারবোধের কথা ভাবছেন তা আজ মূর্ত হয়ে উঠেছে এই প্রতিরোধ আন্দোলনে। বিপ্লবী চেতনার দর্শনে ও মানুষের জন-গণতান্ত্রিক সম্মিলিত প্রয়াসে শহরের নেতীবাচক মাধ্যমগুলিকে কার্যত অস্বীকার করে নিজস্ব উৎকর্ষতাকে ও মতাদর্শকে তাঁরা জনগণের সামনে পৌঁছে দিচ্ছেন। ভবিষ্যতের ইতিহাসই বলবে যে তারা সঠিক বিপ্লবী পথ নিয়ে ছিল কিনা। □

লোক-সংস্কৃতি প্রসঙ্গে

অধ্যাপক প্রফুল্ল কুমার মাহাত

'সংস্কৃতি' শব্দটির প্রকৃত অর্থ সমাজ বিজ্ঞানীদের কাছে বরাবরই একটি জ্বলন্ত প্রশ্ন হয়ে রয়েছে। কেউ কেউ সংস্কৃতিকে ব্যাখ্যা করতে গিয়ে বলেছেন, 'সংস্কৃতির প্রধান অঙ্গ হলো সাহিত্য ; কিছু কিছু ধীমান আলোকপ্রাপ্ত ব্যক্তি শ্রেষ্ঠ এবং স্থায়ী মূল্যবোধগুলিকে এর মাধ্যমে পরিচিত করান ও সংরক্ষণ করেন।' আধুনিক চিন্তাবিদরা অবশ্য অন্যভাবে ব্যাখ্যা করে বলেছেন, "সংস্কৃতি মানব-সমাজের চিন্তা-পদ্ধতি ও জীবনধারাকে নিয়ন্ত্রিত ও সংহত করে। সাহিত্য ছাড়াও মানুষের সব কাজই এর আওতায় পড়ে, যেমন-শিক্ষা পার্বন-অনুষ্ঠানাদি, রীতিনীতি, নাচ-গান, ভাষা, পেশা ও জীবিকা।" অর্থাৎ সংস্কৃতি হলো মানব সমাজের আর্থ-সামাজিক, রাজনৈতিক এবং নৈতিক কাজকর্মের উৎস এবং বাস্তবায়িত রূপ। কোনো জাতির সামাজিক অবস্থা কোন একটি নির্দিষ্ট সময়ে সেখানকার সংস্কৃতি গঠনে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। 'ওয়াশিংটন পোষ্ট' পত্রিকা সংস্কৃতির সংজ্ঞা প্রসঙ্গে বলেছে, "সুখের বিষয় 'সংস্কৃতি' শব্দটি তার প্রাচীন elitist অর্থাৎ সুধীজন-ঘটিত অর্থের সীমানা ছাড়িয়েছে।"

স্বভাবতই সুধীসমাজের ক্ষমতাবান্ শ্রেণী সংস্কৃতির এহেন বিস্তৃত ব্যাখ্যা মানতে নারাজ। ওঁদের মতে প্রকৃত অর্থে সংস্কৃতি হলো ক্ষুদ্রসংখ্যক যোগ্য ব্যক্তিই সংস্কৃতির অগ্রগমন ঘটান ও তা সংরক্ষণ করেন। এঁরা লোকসংস্কৃতিকে জংলি, রাঢ় বা চুয়াড়-সংস্কৃতি বলেন। এই সুধীসমাজ হয়তো মানতে চাইবেন না যে তথাকথিত সুধীজনের সংস্কৃতি লোক-সংস্কৃতি থেকেই জাত, প্রকৃত অর্থেই তাই ঐ সংস্কৃতি সামগ্রিক পরিপ্রেক্ষিতকে প্রকাশ করতে পারে না।

সুধীজনের সংস্কৃতি এবং লোক-সংস্কৃতির মধ্যে প্রধান প্রধান পার্থক্যের ধারনটা এই রকমঃ–

লোক–সংস্কৃতি	সুধীজন-সংস্কৃতি
১। স্বাভাবিক	১। কৃত্রিম
২। মুক্ত সংস্কৃতি	২। ক্লাবভিত্তিক
৩। অ-লিখিত, মৌখিক, শ্রুতি-বা শিলালিপি-নির্ভর	৩। লিখিত, কেতাবী
৪। গণমুখী এবং অনুভবের ফসল	৪। শ্রেণীকেন্দ্রিক ও মস্তিক-প্রসূত
৫। অ-মার্জিত	৫। সম্পূর্ণ মার্জিত
৬। আশাবাদী	৬। নিরাশাবাদী
৭। বংশানুক্রমিক, স্বতঃস্ফূর্ত ও কৃষি-ভিত্তিক	৭। নগরকেন্দ্রিক ; অর্জিত এবং যান্ত্রিক
৮। সাবলীল	৮। সুসংবদ্ধ ধর্ম
৯। ঐতিহ্যবাহী	৯। আধুনিক ধাঁচের
১০। সরল	১০। জটিল
১১। জাতীয় সংহতির প্রচারক	১১। আংশিকভাবে বিচ্ছিন্ন এবং বিচ্ছিন্নতার সহায়ক

এছাড়াও অনেক তফাৎ রয়েছে। এটা জলের মত পরিষ্কার যে ভারতবর্ষের প্রতিটি অঞ্চলের ধারাই লোক-সংস্কৃতির মধ্যে রয়েছে। বিহারের ছোটনাগপুর ; সাঁওতাল পরগণা , পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর, উড়িষ্যার ময়ুরভঞ্জ, সম্বলপুর ইত্যাদি অঞ্চল একই সাংস্কৃতিক সুত্রে আবদ্ধ। এর ঐতিহাসিক পরিচয় হোলোঃ–

১। প্রাচীন ভারতে এটিকে 'Kiktas' বলা হয়েছে।

২। মুঘল এবং চৈতন্য-যুগে বলা হয়েছে 'Jharkhand'।

৩। বৃটিশ আমলে এর নাম হলো জঙ্গল মহল (ছোটনাগপুর)।

ডঃ সুভাষ বন্দ্যোপাধ্যায়, ডঃ সুধীর করণ প্রমুখেরা এটিকে 'সীমান্ত বাংলা' বলেছেন। ডঃ সুকুমার সেন প্রমুখেরা বলেছেন 'ঝাড়খণ্ড'। ব্রিটিশ যুগে বিশেষতঃ কোলবিদ্রোহ, চুয়াড়বিদ্রোহ, ইত্যাদির পরে এখানে 'Divide and rule' নীতি চালু করা হয়। এ–অঞ্চলের সাংস্কৃতিক চরিত্র নির্ণয়ে চেষ্টা করেছেন H. Coupland , W. W. Hunter ইত্যাদিরা এবং অবনীন্দ্রনাথ ঠাকুর, ডঃ নীহাররঞ্জন রায়, ক্ষিতিমোহন সেন' নির্মল কুমার বসু রাধাগোবিন্দ মাহাতো প্রমুখ। তবে পক্ষপাতবিহীন-ভাবে এ-অঞ্চলের জীবন-চক্রের আলোচনা করা হয়নি – এ সম্পর্কে যথার্থ অনুসন্ধান, চর্চা বা নামকরণের চেষ্টাও হয়নি।

এ-অঞ্চলের জনগণ – এখানকার সংস্কৃতির স্রষ্টা এবং এখানকার প্রধান অধিবাসীরা হলো – কুড়মি ওরাওঁ, সাঁওতাল, হো, তেলী, প্রধান, মুণ্ডা, ভূমিজ, ডোম, মুচি ; তাঁতী, বাউরী, কামার, কুমার, নাপিত ইত্যাদি। প্রধান জীবিকা হল কৃষিকাজ এবং তৎসম্পর্কিত উপজাত বস্তু।

সামাজিক জীবন – এখানকার জনসাধারণের জীবনে এদের সংস্কৃতি প্রতিফলিত। জন্ম-মৃত্যু-বিবাহ ঘটিত প্রথাগুলি উচ্চমার্গের ব্যক্তিদের থেকে আলাদা। জন্মকালীন এবং মৃত্যু-পরবর্তী ক্রিয়াকর্মের সম্পূর্ণ স্বতন্ত্র ধারনার অনুবর্তী এরা। এই বিংশ শতাব্দীতেও এরা প্রাচীন ধারা রক্ষা করে চলেছে। জন্মের পরে শিশুকে তীর দিয়ে মাতৃ নাড়ী থেকে আলাদা করা হয়, নয় দিনের 'অশৌচ' পালন করা হয় –তারপর 'Norta' উৎসব ২১ দিনের শেষে শিশুকে 'চিরি' (Chiri) দেওয়া হয়। বিবাহের ধারা সম্পূর্ণ নিজস্ব পন্থানুযায়ী। অনুষ্ঠানের মধ্যে রয়েছে Thubrabhat, Mahul Biha, Ambiha, Saladhuti, Chuman' ইত্যাদি। বিবাহানুষ্ঠানে কোনো ব্রাহ্মণ-পুরোহিতকে কাজে লাগানো হয় না, সমস্ত অনুষ্ঠান এরা নিজেরাই পরিচালনা করে– সেইসঙ্গে মহিলারা বিবাহ সঙ্গীত গেয়ে থাকেন। পণ লাগে না বরং বরকেই পণ দিতে হয়। মৃত্যুকালে দশ দিন 'অশৌচ' পালিত হয়। দেহভস্মীভুত বা সমাধিস্থ করা হয় – ব্যক্তির সামর্থ্য অনুসারে–তবে শিশুর দেহ বটগাছ ইত্যাদির নীচে সমাধিস্থ করা হয়।

ভাষা ও সাহিত্য– এখানকার আদি অধিবাসীদের মুখের ভাষা হোলো কুড়মালি, মুণ্ডারী, কুরুখ, হো, পাহাড়িয়া ইত্যাদি– তবে এখন এখানে হিন্দী, বাংলা, ওড়িয়া ইত্যাদি ভাষাও ব্যবহৃত হচ্ছে। এখানকার সাহিত্য মূলতঃ অ-লিখিত রূপেই প্রাপ্ত। গদ্য ও পদ্য – উভয় রূপেই পাওয়া। প্রধান মহাকাব্য 'Maharaya' এখনও অলিখিত -মূলতঃ শ্রুতি–নির্ভর। বিবাহের আগে যে ধর্মপূজার অনুষ্ঠান হয়, সেখানে এই মহাকাব্যের মন্ত্র আবৃত্তি করা হয়। এখানকার অন্যান্য ধরণের সাহিত্য টুসু, ভাদু, বাউল, আহিরা ইত্যাদি ইত্যাদি ধরণের গানের মাধ্যমে এবং নানা কাহিনী; ছড়া, মন্ত্র, কবিগান ইত্যাদির মধ্যে বেঁচে রয়েছে।

মেলা ও উৎসব— এখানকর সব উৎসব-অনুষ্ঠান এবং মেলা প্রায় সবই কৃষিভিত্তিক এবং জন্ম, মৃত্যু ও পুনর্জন্ম সংক্রান্ত বিশ্বাসের ওপরে প্রতিষ্ঠিত। সমস্ত অনুষ্ঠানেই চিরাচরিত পূজা-পদ্ধতি অনুসৃত হয় এবং নাচগান চলে। এছাড়া মুরগী লড়াই, ভেড়া লড়াই, কাড়া লড়াই ইত্যাদির মাধ্যমে বিনোদন চলে।

নাচ-গান– এ অঞ্চলের মানুষের প্রাণকেন্দ্র হলো নাচ-গান। মাতৃদুগ্ধ পানের সময় থেকেই শিশুরা এখানকার ঐতিহ্যবাহী নাচ-গান শেখে স্বতঃফূর্তভাবে। ছো; করম, সোহরাই, নাটুয়া, বিবাহ-নৃত্য ইত্যাদি প্রধান। সঙ্গীত সম্বলিত এইসব নৃত্যানুষ্ঠান ঋতুচক্রের আবর্তনের সঙ্গে সামাজিক ঘটনা এবং পর্ব-অনুষ্ঠানের সঙ্গে যুক্ত।

চারু-কারুশিল্প— ঐতিহ্যবাহী শিল্পধারার মধ্যে প্রধান হলো কাঠের ও বাঁশের কাজ, মাটির কাজ, সেলাই, চামড়ার কাজ ইত্যাদি। চাষের যন্ত্রপাতি কাঠ দিয়েই তৈরি হয় এখানে হাল, জোয়াল ইত্যাদি। ডোম, পাহাড়িয়া প্রভৃতিরা বাঁশের নানা প্রয়োজনীয় জিনিস তৈরী করে। কাঁসা, লোহা, পিতল, অ্যালুমিনিয়াম ইত্যাদি ধাতু ব্যবহার করে। কাঁসারী, কামার ইত্যাদিরা প্রদীপ, খেলনা, বাটি ইত্যাদি তৈরী করে। কুমার, ছুতার ইত্যাদিরা কলসী, খোল, মাদল খেলনা ইত্যাদি তৈরী করে। তাঁতী – জোলারা বোনার কাজ চালিয়ে ধুতি শাড়ী, গামছা, চাদর তৈরী করে। সুক্ষ্মস্তরের শিল্পের মধ্যে আলপনা, দেওয়াল রাঙানো ইত্যাদি সু-প্রচলিত।

স্থাপত্য-ভাস্কর্য্য— শিলাপটে অঙ্কিত মুর্তি এখানকার ভাস্কর্যের মহিমার পরিচয় দেয় Dulmi, Jayda প্রভৃতির ধ্বংসপ্রাপ্ত মন্দির এবং Bhula Pabanpur, Bangurda প্রভৃতি স্থানের মুর্তি ও লিপি বাংলা হিন্দী প্রভৃতি ভাষার পূর্বসুরী। এসবই গভীর অভিনিবেশ ও গবেষণার দাবী রাখে।

খাদ্যাভ্যাস— প্রাচীন পদ্ধতিতে বীজবপন, ফসলকাটা ইত্যাদি চলে; ঢেঁকি প্রভৃতির ব্যবহারে চাল, ডাল আটা, চিঁড়া ইত্যাদি তৈরী হয়।

প্রতিটি প্রাকৃতিক বস্তুকেই এরা বিশ্বাস ও পূজা করে। বিশেষ গুরুত্বপূর্ণ সারুল-পূজা-শাল গাছের তলায় হয়। আদিবাসীরা বিশ্বাস করে এদের রক্ষাকর্তা দেবতা জঙ্গলে বাস করে। এরা শিব কালী, চণ্ডী প্রভৃতি দেবতায় বিশ্বাস করে।

এখানকার সংস্কৃতির যথাযোগ্য চর্চা প্রয়োজন– নামকরণ করা হোক 'ঝাড়খণ্ডী ' সংস্কৃতি। সরকারী সহায়তায় কেবলমাত্র যোগ্য সংস্কৃতিবানদেরই এখানে আসতে দেওয়া উচিত এবং অন্যান্য সংস্কৃতির সঙ্গে এই সংস্কৃতির মেলামেশার ব্যবস্থা করা উচিত। এখানকার লোকসংস্কৃতির ধারার সঙ্গে বাংলা, অসমীয়া, ওড়িয়া প্রভৃতি সংস্কৃতি ধারার মূল যোগসূত্র রয়েছে। তাই এখানকার সংস্কৃতির চর্চা ও উন্নয়ন মানেই জাতীয় উন্নয়ন-জাতীয় সংহতির এবং মৈত্রীর প্রসার। ❑

সিন্ধু সভ্যতার ভাষা ও কুড়মালি

কিরীটি মাহাত

পৃথিবীর পাঁচটি সভ্যতা সংস্কৃতির একটির জন্ম ভারবর্ষে। ঐতিহাসিকগণ যাকে সিন্ধুঘাটি সভ্যতা, হরপ্পা-মহেঞ্জদর সভ্যতা অথবা সিন্ধু সরস্বতী সভ্যতা বলে অভিহিত করেছেন। পৃথিবী বিখ্যাত প্রত্নবিজ্ঞানী জি.এল.পসেলের মতে, চীন, সুমের মিশরের প্রাচীন সভ্যতা সমূহের তুলনায় সিন্ধু সভ্যতা নানাদিক থেকেই অনেক উন্নত ছিল। ভারতবাসীর কাছে তা অবশ্যই গৌরবের। কেবলমাত্র রাজনৈতিক নয়– ভারতবর্ষের সাংস্কৃতিক ইতিহাসের সূচনা এবং ভিত্তিটিই হলো এই সিন্ধু সভ্যতা। বহু প্রাচীন কাল থেকেই ভারতবর্ষের বুকে ঘটেছিল নানাজাতি, নানা ভাষাভাষি মানুষের মহামিছিল ও শোভাযাত্রা। বহুজাতি, বহু ভাষা ও সংস্কৃতির পাশাপাশি অবস্থান ও সম্মিলিত রূপ ভারতবর্ষে এক বৈচিত্রময় জটিল সভ্যতা সংস্কৃতির জন্ম দেয়। কেবলমাত্র শক, হুন দল, পাঠান মোঘলই নয় – শত শত প্রাচীন জনজাতি, জনগোষ্ঠী ও তাদের বিচিত্র বর্ণময় জীবন চর্চার কথা স্মরণ করেই এই দেশকে বলা হয়েছে **'Fragment of pre-historic world'**। অত্যন্ত পরিতাপের বিষয়, পৃথিবীর তাবৎ প্রাচীন লিপি, লেখ, পুঁথি ও ভাষার পাঠোদ্ধার করা সম্ভব হলেও সিন্ধুর লিপি আজও পাঠ করা সম্ভব হয়নি। লিপির পাঠোদ্ধার সম্ভব না হওয়ায় এই সভ্যতা আজও আমাদের কাছে অনেকটাই রহস্যাবৃত থেকে গেছে। সিন্ধু সম্বন্ধে সকল প্রশ্নের উত্তর আজও সমাধান করা সম্ভব হয়নি। তাই বলা যায়, ভারতবর্ষের ইতিহাস আজও অসম্পূর্ণ, আংশিক, খণ্ডিত, কিছুটা ধারণার উপর প্রতিষ্ঠিত।

সিন্ধু সভ্যতার স্বরূপের সন্ধানে ব্যর্থ পণ্ডিতগণ বর্তমানে এক নতুন দিক ও সম্ভাবনার কথা উল্লেখ করছেন যা হলো ভারতের প্রাচীন আদিবাসী মানুষ এবং জনজাতি ভাষা ও সংস্কৃতির সঙ্গে এর সম্পর্কের দিকটি। স্বভাবতই দ্রাবিড় ও অস্ট্রিক জনজাতি, ভাষা ও সংস্কৃতি বিশেষ করে কুড়মালি ও সাঁওতালি ভাষা ও সংস্কৃতির সঙ্গে এর অন্তরীণ যোগসূত্র ও নানা প্রাসঙ্গিক দিকগুলির অনুসন্ধান আজ জরুরী বিষয় হিসেবে উঠে আসছে। অধ্যাপক ড.ডি.কোশাম্বীর মতে, ভারতবর্ষে ভাষা উপভাষার সংখ্যা বর্তমানে ৭৫৩। উল্লেখ করা প্রয়োজন, ইউনেস্কোর এক সাম্প্রতিক সমীক্ষার রিপোর্ট অনুযায়ী ভারতবর্ষের ১৯৮ টি ভাষা আজ বিপন্ন। যার অন্যতম হলো কুড়মালি এবং সাঁওতালি। বলতে গেলে এই দুটি ভাষা অস্তিত্বের সংগ্রামে রত। সিন্ধুর গবেষণার প্রয়োজনে নয়, ভারতবর্ষের সভ্যতা সংস্কৃতির সমৃদ্ধির স্বার্থেই কুড়মালি ও সাঁওতালি ভাষার প্রাচীন ও প্রত্ন বাক্, আচার, বিশ্বাস, অনুষ্ঠান, শ্রুতি, স্মৃতি ও চিহ্নগুলি আজ সংরক্ষণ, পঠন, পাঠন অত্যন্ত জরুরী।

আলোচ্য বিষয়টি আলোচনার পূর্বে সিন্ধু সভ্যতা সম্বন্ধে কয়েকটি প্রাসঙ্গিক বিষয়ে আলোচনা প্রয়োজন। জানা যায়, সিন্ধু সভ্যতা ছিল পুরোপুরি কৃষি ও বাণিজ্য কেন্দ্রীক সভ্যতা। এর অর্থনীতি, সমাজ ও সংস্কৃতির ভরকেন্দ্রটি গ্রামকেন্দ্রীক হলেও নগর থেকে বন্দরেও তা বিস্তৃত ছিল। সিন্ধু থেকে সুমেরের নদী উপত্যকা অঞ্চলেই যে, কোন এক সময়ে কৃষির উদ্ভাবন ও কৃষিতে প্রযুক্তি ব্যবহার এবং বাণিজ্যের সূচনা ঘটেছিল এমনতর অনুমানের ভিত্তি রয়েছে। অধ্যাপক জোনাথন মার্ক কেনোয়ার তাঁর 'সিন্ধু ঐতিহ্যে সমাজ ও সংস্কৃতি' প্রবন্ধে বলেছেন, "খ্রীষ্টপূর্ব ১০,০০০ অব্দ নাগাদ প্লাসটোসিন যুগের শেষে এক বিস্তীর্ণ অঞ্চল জুড়ে এই জাতীয় অর্থনৈতিক রূপান্তর শুরু হয়েছিল – পশ্চিম এশিয়ার মিশরের উত্তরাংশ থেকে মেসোপটেমিয়া এবং আফগানিস্থান থেকে সিন্ধু উপত্যকা পর্য্যন্ত। এই কৃষি কেন্দ্রীক সভ্যতা সংস্কৃতির স্রষ্ঠা এবং ধারক বাহক কারা তা আজও রহস্যে ঢাকা, ইতিহাসও এখানে নীরব।" প্রখ্যাত ঐতিহাসিক, সমাজবিজ্ঞানী এ.এল.বশম গৌরবময় স্তুতি করে বলেছেন – "প্রাক আর্য যুগে এ দেশে কৃষিকার্যের প্রভূত উন্নতি সাধিত হয়েছিল এবং এর জন্য সারা বিশ্ব ভারতের কাছে ঋণী।" ঐতরেয় আরণ্যকে স্বীকার করা হয়েছে অনার্যরা পৃথিবীর সন্তান এবং শতপথ ব্রাহ্মণ অনুসারে আর্যরা কৃষি কাজ জানত না। দেখা যায় আজও সারা ভারতবর্ষে যে সকল নিবিড় কৃষিজীবি জনগোষ্ঠী রয়েছে তার সংখ্যাগরিষ্ঠই হল কুড়মি বা কুর্মি সম্প্রদায়। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে তারা কুটুম্বিন, কুরুমান, কুড়ুবা, কুড়বি, কুনবি বিভিন্ন নামে পরিচিত। শষ্য বীজ থেকে অঙ্কুরোদগমের রহস্য উদ্ভাবনের কৃতিত্ব মেয়েদের এবং কৃষির সূচনাও মেয়েরা করেছিল এই মতটি নৃবিজ্ঞানীগণ মেনে নিয়েছেন। ফ্রেজারের "গোল্ডেন বাও" গ্রন্থেও এর সমর্থন রয়েছে। লক্ষ্য করার বিষয় কুড়মালি সংস্কৃতিতেই সেই যুগান্তকারি ঘটনার স্মৃতি এখনো জাওয়া (**Germination**) বা করম উৎসবের মধ্যেই তা আজও পালিত হয়ে আসছে। কৃষি উদ্ভাবনের কৃতিত্ব যে কুড়মি সম্প্রদায়ের করম উৎসব তারই জীবন্ত দৃষ্টান্ত। কৃষিতে আধুনিক প্রযুক্তির প্রয়োগ অর্থাৎ হার (হর ?) বা লাঙ্গল, জোয়াল এবং বলিবর্দ বা ষাঁড়ের ব্যবহার এদের আর এক অনন্য কৃতিত্ব। সে ঘটনা ও নতুন সভ্যতার সূচনার স্মৃতি বহন করে চলেছে গো বন্দনা, গো বঁদা বা সহরই বাঁদনা উৎসব। উপরে উল্লিখিত দুটি উৎসবই যে প্রাক্‌বৈদিক এবং সিন্ধু সভ্যতার কালের তার বহু উল্লেখ ও নিদর্শন রয়েছে করম ও বাঁদনা গীতে। গীতগুলির মধ্যে কুরমু নদী, কুড়ুম পাহাড়, হরিদিপি নগরী, মেলুহা, মেলুক্ক বা মালঞ্চ দেশের বহু উল্লেখ ও স্মৃতি এই কথাকেই সমর্থন করে। যেমন—

করমগীত

কনেরে করম গসাঞ আনল নেউতি
কুরুম নেদিক ধারিঞ কনেরে কেরল খেতি
তহরি বেনাউঅল খেতিঞ কুরুমেক পানি
চালা সভে ফুলা তড়ে কুরুম পাহাড়ি।।

করমগীত

টুপা ভরল জাই হড়পন আখড়াঞ
হামরা সভে পুজবউ করম গসাঞ ইত্যাদি।

করমগীত

রাজউআকা বেটউআঞ করম গাড়ল জে
অহরে চালা রে জাউবউ ঝালর ঝুমরি খেলাই।

উল্লেখ করা যায় ঝালর হলো রাজস্থানের একটি শহরের নাম যার নিকটেই রয়েছে সিন্ধু সভ্যতার অন্যতম পীঠস্থান কালিবঙ্গান এবং পিলিবঙ্গা।

বাঁদনা গীত

অহিরে-কনহ পাহাড়েকেরি কঁচি-কঁচি বাঁস রে বাবু হো
কনঅ নগরেকর ডমিনি
সরু সরু বেতিআঞ সুপ বুনতউ হো
সেহ সুপে গেইআকে চুমাই।
কুড়ুম পাহাড়েকেরি কঁচি-কঁচি বাঁসরে বাবু হউ
হড়দিপি নগরেক ডমিনি
সরু সরু বেতিআঞ সুপ বুনতউ হো
সেহ সুপে গেইআকে চুমাই।

(২)

অহিরে-গেইআ বরদাঞ ভালা জুগতি করলরে বাবু হো
চালে জাউবউ মালঙ্কা দেস
মালঙ্কা দেসে জাইএ ফুলাফরা খাউঅবউ
অহদেসেঁ হেবই পতিপাল

অথবা

৩। হরদি নগরেঁ গলাঘার
৪। তিরহুট তিরহুট ঘঁখলে মালিনিআ
তিরুহুট মালঞ্চ দেস।

৫। মালঞ্চা দেসেঁ ননদক বেটি রহি গেলাই গঅ
অহে বেটি মইসিকে ডহরাই।
৬। হরদি নগরেঁ জে হাট বইসই রে বাবু হো
ডমউআ পারউআ বেচে জাই।
৭। জাগেকা পতিফল পাউবে গে মালিনি
পাঁচঅ পুতা দস ধেনু গাই।

করমগীত

১। কাঁহা মালিন বাজেই জড়ারে ধমসা
সুনা মালিনি গে কাঁহা মালিন বাজেই করতাল?
২। কনঅ ঘাটে নাভএ হাঁসা হাঁসিনি গঅ
কনঅ ঘাটে নাভএ মালিনি সুঁদরি?

এছাড়া কুড়মালি লোক কথায় মাইলান বুড়ি, মইলান মসি বিভিন্ন জনজাতি যেমন মেলুহার, মাল, মাহলি, মাহাড় – ঝুমুর রেগ মলহরিআ শব্দগুলি মেলুহা দেশের ইতিহাস, ভাষা ও সংস্কৃতির সঙ্গেই জড়িত বলে মনে হয়। মেলুহা দেশ যে সিন্ধু তার ঐতিহাসিক ভিত্তি রয়েছে। এ.এল.বশমের মতে সুমেরিয় লিপিতে মেলুক্ক দেশের কথা আছে। দিল্লী বিশ্ববিদ্যালয়ের প্রখ্যাত ঐতিহাসিক অধ্যাপিকা শিরিন রত্নাগর বলেছেন, "মেসোপটেমিয়ার রাজারা অত্যন্ত গর্বিত কণ্ঠে তাঁদের জাহাজ ঘাটায় মেলুহাদের তরী এসে পৌঁছানোর সংবাদ ঘোষণা করতেন।" **D.D. Kosambi Said — 'The Indus region seems to have been called Meluha by the Mesopotamians**। মেলুহা শব্দটির তাৎপর্য ব্যাখ্যায় ঐতিহাসিক রোমিলা থাপারের অভিমত "এটা একটা সুমেরীয় শব্দ – সুমেরীয়রা এই শব্দ ব্যবহার করতেন তাঁদের সম্বন্ধেই যারা ভারতবর্ষের উত্তর পশ্চিমে থাকতেন - ভারতবর্ষের সিন্ধু সভ্য জনজাতিরাই সুমেরীয়দের কাছে মেলুহা। ... মেলুহা শব্দটিই প্রাচীন 'ম্লেচ্ছ' শব্দটির ভাষাগত আধার।" অর্থাৎ ভাষাতত্ত্বের নিয়মেই 'হ' বর্ণ চ বা ছ হয়েছে। গ্রিগোরি বেনগার্দ লেভিনের মতে "অনার্য উপজাতিরাই ম্লেচ্ছ"। কুড়মালি গীতে উল্লিখিত মালঞ্চা, মালঙ্কা শব্দগুলি তাই মেলুহা শব্দের বিকৃতরূপ মাত্র।

কুড়মিদের অন্যতম গীতিকাব্য "মাহারই" কেও আমরা 'মেলুহা' শব্দেরই বর্ণ বিপর্যয় রূপ হিসাবে গ্রহণ করতে পারি। কারণ মাহরাই গীতের মূল কাহিনীটির পটভূমি হলো সিরধউ ও গঙ্গামাহি জনপদের চান্দাধনির উপখ্যান। খৃঃ পূঃ ১০০০-১৫০০ কালে ঋকবেদ রচিত হয়েছিল। ঋকবেদে ক্রুমুনদী, হরযুপিয়া নগরী, গবাদিপশুর গায়ে ছাপ দেওয়ার কথা উল্লেখ রয়েছে। উপরিউক্ত কুড়মালি

গীতেও হরদি, হড়দিপি নগরী এবং কুরম নদীর উল্লেখ রয়েছে। গীতগুলি সৃষ্টির সময়কাল, ভৌগোলিক স্থিতি যে আর্যপূর্ব তাতে সন্দেহ নাই।

ইন্দ্র প্রতিপক্ষ বহু জনগোষ্ঠীর মানুষদের যুদ্ধে পরাস্ত করেন এবং হত্যা করেন তার বিস্তৃত বিবরণ ঋকবেদে রয়েছে। প্রতিপক্ষ জাতিগুলি যেমন বৃত্র, অহি, শুষ্ণ, নমুচি, শম্বর, উরণ, কুযব, বর্চী, অর্বুদ, বঙ্গুদ প্রভৃতি দনু পুত্রদিগের সহিত ইন্দ্রের যুদ্ধ হয়েছিল। এই জনগোষ্ঠীগুলির মধ্যে শম্বরদের সঙ্গে আমরা পরিচিত আজও তারা আমাদের প্রতিবেশী। বঙ্গুদ শব্দ কি বোঙ্গা শব্দেরই সংস্কৃত রূপ ? বোঙ্গা হলে সাঁওতাল মুণ্ডা সহ হড় মানুষদের তা ইঙ্গিত করে। বৃত্র ও অহি সম্বন্ধে আমাদের জিজ্ঞাসা। ঋকবেদেই বৃত্র ও অহি সম্বন্ধে বলা হয়েছে – ইন্দ্র যিনি অহিকে বিনাশ করে সপ্ত সংখ্যক নদীকে প্রবাহিত করেছিলেন। বঙ্গৃদ নামক শত্রুর শত শত নগর ভেদ করেছিলেন। ডঃ হংস নারায়ণ ভট্টাচার্য ঋকবেদের ১।১০৩।২ সুক্তের ব্যাখ্যায় বলেছেন – ''বজ্র দ্বারা বৃত্রকে হত করিয়া বৃষ্টিজল বাহির করিয়াছেন, অহিকে হত করিয়াছেন, রৌহিনকে বিদারিত করিয়াছেন।'' পরিস্কার বোঝা যায় বৃত্রাসুর বা বৃত্র অর্থে কোন অসুর নয় নদীবাঁধগুলিকে বোঝান হয়েছে। সপ্তসিন্ধুর নদী বাঁধগুলিকে ইন্দ্র বজ্র দ্বারা ভেঙ্গে দিয়েছিলেন। এই বাঁধগুলির নির্মাতা ছিল দনুর পুত্র অহি জনগোষ্ঠীর মানুষেরা। অহিগণ এই বৃত্র ও নদীর উপত্যকা অঞ্চলে কৃষি বা চাষ আবাদ করত 'রৌহিনকে বিদারিত করিয়াছেন' অর্থে তাই বোঝায়। অর্থাৎ বৃত্র বা বাঁধগুলি ভেঙ্গে দিয়েছিলেন বলে স্বীকার করেছেন। এখানে প্রশ্ন অহি কারা বা কোন জনগোষ্ঠীকে বলা হয়েছে। অহি শব্দের রূপ আভি বা আহির বা আভির হতে পারে। সিন্ধু এবং বেদ পরবর্তীকালের গোপালক ও কৃষিজীবি মানুষদের অন্যতম হলো আহির ও কুড়মি। কুড়মিরাও অহি, আহির নামেও পরিচিত ছিল এমন অনুমান করা যায়। আজও এরা নিজেদের ''অহি'' সম্বোধন করে তার নিদর্শন রয়েছে বাঁদনা গীতে। যেমন –

অহিরে - কাঁহাহি বরদা তহরি জনম রে বাবু হো
কাঁহা ত হেলে পতিপাল ?

ধানরপা গীত

কাঁহারে অহিরা কাঁহা অহিরাঞ বঁসিআ বলাউএ
কাঁহারে বিমলাঞ কাঁহা বিমলাঞ কান অড়াউএ ?
বিজু বনে রে অহিরাঞ বিজু বনে গেইআ চরউঅইএ
ডাঁড়ি ঘাটে বিমলাঞ, ডাঁড়ি ঘাটে কান অড়াউঅইএ।

কৃষক বা গোপালকদের অহি বা অহিরা সম্বোধন করা হত গীতগুলি থেকে প্রমাণিত হয়। অহি, অসুর, দাস, দানবেরা যে সিন্ধুর অধিবাসী ছিল এবং তাদের

সঙ্গেই যে ইন্দ্রের যুদ্ধ হয়েছিল তথা ইন্দ্র সিন্ধু সভ্যতাকে ধ্বংস করেছিলেন ঋকবেদের সুক্তগুলিতে সে কথায় বিবৃত হয়েছে।

সিন্ধু সভ্যতার জনগোষ্ঠী ও ভাষা বৈচিত্রটির বিষয়ে মাধব এম দেশপাণ্ডে বলেছেন– ''মাইকেল উইজেলের মত পণ্ডিত ব্যক্তি মত পোষণ করেন যে সিন্ধু অঞ্চল সম্ভবত বহুভাষি, বহুজাতি সমন্বিত অঞ্চল ছিল যার মধ্যে দ্রাবিড়ীয়, প্রোটো এবং প্যারামুণ্ডা ভাষা এবং অন্যান্য কতিপয় ভাষা বুরুশাস্কির মত পৃথক ভাষার সঙ্গে সম্পর্কিত। ... ঋগ্বেদে দ্রাবিড়ীয় শব্দের উপস্থিতি পরিলক্ষিত হয় আনুমানিক ১২০০ অব্দ থেকে... সিন্ধু অঞ্চলেও বহু পূর্ব হতে দ্রাবিড়ীয় ভাষায় কথোপকথন হত।''

এছাড়াও পৃথিবীর বহু পণ্ডিতগণ সিন্ধুর ভাষাকে আদি দ্রাবিড় বলেই দাবী করেছেন। অবশ্য কারও মতে সিন্ধুর ভাষা ছিল মুণ্ডা ভাষার অন্তর্ভুক্ত। ডঃ বঙ্কবিহারী চক্রবর্তী বলেছেন– ''সিন্ধুলিপি ব্রাহ্মীলিপির শিল্পরূপ, ভাষা প্রাকৃত এবং মুদ্রাগুলিতে আছে ব্যক্তি নাম। প্রশ্ন থেকে যায় এই দ্রাবিড়ীয় ও আদি প্রাকৃতের স্বরূপটি কোন ভাষার মধ্যে আজ বিদ্যমান? ভাষাবিদগণ কুড়মালিকে বাংলার উপভাষা, হিন্দীর উপভাষা, ওড়িয়ার উপভাষা কেউ কেউ বা ব্রজবুলি অবহট্ট, মাগধী প্রাকৃত, সৌরশেনী প্রাকৃতের সঙ্গে কুড়মালির সম্পর্ককে চিহ্নিত করেছেন। আমাদের অভিমত কুড়মালির মধ্যে এমন কিছু বৈশিষ্ট বর্তমান যা দ্রাবিড়, প্রাকৃত, পালি, অস্ট্রিক ভাষা ছাড়িয়ে স্বতন্ত্র রয়েছে যাকে কেবলমাত্র আদি প্রাকৃতই বলা উচিত, যাকে সিন্ধুর ভাষা বলে অনুমান করেছেন পণ্ডিতগণ।

'হরপ্পা সভ্যতার সন্ধানে' গ্রন্থে অধ্যাপিকা শিরিণ রত্নাগর সিন্ধু ভাষার বৈশিষ্ট সম্বন্ধে বলেছেন, ''সম্ভবত হরপ্পীয় ভাষা ছিল যৌগিক অর্থাৎ এমন একটি ভাষা যেখানে একটি মূল চিহ্নের শেষে প্রত্যয়, বিভক্তি, কারক চিহ্ন যুক্ত হতো। এই বিশিষ্টতা ঠিক ইন্দো আর্য ভাষার মতো নয়, বরং চারিত্রিকভাবে এটি দ্রাবিড়ীয় ভাষা গোষ্ঠীর সঙ্গেই যুক্ত। আরেকটি তথ্য হলো ইন্দ আর্য ভাষার প্রথম পর্বের রচনাগুলিতে যেমন ঋকবেদে দ্রাবিড়ীয় ভাষার প্রভাব লক্ষ্য করা যায় উত্তর পশ্চিমাঞ্চলের প্রাচীন ইন্দো আর্যরা দ্রাবিড় ভাষাভাষি মানুষজনের সংস্পর্শে এসেছিল এমন সূচনা মেলে। এই দুটি বিষয় একত্রিত করলে এমন কথা বলা যায় যে হরপ্পার মানুষজনের ভাষা ছিল সম্ভবত দ্রাবিড়ীয়। (লক্ষ্যণীয় যে, বর্তমানে দক্ষিণ বালুচিস্তানের পাহাড়ে যে ভাষার প্রচলন সেটি একটি দ্রাবিড়ীয় ভাষা)। ...হরপ্পীয় ভাষার গুণাগুন প্রকাশকারী বিশেষণটি বসে বিশেষ্যের আগেই। ...গুচ্ছ উচ্চারণ নির্দেশক চিহ্ন ছিল।''

এই ভাষা বৈশিষ্টটির সঙ্গে কুড়মালি ভাষার মিল ও সাজুয্য বিশেষভাবেই লক্ষ্যণীয়। মূল চিহ্নের সঙ্গে যৌগিকভাবে প্রত্যয়, বিভক্তির যোগ বা গুচ্ছ উচ্চারণ

নির্দেশক চিহ্ন অর্থে কুড়মালি ভাষার ক্রিয়াপদের সঙ্গে ২,৩,৪ বা ততোধিক বিভক্তি, প্রত্যয় প্রয়োগের কি ইঙ্গিত ? যেমন - 'হিঁসকাউলাহথিন' ক্রিয়া। মূল ক্রিয়াপদটি হলো 'হিঁসকান' তার সঙ্গে পিঠাপিঠিভাবে আউ লাহ থিন গুচ্ছ বিভক্তির সংযোগে যৌগিক ক্রিয়াপদটি গঠিত হয়েছে। অনুরূপ – ফেভড়াউবথুন ইত্যাদি।'

ব্যাক্তি, স্থান, গ্রাম, নদী, পাহাড় নামকরণগুলি সেই অঞ্চলের সভ্যতা, সংস্কৃতি, ভাষা জনগোষ্ঠীর পরিচয় জ্ঞাপক। সেই অঞ্চলের শাসক, শাসন, সংস্কৃতি, ধর্ম অনেকক্ষেত্রে নানা ঐতিহাসিক ঘটনারও স্মৃতি বহন করে। অধ্যাপক জোনাথন মার্ক কেনোয়ার সিন্ধুর স্থান নাম ও নামকরণগুলির বৈশিষ্ট সম্বন্ধে বলেছেন – ''বিভিন্ন স্থান নামের ইতিহাস চর্চা ইঙ্গিত দেয় বৃহত্তর সিন্ধু উপত্যকায়- একাধিক প্রাচীন ভাষাতাত্ত্বিক গোষ্ঠীর উপস্থিতির বিষয়ে। উদাহরণ স্বরূপ বলা চলে সিন্ধু ও বালুচিস্তানে আজকের দিনে মুণ্ডারি ও দ্রাবিড়ীয় ভাষায় নদীর নাম পাওয়া যায়। স্থান বিশেষে এই নামকরণের নিহিতার্থ বোঝার জন্য ভবিষ্যতে স্থান নামের উপর গবেষণা হওয়া প্রয়োজন।''

সিন্ধুর ভাষা আজও আমাদের অজানা কিন্তু সিন্ধুর মানুষজনের দেওয়া স্থান, গ্রাম, নদী, পাহাড়ের নামকরণগুলিতে সিন্ধুর ভাষার নমুনা ও নিদর্শন কিছুটা পাওয়া যাবে এই বিষয়ে সন্দেহ নাই। আশ্চর্যের বিষয় সুমের থেকে সিন্ধু নদী, পাহাড় আদিম জনপদগুলির নামকরণ কুড়মালি এবং সাঁওতালি ভাষার ভাষাতত্ত্বের সঙ্গেই হুবহু মিলে যায়।

ভরতের নাট্যশাস্ত্রেও সিন্ধুর ভাষা বৈশিষ্টটির উল্লেখ পাওয়া যায়–

''হিমবৎ সিন্ধু সৌবীরান যেহন্যে জনাঃ সমাশ্রিতাঃ।
উকার বহুলাং তেষু নিত্যং ভাষাৎ প্রযোজ্যয়েৎ।।''

অর্থাৎ হিমালয়, সিন্ধু ও সৌবীর দেশে অন্য যে সকল লোক থাকে তাদের উ-কার বহুল ভাষা সর্বদা প্রযোজ্য। এটি কুড়মালি ভাষার বৈশিষ্টটিকেই ইঙ্গিত করে। কুড়মালির উকারন্ত ক্রিয়াপদগুলি এই প্রসঙ্গে স্মরণীয়। যথা – জাতউ, খাতউ, লেগতউ, আইউ, আউ, কারতউ ইত্যাদি। লাদাউবথু = লাদাউবথ + উ।

নিউজিল্যাণ্ডের মাওরি বা মাহরি আদিবাসী মানুষেরা ৩০ হাজার বছর আগে ভারতীয় উপকূল থেকেই সমুদ্রে পাড়ি দিয়েছিল। মাওরি বামাহরি শব্দটি মেলুহা শব্দটিরই বর্ণ বিপর্যয় রূপ হতে পারে। কারণ মাহরিদের প্রধান খাদ্য হলো চাল, তারা বলে 'আরি'। কুড়মালি ভাষাতেও চালের এক নাম 'আরুআ'। মেক্সিকোর মায়া সভ্যতার সঙ্গে ভারতীয় সভ্যতার আশ্চর্য্য মিল খুঁজে পাওয়া যায়। মায়া শব্দটিও 'মেলুআ' এর 'লু' বিলুপ্ত হলে সৃষ্টি সম্ভব। লক্ষ্যনীয় বিষয় মায়া সভ্যতার দেবীর নাম ''কুইলাজটলি''। শব্দ দুটিই কুড়মালি ভাষার নিজস্ব শব্দ। 'কুইলা'

শব্দের অর্থ কালো এবং জটলি শব্দের অর্থ যার মাথায় জট রয়েছে। সম্ভবত দেবী কালীরই এক ভিন্ন রূপ হলেন কুইলা জটলি। কুড়মালি ব্যাক্তি নামে ছেলেদের জঁটলা ও মেয়েদের জঁটলি নামের বহুলপ্রচলন দেখা যায়। দুটি সভ্যতার লিপিরও আশ্চর্য সাদৃশ্য রয়েছে।

এ ছাড়াও কুড়মালি সংস্কৃতিতে চৈত পরবকে উড়া পরব এবং শিবগাজন নামে অভিহিত করা হয়। চৈত পরবের আগের দিনকে 'মেল' নামে অভিহিত করার রীতি রয়েছে। সম্ভবত তা মেলুহা–এরই সংক্ষিপ্ত রূপ। বাংলাদেশের সর্বত্র মহিষাসুরকে ''মেলুহা'' নামে ডাকা হয়। এক্ষেত্রে শিবকে মেলুহা বলা হলে তা অসম্ভব নয়। কারণ তিনি মেলুহাদেরই দেবতা।

বোম্বাই – এর এলফিন স্টোন কলেজের অধ্যাপক রেভারেণ্ড হিরাস এর মতে ''সিন্ধু সভ্যতার প্রধান উপাস্য দেবতাকে আন (AN) বলা হইত।'' দক্ষিণ ভারতে শিবকে আজও এন্‌মৈ (Enamai) বলে সম্বোধন করা হয়। কুড়মালি ভাষাতেও এনটা বা আনটা মানে লিঙ্গ। পরোক্ষে যা লিঙ্গরুপী শিবকেই ইঙ্গিত করে।

নদী

১। সিন্ধু → সিনি + দ → সিনিদ → সিনদ → সিন্ধু। কুড়মালি ভাষায় যুক্তাক্ষর হয় না তাই মূল শব্দটি সিনিদ। সিনি অর্থে দেবী বা মাতৃকা। দ অর্থে জল, দহ বা দরিয়া অর্থে নদী। কুড়মালি ভাষার স্থান নামে সিনি শব্দের প্রয়োগ লক্ষ্য করা যায়। যেমন – চাপাইসিনি, বড়াসিনি, দাসাইসিনি, সিন্দ্রি। (সিনিদিরি বা সিনিদর)

২। ঘগঘর – ঘাঘ অর্থে গভীর। ঘাঘরা নদী, ঘাঘরজুড়ি, ঘাঁঘরাগড়া, ঘাঘরি, সিংঘাঘরা ইত্যাদি।

৩। সরস্বতী – সর + সেতিআ। সর অর্থে জল। সেতিয়া অর্থে নদী বা জোড়।

৪। ঝিলম – ঝেইল + মঞ। তুলনীয় ঝেইল + দ – ঝেইলদা।

৫। আমুদিরিয়া – আম + দরিয়া। আম মানে জল বা রস।

৬। সিরদরিয়া – সির + দরিয়া। সির বা সিরি অর্থে শ্রেষ্ঠ বা বড়।

স্থাননাম

১। মহেঞ্জদর বা দড়–মাহান+জ + দর। অর্থে নদীর সমীপ্য অথবা বা বড় যে নদী।

২। হরপ্পা বা হড়প্পা – হড় + রপা। হড় অর্থে ধান, মানুষ হতে পারে। হর অর্থে

শিব ও শষ্য শ্যামলতা। হাড়মাড়ি, হাড়ুপ, হড়বহ, হাড়ামজাঁগা।

৩। সরাইখোলা – প্রাকৃত নাম সারইকলা। সারই মানে শাল বৃক্ষ এবং কলা অর্থে ছোট গাছ। যেমন - সারইকলা, ভুড়রুকলা, ঝুমুরকলা, সিজুকলা, বাইকলা, করইকলা, জরইকলা, কুড়রুকলা, ডুমইরকলা ইত্যাদি।

৪। কালিবোঙ্গান – বঁগাবাড়ি, বেঁগ, বঁগাবুরু।

৫। গুমলা – বেলগুমা, বেলমা ইত্যাদি। অর্থ সূর্যরশ্মি যেখানে ম্লান।

৬। ডাবরকোট – ডাবর শব্দের অর্থ ডোবা বা ডভা। যেমন ডাবর, বাঘাডাবর, ডাবর বহাল, কামিন ডাবর, টকরা ডাবর, ডাঙাডাবর ইত্যাদি।

৭। কুল্লি – ভাঁড়ারকুলহি, বইসকুলহি, বাসুকুলি।

৮। মাণ্ডা – মাণ্ডার, মাঁড়ু।

৯। আমরি – আমাড়ি, আমলিয়া, আমলাবাইদ, আমঝরনা, আমুরামু, আমাইনগর, অম্বিকানগর, আমাঘাটা।

১০। বরা – বরাকানালি, বরাবাজার, বড়াজুড়ি, বোরো, বড়াসিনি, বড়াম, বড়াহিড়।

১১। বরগাউন – বড়গাঁউ, বড়টাঁইড়।

১২। মিটাথাল / মাটিয়ালা – মেটাল্যা, মাটিয়াবাঁধি, রাঁগামাটি, কালিমাটি।

১৩। সবলদা – বহালদা, ঝেইলদা, উলদা, বাগদা, পুড়দা, টিমাংদা, হুডুমদা, চইড়দা, চাকদা, উকাদা।

১৪। আমরাফলা – আমলাবহল, আমলাতড়া, আমলাবাইদ, আমলাডি।

১৫। কানাসুতারিয়া – সাতুরিয়া।

১৬। নেলবাজার – লালবাজার।

১৭। করচাত – কড়চা।

১৮। পোখরান – পখইরা, জড়াপখইর, হেঁট পখইর।

১৯। বাহাদারাবাদ – সিরকাবাদ, জামবাদ, ফুসড়াবাদ, ধানবাদ, অকড়বাইদ।

২০। নাগওয়াড়া – নেগুড়িয়া, নাগড়াবড়াম, নাগপুর।

২১। ভূতবেনিওয়াল – বেনিহাল বা বেনিহার শব্দের অর্থ হয় কামিন।

ভূত শব্দটি সম্ভবত 'ভাতুআ' শব্দের বিকৃতরূপ। ভাতুয়া শব্দের অর্থ কৃষি পুরুষকর্মী। 'বেরনভুতা' শব্দেও ভাতুআ শব্দের সংক্ষিপ্ত রূপটি পাওয়া যায়। ভুতি ও ভাতুআ শব্দগুলি অশোকের অনুশাসনেও মেলে।

হড়প্পার গবেষণায় ক্রমশই আমরা একটি মৌলিক প্রশ্নের সম্মুখীন হতে চলেছি। প্রশ্নটি হলো হরপ্পা বা হড়প্পা কি হড় সভ্যতা ? কারণ বিখ্যাত রাশিয়ান নৃতত্ত্ববিদ স্টার্ভ ও Hrosny সিন্ধু সভ্যতায় হাড়ি জাতির অস্তিত্বের কথা স্বীকার করেছেন। নানা কারণেই এই সভ্যতা সম্বন্ধে কৌতুহলের উদ্রেক ঘটে। আমাদের অনুমান সামগ্রিকভাবে হড়প্পা হলো হড় সভ্যতা বা খেরোয়াড় সভ্যতা। যার

জনগোষ্ঠী হলো কুড়মি এবং সাঁওতাল। এরা ছিল হর বা হড় (শিশ্নদেবা) বা যোনীলিঙ্গের উপাসক। Great Mother বা মহামায়া এদের অন্যতম দেবী। খের বা খেড় অর্থে ধান, হড় অর্থে মানুষ। এদের জাতি পরিচয়ে সকলের সঙ্গেই হড় শব্দটি যুক্ত। যেমন – হোরো, হো, হড়, হাড়ি, বিরহড়, কেসরিহড়, গুলিহড়, বানুহড়, বঁসরিহড় ইত্যাদি।

ধীরেন বাস্কে কুড়মিদের খেরোয়াড় সমাজের অন্তর্ভুক্ত ছিল বলে স্বীকার করেছেন। ডঃ সুধীর করণের মতে, ''সিন্ধু ধ্বংসের পর কুড়মিরা খেরোয়াড় সমাজ থেকে ক্রমশঃ বিচ্ছিন্ন হয়ে পড়ে।'' পরিমল হেমব্রম ''সাঁওতালদের ইতিহাস সন্ধানে'' গ্রন্থে বলেছেন, ''চম্পা দিশমে মুণ্ডা, বিরহড়, কুড়মিরা পরস্পর বিচ্ছিন্ন হয়ে পড়ে।'' যাই হউক এই হড় সভ্যতা যে একসময় বিশাল ভৌগোলিক ক্ষেত্র জুড়ে বিস্তার লাভ করেছিল তার বহু প্রমাণ ও নিদর্শন পাওয়া যায়। ক্ষিতিমোহন সেন তাঁর 'ভারত পরিক্রমা' গ্রন্থে বলেছেন, ''আফগানিস্থানের কুর্‌রম প্রদেশের শ্বেতগিরিতে পর্বতের উপর শিবশক্তি ক্ষেত্র আছে। দর্‌দে কুর্দভূমিতে, পারস্যে মেসোপটেমিয়ামেও নাকি বহু শক্তি ও নাগ ক্ষেত্র আছে। নানা স্থানে লিঙ্গ শিলাও আছে। ... মক্কাকেও শৈব সাধুরা শিবস্থান মনে করেন।'' স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠে, আবেস্তার ''আহুর মাজদা'' কি হর শব্দ, এরই ইরানীয় ভাষ্য আরবী 'অল্‌লহ' শব্দটিকে উল্টে দিলে আমরা ব্যুৎপত্তিতে 'হর' শব্দটিকেই পাই। পূর্বেই বলেছি স্টার্ভ ও Hrosny হরপ্পা সভ্যতায় 'হড়' বা 'হাড়ি' শব্দটির উপস্থিতি ও তাৎপর্যপূর্ণ প্রয়োগ লক্ষ্য করেছিলেন। কুড়মালি ও সাঁওতালি ভাষা ও সংস্কৃতিতেও 'হড়' শব্দটির গুরুত্ব, উপস্থিতি ও তাৎপর্য আজও হরপ্পার স্মৃতিকেই ইঙ্গিত করে। যেমন – হড় – মানুষ, ধান, হাড়ু – বানর, হাড়িক – কুকুর, হেড়া – ছাগল, ভে-হড়া - মেষ, হ – গরু, হো – মানুষ, হাইর – কাড়া, হারা – পাহাড় (পা হারা), হাড়পাবান, হাড়পা মুইড়া (গালি), হারামি, কুম হড় – কুমহার, হরিবোল, হরিৎক্ষেত্র, হেরিহর – সবুজ, হারাসক্তি, হরচিজ, জলহরি – পুকুর, পেনহরি – জল আনতে যাওয়া নারী ইত্যাদী।

সিন্ধুর ভাষার আধার হলো সিন্ধু লিপি এবং এই লিপিগুলির আধার হলো সিন্ধুর সিলমোহরগুলি। সিন্ধু সভ্যতার বিভিন্ন পীঠস্থানে শত শত সিলমোহর পাওয়া গেছে। সিলমোহরগুলিতে রয়েছে লিপি এবং পশু, পাখি, বৃক্ষ, ধর্মীয় আচার অনুষ্ঠানের চিত্র, সমবেত নৃত্যানুষ্ঠান, গরুকে নিয়ে শোভাযাত্রা ইত্যাদি। নৃতত্ত্ববিদগণ পশু পাখি বৃক্ষকে জনগোষ্ঠীগুলির টোটেম প্রতীক বলে অনুমান করেছেন। বৃক্ষ দেবতার পূজা, পশুবলি, মৃদঙ্গ বাদনসহ সমবেত নৃত্য, গরুকে নিয়ে শোভাযাত্রা আজও কুড়মালি সংস্কৃতিতে বর্তমান। ষাঁড় ও পিপল বৃক্ষের পূজাও কুড়মিদের ধর্মীয় আচরণের অঙ্গ। জি.এল.পসেল বৎসরান্তে সিন্ধুবাসীরা স্নান

উৎসব পালন করত এমন অনুমান করেছেন। কুড়মিদের মকর বা টুসুর সঙ্গেই যা তুলনীয়। পণ্ডিতগণ সিন্ধুলিপির আলোচনায় সুমেরীয় কিউনিফর্ম লিপির সঙ্গে তাৎপর্যপূর্ণ মিল খুঁজে পেয়েছেন। পরবর্তীকালের ভারতীয় ব্রাহ্মীলিপিতেও এর ছায়া লক্ষ্য করা যায়। তাৎপর্যপূর্ণ বিষয় হলো সিন্ধু হরপ্পার বহু লিপি কুড়মি এবং সাঁওতাল সংস্কৃতিতে আজও ব্যবহৃত হয় তার কয়েকটি দিক হলো যেমন – এই লিপিগুলির সঠিক পাঠ বা অর্থ আজ আর তাদের কাছে পরিষ্কার নয়। যে সকল ক্ষেত্রে এই লিপিগুলি ব্যবহৃত হয় তার কয়েকটি দিক হলো যেমন – ঘরের চৌকাঠ, দেওয়াল চিত্র, খদা, আইখান জাতরার দিনে গরুর পেছনের পায়ে কোমরের কাছে চিহ্ন, যা বঁস লিপি নামে পরিচিত, তা সবই কুড়মালি লিপি বলে অনুমিত হয়।



লিপিগুলির পরিচিতি আজ আমাদের কাছে স্পষ্ট নয়। সিন্ধু লিপির পাঠোদ্ধার না হওয়া পর্যন্ত এইগুলির সঠিক তাৎপর্য ধোঁয়াশায় থেকে যাবে। লিপি আজ কথা না বললেও কুড়মালি বাঁদনা গীত কিন্তু অন্য কথা বলে। পরিস্কার জানান দেয় মেলুহা বা মালঞ্চ দেশে আমরাই একদিন ঘর বেঁধেছিলাম।

গীত


অহিরে – বারে জে বারে বাগাল বারুন করহঁরে বাবুহো
এহে ছেউরে না চালাইহা গাই
ধান খাউআবে বাগাল বহুত লাগতি কেলেস
বারে জে বারে মালিন বারুন করহঁ গে
এহে ছেউরে লেগবঁ গাই
ধান খাউআউব মালিন মড়ুআ টুঁগাউবউ গে
জতেক লাগত কেলেস।
বারে জে বারে বাগাল লাইগ না বাঢ়াউইহা
মর হাঁথে গজড়া পিতর
ঝুঁটিহিঁ ধরবঁ মুঁঠিহিঁ মারবঁ
মারবঁ গজড়া পিতর।
বারে জে বারে মালন লাইগত বাঢ়াউঅবঁ
মর গঠে আহে লিল ষাড়।
টেঁগেহি টারতউ সিঁঘেহিঁ মারতউ
লেইএ জাতউ তিরে হুটু দেস।
তিরহুটু তিরহুটু ঘঁখলে রে বাগাইলা
তিরহুটু কেইসন দেস ?
কনে জে আহউ বাগাল সেহ না দেসে হো
কনে তাঁহা বাঁধলউ দেস ?
তিরহুটু তিরহুটু ঘুঁখলে মালিনিআ
তিরহুটু মালন্চঅ দেস।

সহযোগী গ্রন্থ ঃ

১। ভারতবর্ষ : ঐতিহাসিক সূচনা ও আর্যধারণা – রোমিলা থাপার, জোনাথন মার্ক কেনোয়ার, মাধব এম দেশপাণ্ডে, শিরীণ রত্নাগর।
২। The Indus Civilization - G.L.Possehli
৩। সিন্ধু সভ্যতার সন্ধানে – শিরীণ রত্নাগর।
৪। ভারতীয় সমাজ পদ্ধতি – ডঃ ভূপেন্দ্রনাথ দত্ত।
৫। ভারতবর্ষের ইতিহাস – গ্রিগোরি বোনগার্ড লেভিন।

৬। The Culture and Civilization of Ancient India- D.D.Kossambi
৭। Indian Epigraphical Glossary - D.C.Sirkar
৮। সিন্ধুলিপি মোটেই অবোধ্য নয় (প্রবন্ধ) – অধ্যাপক বঙ্গবিহারী চক্রবর্তী।
৯। সিন্ধু সভ্যতার স্বরূপ ও সমস্যা – ডঃ অতুল সুর।
১০। ঋগ্বেদ সংহিতা – হরফ প্রকাশনী।
১১। প্রাচীন ভারতে জ্ঞান বিজ্ঞান চর্চা – রাম ঘোষ।
১২। সাঁওতালদের ইতিহাস সন্ধানে – পরিমল হেমব্রম।
১৩। ভারত পরিক্রমা – ক্ষিতিমোহন সেন।
১৪। প্রাগৈতিহাসিক ভারত – ডঃ অতুল সুর।
১৫। প্রাচীন ভারতের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাস – রামশরণ শর্মা।

সহযোগী ব্যাক্তি ঃ ডমন মাহাত (সিংভূম), নগেন পুনুরিয়ার, সন্তোষ সরেন, গোমস্তা প্রসাদ সরেন।



সৌজন্যে - কিরিটী মাহাতো, পুরুলিয়া